তদার্য্যধর্ম্মঃ প্রবিলীয়তে নৃণাং বর্ণাশ্রমাচারযুতস্ত্রয়ীময়ঃ।
ততোঽর্থকামাভিনিবেশিতাত্মনাং শুনাং কপীনামিব বর্ণসঙ্করঃ ॥ ৪৪ ॥
ধর্ম্মপালো নরপতিঃ স তু সম্রাড্ বৃহচ্ছ্রবাঃ। সাক্ষান্মহাভাগবতো রাজর্ষি র্হয়মেধযাট্।
ক্ষুতৃট্শ্রম যুতো দীনো নৈবাস্মচ্ছাপমর্হতি ॥ ৪৫ ॥

শ্রীধরস্বামী।

অলক্ষ্যমাণে অদৃশ্যমানে। অবিবরূথবৎ মেষসংঘবৎ ॥ ৪২ ॥

নষ্টোনাথো যস্য লোকস্য তস্য বসোর্ব্বসুনো ধনস্য বিলুম্পকাদপহর্ত্তুঃ শ্চৌরাদের্হেতো যৎ পাপং ভবিষ্যতি তদস্মন্নিমিত্তত্বাৎ অস্মান্ উপৈষ্যতি। অনন্বয়ং সম্বন্ধশূন্যমেব। তদেব পাপং দর্শয়তি পরস্পরমিতি। শপন্তি পরুষং বদন্তি। পশ্বাদীনি বৃঞ্জতে অপহরন্তি। পুরুদস্যব শ্চৌরবহুলাঃ ॥ ৪৩ ॥

আর্য্যধর্ম্মঃ সদাচারঃ শুনাং কপীনামিব চার্থ কাময়ো রেবাভিনিবেশিতচিত্তানাং ॥ ৪৪ ॥

এবং রাজমাত্রস্য শাপানর্হত্বমুক্ত্বা প্রস্তুতেঽতি বিশেষমাহ ধর্ম্মপাল ইতি সার্দ্ধেন। হয়মেধযাট্ অশ্বমেধযাজী ॥ ৪৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

অলক্ষ্যেতি। তদাহি তদৈবেত্যর্থঃ ॥ ৪২ ॥ ৪৩ ॥ ৪৪ ॥

ধর্ম্মপাল ইতি। ব্যবহারতোপি মহানিত্যাহ হয়মেধযাড়িতি ॥ ৪৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অলক্ষ্যমাণে অদৃশ্যমানে অবিবরূথবৎ মেষসংঘবৎ ॥ ৪২ ॥

নষ্টো নাথো যস্য তস্য লোকস্য বসো র্বসুনো ধনস্য বিলুম্পকাদপহর্ত্তুঃশ্চৌরাদ্ধেতোর্যৎ পাপং ভবিষ্যতি তদস্মন্নিমিত্তত্বাদস্মান্ উপৈষ্যতি অনন্বয়ং সম্বন্ধশূন্যমেব তদেব পাপং দর্শয়তি পরস্পরমিতি বৃঞ্জতে অপহরন্তি ॥ ৪৩ ॥

আর্য্যধর্ম্মঃ সদাচারঃ ॥ ৪৪ ॥

এবং রাজমাত্রস্য শাপানর্হত্বমুক্ত্বা প্রস্তুতেঽতি বিশেষমাহ ধর্ম্মপাল ইতি ॥ ৪৫ ॥

বৎস! চক্রপাণি ভগবানেরই নামান্তর নরদেব, এই অবনীতলে যদি সেই নরদেব নামা চক্রপাণি ভগবান্ না থাকেন তাহা হইলে দস্যুদিগের প্রাচুর্য্য হইয়া উঠে, লোক সকল রক্ষণাভাবে ক্ষণ কালের মধ্যে মেষ সংঘের ন্যায় ছিন্ন ভিন্ন হইয়া নষ্ট হইয়া যায় ॥ ৪২ ॥

হায়! অদ্য লোকদিগের রক্ষক রাজা বিনষ্ট হইলেন! এখন তাহাদের ধন চৌরেরা যথেচ্ছাক্রমে লুঠ করিয়া লইবে, আমরাই এ অনিষ্টের কারণ হইলাম, এ জন্য পাপ আমাদিগকেই আশ্রয় করিবে, অথচ আমাদের তাহাতে কোন সম্বন্ধ নাই, লোকদিগের কি বিপদ্ উপস্থিত হইল? এখন দেশের মধ্যে বহু দস্যু হইবে, সমস্ত লোকেই পরস্পর হত্যা করিবে, পরস্পরকে কটু কহিবে, পরস্পরের স্ত্রী, পশু, অর্থ প্রভৃতি অপহরণ করিয়া লইবে ॥ ৪৩ ॥

তাহাতে মনুষ্যদিগের আর্য্য ধর্ম্ম অর্থাৎ সদাচার এবং বেদোক্ত বর্ণাশ্রম ধর্ম্ম এ সমস্তই বিলয় প্রাপ্ত হইবে, তদনন্তর লোক সকল কুক্কুর ও বানরের ন্যায় কেবল অর্থ কামনাতেই চিত্তের অভিনিবেশ করিয়া কেবল বর্ণসঙ্কর হইতে থাকিবে ॥ ৪৪ ॥

সম্রাট্ পরীক্ষিৎ ধর্ম্মতঃ প্রজাপালন করেন, তিনি অতি যশস্বী এবং সাক্ষাৎ ভগবানের ভক্ত ও অশ্বমেধ যজ্ঞ করিয়াথাকেন, ঐ রাজা পরিশ্রান্ত এবং ক্ষুধা তৃষ্ণায় কাতর হইয়া আমাদের আশ্রমে জল মাত্র প্রার্থনায় আসিয়াছিলেন, তাঁহাকে এ রূপ শাপ দেওয়া আমাদের উচিত হয় না ॥ ৪৫ ॥

অপাপেষু স্বভৃত্যেষু বালেনাপক্কবুদ্ধিনা। পাপং কৃতং তদ্ভগবান্ সর্ব্বাত্মা ক্ষন্তুমর্হতি ॥ ৪৬ ॥
তিরস্কৃতা বিপ্রলব্ধাঃ শপ্তাঃ ক্ষিপ্তা হতা অপি। নাস্য তৎ প্রতিকুর্ব্বন্তি তদ্ভক্তাঃ প্রভবোঽপিহি ॥ ৪৭ ॥
ইতি পুত্রকৃতাঘেন সোঽনুতপ্তো মহামুনিঃ। স্বয়ং বিপ্রকৃতো রাজ্ঞা নৈবাঘং তদচিন্তয়ৎ ॥ ৪৮॥
প্রায়শঃ সাধবো লোকে পরৈর্দ্বন্দ্বেষু যোজিতাঃ। ন ব্যথন্তি ন হৃষ্যন্তি যত আত্মাঽগুণাশ্রয়ঃ ॥ ৪৯ ॥
॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে পারীক্ষিতে বিপ্রশাপোপলম্ভো নামাষ্টাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৮ ॥ * ॥

শ্রীধরস্বামী।

অস্য মহাপাপস্যান্যৎ প্রায়শ্চিত্তমদৃষ্ট্বা পাপমাবেদয়ন্ ভগবন্তং প্রার্থয়তে অপাপেষ্বিতি ॥ ৪৬ ॥

রাজা চেৎ প্রতিশাপং দদ্যাৎ তর্হি নিষ্কৃতির্ভবেদপি তত্তু ন সম্ভবতি তস্য ভাগবতত্বাদিত্যাহ তিরস্কৃতাঃ নিন্দিতাঃ। বিপ্রলব্ধা বঞ্চিতাঃ। ক্ষিপ্তা অবজ্ঞাতাঃ হতাস্তাড়িতা অস্য তিরস্কারাদি কর্ত্তুঃ ন তৎ প্রতীকারং কুর্ব্বন্তি তদ্ভক্তা বিষ্ণুভক্তাঃ প্রভবঃ সমর্থা অপি ॥ ৪৭ ॥

বিপ্রকৃতঃ অপকৃতঃ অঘমপরাধং ॥ ৪৮ ॥

যুক্তঞ্চৈতদিত্যাহ প্রায়শ ইতি দ্বন্দ্বেষু সুখ দুঃখাদিষু। অগুণাশ্রয়ঃ সুখদুঃখাদ্যাশ্রয়ো ন ভবতি ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি প্রথমে অষ্টাদশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

সর্ব্বাত্মেতি অত্র মহতোপি তদাত্মকত্বাত্তদ্দ্বারা ক্ষমাপণং যুক্তমেবেত্যর্থঃ ॥ ৪৬ ॥ ৪৭ ॥ ৪৮ ॥ ৪৯ ॥

॥ * ॥ শ্রীমদ্ভাগবতপ্রথমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য অষ্টাদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥ ১৮ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অস্য মহাপাপস্যান্যৎ প্রায়শ্চিত্তমদৃষ্ট্বা পাপমেবাবেদয়ন্ ভগবন্তং প্রার্থয়তে অপাপেষ্বিতি ॥ ৪৬ ॥

রাজা চেৎ প্রতিশাপং দদ্যাত্তর্হি নিষ্কৃতির্ভবেদপি তত্তু ন সম্ভবতি তস্য মহাভাগবতত্বাদিত্যাহ। তিরস্কৃতা নিন্দিতাঃ। বিপ্রলব্ধা বঞ্চিতাঃ। ক্ষিপ্তা অবজ্ঞাতাঃ। হতাস্তাড়িতাঃ। প্রভবঃ সমর্থা অপি। অস্য তিরস্কারাদিকর্ত্তুর্ন তৎ প্রতীকারং কুর্ব্বন্তি ॥ ৪৭ ॥

যদ্বিপ্রকৃতস্তিরস্কৃত স্তত্তিরস্করণে অঘং অপরাধং ন অভাবয়ৎ ॥ ৪৮ ॥

যুক্তং চৈতদিত্যাহ। দ্বন্দ্বেষু সুখদুঃখাদিষু অগুণাশ্রয়ঃ প্রাকৃত সুখদুঃখাদ্যাশ্রয়ো ন ভবতি ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। প্রথমেঽষ্টাদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

শমীক ঋষি ঐ পাপের অন্য কোন প্রায়শ্চিত্ত না দেখিয়া পাপ নিবেদন পূর্ব্বক ভগবানের নিকট ক্ষমা প্রার্থনা করিতে লাগিলেন ! হে ভগবন্ ! আমার পুত্র অতি শিশু, ইহার বুদ্ধির পক্কতা হয় নাই, অবিবেচনা পূর্ব্বক নিরপরাধ ভৃত্যের অনিষ্ট করিয়া মহৎ পাপ করিয়াছে, আপনি সকলের অন্তর্যামী, আপনার অবিদিত কিছুই নাই অতএব ক্ষমা করুন্ ॥ ৪৬ ॥

অনন্তর মুনি কহিতে লাগিলেন, রাজা যদি প্রতিশাপ দেন তবেই নিষ্কৃতি হইতে পারে, কিন্তু তাহা সম্ভব হয় না, রাজা মহাভাগবত, ভগবদ্ভক্ত জনকে তিরস্কার, বঞ্চনা, অবজ্ঞা এবং তাড়নাদি করিলে তাঁহাদের সামর্থ্য থাকিলেও ঐ রূপ তিরস্কারাদি কর্ত্তার কখন প্রতিকার করেন না ॥ ৪৭ ॥

সেই মহামুনি শমীক এই প্রকারে পুত্র কৃত অপরাধ বিবেচনা করিয়া অনুতাপ করিতে লাগিলেন এবং রাজা যে তাঁহার তিরস্কার করিয়া গিয়াছেন তাহা অপরাধ বলিয়া গণ্য করিলেন না ॥ ৪৮ ॥

ঋষির এ রূপ বিবেচনা করা যোগ্যই বটে, কারণ সাধু লোকেরা অন্যের দ্বারা সুখ দুঃখে যোজিত হইলেও প্রায় ব্যথিত বা হর্ষিত হয়েন না, তাঁহারা মনে করেন আত্মার সুখ বা দুঃখ কিছুমাত্র নাই, ইহাতে আমাদের ক্ষতি বৃদ্ধি কি ? ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি প্রথমে অষ্টাদশ ॥ * ॥

শ্রীসূত উবাচ ॥

মহীপতি স্ত্বথতৎ কর্ম্ম গর্হ্যং বিচিন্তয়ন্নাত্ম কৃতং সুদুর্ম্মনাঃ।
অহো ময়া নীচমনার্য্যবৎ কৃতং নিরাগসি ব্রহ্মণি গূঢ়তেজসি ॥ ১ ॥
ধ্রুবং ততো মে কৃতদেব হেলনাদ্দুরত্যয়ং ব্যসনং নাতিদীর্ঘাৎ।
তদস্তু কামং হ্যঘনিষ্কৃতায় মে যথা ন কুর্য্যাং পুনরেবমদ্ধা ॥ ২ ॥
অদ্যৈব রাজ্যং বলমৃদ্ধকোষং প্রকোপিত ব্রহ্মকুলানলো মে।
দহত্বভদ্রস্য পুনর্ন মে ঽভূৎ পাপীয়সী ধীর্দ্বিজদেবগোভ্যঃ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

প্রায়োপবিষ্টে গঙ্গায়াং রাজ্ঞি যোগিজনাবৃতে। শুকস্যাগমনং তত্র প্রোক্তমেকোনবিংশকে ॥ ০ ॥

স্বকৃতং তৎকর্ম্ম মুনিস্কন্ধে সর্প নিক্ষেপণং গর্হ্যং নিন্দ্যং বিচিন্তয়ন্ সুদুর্ম্মনা জাতঃ। চিন্তামেবাহ সার্দ্ধদ্বাভ্যাং অহো ইতি। নীচং পাপং অমীবমিতি পাঠে সএবার্থঃ। ব্রহ্মণি ব্রাহ্মণে গূঢ়ং গুপ্তং তেজোযস্য ॥ ১ ॥

কৃতং যদ্দেব হেলনং ঈশ্বরাবজ্ঞাপাপমিত্যর্থঃ তস্মাৎ নূনং মে ব্যসনং ভবিষ্যতি। তত্ নাতিদীর্ঘাৎ কালাৎ অচিরাদেবাস্তু। তত্রাপি অদ্ধা সাক্ষাৎ ন পুত্রাদিদ্বারেণেতি প্রার্থনা। কামং অসঙ্কোচতঃ। এবং প্রার্থনায়াঃ প্রয়োজনং অঘস্য নিষ্কৃতায় প্রায়শ্চিত্তায়। যথা পুনরেবং ন কুর্য্যামিতি চ ॥ ২ ॥

এবং সাক্ষাৎ স্বস্যৈব ব্যসনং সংপ্রার্থ্য ততঃ প্রাগেব কিঞ্চিৎ প্রার্থয়তে অদ্যৈব মে রাজ্যাদি দহতু। প্রকোপিতং ব্রহ্মকুলং তদেবানলঃ পুন র্দ্বিজাদীন্ পীড়য়িতুং সা ধীর্ম্মে মাভূৎ নভবেদিত্যর্থঃ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

অদ্যৈবেতি। দহতু মে মত্তঃ সকাশাদ্দগ্ধবদপযাত্বিত্যর্থঃ। রাজ্যাদৌ অপরেষাং দ্বিজাদীনাং সম্ভাবেন তথাভিপ্রেতুমযুক্তত্বাৎ ॥ ১ ॥ ২ ॥ ৩ ॥ ৪ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রাজানুতপ্য নির্ব্বিদ্য কৃতে প্রায়োপবেশনে। ঊনবিংশে মুনীন্দ্রাণাং সদসি শ্রীশুকাগমঃ ॥ ০ ॥

অথ স্বগৃহাগমনকাল এব সুদুর্ম্মনা অভূৎ। চিন্তামাহ সার্দ্ধদ্বাভ্যাং নীচং নিন্দ্যং কর্ম্ম অমীবমিতি পাঠে পাপং ব্রহ্মণি ব্রাহ্মণে ॥ ১

অদ্ধা সাক্ষাদেবাস্তু নতু পুত্রাদিদ্বারেণ ॥ ২ ॥

দ্বিজদেবতা দুঃখয়িতুং ধী র্ন মেঽভূন্নভবেৎ ॥ ৩ ॥

ঊনবিংশতি অধ্যায়ে গঙ্গায় দেহত্যাগার্থ যোগিগণ পরিবৃত হইয়া পরীক্ষিৎ নির্ব্বিঘ্ন চিত্তে প্রায়োপবেশন করিলে তাঁহার সভায় শুকদেবের আগমন ॥ ০ ॥

অনন্তর স্বগৃহে প্রত্যাগমন সময়ে রাজা পরীক্ষিৎ আপনার ঐ কর্ম্ম গর্হিত বলিয়া বোধ করতঃ দুর্ম্মনাঃ হইয়া চিন্তা করিতে লাগিলেন। হা! আমি অতি পামর, যাঁহার তেজঃ গূঢ় হইয়া রহিয়াছে এতাদৃশ ব্রাহ্মণের প্রতি নীচের ন্যায় পাপাচরণ করিয়া আসিয়াছি, তাঁহার কোন অপরাধ ছিল না, তাঁহার স্কন্দে মৃতসর্প প্রদান করিলাম ॥ ১ ॥

সেই ঋষি সাক্ষাৎ ঈশ্বর স্বরূপ, তাঁহাকে ঐ প্রকারে অবজ্ঞা করাতে আমার অচিরেই ঘোরতর ব্যসন উপস্থিত হইবে সন্দেহ নাই, আমি প্রার্থনা করি, তাহা পুত্রাদি দ্বারা না হইয়া সাক্ষাৎ আমাতেই শীঘ্র হউক, তাহা হইলে আমার পাপের প্রায়শ্চিত্ত হইবে এবং আর এ রূপ গর্হিত কর্ম্ম করিতে প্রবৃত্তি হইবে না ॥ ২ ॥

আমি অভদ্র, আমার রাজ্য, বল এবং সমৃদ্ধিশালি ধনাগার এ সমস্ত ব্রহ্ম কোপানলে অদ্যই দগ্ধ হইয়া যাউক, কেন না এ রূপ প্রতিফল দেখিলে গো ব্রাহ্মণ দেবতার প্রতি আর আমার এ প্রকার পাপীয়সী বুদ্ধি হইবে না ॥ ৩ ॥

স চিন্তয়ন্নিত্থমথাশৃণোদ্যথা মুনেঃ সুতোক্তো নির্ঋতিস্তক্ষকাখ্যঃ।
স সাধু মেনে ন চিরেণ তক্ষকানলং প্রসক্তস্য বিরক্তিকারণং ॥ ৪ ॥
অথো বিহায়েমমমুঞ্চ লোকং বিমর্শিতৌ হেয়তয়া পুরস্তাৎ।
কৃষ্ণাঙ্ঘ্রিসেবামধিমন্যমান উপাবিশৎ প্রায়মমর্ত্ত্যনদ্যাং ॥ ৫ ॥
যা বৈ লসচ্ছ্রী তুলসীবিমিশ্র কৃষ্ণাঙ্ঘ্রিরেণ্বভ্যধিকাম্বুনেত্রী।

শ্রীধরস্বামী।

ইত্থং চিন্তয়ন্ স রাজা মুনেঃ সুতোক্তঃ সপ্তমেঽহনি নির্ঋতি র্মৃত্যু র্যথা ভবিষ্যতি তথাঽশৃণোৎ। শমীকপ্রেষিতাৎ শিষ্যাৎ শ্রুত্বাচ সঃ তক্ষকস্য বিষাগ্নিং সাধু মেনে। যতো বিষয়েষু প্রসক্তস্য বিরক্তিকারণং ॥ ৪ ॥

অথো অনন্তরং। উভৌ লোকৌ পুরস্তাদ্রাজ্যমধ্যএব হেয়তয়া বিচারিতৌ বিহায়। কৃষ্ণাঙ্ঘ্রিসেবামেবাধিমন্যমানঃ সর্ব্ব পুরুষার্থেভ্যোঽধিকাং জানন্ প্রায়মনশনং তস্মিন্নিত্যর্থঃ। তৎ সংকল্পেনোপাবিশদিতি যাবৎ। যদ্বা প্রায়ং প্রকৃষ্টময়নং শরণং যথা ভবতি তথা ॥ ৫ ॥

অমর্ত্যনদ্যামিতি বিশেষণস্য ফলমাহ যা গঙ্গা লসন্তী শ্রীর্যস্যাঃ তয়া তুলস্যাঃ বিমিশ্রা যে কৃষ্ণাঙ্ঘ্রিরেণব স্তৈরভ্যধিকং সর্ব্বোৎকৃষ্টং যদম্বু তস্য নেত্রী তদ্বাহিনী। উভয়ত্র অন্তর্ব্বহিশ্চ সেশান্ ঈশৈঃ লোকপালৈঃ সহিতান্ লোকান্ পুণাতি।

ক্রমসন্দর্ভঃ।

প্রায়োপবেশশ্চায়ং তস্যামমর্ত্ত্যনদ্যামেব যুক্তঃ। যতস্তস্যাং তদভীষ্টস্য শ্রীকৃষ্ণস্য সম্বন্ধঃ সর্ব্বেষাং পাবনত্বং চ স্ফুটং দৃশ্যতে ইত্যাস্তাং তস্য ব্রাহ্মণাপরাধকলুষভীতস্য শ্রীকৃষ্ণস্যাঙ্ঘ্রিসেবামেব চ সর্ব্বাধিকপুরুষার্থতয়া লিপ্সোর্ব্বার্ত্তা। সর্ব্বস্যাপিজীবস্য তত্রাপ্যাসন্নমরণস্য সৈবাশ্রয়িতুং যোগ্যেত্যাহ যা বৈ ইতি। যা বৈ তাদৃশত্বেন স্বয়ং প্রসিদ্ধা পুনর্সংশ্রিয়স্তদানীং প্রচুরতয়া বৃন্দাবনজাতাযাস্তুলস্যাস্তাভির্ব্বিমিশ্রা পূর্ব্বং বিমিশ্রীভূতা ঐক্যং প্রাপ্তা যা বৃন্দাবনস্থিতাঃ স্বয়ং ভগবতঃ কৃষ্ণস্যাঙ্ঘ্রিরেণব স্তৈরভ্যধিকং যমুনারূপমম্বু তস্যাপি নেত্রী বোঢ্রিত্যর্থঃ। অভ্যধিকত্বং চোক্তমাদিবারাহে। গঙ্গাশতগুণা পুণ্যা মাথুরে মম মণ্ডলে। যমুনা বিশ্রুতা দেবি নাত্র

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মুনেঃ সুতেনোক্তঃ সপ্তমেঽহনি তক্ষকাখ্যা নির্ঋতির্মৃত্যুর্যথা ভবিষ্যতি তথা অশৃণোৎ। শমীকপ্রেষিতাচ্ছিষ্যাৎ গৌরমুখাৎ। যথা ভো রাজন্ অজ্ঞানেন বালকেন দত্তমভিশাপং শ্রুত্বা মুহুরনুতপ্তস্তং চ সন্তর্জ্যাস্মদ্গুরুঃ প্রতীকারমপশ্যন্ খিদ্যন্ ত্বয়ি কারুণ্যপূর্ণো মাং প্রাহিণোদ্রাজ্ঞা জ্ঞাত্বা পরলোকার্থং কিমপি যততামিত্যেতদর্থমিত্যুক্ত্বা গতে তস্মিন্ রাজা স্বাপরাধং ক্ষময়ন্ তত্র জিগমিষুরপি মুনের্জনিষ্যমাণং লজ্জা সংকোচাদিকং স্বস্যচ শাপান্তানিচ্ছাং বিচার্য্য ন জগাম। যতঃ স তক্ষকস্য বিষাগ্নিং সাধু মেনে কীদৃশং বিষয়ে প্রসক্তস্য মম বিরক্তিকারণং ॥ ৪ ॥

ইমং অমুঞ্চ লোকং বিহায় কুতঃ পুরস্তাৎ শাপাৎ পূর্ব্বমেব হেয়তয়া উভৌ বিমর্শিতৌ বিচারিতৌ অতঃ অধি সর্ব্বপুরুষার্থাধিকাং মন্যমানঃ প্রায়মনশনং প্রত্যুপাবিশৎ সংকল্পেনোপাবিবেশ ॥ ৫ ॥

অমর্ত্যনদ্যাং গঙ্গায়ামেব কুতস্তত্রাহ। অভ্যধিকং সর্ব্বোৎকৃষ্টং যদম্বু তস্য নেত্রী তদ্বাহিনী উভয়ত্র ঊর্দ্ধাধো ঽন্তর্বহিশ্চ ॥ ৬ ॥

রাজা এরূপ চিন্তা করিতেছেন, এমত সময়ে শমীক ঋষির প্রেরিত গৌরমুখ নামক তদীয় এক জন শিষ্য আগমন করিয়া রাজাকে সম্বাদ দিলেন, মহারাজ! মুনি পুত্র শৃঙ্গির শাপে অদ্য হইতে সপ্তম দিবসে তক্ষকের দংশনে আপনকার মৃত্যু হইবে। রাজা তাহা শ্রবণ করিয়া বিবেচনা করিলেন, আমি বিষয়ে আসক্ত ছিলাম, এখন আমার বিষয়ের প্রতি অবশ্য বৈরাগ্য জন্মিবে, অতএব তক্ষকের বিষাগ্নিকেও সাধু বলিয়া গণ্য করিলেন ॥ ৪ ॥

অনন্তর ইহলোক ও পরলোক যে হেয় তাহা তিনি অভিশাপের পূর্ব্বেই স্থির করিয়া রাখিয়াছিলেন। পরে ঐ উভয়কেই পরিত্যাগ পূর্ব্বক শ্রীকৃষ্ণচরণারবিন্দের সেবাকে সর্ব্ব পুরুষার্থের সার বলিয়া বোধ করত গঙ্গাতীরে গমন করিয়া প্রায়োপবেশনার্থ উপবেশন করিলেন ॥ ৫ ॥

ঐ নদী শ্রীকৃষ্ণের তুলসী মিশ্রিত চরণরেণুর সংস্পর্শে সর্ব্বোৎকৃষ্ট বারি বহন করত লোকপালের

পুনাতি সেশানুভয়ত্র লোকান্ কস্তাং ন সেবেত মরিষ্যমাণঃ ॥ ৬ ॥
ইতি ব্যবচ্ছিদ্য স পাণ্ডবেয়ঃ প্রায়োপবেশং প্রতিবিষ্ণুপদ্যাং।
দধ্যৌ মুকুন্দাঙ্ঘ্রিমনন্যভাবো মুনিব্রতো মুক্তসমস্তসঙ্গঃ ॥ ৭ ॥
তত্রোপজগ্মুর্ভুবনং পুনানা মহানুভাবা মুনয়ঃ স শিষ্যাঃ।
প্রায়েণ তীর্থাভিগমাপদেশৈঃ স্বয়ং হি তীর্থানি পুনন্তি সন্তঃ।
অত্রির্বশিষ্ঠশ্চ্যবনঃ শরদ্বানরিষ্টনেমির্ভৃগুরঙ্গিরাশ্চ।
পরাশরোগাধিসুতোঽথরাম উতথ্য ইন্দ্রপ্রমদঃ সুবাহুঃ।
মেধাতিথি র্দেবল আর্ষ্টিষেণো ভরদ্বাজো গৌতমঃ পিপ্পলাদঃ।
মৈত্রেয় ঔর্ব্বঃ কবষঃ কুম্ভযোনির্দ্বৈপায়নো ভগবান্নারদশ্চ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

মরিষ্যমাণঃ আসন্ন মরণঃ মরণস্যানিয়তকালত্বাৎ সর্ব্বোপি তথা। তত স্তাং কো ন সেবেত ॥ ৬ ॥

ইতি এবং বিষ্ণুপদ্যাং গঙ্গায়াং প্রায়োপবেশং প্রতি ব্যবচ্ছিদ্য নিশ্চিত্য। পাণ্ডবেয় ইতি তৎ কুলৌচিত্যং দর্শয়তি নাস্ত্যন্যস্মিন্ ভাবো যস্য সঃ। কৃতো মুনিব্রতঃ উপশান্তঃ। তৎ কৃতঃ। মুক্তঃ সমস্তসঙ্গো যেন সঃ ॥ ৭ ॥

তত্র তদা তদ্দর্শনার্থং মুনয় উপাগতাঃ নতু তীর্থস্নানার্থং কৃতার্থত্বাৎ। নন্থ তাদৃশানামপি তীর্থযাত্রা দৃশ্যতে তত্রাহ প্রায়েণেতি তীর্থযাত্রা ব্যাজৈঃ ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

কার্য্যা বিচারণা ইতি। জলপ্রবাহরূপা গঙ্গাহত্র বোঢ্রী। বাহশ্চ তাদৃগম্বু। ততো ভিন্নামেবোপপদ্যত ইতি নেত্রীতি সদৈব তন্নয়নং লভ্যত ইতি চ তথা ব্যাখ্যাতং। কৃষ্ণ শব্দশ্চ রূঢ্যা শ্রীগোপালএবাধিকং প্রসিদ্ধ ইতি তু তথা ব্যাখ্যাতমেব। অভেদেহি তাদৃগ মুরূপেত্যেবাবক্ষ্যদিতি ॥ ৬ ॥

কীদৃশঃ সন্ দধ্যৌ তত্রাহ মুক্তেতি অনন্যেতি চ ॥ ৭ ॥

তত্রেতি। সাক্ষাচ্ছ্রীভগবৎপাদ সম্বন্ধীনি গঙ্গাদীনি বিনেতি জ্ঞেয়ং। তেষু তেষামপি পরমাদরাৎ। কিং বা উৎপ্রেক্ষামাত্র-মিদং। নতু তেষামপ্যভিপ্রায়ঃ। তামেবাহ প্রায়েণেতি ॥ ৮ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্যবচ্ছিদ্য নিশ্চিত্য প্রায়োপবেশং প্রতিলক্ষীকৃত্যেত্যর্থঃ। ন অন্যস্মিন্ কর্ম্মজ্ঞানদেবতান্তরে ভাবো যস্য সঃ ॥ ৭ ॥

তত্র তদা তদ্দর্শনার্থং মুনয় আগতা নতু তীর্থস্নানার্থং কৃতার্থত্বাৎ। নতু তাদৃশানামপি তীর্থযাত্রা দৃশ্যতে তত্রাহ প্রায়েণেতি। তীর্থযাত্রাব্যাজৈ স্তেন তীর্থেভ্যোপি পরীক্ষিতো দর্শনং তে হ্যধিকং গূঢ়ং নিরনৈষুরিতি ভাবঃ। অকস্মাদ্ভূতপ্রতিস্বানন্দান্যথানুপপত্ত্যা সর্ব্বজ্ঞতয়া ভাবি বৃত্তান্তং জ্ঞাত্বা শ্রীভাগবতামৃতপানার্থমিতি ভাবঃ ॥ ৮ ॥

সহিত সমস্ত লোকদিগের অন্তর ও বাহ্য পবিত্র করিতেছেন, ইহাতে আপনার মরণ আসন্ন জানিয়া কোন্ ব্যক্তি ঐ সুরতরঙ্গিণীর সেবা না করিবে? ॥ ৬ ॥

সূত কহিলে। হে ঋষিগণ! পাণ্ডুবংশোদ্ভব রাজা পরীক্ষিৎ এই প্রকারে গঙ্গাতীরে গমন করিয়া প্রায়োপবেশন নিমিত্ত কৃত নিশ্চয় হইলেন এবং সমস্ত সঙ্গ পরিত্যাগ পূর্ব্বক উপশান্ত ও অনন্য ভাব হইয়া শ্রীকৃষ্ণের চরণারবিন্দ ধ্যান করিতে লাগিলেন ॥ ৭ ॥

সেই সময় ভুবন পবিত্রকারী মহানুভব মুনিবৃন্দ শিষ্যগণ সমভিব্যাহারে তথায় আসিয়া উপস্থিত হইলেন, তাঁহাদের তথায় আগমন তীর্থ স্নানার্থ নহে, যে হেতু তাঁহারা স্বয়ং তীর্থ তীর্থদিগকেও পবিত্র করিয়া থাকেন। যথা-অত্রি, বশিষ্ঠ, চ্যবন, শরদ্বান্ অরিষ্টনেমি, ভৃগু, অঙ্গিরা, পরাশর, গাধিতনয় বিশ্বামিত্র, উতথ্য, ইন্দ্রপ্রমদ, সুবাহু, মেধাতিথি, দেবল আর্ষ্টিষেণ, ভরদ্বাজ, গৌতম, পিপ্পলাদ, মৈত্রেয়, ঔর্ব্ব, কবষ, কুম্ভযোনি অগস্ত্য, বেদব্যাস, নারদ, ॥ ৮ ॥

অন্যেচ দেবর্ষি মহর্ষিবর্য্যা রাজর্ষিবর্য্যা অরুণাদয়শ্চ।
নানার্ষেয় প্রবরান্ সমেতানভ্যর্চ্চ্য রাজা শিরসা ববন্দে ॥ ৯ ॥
সুখোপবিষ্টেষ্বথ তেষু ভূয়ঃ কৃতপ্রণামঃ স্বচিকীর্ষিতং যৎ।
বিজ্ঞাপয়ামাস বিবিক্তচেতা উপস্থিতোঽগ্রেঽভিগৃহীতপাণিঃ ॥ ১০ ॥
শ্রীরাজোবাচ ॥
অহোবয়ং ধন্যতমা নৃপাণাং মহত্তমানুগ্রহণীয়শীলাঃ।
রাজ্ঞাং কুলং ব্রাহ্মণপাদশৌচাদারাদ্বিসৃষ্টং বত গর্হ্য কর্ম্ম ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

অরুণাদয়ঃ রাজর্ষিত্ববিশেষেণ পৃথক্ নির্দ্দিষ্টাঃ। নানা যান্যার্ষেয়াণি ঋষীণাং গোত্রাণি তেষু প্রবরান্ শ্রেষ্ঠান্। শিরসা ভুবং স্পৃষ্ট্বা ববন্দে ॥ ৯ ॥

বিজ্ঞাপনার্থং পুনঃ কৃত প্রণামঃ বিবিক্তং শুদ্ধং চেতো যস্য অভিগৃহীতৌ সংযোজিতৌ পাণী যেন সঃ। স্ব চিকীর্ষিতং প্রায়োপবেশাদি যুক্তমযুক্তং বেতি বিজ্ঞাপয়ামাস ॥ ১০ ॥

অনুমোদনেনানুগ্রহমালক্ষ্য আত্মানং শ্লাঘতে অহো ইতি নৃপাণাং মধ্যে। মহত্তমৈরনুগ্রহণীয়ং শীলং বৃত্তং যেষাং। এতচ্চ রাজ্ঞামতিদুর্ল্লভমিত্যাহ ব্রাহ্মণানাং পাদশৌচাৎ পাদপ্রক্ষালনোদকাৎ দূরাদুচ্ছিষ্ট বিন্মূত্র পাদাম্ভাংসি সমুৎসৃজেদিতি স্মৃতেঃ। দূরে হি তৈস্তদ্বিসৃজ্যতে। ততোপি দূরাদেব বিসৃষ্টং ক্ষিপ্তং তত্রাপি স্থাতুমযোগ্যমিত্যর্থঃ। গর্হ্যং কর্ম্ম যস্যেত্যাত্মানমুদ্দিশ্যোক্তং ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

বিজ্ঞাপয়ামাসেতি বক্ষ্যমাণমিত্যেব জ্ঞেয়ং ॥ ১০ ॥

অহো আশ্চর্য্যং। কিমাশ্চর্য্যং তত্রাহ নৃপাণাং মধ্যে বয়ং পাণ্ডবাঃ মহত্তমানাং ভবতামনুগ্রহং শীলয়ন্তি যে স্বায়ম্ভুবাদয় তাদৃশাঃ সন্তো ধন্যতমা জাতা ইতি শেষঃ। স্বতস্তু নৃপাণাং কুলমীদৃশমিত্যাহ রাজ্ঞামিতি। যতো গর্হ্যং কর্ম্ম হিংসাদি লক্ষণং যস্য তাদৃশমিতি ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অরুণাদয়ঃ কাণ্ডর্ষিত্ববিশেষেণ পৃথঙ্নির্দ্দিষ্টাঃ ॥ ৯ ॥

অভিগৃহীতপাণিঃ কৃতাঞ্জলিঃ ॥ ১০ ॥

স্বস্মিন্ মুনীনাং স্বাভাবিকমনুগ্রহমালক্ষ্যাহ অহো ইতি। মহত্তমানামনুগ্রহণীয়ং অনুগ্রহার্হং শীলং যেষাং তে। এতচ্চ রাজ্ঞামতিদুর্ল্লভমিত্যাহ রাজ্ঞামিতি। দূরাদুচ্ছিষ্টবিণ্মূত্রপাদাম্ভাংসি সমুৎসৃজেদিতি স্মৃতেঃ। আশ্রমাদ্দূরস্থপাদশৌচস্থলাদপি আরাদ্দূরে রাজ্ঞাং কুলং বিসৃষ্টং তৈ ব্রাহ্মণৈস্তত্রাপি স্থাতুমননুজ্ঞানাদিত্যর্থঃ। যতো গর্হ্যকর্ম্ম সর্ব্বতোপ্যপবিত্রং ॥ ১১ ॥

এবং অন্যান্য দেবর্ষি, ব্রহ্মর্ষি ও অরুণাদি রাজর্ষিসকল নানা গোত্রীয় প্রধান২ ঋষিদিগকে একত্র সমাগত দেখিয়া রাজা তাঁহাদিগের যথাবিধি পূজা করত মস্তক দ্বারা ভূমিস্পর্শ পূর্ব্বক প্রণাম করিলেন ॥ ৯ ॥

অনন্তর ঐ সকল ঋষি সুখে আসনে উপবিষ্ট হইলে রাজা পুনর্ব্বার প্রণাম করিয়া বিশুদ্ধচিত্তে অঞ্জলি বন্ধন পূর্ব্বক তাঁহাদের সম্মুখে দণ্ডায়মান হইলেন এবং আপনি যে প্রায়োপবেশন করিতে মানস করিয়াছেন তাহা যুক্ত কি অযুক্ত ইহা জানিবার জন্য তাঁহাদিগকে নিবেদন করিলেন ॥ ১০ ॥

অনন্তর আপনার বাক্যে তাঁহাদিগকে অনুমোদন করিতে দেখিয়া অনুগ্রহ বোধ করত আত্ম শ্লাঘা পূর্ব্বক কহিতে লাগিলেন, অহো! আমার ন্যায় নিন্দনীয় কর্ম্মকারি রাজকুলের সমীপে ব্রাহ্মণেরা পাদোদকও পরিত্যাগ করেন না, আপনারা মহত্তম আমার প্রতি অনুগ্রহ প্রকাশ করিতেছেন, অতএব নৃপগণ মধ্যে আমি ধন্যতম ॥ ১১ ॥

তস্যৈব মেঽঘস্য পরাবরেশো ব্যাসক্তচিত্তস্য গৃহেষ্বভীক্ষ্ণং।
নির্ব্বেদমূলো দ্বিজশাপরূপো যত্র প্রসক্তো ভয়মাশু ধত্তে ॥ ১২ ॥
তং মোপযাতং প্রতিযন্তু বিপ্রা গঙ্গাচদেবী ধৃতচিত্তমীশে।
দ্বিজোপসৃষ্টঃ কুহকস্তক্ষকোবা দশত্বলং গায়ত বিষ্ণুগাথাঃ ॥ ১৩ ॥
পুনশ্চ ভূয়াদ্ভগবত্যনন্তে রতিঃ প্রসঙ্গশ্চ তদাশ্রয়েষু।

শ্রীধরস্বামী।

আস্তাং তাবদনুগ্রহঃ ব্রহ্মশাপোপি ভগবৎ প্রসাদাদেব জাত ইত্যাহ তস্য গর্হ কর্ম্মণ এব অতোঽঘস্য পাপাত্মনঃ গৃহে ব্যাসক্তচিত্তস্য মে স্বপ্রাপ্তয়ে পরাবরাণামীশ এব দ্বিজ শাপতয়া বভূব। যত্র যস্মিন্ শাপে সতি গৃহেষু প্রসক্তো ভয়ং ধত্তে নির্ব্বিণ্ণো ভবতি স্বয়ং। যতো নির্ব্বেদ মূলঃ নির্ব্বেদো বৈরাগ্যং মূলং প্রাপ্তি কারণং যস্মিন্। স্বস্য বৈরাগ্য প্রাপ্যত্বাৎ তস্যচ ভয়মূলত্বাৎ তদর্থং দ্বিজশাপং কারিতবানিত্যর্থঃ ॥ ১২ ॥

তান্ প্রার্থয়তে দ্বাভ্যাং। তং মা মাং উপযাতং শরণাগতং প্রতিযন্তু জানন্তু। দেবী দেবতা রূপা গঙ্গাচ প্রত্যেতু। বাশব্দঃ প্রতিক্রিয়া হনাদরে গাথাঃ কথা গায়ত ॥ ১৩ ॥

স আশ্রয়ো যেষাং তেষু প্রকৃষ্টঃ সঙ্গো ভূয়াৎ। তস্যাং তস্যাং সৃষ্টৌ জন্মনি ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্রাপীদমাশ্চর্য্যমিত্যাহ। তস্যৈব ভগবদনুগ্রহশীলানাং বংশে গণনীয়স্যাপি মে মমাভীক্ষ্ণং গৃহেষু ব্যাসক্তচিত্তস্য তত্রাপ্য স্বস্য তাদৃশ ব্রাহ্মণাপরাধ কর্ত্তুঃ। পরাবরেশ স্তু নূনং ভগবদনুগৃহীতবংশজোঽয়মিত্যামৃশ্য স্বয়ং দ্বিজশাপরূপঃ তদপদেশঃ সন্ নির্ব্বেদোঽস্যত্রানাসঙ্গ এব মূলমবষ্টম্ভকো যস্য স্বস্মিন্নাসঙ্গস্তু তদ্রূপোঽভবৎ। তর্হি কিং স্যাত্তত্রাহ যত্র পরাবরেশে প্রসক্তঃ শীঘ্রমেবাভয়ং তচ্চরণারবিন্দপ্রাপ্ত্যা ভয়াভাবং ধত্তে। মর্ত্ত্যোমৃত্যুব্যালভীতঃ পলায়ন্নিত্যাদেঃ। অতঃ কস্মাত্তবতামপ্যাগমনং তৎ প্রেরণয়ৈব জাতমিতি ভাবঃ। বক্ষ্যতে চ শ্রীশুকদেবমুপলক্ষ্য। অপি মে ভগবান্ প্রীতঃ ইত্যাদি দ্বাভ্যাং ॥ ১২ ॥

প্রতিযন্তু অঙ্গীকুর্ব্বন্তু। তত এব হেতোরীশে ধৃতচিত্তং সন্তং মাং গঙ্গাদেবী চাঙ্গীকরোতু ॥ ১৩ ॥

সৃষ্টিং জন্ম। অন্যত্র সর্ব্বত্র তু মৈত্রী অবিষমা দৃষ্টিরস্তু। ব্রাহ্মণেষু ত্বাদরবিশেষোস্ত্বিত্যাহ নম ইতি ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

তস্যৈব গর্হ কর্ম্মণো মম তত্রাপি অঘস্য ব্রাহ্মণগলে সর্পনিঃক্ষেপেণ অবমাননাৎ এবং পতিতপাবনত্ব খ্যাপনার্থং পরাবরেশো ভগবানেব দ্বিজশাপরূপঃ সন্ মৎপার্শ্বমাগতঃ। নির্ব্বেদমূলঃ নির্বেদস্য মূলং কারণমিত্যর্থঃ পুংস্ত্বমার্ষং। ভবদ্বিধমহৎসমাগ-মাদনুমীয়তে। যত্র ভগবানায়াতি তত্রৈব তত্তদ্ভক্তাঃ স্বত এবায়ান্তীত্যর্থঃ। যত্র পরাবরেশে প্রসক্ত আসক্তো জন আশু শীঘ্র মেবাভয়ং ভয়াভাবং ধত্তে ॥ ১২ ॥

তান্ প্রার্থয়তে দ্বাভ্যাং তং মা মাং উপযাতং শরণাগতং প্রতিযন্তু জানন্তু। দেবী দেবতারূপা গঙ্গাচ প্রত্যেতু বাশব্দঃ প্রতিক্রিয়ানাদরে গাথাঃ কথাঃ ॥ ১৩ ॥

পুনশ্চ পুনরপি যাং যাং সৃষ্টিং জন্ম প্রাপ্নোমি তস্যাং তস্যাং ভগবতি রতিঃ তদ্ভক্তেষু প্রকৃষ্টঃ সঙ্গঃ সর্ব্বজীবেষু মৈত্রীমিতি মদ্বাঞ্ছিত

আমি অতি গর্হ্যকর্ম্মা, মৃত সর্প নিক্ষেপ দ্বারা ব্রাহ্মণের অবমাননা করিয়াছি, বোধ হয় আমার প্রতি ভগবান্ও প্রসন্ন হইয়া থাকিবেন, তন্নিমিত্তই ব্রহ্মশাপ হইয়াছে, আমি নিরন্তর গৃহে আসক্ত ছিলাম কার্য্য কারণের নিয়ন্তা ভগবানই আমাকে আত্ম প্রাপ্তি করাইবার নিমিত্ত ব্রাহ্মণের শাপ স্বরূপ হইয়াছেন, ঐ শাপ আমার বৈরাগ্যের মূল, ইহাতে আসক্ত ব্যক্তির আশু নির্ব্বেদ উপস্থিত হয় ॥ ১২ ॥

হে বিপ্রগণ! আপনারা আমাকে শরণাগত বলিয়া জানুন্ এবং দেবতা রূপা গঙ্গাদেবীও ঐ রূপ অঙ্গীকার করুন্। ব্রাহ্মণের প্রেরিত কুহক হউক্ অথবা তক্ষকই হউক, সে আসিয়া আমাকে যথেষ্ট দংশন করুক্, আপনারা বিষ্ণুগাথা গান করুন্ ॥ ১৩ ॥

এই মাত্র প্রার্থনা ভগবান্ অনন্তে আমার পুনর্ব্বার রতি হউক এবং যে যে সৃষ্টি প্রাপ্ত হই সে

মহৎসু যাং যামুপযামি সৃষ্টিং মৈত্র্যস্তু সর্ব্বত্র নমো দ্বিজেভ্যঃ ॥ ১৪ ॥
ইতিস্ম রাজাধ্যবসায় যুক্তঃ প্রাচীনমূলেষু কুশেষু ধীরঃ।
উদঙ্মুখো দক্ষিণকূল আস্তে সমুদ্রপত্ন্যাঃ স্বসুত ন্যস্তভারঃ ॥ ১৫ ॥
এবঞ্চ তস্মিন্নরদেবদেবে প্রায়োপবিষ্টে দিবি দেবসংঘাঃ।
প্রশস্য ভূমৌ ব্যকিরন্ প্রসূনৈ র্মুদা মুহুর্দুন্দুভয়শ্চ নেদুঃ ॥ ১৬ ॥
মহর্ষয়ো বৈ সমুপাগতা যে প্রশস্য সাধ্বিত্যনুমোদমানাঃ।
ঊচুঃ প্রজানুগ্রহশীলসারা যদুত্তমঃশ্লোকগুণাভিরূপং ॥ ১৭ ॥
ন বা ইদং রাজর্ষিবর্য্য চিত্রং ভবৎসু কৃষ্ণং সমনুব্রতেষু।
যেঽধ্যাসনং রাজকিরীটযুষ্টং সদ্যোজহু র্ভগবৎপার্শ্বকামাঃ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

অধ্যবসায়ো নিশ্চয়ঃ প্রাগগ্রেষু কুশেষু আস্তে স্ম। স্বসুতে জনমেজয়ে ন্যস্তোভারো রাজ্যং যেন সঃ ॥ ১৫ ॥
মুদা ব্যকিরন্ দেবসংঘৈর্ব্বাদিতাঃ নেদুঃ ॥ ১৬ ॥
প্রজানুগ্রহে শীলং সারো বলঞ্চ যেষাং। উত্তমঃশ্লোকগুণৈরভিরূপং সুন্দরমিব ॥ ১৭ ॥
ভবৎসু পাণ্ডোর্ব্বংশ্যেষু যে জহুরিতি যুধিষ্ঠিরাদ্যভিপ্রায়েণ ॥ ১৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

মূলগন্তঃ অন্তশ্চাগ্রেঽপি। তস্মাল্লক্ষণয়া প্রাগগ্রেষিত্যেব ব্যাখ্যাতং ॥ ১৫ ॥
প্রসূনৈ প্রসূনানীত্যর্থঃ ॥ ১৬ ॥
সুন্দরমিবেতি টীকায়ামিব শব্দো বাক্যালঙ্কারে ॥ ১৭ ॥
ভগবৎ পার্শ্বকামা ইত্যত্র তৎ সামীপ্যকামনাপি ব্যাখ্যেয়া। তৎপ্রীতিবিশেষাতিশয়বতাং হি তেষাং তৎকৃতার্ত্তিভরেণৈব তৎস্ফূর্ত্তাবপ্যতৃপ্তৌ সত্যাং তৎসামীপ্য প্রাপ্তেশ্চ তৎপ্রাপ্তিবিঘাতক সংসারবন্ধনত্রোটনস্য চ প্রার্থনং দৃশ্যতে। পিতৃ মাতৃ প্রীত্যেক

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্রয়ং ভূয়াৎ ইতি প্রার্থ্য প্রণমন্নাহ নম ইতি। যদ্বা ব্রাহ্মণানাদরস্রাতানুতাপমাহ ব্রাহ্মণেভ্যো নমো ভূয়াদিতি বাঞ্ছিত চতুষ্টয়ঞ্চ ॥ ১৪ ॥
সমুদ্রপত্ন্যা গঙ্গায়াঃ ॥ ১৫ ॥
ব্যকিরন্ বৃষ্টিমকুর্ব্বন্ নেদুঃ স্বয়মেব ॥ ১৬ ॥
যদ্যতঃ প্রজানুগ্রহে শীলং সারো বলঞ্চ যেষাং তে তস্মাৎ উত্তমঃশ্লোকস্য শ্রীকৃষ্ণস্যৈব গুণৈরভিরূপং সুন্দরং রাজানমূচুঃ। যদ্বা যদুত্তমঃশ্লোকগুণানুরূপং ভবেৎ তদেবোচুঃ ॥ ১৭ ॥
যে যুধিষ্ঠিরাদ্যাঃ ॥ ১৮ ॥

সমুদায় জন্মে যে সকল সাধু ভগবানকে আশ্রয় করিয়াছেন, তাঁহাদের সহিত আমার সমাগম ও সমস্ত জীবে মৈত্রতা হয়, হে বিপ্রগণ! আপনাদিগকে নমস্কার আপনারা এই আশীর্ব্বাদ করুন্ ॥ ১৪ ॥

ধীরশ্রেষ্ঠ রাজা স্বীয় পুত্র জনমেজয়ের হস্তে রাজ্যভার সমর্পণ করত ঐ রূপ কৃতনিশ্চয় হইয়া গঙ্গার দক্ষিণ কূলে প্রাগগ্র কুশা আস্তরণ পূর্ব্বক উত্তরাস্য হইয়া উপবেশন করিলেন ॥ ১৫ ॥

রাজা পরীক্ষিৎ এই প্রকারে প্রায়োপবেশন করিলে স্বর্গে দেবতা সকল প্রশংসা করিতে লাগিলেন এবং তাঁহাদের হর্ষ জন্য ভূমিতে পুষ্প বৃষ্টি ও দুন্দুভি বাদ্য হইতে লাগিল ॥ ১৬।

যে সকল মহর্ষিগণ তথায় আগমন করিয়াছিলেন প্রজাজনের প্রতি অনুগ্রহ করাই তাঁহাদের স্বভাব এবং তাহাতেই সম্পূর্ণ ক্ষমতা ছিল, সুতরাং তাঁহারা রাজার ঐ বাক্যে তাঁহাকে প্রশংসা পূর্ব্বক ভূরি ভূরি সাধুবাদ দিয়া কহিতে লাগিলেন ॥ ১৭ ॥

হে রাজর্ষিবর্য্য! তোমরা পাণ্ডুবংশোদ্ভব এবং শ্রীকৃষ্ণের অনুগত তোমাদিগের এরূপ আচরণ

সর্ব্বে বয়ং তাবদিহাস্মহেঽথ কলেবরং যাবদসৌ বিহায়।
লোকং পরং বিরজস্কং বিশোকং যাস্যত্যয়ং ভাগবতপ্রধানঃ ॥ ১৯ ॥
আশ্রুত্যর্ষিগণবচঃ পরীক্ষিৎ সমং মধুচ্যুদ্গুরু চাব্যলীকং।
আভাষতৈনানভিবন্দ্য যুক্তঃ শুশ্রূষমাণশ্চরিতানি বিষ্ণোঃ ॥ ২০ ॥
সমাগতাঃ সর্ব্বত এব সর্ব্বে বেদা যথা মূর্ত্তিধরাস্ত্রিপৃষ্ঠে।
নেহাথ নামুত্রচ কশ্চনার্থ ঋতে পরানুগ্রহমাত্মশীলং ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

পরস্পরং মন্ত্রয়ন্তে সর্ব্বে ইতি পরং শ্রেষ্ঠং লোকং। তত্র হেতুঃ বিরজস্কং নিষ্মায়ং বিশোকঞ্চ হাস্যতি ইতি কুতস্তত্রাহ অয়মিতি ॥ ১৯ ॥

আশ্রুত্য আকর্ণ্য সমং পক্ষপাতশূন্যং মধুচ্যুৎ অমৃতশ্রাবি গুরু গম্ভীরার্থং। অব্যলীকং সত্যং ॥ ২০ ॥

ত্রয়াণাং লোকানাং পৃষ্ঠে উপরি সত্যলোকে বেদা যথা মূর্ত্তিধরা ভবন্তি তত্তুল্যাঃ। জ্ঞানাতিশয়মুক্তা কৃপালুতামাহ নেতি। ভবতাং প্রয়োজনং পরানুগ্রহং বিনা নাস্তি। তর্হি স এবাথঃ স্যাৎ। ন আত্মশীলং স্ব স্বভাবং ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ।

সুখিনাং বিদূরবদ্ধানাং বালকানামিব। এবমেবোক্তং শ্রীপ্রহ্লাদেন। ত্রস্তোঽস্ম্যহং কৃপণবৎসলেত্যাদৌ তেঽঙ্ঘ্রিমূলং প্রীতো ঽপবর্গশরণং হ্বয়সে কদানু ইতি ॥ ২৮ ॥ ১৯ ॥

মধুচ্যুৎ মনোহরশব্দং গুরু মহতার্থেন যুক্তং ॥ ২০ ॥

অর্থঃ প্রার্থনীয়ং বস্তু। পরানুগ্রহশ্চ ন বিচারপূর্ব্বক ইত্যাহ আত্মশীলমিতি ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রাজ্ঞোঽধ্যবসায়ং শ্রুত্বা স্বেষামপ্যধ্যবসায়ং রাজানং শ্রাবয়ন্তঃ পরস্পরং মন্ত্রয়ন্তে সর্ব্বে ইতি ॥ ১৯ ॥

সমং পক্ষপাতশূন্যং বয়মাস্মহে ইতি। মধুচ্যুৎ অমৃতশ্রাবি ভাগবত প্রধান ইতি। গুরু গম্ভীরার্থং বিরজস্কং লোকমিতি অব্যলীকং সত্যং লোকং যাস্যতীতি ঋষিগণবচশ্চতুষ্টয়ং আশ্রুত্য বিরজস্কং লোকং ভগবল্লোকমেবেতি পূর্ব্বশ্লোকোক্তাভ্যাং ভবৎস্বিতি ভগবৎপার্শ্বকামা ইতি পদাভ্যাং ব্যাখ্যেয়ং ॥ ২০ ॥

ত্রয়াণাং লোকানাং উপরি পৃষ্ঠে সত্যলোকে জ্ঞানাতিশয়তামুক্ত্বা কৃপালুতাতিশয়তামাহ নেহেতি। পরানুগ্রহং বিনা তর্হি স এবার্থঃ স্যাৎ ন আত্মশীলং স্বস্বভাবঃ ॥ ২১ ॥

বিচিত্র নয়, তোমার পূর্ব্ব পুরুষ যুধিষ্ঠিরাদি ভগবানের পার্শ্বস্থ হইবার বাসনায় রাজকিরীট যুক্ত সিংহাসন সদ্যঃ পরিত্যাগ করিয়া গিয়াছেন ॥ ১৮ ॥

সূত শৌনককে কহিলেন হে ব্রহ্মন্! ঐ সকল সমাগত মুনি রাজার অধ্যবসায় শ্রবণ করিয়া আপনারা পরস্পর মন্ত্রণা পূর্ব্বক কহিতে লাগিলেন, যাবৎ এই ভাগবতশ্রেষ্ঠ রাজা পরীক্ষিৎ কলেবর পরিত্যাগ করিয়া, বিরজস্ক, বিশোক, পরম লোক প্রাপ্ত না হয়েন তাবৎ আমরা সকলই এ স্থানে অবস্থান করিব ॥ ১৯ ॥

ঋষিগণের এই প্রকার পক্ষপাতশূন্য অমৃতশ্রাবি গম্ভীরার্থ যথার্থ বচন শ্রবণ করিয়া রাজা বিনয়াবনত হইলেন এবং ভগবানের চরিত্র শ্রবণ মানসে অভিবাদন পূর্ব্বক তাঁহাদিগকে কহিতে লাগিলেন ॥ ২০ ॥

ত্রিলোকের উপরিস্থ সত্যলোকে বেদ সকল যদ্রূপ মূর্ত্তিমান্ হয়, আপনারা সকলেই তদ্রূপ এ স্থানে সমাগত হইয়াছেন, আপনাদের ঐহিক বা পারত্রিক কোন প্রয়োজন দৃষ্ট হয় না, কেবল পরের প্রতি অনুগ্রহ করাই আপনাদিগের প্রয়োজন, তাহাও আবার আত্মার্থে বোধ হয় না, যে হেতু তাহাই আপনাদিগের স্বভাব ॥ ২১ ॥

ততশ্চ বঃ পৃচ্ছ্যমিদং বিপৃচ্ছে বিস্রভ্য বিপ্রা ইতি কৃত্যতায়াং।
সর্ব্বাত্মনা ম্রিয়মাণৈশ্চ কৃত্যং শুদ্ধঞ্চ তত্রামৃশতাভিযুক্তাঃ॥ ২২॥
তত্রাভবদ্ভগবান্ ব্যাসপুত্রো যদৃচ্ছয়াগামটমানোঽনপেক্ষঃ।
অলক্ষ্য লিঙ্গো নিজলাভতুষ্টো বৃতশ্চ বালৈরবধূতবেশঃ॥ ২৩॥
তং দ্ব্যষ্টবর্ষং সুকুমারপাদকরোরুবাহ্বংস কপোল গাত্রং।
চার্ব্বায়তাক্ষোন্নস তুল্য কর্ণ সুভ্র্বাননং কম্বু সুজাতকণ্ঠং॥ ২৪॥

শ্রীধরস্বামী।

পৃচ্ছ্যং প্রষ্টব্যং। বিস্রভ্য বিশ্বাসং কৃত্বা এবং কর্ত্তব্যমিত্যস্য ভাবঃ ইতিকৃত্যতা তস্মিন্ বিষয়ে সর্ব্বাত্মনা সর্ব্বাবস্থাসু কৃত্যং বিশেষতশ্চ ম্রিয়মাণৈঃ তচ্চ শুদ্ধং পাপসম্পর্করহিতং। আমৃশত বিচারয়ত॥ ২২॥

তত্র তেষু যাগ যোগ তপোদানাদিভির্ব্বিবদমানেষু সৎসু যদৃচ্ছয়া গাং পর্য্যটন্ ব্যাসপুত্র স্তত্রাভবৎ প্রাপ্তঃ ন লক্ষ্যমাশ্রমাদি লিঙ্গং যস্য অবধূতঃ অবজ্ঞয়া জনৈস্ত্যক্তো যস্তস্যৈব বেশো যস্য॥ ২৩॥

তমিত্যাদীনাং প্রত্যুত্থিতা ইতি তৃতীয়শ্লোকেনান্বয়ঃ। দ্বিগুণানাষ্টৌ বর্ষাণি যস্য। সুকুমারৌ পাদৌ করৌ উরূ বাহূ অংশৌ কপোলৌ গাত্রঞ্চ যস্য তং। চারুণী আয়তে অক্ষিণী যস্মিন্। উন্নতা নাসা যস্মিন্। লম্বহ্রস্বাদি বৈষম্যং বিনা তুল্যৌ কর্ণৌ যস্মিন্ শোভনে ভ্রুবৌ যস্মিন্ এবম্ভূতমাননং যস্য তং কম্বুবদ্রেখাত্রয়াঙ্কিতঃ সুষ্ঠু জাতঃ কণ্ঠোযস্য॥ ২৪॥

ক্রমসন্দর্ভঃ।

বিস্রভ্যেতি। কৃষ্ণাঙ্ঘ্রিসেবামেবৈত উপদেক্ষ্যন্তীত্যভিপ্রায়াৎ। শুদ্ধমিতি কনিষ্ঠ মধ্যম সাধনমিশ্রতারহিতং সর্ব্বোত্তমমিত্যর্থঃ। তচ্চ কৃষ্ণাঙ্ঘ্রিসেবারূপমেবেতি গূঢ়োঽভিপ্রায়ঃ॥ ২২॥ ২৩॥ ২৪॥ ২৫-৬॥ ২৭॥ ২৮॥ ২৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইমং বো যুষ্মাকমপ্যনুগ্রহং বিপৃচ্ছে কিমাকারঃ স চিকীর্ষিতব্য ইতি পৃচ্ছামি। পৃচ্ছ্যং প্রষ্টুমর্হং তত্রৈবাধ্যবসায়ার্থমিতি ভাবঃ। বিস্রভ্য তত্রৈব মে বিশ্বাসো ভাবীতি জানীতেতি ভাবঃ। ইতি কৃত্যা এবং কর্ত্তব্যাস্তপোযোগজ্ঞানাদয়স্তেষাং ভাব ইতি কৃত্যতা তস্যাং সত্যাং ম্রিয়মাণৈর্জনৈস্তপোযোগাদীনামেবং কর্ত্তব্যত্বে সতি সর্ব্বাত্মনা মম যত্র শুদ্ধং কৃত্যং তত্র আমৃশত বিচারয়ত সর্ব্বৈক বাক্যতয়া নিশ্চিত্য কর্ত্তুমাজ্ঞাপয়তেতি ভাবঃ॥ ২২॥

তত্র যাগযোগতপোদানাদিব্যবস্থাস্বৈকমত্যাভাবেন সর্ব্বেষু মুনিষু তদৈব স্বস্ব মনসা শ্রীশুকাগমনমীহমানেষু নেত্রৈশ্চ তদ্বর্ত্ম নিরীক্ষমাণেষু সৎসু ব্যাসপুত্রস্তত্রাভবৎ প্রাপ্তঃ॥ ২৩॥

ষোড়শবর্ষবয়সং চারুণী আয়তে অক্ষিণী যস্মিন্ উন্নতা নাসা যস্মিন্ লম্বহ্রস্বাদি বৈষম্যং বিনা তুল্যৌ কর্ণৌ যস্মিন্ শোভনে ভ্রুবৌ যস্মিন্ তথাভূতমাননং যস্য তং। কম্বুঃ শঙ্খ স্তদ্বদ্রেখাত্রয়াঙ্কিতঃ সুজাতঃ কণ্ঠো যস্য তং। নিগূঢ়ে মাংসলে জত্রুণী

অতএব হে বিপ্রগণ! আমি বিশ্বস্ত হইয়া আপনাদিগকে আমার প্রষ্টব্য এই বিষয়টী জিজ্ঞাসা করি যে ইতিকর্ত্তব্যতা বিষয়ে সকল অবস্থায় বিশেষতঃ মুমূর্ষু ব্যক্তির বিশুদ্ধ কৃত্য কি? বিচার করিয়া বলুন॥ ২২॥

রাজার এই প্রশ্ন শ্রবণ করিয়া তদুত্তর দান জন্য কেহ কহিলেন যাগ যজ্ঞই বিশুদ্ধ কর্ম্ম, কেহ কহিলেন যোগ, কেহ তপস্যা, কেহ দান, এই রূপ বলিয়া মতের অনৈক্য প্রযুক্ত সকল ঋষি পরস্পর বিবাদ আরম্ভ করিলেন, এমত সময়ে ভগবান্ ব্যাসপুত্র শুকদেব নিরপেক্ষ হইয়া যদৃচ্ছাক্রমে পৃথিবী পর্য্যটন করিতে করিতে তথায় আসিয়া উপস্থিত হইলেন, তাঁহার দেহে কোন আশ্রমের চিহ্ন ছিল না, তিনি কেবল নিজ লাভে সন্তুষ্ট ছিলেন, কতকগুলা বালক চারি দিকে ঘেরিয়া কৌতুক করিতেছিল, এবং বেশ দ্বারা বোধ হইল যেন লোকেরা অবজ্ঞা করিয়া তাঁহাকে পরিত্যাগ করিয়াছে॥ ২৩॥

কিন্তু তাঁহার বয়ঃক্রম ষোড়শঃ বৎসর মাত্র, হস্ত, পদ, উরু, বাহু, স্কন্ধ, কপোল এবং গাত্র অতিশয় কোমল, চক্ষুর্দ্বয় সুদীর্ঘ এবং মনোহর, নাসিকা উন্নত, কর্ণদ্বয় পরস্পর সমান, আনন শোভন ভ্রূদ্বয়ে অতিশয় মনোহর এবং কণ্ঠদেশ কম্বুর ন্যায় শোভনীয় রেখাত্রয়ে অঙ্কিত ছিল॥ ২৪॥

নিগূঢ় জত্রুং পৃথুতুঙ্গবক্ষঃ সমাবর্ত্তনাভিং বলি বল্গূদরঞ্চ।
দিগম্বরং চক্রবিকীর্ণকেশং প্রলম্ব বাহুং স্বমরোত্তমাভং ॥ ২৫ ॥
শ্যামং সদা পীব্য বয়োঙ্গলক্ষ্যা স্ত্রীণাং মনোজ্ঞং রুচির স্মিতেন।
প্রত্যুত্থিতাস্তে মুনয়ঃ স্বাসনেভ্যস্তল্লক্ষণজ্ঞা অপি গূঢ়বর্চ্চসং ॥ ২৬ ॥
স বিষ্ণুরাতোঽতিথয়ে আগতায় তস্মৈ সপর্য্যাং শিরসা জহার।
ততো নিবৃত্তাহ্যবুধাঃ স্ত্রিয়ো ঽর্ভকা মহাসনে সোপবিবেশ পূজিতঃ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

কণ্ঠস্যাধো ভাগে স্থিতে অস্থিনী জত্রুণী মাংসেন নিগূঢ়ে জত্রুণী যস্ত পৃথু বিস্তীর্ণং তুঙ্গমুন্নতং বক্ষোযস্য আবর্ত্তবন্নাভির্যস্ত বলিভিস্তির্য্যঙ্ নিম্নরেখাভির্বল্গু রম্যমুদরং যস্ত। দিশ এবাম্বরং যস্ত বক্রা বিকীর্ণাশ্চ কেশা যস্ত। প্রলম্বৌ বাহূ যস্ত। স্বমরেষু শ্রেষ্ঠেষু দেবেষু উত্তমো হরিঃ তদ্বদাভা যস্য ॥ ২৫ ॥

সদা অপীব্যং অত্যন্তোত্তমং যদ্বয়ো যৌবনং তেন যা অঙ্গলক্ষ্মীঃ দেহকান্তি স্তয়া রুচির স্মিতেন চ। গূঢ় বর্চ্চসমপি প্রত্যুত্থিতাঃ তং দৃষ্ট্বা প্রত্যুদ্গমং কৃতবন্ত ইত্যর্থঃ ॥ ২৬ ॥

শিরসৈব সপর্য্যামাজহার আত্মনিবেদনং কৃতবান্। তেন সহাগতাঃ স্ত্র্যর্ভকাদয়ো নিবৃত্তাঃ স উপবিবেশ। সন্নিরার্থঃ ॥ ২৭

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কণ্ঠস্যাধোভাগয়োঃ স্থিতে অস্থিনী যস্য তং স্বমরেষু দেবশ্রেষ্ঠেষ্বপ্যুত্তমঃ শ্রীকৃষ্ণস্তত্তুল্যকান্তিং। যতঃ সদা স্থিরমেব যদপীব্যং অত্যুত্তমং বয়ো নবযৌবনং তেন যা অঙ্গস্য লক্ষ্মীঃ শোভা তয়া রুচিরেণ স্বাভাবিকেন স্মিতেন স্ত্রীণাং মনোজ্ঞং মনোহরং গূঢ়বর্চ্চসমপি তং দৃষ্ট্বা ॥ ২৪ ॥ ২৫ ॥ ২৬ ॥

স্ত্রিয়ো যুবতয়ঃ সাক্ষাৎ স্মরএবায়মিতি অর্ভকা বিক্ষিপ্তোয়মিত্যবুধা নিবৃত্তা মুনিভ্যস্তেভ্যোতিভীত্যেত্যর্থঃ স উপবিবেশ পূজা যথোচিত প্রণামপ্রশ্রয়প্রণয়পরিষঙ্গকুশল প্রশ্নাদিলক্ষণা মুনিজন কর্ত্তৃকা মুনিজনকর্ম্মকাচ সংজাতা যস্যেতি তারকাদিত্বাদিতশ্চ। তেন সর্ব্বে মুনয়ঃ প্রণেমুঃ। ব্যাসনারদাদ্যাস্ত সাস্রং সগদ্গদং প্রণয়পরিষঙ্গশিরোঘ্রাণ কুশলপ্রশ্নাদিকং চক্রুঃ। সচ তান্ প্রণনামেতি দ্যোতিতং মহাসন ইত্যাজ্ঞা গুরূণাং হ্যবিচারণীয়েত্যাহ্যক্তেঃ ॥ ২৭ ॥

অপর তাঁহার কণ্ঠের অধোভাগস্থ অস্থিদ্বয় মাংস দ্বারা নিগূঢ় এবং বক্ষঃস্থল বিস্তীর্ণ ও উন্নত ছিল, আর নাভিস্থল আবর্ত্ত তুল্য এবং উদর ঈষদ্বক্র অথচ ক্রমনিম্ন রেখাত্রয়ে রমণীয় ছিল, কিন্তু তাঁহার বসন পরিধান ছিল না, কুটিল কেশ গুলি বিকীর্ণ হইয়াছিল, আর বাহুদ্বয় জানুপর্য্যন্ত লম্বিত এবং অমরোত্তম ভগবান্ হরির ন্যায় তাঁহার প্রভা প্রকাশ পাইতেছিল ॥ ২৫ ॥

অপিচ তাঁহার শরীর শ্যামবর্ণ, মনোহর যৌবন বশতঃ অঙ্গের চমৎকার কান্তি তথা রুচির হাস্য দ্বারা স্ত্রীদিগের মনঃ যেন হরণ করিতেছিলেন, যদিচ তাঁহার তেজঃ গূঢ় রূপে ছিল তথাচ মুনিগণ তাঁহার লক্ষণ জানিতেন, তাঁহারা তাঁহাকে দেখিবামাত্র স্ব স্ব আসন হইতে উত্থান পূর্ব্বক প্রত্যুদ্গমন করিলেন ॥ ২৬ ॥

রাজা পরীক্ষিৎ আপনার মস্তক দ্বারা ঐ সমাগত অতিথির সপর্য্যা আহরণ করিলেন, অনন্তর যে সকল অবোধ অবলা কন্দর্প জ্ঞানে এবং বালকগণ উন্মত্ত বোধে সঙ্গে ২ আসিয়াছিল তাহারা তাঁহার ঐ প্রকার গৌরব দেখিয়া মুনিগণের ভয়ে পলায়ন করিল অনন্তর তিনি পূজা গ্রহণ পূর্ব্বক আসনে উপবিষ্ট হইলেন ॥ ২৭ ॥

স সংবৃতস্তত্র মহান্মহীয়সাং ব্রহ্মর্ষি রাজর্ষি দেবর্ষি সংঘৈঃ।
ব্যরোচতালং ভগবান্ যথেন্দু র্গ্রহর্ক্ষতারা নিকরৈঃ পরীতঃ ॥ ২৮ ॥
প্রশান্তমাসীনমকুণ্ঠমেধসং মুনিং নৃপো ভাগবতোঽভ্যুপেত্য।
প্রণম্য মূর্দ্ধ্নাবহিতঃ কৃতাঞ্জলি র্নত্বা গিরা সূনৃতয়ান্বপৃচ্ছৎ ॥ ২৯ ॥

শ্রীপরীক্ষিদুবাচ ॥

অহো অদ্য বয়ং ব্রহ্মন্ সৎসেব্যাঃ ক্ষত্রবন্ধবঃ। কৃপয়াতিথি রূপেণ ভবদ্ভিস্তীর্থকাঃ কৃতাঃ।
যেষাং সংস্মরণাৎ পুংসাং সদ্যঃ শুধ্যন্তি বৈ গৃহাঃ। কিং পুনর্দর্শন স্পর্শ পাদশৌচাসনাদিভিঃ ॥ ৩০
সান্নিধ্যাত্তে মহাযোগিন্ পাতকানি মহান্ত্যপি। সদ্যো নশ্যন্তি বৈ পুংসাং বিষ্ণোরিব সুরেতরাঃ ॥ ৩১

শ্রীধরস্বামী।

স ভগবান্ ব্রহ্মর্ষিসংঘাদিভিঃ সংবৃতঃ সন্ অলং ব্যরোচত। গ্রহাঃ শুক্রাদয়ঃ। ঋক্ষাণ্যশ্বিন্যাদীনি। অন্যাস্তারাঃ ॥ ২৮ ॥
ন কুণ্ঠা সর্ব্বার্থেষু মেধা যস্য। প্রশ্নার্থং পুনর্নত্বা ॥ ২৯ ॥
সূনৃতাং গিরমাহ অহো ইতি পঞ্চভিঃ। সতাং সেব্যা জাতা যতো হতিথিরূপেণ হেতুনা তীর্থকা যোগ্যাঃ কৃতাঃ ॥ ৩০ ॥
শ্রীবিষ্ণোঃ সান্নিধ্যাৎ সুরেতরা অসুরা গয়াদয় ইব ॥ ৩১ ॥

ক্রমসন্দর্ভঃ।

সতাং সদাচারাণাং সেব্যা আদরয়োগ্যাঃ ॥ ৩০ ॥ ৩১ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

গ্রহাঃ শুক্রাদয়ঃ ঋক্ষাণি অশ্বিন্যাদীনি নক্ষত্রাণি তদন্যাস্তারাঃ। অত্র ব্যাসনারদপর্শুরামাদিভ্যোঽবতারেভ্যোপি তস্যোৎকর্ষো ভক্ত্যুৎকর্ষেণৈবেতি জ্ঞেয়ং ॥ ২৮ ॥
ন কুণ্ঠাঃ সর্ব্বার্থেষু মেধা যস্য তং। প্রশ্নার্থং পুনর্নত্বা ॥ ২৯ ॥
সন্তো মহান্তঃ সেব্যা যেষাং তে ক্ষত্রবন্ধবোপি মহৎসেবায়ামধিকারিণোঽভূমেত্যর্থঃ তীর্থকা ইতি যদ্বযস্ত আরাস্তি তন্নিন্দ্যস্থলমপি তীর্থং জনতাপাবনং ভবতীতি বয়ং নিন্দ্যা অপি তীর্থকাঃ প্রশস্ত তীর্থানি। স্বার্থিকাঃ প্রকৃতিতো লিঙ্গ বচনান্যতিবর্ত্তন্ত ইতি পুংস্ত্বং ॥ ৩০ ॥
যেষাং স্মরণাৎ যৎ কর্ত্তৃকাৎ যৎকর্ম্মকাদ্বা। গৃহা অপি কিং পুনঃ কলত্রপুত্রদেহাঃ ॥ ৩১ ॥

অতি মহান্ ভগবান্ শুকদেব ঐ সমস্ত ব্রহ্মর্ষি রাজর্ষি এবং দেবর্ষি সমূহে পরিবৃত হইয়া আসনোপরি অধ্যাসীন হইলে গ্রহ নক্ষত্র তারা গণে পরিবৃত শশধরের ন্যায় তাঁহার অতিশয় শোভা হইল ॥ ২৮

পরম ভাগবত রাজা পরীক্ষিৎ সুখাসীন সেই অকুণ্ঠমেধা মুনিবরের সমীপে গমন করিয়া শিরো দ্বারা ভূমি স্পর্শ পূর্ব্বক প্রণাম করিলেন এবং বিনীত হইয়া কৃতাঞ্জলিপুটে পুনর্ব্বার প্রণতি পূর্ব্বক মধুর বচনে স্তব করিতে লাগিলেন ॥ ২৯ ॥

হে ব্রহ্মন্! আমরা ক্ষত্রিয়াধম কিন্তু অদ্য মহৎ দিগের সেবায় অধিকারী হইলাম, আপনি কৃপা প্রকাশ পুরঃসর অতিথি রূপে আগমন করত আমাদিগকে তীর্থযোগ্য করিলেন। প্রভো! আপনাদিগের স্মরণ মাত্রে লোকদিগের গৃহ সদ্যঃ পবিত্র হয়, দর্শন, স্পর্শন, পাদপ্রক্ষালন এবং উপবেশনাদি দ্বারা যে পবিত্রিত হইবে না তাহার কথা কি? ॥ ৩০ ॥

হে মহাযোগিন্! যেমন বিষ্ণুর সন্নিকর্ষে অসুরগণ বিনাশ পায়, তাহার ন্যায় আপনকার সান্নিধ্য মাত্রে পুরুষের সুমহৎ পাপও সদ্যঃ বিনষ্ট হইয়া যায় ॥ ৩১ ॥

অপি মে ভগবান্ প্রীতঃ কৃষ্ণঃ পাণ্ডুসুতপ্রিয়ঃ। পৈতৃষ্বসেয় প্রীত্যর্থং তদ্গোত্রস্যাত্তবান্ধবঃ ॥৩২॥
অন্যথা তেঽব্যক্তগতের্দর্শনং নঃ কথং নৃণাং। নিতরাং ম্রিয়মাণানাং সংসিদ্ধস্য বনীয়সঃ ॥ ৩৩ ॥
অতঃ পৃচ্ছামি সংসিদ্ধিং যোগিনাং পরমং গুরুং। পুরুষস্যেহ যৎ কার্য্যং ম্রিয়মাণস্য সর্ব্বথা ॥৩৪
যচ্ছ্রোতব্যমথোজপ্যং যৎকর্ত্তব্যং নৃভিঃ প্রভো। স্মর্ত্তব্যং ভজনীয়ম্বা ব্রূহি যদ্বা বিপর্য্যয়ং ॥ ৩৫ ॥
নূনং ভগবতো ব্রহ্মন্ গৃহেষু গৃহমেধিনাং। ন লক্ষ্যতে হ্যবস্থানমপি গোদোহনং ক্বচিৎ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

পাণ্ডুসুতানাং প্রিয়ঃ অতস্তেষাং পৈতৃষ্বসেয়ানাং প্রীত্যর্থং তদ্গোত্রস্য মে আত্তং স্বীকৃতং বান্ধবং বন্ধুকৃত্যং যেন ॥ ৩২ ॥
অন্যথা শ্রীকৃষ্ণপ্রসাদং বিনা। অব্যক্তা গতির্যস্য। ম্রিয়মাণানাং নিতরাং কথং স্যাৎ। বনয়িতা যাচয়িতা বনয়িতৃতমো বনীয়ান্ তস্য অত্যুদারতয়া মাং যাচেথা ইতি প্রবর্ত্তকস্যেত্যর্থঃ ॥ ৩৩ ॥
সম্যক্ সিদ্ধির্যস্মাত্তং। কার্য্যং কর্ত্তুং যোগ্যং ॥ ৩৪ ॥
কর্ত্তব্যং স্বাবশ্যকমিতি তয়োর্ভেদঃ। বিপর্য্যয়ং অশ্রোতব্যাদি ॥ ৩৫ ॥
ত্বদ্দর্শনস্যাতিদুর্লভত্বাদিদানীমেব কথনীয়মিত্যাশয়েনাহ নূনমিতি। গোদোহনমাত্র কালমপি ॥ ৩৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

বনীয়স ইতি তৃচ্ছন্দসি ইতি হি তৃন্ তৃজন্তাদিষ্ঠেয়সুনৌ ভবতঃ। তুরিষ্ঠেমেয়ঃসু ইতি চ তৃ শব্দস্য লোপঃ স্যাৎ। ততো নিমিত্তাভাবেনৈমিত্তিকস্যাপ্যভাবাৎ টের্লোপাচ্চ সিদ্ধান্তি ॥ ৩৩ ॥ ৩৪ ॥ ৩৫ ॥ ৩৬ ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পৈতৃষ্বসেয়াদীনাং যুধিষ্ঠিরাদীনাং তদ্গোত্রস্যাপি মে আত্তং স্বীকৃতং বান্ধবং বন্ধুকৃত্যং যেন সঃ তস্মাৎ তেনৈব ত্বং মন্নিস্তারার্থং প্রেষিতো ঽসীত্যনুমীয়তে ইতি ভাবঃ ॥ ৩২ ॥
বনয়িতা যাচয়িতা বনয়িতৃতমো বনীয়ান্ তুরিষ্ঠেমেয়সসু ইতি তৃ শব্দস্য লোপঃ। ততোপি নিমিত্তাপায়ে নৈমিত্তিকস্যাপ্যপায়াৎ। টের্লোপাচ্চ বনীয়ানিতি সিদ্ধ্যতি। তস্য অত্যুদারতয়া মাং যাচস্বেতি প্রবর্ত্তকস্যেত্যর্থঃ ॥ ৩৩ ॥
সংসিদ্ধিঃ সম্যক্ সিদ্ধিঃ কা তাং পৃচ্ছামি ইহ সংসিদ্ধৌ যৎ সর্ব্বথা কর্ত্তব্যং সাধনং তৎ প্রচ্ছামি ॥ ৩৪ ॥
তদেব বিশেষ্যাহ যচ্ছ্রোতব্যমিতি শ্রবণ রসনা মনো বিষয়ী কর্ত্তব্যং। পাণ্যাদীন্দ্রিয় বিষয়ী কিং ভজনীয় বেতি দেবেষু মধ্যে ক উপাস্য ইত্যর্থঃ। বিপর্য্যয়মশ্রোতব্যাদি ॥ ৩৫ ॥
ত্বদ্দর্শনস্য পুনর্দুর্লভত্বাদিদানীমেব কথনীয়মিত্যাশয়েনাহ নূনমিতি। গোদোহন মাত্রকালমপি ॥ ৩৬ ॥

হে ব্রহ্মন! পাণ্ডব প্রিয় ভগবান্ শ্রীকৃষ্ণ, বোধ হয় আমার প্রতি প্রীত হইয়াছেন অতএব তাঁহার পিতৃষ্বসার সন্তান যুধিষ্ঠিরাদির সন্তোষ জন্য আমাকে তদ্বংশোদ্ভব জানিয়া আমার প্রতি বন্ধুকৃত্য করিতে স্বীকার করিলেন ॥ ৩২ ॥

নচেৎ আপনকার গতি অব্যক্ত, মানুষে কি আপনার দর্শন পাইতে পারে? বিশেষতঃ আমরা ম্রিয়মাণ আমাদের পক্ষে দর্শন লাভ কোন মতেই সম্ভাবিত ছিল না, বোধ হয় শ্রীকৃষ্ণের কৃপাতেই সম্পন্ন হইল ॥ ৩৩ ॥

আপনি যোগেশ্বর দিগের পরম গুরু, আপনাকে জিজ্ঞাসা করি পুরুষের বিশেষত মুমূর্ষু ব্যক্তির কি কার্য্য করিলে সিদ্ধি হইতে পারে এবং কি কার্য্যই বা কর্ত্তব্য ॥ ৩৪ ॥

হে প্রভো! মানবদিগের যাহা শ্রোতব্য, যাহা জপ্য, যাহা স্মর্ত্তব্য, যাহা ভজনীয় এবং যাহা ২ অকর্ত্তব্য আমাকে তৎসমুদায়ের উপদেশ প্রদান করুন ॥ ৩৫ ॥

আপনকার দর্শন অতি দুর্লভ, গৃহস্থ দিগের গৃহে আপনাদের গোদহন মাত্র কালও অবস্থান দেখা যায় না, অতএব জিজ্ঞাসিত বিষয় এখনই বলুন ॥ ৩৬ ॥

শ্রীসূত উবাচ ॥

এবমাভাষিতঃ পৃষ্টঃ স রাজ্ঞা শ্লক্ষ্ণয়া গিরা। প্রত্যভাষত ধর্ম্মজ্ঞো ভগবান্ বাদরায়ণিঃ ॥ ৩৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে পারীক্ষিতে শ্রীশুকাগমনং নামৈকোনবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৯ ॥ * ॥

॥ * ॥ সমাপ্তশ্চায়ং প্রথমস্কন্ধঃ ॥ * ॥

—০:*:০—

শ্রীধরস্বামী।

এবং অহো ইত্যাদিকয়া শ্লক্ষ্ণয়া মধুরয়া গিরা আভাষিতঃ অভিমুখীকৃতঃ পৃষ্টশ্চ ॥ ৩৭ ॥

আর্য্যাং ধর্ম্মজমাহতারিমবনৌ কৃত্বা পরীক্ষিন্নৃপং ব্রহ্মাস্ত্রাদভিরক্ষিতং কলিজয়াখ্যাতঞ্চ কৃত্বা ভুবি। অন্তে যঃ শুকরূপতঃ স্বপরম জ্ঞানোপদেশেন তং শাপাদাবদমুং নমামি পরমানন্দাকৃতিং মাধবং। প্রথমস্কন্ধগূঢ়ার্থপদভাবার্থদীপিকা। সন্তিরুদ্দীপনীয়েযং যথা স্যাত্তত্ত্বদীপিকা ॥ ০ ॥

॥ * ॥ ইতি প্রথমস্কন্ধে একোনবিংশঃ সমাপ্তা চেয়ং প্রথমস্কন্ধভাবার্থদীপিকেতি ॥ * ॥

—:০*:০—

ক্রমসন্দর্ভঃ।

ইতি কলিযুগপাবন স্বভজন বিভজন প্রয়োজনাবতার শ্রীশ্রীভগবৎ কৃষ্ণচৈতন্যদেব চরণানুচর বিশ্ববৈষ্ণবরাজসভাসভাজন ভাজন শ্রীরূপসনাতনানুশাসন ভারতীগর্ভে শ্রীভাগবতসন্দর্ভে প্রথমস্কন্ধস্য ক্রমসন্দর্ভঃ সমাপ্তঃ ॥

॥ * ॥ শ্রীমদ্ভাগবত প্রথমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য উনবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥ ১৯ ॥ * ॥

—০:*:০—

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শ্লক্ষ্ণয়া মধুরয়া গিরা ॥ ৩৭ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একোনবিংশঃ প্রথমে সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

শ্রীধরস্বামিনাং শ্রীমৎপ্রভূনাং শ্রীমুখাদ্গুরোঃ। ব্যাখ্যাসু সারগ্রহণাদিয়ং সারার্থদর্শিনী ॥

ইতি মহামহোপাধ্যায় শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তি কৃতায়াং সারার্থদর্শিন্যাং টীকায়াং প্রথমস্কন্ধঃ সমাপ্তঃ ॥

—ঃ০*০ঃ—

সূত কহিলেন। ধর্ম্মজ্ঞ ভগবান্ ব্যাসনন্দন, রাজা পরীক্ষিৎ কর্ত্তৃক এই রূপ সুমধুর বাক্য দ্বারা সম্ভাষণানন্তর জিজ্ঞাসিত হইয়া প্রতিবচন দান করিলেন ॥ ৩৭ ॥

॥ * ॥ ইতি প্রথমস্কন্ধে ঊনবিংশ অধ্যায় ॥ * ॥

ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃতায়াং

শ্রীমদ্ভাগবত ব্যাখ্যায়াং প্রথমস্কন্ধঃ

সমাপ্তঃ

—০:*:০—

শ্রীমদ্ভাগবতম্।

মহর্ষি শ্রীকৃষ্ণদ্বৈপায়ন প্রণীতম্।

শ্রীশ্রীপূজ্যপাদ শ্রীধরস্বামিকৃত ভাবার্থদীপিকা টীকা

শ্রীশ্রীপূজ্যপাদ জীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভ

শ্রীশ্রীযুক্ত বিশ্বনাথ চক্রবর্ত্তিকৃত সারার্থদর্শিনী টীকা সমেতং

শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃতানুবাদসমেতঞ্চ

ত্রিপুরাধীশ্বর শ্রীমন্মহারাজ বীরচন্দ্র বর্ম্ম মাণিক্যস্য

সম্পূর্ণ সাহায্যেন মূল্যং বিনা বিতরিতব্যং।

দ্বিতীয়স্কন্ধঃ

মুর্শিদাবাদ

বহরম্পুর

রাধারমণযন্ত্রে

শ্রীরামনারায়ণ বিদ্যারত্নেন প্রকাশিতং।

মুদ্রিতঞ্চ

সন১২৯১

বৈশাখ।

অশুদ্ধ সংশোধন।

মূল।

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
১৩	২	আখাশ্ব	অখাশ্ব
৪৬	৫	বিদস্তি	বিন্দস্তি
৫২	৩	তথৈবেদং	যথৈবেদং
৬৩	২	ধাবতবঃ	ধাতবঃ
৭৬	১	প্রাশান্তা	প্রশান্তা
৮১	৪	রোষদৃষ্ট্যা	রোষদৃষ্ট্যা
৮৩	৩	প্রাশান্ত	প্রশান্ত
৮৫	৬	ক্ষাংবামনেন	ক্ষ্মাংবামনেন
১০০	২	রত্র	রক্তত্র

শ্রীধরস্বামিটীকা।

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৪৮	১	নিষ্কপটে	নিষ্কপটৈ
৫৬	৬	বিবুভূষু	বিবুভূষুঃ
৫৮	৪	কুড্যান্তরিতেন	কুড্যাদ্যন্তরিতেন
৫৯	১	শব্দবত্বং	শব্দবত্বং
৬৮	৬	ইত্যেকচনং	ইত্যেকবচনং
৭৫	১	পরামার্থ	পরমার্থ
৮৪	৫	ক্ষণং	ক্ষণঃ
৮৭	৪	স্বকীর্ত্তি	স্বকীর্ত্তিং
৮৯	৬	অসুরাশত্রুতা	অসুরাংশত্রুতা
৯৪	২	মূচ্ছিতঞ্চ	মূর্চ্ছিতঞ্চ
৯৭	২	মভিবাপ	মভিব্যাপ্য
৯৯	৭	নীলপিতা	নীলপীতা
১০৬	২	অসীদিতি	আসীদিতি
১৪১	৩	সংপেক্ষ	সাপেক্ষ
১৪৮	৫	অন্নপনানা	অন্নপানানাং
১৪৯	১	নিদিধ্যাসো	নিদিধ্যাসোঃ
১৫০	৭	নামানি	বাচকত্তয়া নামানি

ক্রমসন্দর্ভঃ।

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৬	৭	যতেরন্তে	যতো বন্তে
২২	১৩	কর্ত্তৃত্বং	ক ইশ্বং
৩১	১১	ষষ্ঠ্যা	ষষ্ঠ্যাঃ
৩২	১	প্রশস্যমানং	প্রশংস্যমানং
৫০	৩	যদ্বিজ্ঞানইত্যাদৌ	যদ্বিজ্ঞান ইত্যস্ত টীকায়াং তৎসাধনমিত্যত্র জ্ঞান সাধনমিতিতু বাচ্যং। যদ্বিজ্ঞান ইত্যাদৌ
		এই ইতি	এক ইতি। অভ্রান্তমিত্যাদি টীকায়াং ত্বমেবেত্যত্রাত্মানমেব কথয়েতিতু বাচ্যং
৫৯	২	তদাতদাবেশো	তদাবেশো
৭০	১	অবৃহদ্বতো	অবৃহদ্ব্রতো
৮২	৩	নপিতুঃ পুত্রপদং	নপিতুপুত্রপদং
১০১	৩	জহাতি	জহতি
১০১	৮	তাথাভূতে	তথাভূতে
১০৪	১	ব্রাহ্মণেতি	ব্রহ্মণেতি
১১৬	৫	শয়েদাতুং	শাপং দাতুং
১১৬	৫	বতস্তশ্রুত্বা	তচ্ছ্রুত্বা
১১৬	৬	বিজ্ঞেবত্বাদ্রূপ	বিজ্ঞেয়ত্বাদ্রূপ
		যাবামেতি	রয়ামেতি
১১৭	১০	দৃঢ়য়তি	দ্রঢ়য়তি
১২৫	৮	ব্রহ্ম	ব্রহ্ম তদবিষয়ত্বাৎ
১২৫	১০	নারয়ণোআসীৎ	নারায়ণ আসীৎ
১২৯	৮	আনয়োরবির্ভাব	অনয়োরাবির্ভাব
১২৩	২১	ইত্যুপসংহারে	ইত্যুপক্রম্য। তদুপসংহারে

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৪	৮	সতবত্যাং	সত্যবত্যাং
১২	৫	অণ্ডকোষৌ	বৃষণাবণ্ডকোষৌ
১৩	৭	প্রয়োগঃ	প্রয়োগ
১৪	২	মনোহি অয়মর্থঃ	অয়মর্থঃ। মনোহি
২০	৬	। সুমনং প্রযুজ্যং	সুমনঃ প্রযোজ্য
৩২	৬	ভক্তিমতে	ভক্তিমৃতে
৩৬	১৩	যদ্ধদয়ং	যদ্ধৃদয়ং
৪৪	৫	নিত্যমেত্যেবং	নিত্যমেবেত্যেবং
৪৫	১২	আপ্লয়া	আপ্লুয়া
৬১	৭	কপটির্যন্তাভ্যাং	কটিপর্য্যন্তাভ্যাং
৬৩	১২	বোষধী	রোষধী
৬৬	২	দৃঢ়য়তি	দ্রঢ়য়তি
৬৯	৮	ত্রিলাক্যা	ত্রিলোক্যা
৭৩	৯	তত্র হেতু	তত্র হেতুঃ
৭৫	৬	তস্যাবতারা	তস্যাবতারাঃ
৭৬	১	জিজ্ঞায়া	জিজ্ঞাসায়াং
৮৬	৮	সততং	সত্বং
১০৬	১	ভক্তেভ্যুদয়ার্থং	ভক্তেরভ্যুদয়ার্থং
১২৫	২	বোধয়	বোধয়ং
১২৫	৭	তদ্রূপ	যদ্রূপ
১২৫	১২	আত্মেবেদ	আত্মৈবেদ
১২৬	১০	পূর্ব্বস্মিনর্ব্বে	পূর্ব্বস্মিন্ বর্ষে
১২৯	২	বিদ্বিশেষস্য	চিদ্বিশেষস্য
১৪২	২০	আপো	অপো
১৪৭	১	কণ্ডূ	কণ্ডূং
১৪৮	৩	দেহাস্তরাণি	দেহান্তরাণি
১৫৫	৩	পরার্দ্ধান্তর্ব্বং	পরার্দ্ধান্তবং

দ্বিতীয়স্কন্ধঃ।

সূচীপত্রঃ।

শ্রীমদ্ভাগবতম্।

দ্বিতীয়স্কন্ধঃ।

প্রথমাধ্যায়ঃ।

ওঁ নমো ভগবতে বাসুদেবায় ॥

শ্রীশুক উবাচ ॥

বরীয়ানেষ তে প্রশ্নঃ কৃতোলোকহিতং নৃপ। আত্মবিৎসম্মতঃ পুংসাং শ্রোতব্যাদিষু যঃ পরঃ ॥১

শ্রীধরস্বামী।

ওঁ নমঃ শ্রীকৃষ্ণায়। যন্নাম কীর্ত্তনং দান তপো যোগাদি সৎ ফলং। তং নিত্যং পরমানন্দং হরিং নরমহং ভজে। দ্বিতীয়েতু দশাধ্যায়ে শ্রীভাগবতমাদিতঃ। উদ্দেশ লক্ষণোক্তিভ্যাং সংক্ষেপেণোপবর্ণ্যতে। তত্র তু প্রথমাধ্যায়ে কীর্ত্তন শ্রবণাদিভিঃ। স্থবিষ্ঠে ভগবদ্রূপে মনসোধারণোচ্যতে। অথ দ্বিতীয়স্কন্ধব্যাখ্যা। উক্তঃ পূর্ব্বমুপোদ্ঘাতঃ সপ্রসঙ্গঃ শুকাগমঃ। রাজ্ঞা পৃষ্টং নৃণাং কৃত্য মথাহ শুকসম্মুনিঃ ॥ ০ ॥

রাজ্ঞঃ প্রশ্নমভিনন্দতি বরীয়ানিতি। তে ত্বয়া পুংসাং শ্রোতব্যাদিষু মধ্যে যঃ পরঃ শ্রেষ্ঠঃ প্রশ্নঃ কৃত এষ বরীয়ান্। যতো-

ক্রমসন্দর্ভঃ।

শ্রীকৃষ্ণো জয়তি ॥

দ্বিতীয় ক্রমসন্দর্ভে সন্দর্ভানাং সমাহৃতিঃ। ক্রিয়তে যন্নিদেশেন সমেহনন্তগতের্গতিঃ ॥

অথ দ্বিতীয়স্কন্ধস্য ক্রমসন্দর্ভঃ ॥

অপি মে ভগবান্ প্রীতঃ কৃষ্ণঃ পাণ্ডুসুতপ্রিয় ইত্যাদিনা শ্রীকৃষ্ণ এব স্মরতিং ব্যঞ্জ্য ম্রিয়মাণানাং শ্রোতব্যাদিপ্রশ্নেনৈবান্তকালে শ্রীকৃষ্ণ এব ময্যুপদিশ্যতামিতি রাজাভিপ্রায়ানন্তরং শুক উবাচ। বরীয়ানেষ ইতি। তে ত্বয়া। পুংসাং শ্রোতব্যাদিষু মধ্যে যঃ পরঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রণম্য শ্রীগুরুং ভূয়ঃ শ্রীকৃষ্ণং করুণার্ণবং। লোকনাথং জগচ্চক্ষুঃ শ্রীশুকং তমুপাশ্রয়ে ॥ গোপরামাজনপ্রাণপ্রেয়সেহতি প্রভূষ্ণবে। তদীয়প্রিয়দাস্যায় মাং মদীয়মহং দদে ॥ দশাধ্যায়ে দ্বিতীয়েস্মিংশ্চক্রে নারায়ণাদিতঃ। প্রবৃত্তস্যাস্য শাস্ত্রস্য প্রক্রমং ব্যাসনন্দনঃ ॥ অধ্যায়ৈস্ত্রিভিরুৎকর্ষো ভক্তেরেকেন সংনতিঃ। হরের্ধাতুর্নারদস্য সংবাদস্ত্রিভিরুচ্যতে ॥ প্রশ্না একেন বিষ্ণুপদেশ একেন ধাতরি। একেন লক্ষণান্যস্য দশেতি স্কন্ধসংগ্রহঃ ॥ তত্রতু প্রথমাধ্যায়ে যমাদ্যষ্টাঙ্গ যোগিনঃ। বৈরাজমূর্ত্তেঃ পাতালপাদমূলাদিধারণা ॥ ০ ॥

পূর্ব্বস্কন্ধান্তে অতঃ পৃচ্ছামি সংসিদ্ধিমিতি পুরুষস্যেহ যৎকৃত্যমিতি বাক্যাভ্যাং সম্যক্ সিদ্ধিঃ কা অত্র সাধনঞ্চ কিমিতি তত্রাপি

দ্বিতীয় স্কন্ধে দশ অধ্যায়ে উদ্দেশ এবং লক্ষণ দ্বারা শ্রীমদ্ভাগবতের আদ্যন্ত সংক্ষিপ্ত বর্ণন। তন্মধ্যে প্রথমাধ্যায়ে কীর্ত্তন শ্রবণাদি দ্বারা ভগবানের স্থূল রূপে মনের ধারণা এবং মহাপুরুষ সংস্থান বর্ণন ॥ ০

শুকদেব কহিলেন রাজন্! আপনি পুরুষদিগের শ্রোতব্যাদির মধ্যে যে বিষয়ের প্রশ্ন করিলেন,

শ্রোতব্যাদীনি রাজেন্দ্র নৃণাং সন্তি সহস্রশঃ। অপশ্যতামাত্মতত্ত্বং গৃহেষু গৃহমেধিনাং ॥ ২ ॥
নিদ্রয়া হ্রিয়তে নক্তং ব্যবায়েন চ বা বয়ঃ। দিবাচার্থেহয়া রাজন্ কুটুম্বভরণেন বা ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

লোকহিতমেতৎ মোক্ষহেতুত্বাৎ। আত্মবিদাং মুক্তানাঞ্চ সম্মতো যতঃ ॥ ১ ॥

তত্র তাবৎ স্বাভাবিকক্রিয়ানামনর্থ হেতুত্বং বদন্ ব্রূহি যদ্বা বিপর্য্যয়মিত্যস্যোত্তরমাহ শ্রোতব্যাদীনীতি ত্রিভিঃ। গৃহেষু সক্তানাং অতএব গৃহমেধিনাং তদ্গত পঞ্চসূনাপরাণাং। মেধতির্হিংসার্থঃ ॥ ২ ॥

তেষাং বৃথৈবায়ুর্ব্ব্যয়ো ভবতীত্যাহ নিদ্রয়েতি। নক্তং রাত্রৌ যদ্বয়ঃ আয়ুঃ তন্নিদ্রয়া ব্যবায়েন রত্যা বা হ্রিয়তে। দিবা অহ্নি যদ্বয়ঃ তৎ অর্থেহয়া অর্থার্থমুদ্যমেন। সিদ্ধেপার্থে কুটুম্বভরণেন বা। চকারাবনুক্তসমুচ্চায়কৌ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

শ্রীকৃষ্ণশ্রবণাভিপ্রায়েণ পরমঃ প্রশ্নঃ কৃতঃ এষ তু বরীয়ান্। যঃ প্রশ্নোপি শ্রোতব্যাদিষু পরঃ যস্য প্রশ্নস্যাপি শ্রবণাদৌ পরম পুরুষার্থঃ সিদ্ধ্যতীত্যর্থঃ। সর্ব্বাবতারাবতারি প্রশ্নেভ্যঃ পরম মহান্। সচ লোকহিতং যথা স্যাৎ তথৈব কৃতঃ ত্বং তু তথাভূত শ্রীকৃষ্ণৈক নির্ব্বন্ধপ্রেমত্বাৎ কৃতার্থ এবেতি ভাবঃ। তদুক্তং। বৈয়াসকেরিতি বচস্তত্ত্বনিশ্চয়মাত্মনঃ। উপধার্য্য মতিং কৃষ্ণে ঔত্তরেয়ঃ সতীং ব্যধাদিতি সতী বিদ্যমানা শ্রীকৃষ্ণে যা মতিস্তামেব বিশেষেণ ধৃতবানিত্যর্থঃ। এতদেব ব্যক্তীকরিষ্যতে রাজ্ঞা। হরেরদ্ভুতবীর্য্যস্য কথা লোকসুমঙ্গলাঃ। কথয়স্ব মহাভাগ যথাহমখিলাত্মনি। কৃষ্ণে নিবেশ্য নিঃসঙ্গং মনস্ত্যক্ষ্যে কলেবরমিতি ॥ এবমেব কথিতোবংশবিস্তারইত্যাদানন্তরং সম্যগ্ব্যবসিতা বুদ্ধিরিত্যাদি। পূর্ব্বং ময়া নানাবতারাদিকথাভিরভিনন্দিতস্যাপি যা শ্রীমদ্বসুদেবনন্দনস্যৈব কথায়াং নৈষ্ঠিকী স্থায়িরূপা রতির্জ্জাতা। এষা বুদ্ধিস্তু সম্যগ্ব্যবসিতা পরমরসবিদগ্ধেত্যর্থঃ। যদ্বা যঃ প্রশ্নোঽপি শ্রোতব্যাদিষু পরঃ। যস্য প্রশ্নস্যাপি শ্রবণাদৌ পরমপুরুষার্থঃ ॥ ১ ॥

তত্র ভগবদাবির্ভাবমাত্রস্য শ্রবণাদেরাবশ্যকত্বেন কৈমুত্যমাহ শ্রোতব্যাদীনীতি চতুর্ভিঃ। আত্মতত্ত্বং ভগবত্তত্ত্বং তস্মাদিত্যুপ-সংহরিষ্যমাণত্বাৎ। তৎ অপশ্যতাং পরমশ্রোতব্যত্বেনাজানতামিত্যর্থঃ ॥ ২ ॥

অতিপ্রাকৃতানান্তু নিদ্রয়েত্যাদি ॥ ৩ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শ্রব্যজপ্যাদিকং কিং তথৈবাশ্রব্যাজপ্যাদিকঞ্চ কিমিতি রাজ্ঞঃ প্রশ্নমভিনন্দতি। বরীয়ান্ শ্রেষ্ঠঃ তে ত্বয়া কৃতঃ প্রশ্ন এব লোকানাং হিতং নচায়ং প্রাকৃতঃ প্রশ্ন ইত্যাহ আত্মবিদাং এষাং যুষ্মৎসভোপবিষ্টানাং সংমতঃ এতদর্থমেবৈতেষামত্রাগমনাদিতি ভাবঃ। যতঃ শ্রোতব্যাদিষ্বিতি সতাং প্রশ্নোপি শ্রূয়তে কীর্ত্ত্যতে স্মর্য্যত ইত্যতঃ শ্রোতব্যাদিষু প্রশ্নেষু মধ্যে যঃ প্রশ্নঃ পর ইতোঽন্যস্যোৎ-কৃষ্টস্যাভাবাৎ সর্ব্বান্তিমঃ। ইমং প্রশ্নমেব শ্রুত্বা কীর্ত্তয়িত্বা স্মৃত্বা পুমাংসঃ সর্ব্বতোপ্যতিকৃতার্থা ভবন্তি কিং পুনরেতৎ প্রশ্নস্যোত্তরং ময়া দত্তং শ্রুত্বা ত্বং কৃতার্থো ভবিষ্যসীতি ভাবঃ। ইত্থমেবাগ্রেপি বক্ষ্যতে। বাসুদেবকথাপ্রশ্নঃ পুরুষাং স্ত্রীন্ পুনাতিহি। বক্তারং প্রচ্ছকং শ্রোতৄং স্তৎপাদসলিলং যথেতি ॥ ১ ॥

ভগবচ্চরণপ্রাপ্তিরেব সংসিদ্ধিস্তত্র কৃত্যং তন্নামলীলাশ্রবণকীর্ত্তনাদ্যেব সর্ব্বোৎকৃষ্টমিত্যগ্রে প্রতিপাদয়িষ্যন্ প্রথমং ব্রূহি যদ্বা বিপর্য্যয়মিত্যস্যোত্তরত্বেন কর্ম্মযোগমাহ শ্রোতব্যাদীনীতি ত্রিভিঃ। আত্মনাং তত্ত্বং কেবয়ং কিং কুর্ম্মহে কিমুদর্কা ভবিষ্যামঃ কথং নিস্তারং প্রাপ্নুম ইত্যপশ্যতাং কিন্তু গৃহেষু সক্তানাং গৃহমেধিনাং গৃহগতপঞ্চসূনাপরাণাং। মেধৃ হিংসায়াং ॥ ২ ॥

তেষাং বৃথৈবায়ুর্ব্যয়ো ভবতীত্যাহ। নক্তং যদ্বয়স্তন্নিদ্রয়া হ্রিয়তে ইতি রাত্রেঃ প্রায়ঃ কর্ম্মানর্হকালত্বাৎ। ব্যবায়েন রমণেন বেতি কর্ম্মিনাং স্ত্রীসঙ্গস্যানিষিদ্ধত্বাৎ অর্থেহয়া অর্থস্পৃহয়া অর্থান্ বিনা কর্ম্মাসিদ্ধেঃ। সিদ্ধেচার্থে কুটুম্বভরণেন বেতি কর্ম্মযোগে কুটুম্বভরণস্য বিহিতত্বাৎ ॥ ৩ ॥

ইহা শ্রেষ্ঠতর যে হেতু ইহা মোক্ষসাধন, সুতরাং লোকদিগের সাক্ষাৎ হিত স্বরূপ এবং মুক্ত ব্যক্তি দিগেরও সম্মত ॥ ১ ॥

হে রাজেন্দ্র! যে সকল ব্যক্তি গৃহে আসক্ত হইয়া তদ্গত পঞ্চসূনা পাপেই তৎপর কখন আত্ম-তত্ত্বের অর্থাৎ আমরা কে কি করিতেছি উত্তর কালে আমাদের কি হইবে এবং কি প্রকারেই বা নি-ার পাইব এ রূপ আলোচনা করে না, তাহাদিগের সহস্র সহস্র শ্রোতব্য বিষয় আছে ॥ ২ ॥

কিন্তু তাহাদিগের পরমায়ুঃ বৃথা ব্যয় হইয়াথাকে, রাত্রিকালের পরমায়ুঃ নিদ্রা অথবা স্ত্রীসঙ্গে রঙ্গরসেই যাপিত হয় এবং দিবাভাগের পরমায়ুঃ ধনার্থ উদ্যম ও কুটুম্বভরণ ইত্যাদিতেই নষ্ট হইয়া যায় ॥ ৩ ॥

দেহাপত্য কলত্রাদিষ্বাত্মসৈন্যেষ্বসৎ স্বপি। তেষাং প্রমত্তো নিধনং পশ্যন্নপি ন পশ্যতি ॥ ৪ ॥
তস্মাদ্ভারত সর্ব্বাত্মা ভগবানীশ্বরোহরিঃ। শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যশ্চ স্মর্ত্তব্যশ্চেচ্ছতাভয়ং ॥ ৫ ॥
এতাবান্ সাংখ্যযোগাভ্যাং স্বধর্ম্ম পরিনিষ্ঠয়া। জন্মলাভঃ পরঃ পুংসামন্তে নারায়ণস্মৃতিঃ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

নমু নশ্বর কুটুম্বাদ্যর্থং কথমায়ুর্ব্ব্যয়ং কুর্য্যাৎ তত্রাহ দেহাদিষু আত্মনঃ সৈন্যেষু পরিকরেষু অসৎসু মিথ্যাভূতেষ্বপি প্রমত্তঃ প্রসক্তঃ তেষাং পিত্রাদি দৃষ্টান্তেন নাশং পশ্যন্নপি নানুসন্ধত্তে ॥ ৪ ॥

এবং বিপর্য্যয় প্রশ্নস্যোত্তরমুক্ত্বা শ্রোতব্যাদি প্রশ্নস্যোত্তরমাহ তস্মাদিতি। হে ভারত ভরত বংশ্য। সর্ব্বাত্মেতি শ্রেষ্ঠত্বমাহ। ভগবানিতি সৌন্দর্য্যং। ঈশ্বর ইত্যাবশ্যকত্বং। হরিরিতি বন্ধহারিত্বং। অভয়ং মোক্ষমিচ্ছতা ॥ ৫ ॥

অতঃ পরমন্যৎ শ্রেয়োনাস্তীত্যাহ এতাবানিতি জন্মনো লাভঃ ফলং তমাহ নারায়ণ স্মৃতিরিতি। সাংখ্যাদিভিঃ সাধ্য ইতি তেষাং স্বাতন্ত্র্যেণ লাভত্বং বারয়তি। সাংখ্যং আত্মানাত্ম বিবেকঃ। যোগোঽষ্টাঙ্গঃ। অন্তেতু স্মৃতিঃ পরমোলাভঃ। ন তন্মহিমা বক্তুং শক্যত ইত্যর্থঃ ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

অভয়ং সর্ব্বভয়নিবারকসর্ব্বানন্দময় পুরুষার্থং। গতবানভয়ং হরিমিতি বক্ষ্যমাণাৎ মর্ত্ত্যোমৃত্যুব্যালভীত ইত্যাদেশ্চ ॥ ৫ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অপশ্যতামাত্মতত্ত্বমিতি যদুক্তং তদ্বিবৃণোতি। দেহাদিষু আত্মনঃ সৈন্যেষু স্বসৈন্যতুল্যেষু কালেন সহ যোদ্ধুমিবেতি ভাবঃ। অসৎস্বপি জীবাত্মনো দেহাদিসম্বন্ধাভাবান্মিথ্যাভূতেষ্বপি তেষু প্রমত্তঃ প্রসক্তঃ। যদ্বা অসৎস্বপি অসাধুষ্বপি বহির্মুখত্বাদসমর্থেষ্বপীত্যর্থঃ। প্রমত্তো অনবহিতঃ যতস্তেষাং নিধনং কালেনৈব নাশং অনষ্টানামপি পিত্রাদিদৃষ্টান্তেন নাশং পশ্যন্নপি নানুসন্ধত্তে তেনায়ং কালেনৈব গ্রস্যতে ভগবদ্ভক্তস্ত ভগবদ্বমুখৈর্দেহাদিভিরপ্রমত্তঃ কালমপি জয়তীতি ভাবঃ ॥ ৪ ॥

অতঃ কৃতার্থী ভবিতুং কর্ম্মাদিকমকুর্ব্বাণা ভক্তিমেব কুর্ব্বীরন্নিত্যাহ তস্মাদিতি হে ভারত ভরতবংশ্য অভয়ং স্বপরাভবাভাবং ইচ্ছতা পুংসা হরিঃ শ্রোতব্যঃ। অত্র হরিরিতি বিশেষ্যপদং সর্ব্বাত্মেত্যাদিবিশেষণত্রয়েণ মোক্ষাভিসন্ধিনী রাগানুগা বৈধীচ ভক্তির্ব্যঞ্জিতা। তত্র প্রথমায়াং অভয়ং মোক্ষং ইচ্ছতা সর্ব্বেষামাত্মা পরমাত্মা হরিঃ শ্রোতব্য ইতি দ্বিতীয়ায়াং অভয়ং নিষ্কম্পং যথাস্যাৎ তথা ইচ্ছতা লোভবতা পুংসা ভগবানতিসুন্দরো নন্দসূনুঃ শ্রোতব্য ইতি। ভগং শ্রীকামহাত্ম্যবীর্য্যযত্নার্ক কীর্ত্তিষিত্যমরঃ। তৃতীয়ায়াং ন বিভেত্যস্মাদিত্যভয়ো হরিরেব মুহূর্ত্তাৎ সর্ব্বমুৎসৃজ্য গতবানভয়ং হরিমিত্যগ্রিমশ্লোক দৃষ্টেস্তং ইচ্ছতা অভয়মাত্মত্রাণমিচ্ছতাবা ঈশ্বরো হরিরীশিতব্যেন পুংসা শ্রোতব্য ইত্যাদি। কীর্ত্তিতব্যশ্চ স্মর্ত্তব্যশ্চেতি চকারাভ্যাং শ্রবণানন্তরং কীর্ত্তনস্মরণয়োরেককালত্বং বিহিতমিতি শ্রোতব্যাদি প্রশ্নস্যোত্তরমুক্তং ॥ ৫ ॥

জ্ঞানিকর্ম্মিপ্রভৃতয়োঽন্যেপি সাধুসঙ্গবশাৎ যদি ভক্তা ভবন্তি ন পুনঃ কর্ম্মাদিকং কুর্ব্বন্তি তদা তেপি কৃতার্থা ইত্যাহ এতাবানিতি। সাঙ্খ্য যোগস্বধর্ম্মনিষ্ঠাভিরেতাবান্ জন্মনো লাভঃ পরঃ শ্রেষ্ঠঃ কোসৌ অন্তে প্রত্যাসত্তিন্যায়েন জ্ঞানযোগকর্ম্মণামবসানে সনকাদিনবযোগেশ্বরপ্রাচীনবর্হিঃ প্রভৃতীনামিব নারায়ণস্মৃতিঃ শুদ্ধা ভক্তির্যদিস্যাৎ অন্তে ইতি যদি পুনরপি ভক্তিং ত্যক্ত্বা জ্ঞানাদিষু নিষ্ঠিতা ন ভবন্তীত্যর্থঃ। অতএবমেব বক্ষ্যতে। এতাবানেব যজতামিহ নিঃশ্রেয়সোদয়ঃ। ভগবত্যচলো ভাবো যদ্ভাগবতসঙ্গত ইতি। জন্মন এবান্তে নারায়ণস্মৃতিঃ পরো লাভ ইতি কেচিদাহুঃ ॥ ৬ ॥

হে রাজন্! দেহ পুত্র কলত্র ইত্যাদি যে সকল পদার্থ আত্মার সৈন্য দেখিতেছ ইহারা বস্তুতঃ মিথ্যা এবং পিত্রাদির দৃষ্টান্তানুসারে ঐ সকল দেহাদির বিনাশ অবলোকন করিয়াও গৃহাসক্ত ব্যক্তিরা তদ্বিষয়ে কিছুই অনুসন্ধান করে না ॥ ৪ ॥

অতএব হে ভারত শ্রেষ্ঠ! যে ব্যক্তি মোক্ষের আকাঙ্ক্ষা করেন তাঁহার পক্ষে সর্ব্বাত্মা ভগবান্ এবং ঈশ্বর হরির শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ করা অবশ্য কর্ত্তব্য ॥ ৫ ॥

স্বধর্ম্মে নিষ্ঠা করিয়া আত্মানাত্ম বিবেক অর্থাৎ এই আত্মা এই অনাত্মা এই রূপ বিচার ও অষ্টাঙ্গ যোগ এতদুভয় দ্বারা যে নারয়ণ স্মরণ তাবন্মাত্রই পুরুষের লাভ, পরন্তু অন্তে নারায়ণ স্মরণ পরম লাভ, তাহার মহিমা বলিয়া শেষ করিতে পারা যায় না ॥ ৬ ॥

প্রায়েণ মুনয়ো রাজন্নিবৃত্তা বিধিসেধতঃ। নৈর্গুণ্যস্থা রমন্তেস্ম গুণানুকথনে হরেঃ॥ ৭॥
ইদং ভাগবতং নাম পুরাণং ব্রহ্মসম্মিতং। অধীতবান্ দ্বাপরাদৌ পিতুর্দ্বৈপায়নাদহং॥ ৮॥
পরিনিষ্ঠিতোপি নৈর্গুণ্যে উত্তমঃশ্লোকলীলয়া। গৃহীতচেতা রাজর্ষে আখ্যানং যদধীতবান্॥ ৯
তদহং তেভিধাস্যামি মহাপৌরুষিকো ভবান্। যস্য শ্রদ্দধতামাশু স্যান্মুকুন্দে মতিঃ সতী॥১০

শ্রীধরস্বামী।

আয়তনান্যেবাহ তস্যাগ্নিরিত্যাদি চতুর্দ্দশভিঃ আস্যং নির্ভিন্নং পৃথগ্‌জাতং পদং স্বস্থানং স্বাংশেন স্বশক্ত্যা বাচা সহাবিশৎ। অসৌ জীবঃ বক্তব্যং প্রতিপদ্যতে শব্দমুচ্চারয়তীত্যর্থঃ এবং সর্ব্বত্র যন্নির্ভিন্নং দ্বিতীয়ান্তং তদধিষ্ঠানং। অগ্ন্যাদি প্রথমান্তং অধিদৈবং। বাগাদি ইন্দ্রিয়ং তৃতীয়ান্তমধ্যাত্মং প্রতিপত্তব্যং অধিভূতং ॥ ১২ ॥
হরের্বিরাজঃ ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

শক্তিরুক্তবতীতি ভাবঃ। অতএতদনন্তরমেব স বৈ বিশ্বসৃজামিত্যাদ্যুক্তং জ্ঞেয়ং অতপৎ স্বেন তেজসা প্রকাশয়িতুমিষ্টবান্ ॥ ১০ ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মেতাদি স্বেন তেজসা চিচ্ছক্ত্যা অতপৎ প্রকাশয়ামাস এষাং বিশ্বসৃজাং বিবৃত্তয়ে বিবিধবৃত্তিলাভায় চক্ষুষশ্চক্ষুরুত শ্রোত্রস্য শ্রোত্রমিত্যাদি শ্রুতেঃ। কারণশক্তিরেব কার্য্যেষূক্তবতীতি ভাবঃ ॥ ১০ ॥
তস্য সমষ্টিবিরাজঃ অভিতপ্তস্য পরমেশ্বরেণ প্রকাশিতস্য আয়তনানি স্থানভেদাঃ নিরভিদ্যন্ত পৃথগভুবন্ মে মত্তঃ ॥ ১১ ॥
নির্ভিন্নং পৃথগ্‌জাতং আস্যং পদং স্বস্থানং বাচা বাগিন্দ্রিয়েণ সহ অগ্নিরবিশৎ স্বাংশেন স্বেনৈকাংশেন যয়া বাচৈব অসৌ জীবঃ বিরাট্ বক্তব্যং প্রতিপদ্যতে শব্দমুচ্চারয়তীত্যর্থঃ। এবং সর্ব্বত্র যন্নির্ভিন্নং-দ্বিতীয়ান্তং তদধিভূতমধিষ্ঠানং। যদগ্ন্যাদি প্রথমান্তং তদধিদৈবং। যদ্বাগাদি তৃতীয়ান্তং তদধ্যাত্মং। যৎপুনর্দ্বিতীয়ান্তং কচিৎ ষষ্ঠ্যন্তং তদধিভূতং বিষয়ঃ ॥ ১২ ॥
হরেঃ হরিত্বেন ধ্যেয়স্য বিরাজঃ ॥
যতো ঘ্রাণাৎ ॥ ১৩ ॥

তাহাদের বিবিধ বৃত্তি লাভ নিমিত্ত স্বীয় তেজঃ দ্বারা বিরাট্ শরীরকে প্রকাশিত করিলেন অর্থাৎ এই রূপ করিব এই প্রকার আলোচনা করিলেন ॥ ১০ ॥

হে বিদুর! পরমেশ্বর কর্তৃক ঐ বিরাট্ মূর্ত্তি প্রকাশিত হইয়া দেবতাদিগের কত প্রকার আয়তন নির্ভিন্ন হইল শ্রবণ কর ॥ ১১ ॥

ঐ বিরাট্ পুরুষের মুখ পৃথক্‌রূপে উদ্ভিন্ন হইলে অগ্ন্যাদি লোকপাল সকল স্ব স্ব শক্তির সহিত আপনাদের স্থান স্বরূপ ঐ মুখে প্রবিষ্ট হইলেন, সেই বাক্‌শক্তি দ্বারা জীব আপনার বক্তব্য শব্দাদি উচ্চারণ করিয়া থাকে, অর্থাৎ বিরাট্ পুরুষের মুখ পৃথক্ রূপে নির্ভেদ হইলে তাহা বাক্যের অধিষ্ঠান হইল এবং অগ্ন্যাদি দেবতা তাঁহার অধিদৈব হইলেন, বাগাদি অধ্যাত্ম এবং বক্তব্য বাক্যাদি বিষয় স্বরূপ হইল ॥ ১২ ॥

এই রূপে সেই বিরাট্ পুরুষের তালু পৃথক্ রূপে উৎপন্ন হইলে লোকপাল বরুণ স্বীয় অংশে জিহ্বার সহিত তাহাতে অধিদেবতা রূপে প্রবিষ্ট হইলেন, তদধিষ্ঠাতা জীব জিহ্বা দ্বারা রস গ্রহণ করিয়া থাকেন। তদনন্তর তাঁহার নাসিকা দ্বার নির্ভিন্ন হইলে অশ্বিনীকুমার দ্বয় স্বীয় অংশে ঘ্রাণের সহিত তাহাতে প্রবিষ্ট হইলেন। ঐ নাসিকা দ্বয়ের অধিষ্ঠাতা তদ্দ্বারা গন্ধ গ্রহণ করিয়া থাকেন ॥ ১৩

নির্ভিন্নে অক্ষিণী ত্বষ্টা লোকপালো বিশদ্বিভোঃ। চক্ষুষাংশেন রূপাণাং প্রতিপত্তি র্যতোভবেৎ॥ ১৪
নির্ভিন্নান্যস্য চর্ম্মাণি লোকপালো হনিলোবিশৎ। প্রাণেনাংশেন সংস্পর্শং যেনাসৌ প্রতিপদ্যতে॥ ১৫
কর্ণাবস্য বিনির্ভিন্নৌ ধিষ্ণ্যং স্বং বিবিশুর্দ্দিশঃ। শ্রোত্রেণাংশেন শব্দস্য সিদ্ধিং যেন প্রপদ্যতে॥ ১৬
ত্বচমস্য বিনির্ভিন্নাং বিবিশুর্ধিষ্ণ্যমোষধিঃ। অংশেন রোমভিঃ কণ্ডূং যৈরসৌ প্রতিপদ্যতে॥ ১৭
মেঢ্রং তস্য বিনির্ভিন্নং স্বধিষ্ণ্যং ক উপাবিশৎ। রেতসাংশেন যেনাসাবানন্দং প্রতিপদ্যতে।

শ্রীধরস্বামী।

ত্বষ্টা আদিত্যঃ॥ ১৪॥
প্রাণেনেতি প্রাণবদ্দেহব্যাপিনা ত্বগিন্দ্রিয়েণেত্যর্থঃ॥ ১৫॥
শব্দস্য সিদ্ধির্জ্ঞানং॥ ১৬॥
ত্বচং চর্ম্ম। ওষধী ওষধয়ঃ ত্বগিন্দ্রিয়স্যৈব স্থানভেদেন বিষয়দ্বয়ং কণ্ডূঃ স্পর্শশ্চ। অত্রচায়ং নামভেদো দেবতাভেদশ্চেতি। দ্বিতীয়স্কন্ধ এব ব্যাখ্যাতং॥ ১৭॥
কঃ প্রজাপতিঃ॥ ১৮॥

ক্রমসন্দর্ভঃ।

চর্ম্মাণীতি চর্ম্মোপলক্ষিতা ত্বগিত্যর্থঃ ইতি দ্বিতীয়স্কন্ধে টীকাস্য বর্ত্ততে। প্রাণেনেন্দ্রিয়েণাত্র তু ত্বগ্রূপেণেত্যর্থঃ॥ ১৫॥ ১৬॥
ত্বচমিতি একস্মিন্নপি স্পর্শগ্রাহকে ভেদদ্বয়মিদং কল্প্যং। বহিরধিষ্ঠানং চর্ম্ম। ইন্দ্রিয়ং লোম। দেবতাশ্চ ওষধ্যধিষ্ঠাত্র্য ইত্যেকঃ। অন্তর্ব্বহিরধিষ্ঠানং তু ত্বক্ ইন্দ্রিয়মপি ত্বক্। দেবতা চ বায়ুরিত্যন্যোভেদঃ॥ ১৭॥ ১৮॥ ১৯॥ ২০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্বষ্টা সূর্য্যঃ॥ ১৪॥
প্রাণেনেতি প্রাণবদ্দেহব্যাপিনা ত্বগিন্দ্রিয়েনেত্যর্থঃ॥ ১৫॥
সিদ্ধিং জ্ঞানং॥ ১৬॥
ওষধী রোষধ্যঃ। অত্র ত্বচ্যধিষ্ঠানে ত্বক্ রোমাণি চেন্দ্রিয়দ্বয়ং। তত্র ত্বগিন্দ্রিয়ে অনিলো দেবতা স্পর্শো বিষয়ঃ। রোমেন্দ্রিয়ে ওষধ্যো দেবতাঃ কণ্ডূর্বিষয়ঃ॥ ১৭॥
কঃ প্রজাপতিঃ রেতসা রেত উপলক্ষিতেন উপস্থেন ইত্যর্থঃ॥ বিসর্গং মলমূত্রোৎসর্গং॥ ১৮॥

তদনন্তর বিরাট্ পুরুষের দুই চক্ষুর গোলক পৃথক্ রূপে নির্ভিন্ন হইল, লোকপাল আদিত্য স্বীয় অংশের সহিত অধিদেবতা রূপে তাহাতে প্রবেশ করিলেন, সেই চক্ষুঃ হইতে জীবের রূপ জ্ঞান হইয়া থাকে॥ ১৪॥

তাহার পর বিরাট্ পুরুষের শরীরস্থ ত্বক্ সকল পৃথক্ রূপে উৎপন্ন হইলে লোকপাল অনিল আপনার অংশে সর্ব্ব শরীর ব্যাপিয়া ত্বগিন্দ্রিয় সহ অধিদেবতা স্বরূপে তাহাতে প্রবিষ্ট হইলেন, ঐ ত্বগিন্দ্রিয় দ্বারা জীবের স্পর্শ জ্ঞান হইয়া থাকে॥ ১৫॥

তৎপরে বিরাট্ পুরুষের কর্ণদ্বয় পৃথক্ রূপে প্রকটিত হইলে দিক্ সকল স্বীয় অংশ দ্বারা শ্রোত্রের সহিত অধিদেবতা স্বরূপে তাহাতে প্রবেশ করিলেন। ঐ শ্রোত্রেন্দ্রিয় দ্বারা জীবের শব্দ জ্ঞান হইয়া থাকে॥ ১৬॥

তৎপশ্চাৎ ঐ বিরাট্ পুরুষের চর্ম্ম পৃথক্ রূপে নির্ভিন্ন হইলে ওষধী সকল স্ব স্ব অংশ সহ অধিদেবতা স্বরূপে রোম দ্বারা তাহাতে প্রবেশ করিলেন। সেই সকল রোম দ্বারা কণ্ডূয়া এবং স্পর্শ এতদুভয় নিমিত্ত সুখাদির অনুভব হয়॥ ১৭॥

তাহার পর বিরাট্ পুরুষের উপস্থ পৃথক্ রূপে প্রকটিত হইল এবং প্রজাপতি আপনার অংশে শুক্র

গুদং পুংসো বিনির্ভিন্নং মিত্রো লোকেশ আবিশৎ। পায়ুনাংশেন যেনাসৌ বিসর্গং প্রতিপদ্যতে ॥ ১৮

হস্তাবস্য বিনির্ভিন্নাবিন্দ্রঃ স্বঃপতিরাবিশৎ। বার্ত্তয়াংশেন পুরুষো যয়া বৃত্তিং প্রপদ্যতে ॥

পাদাবস্য বিনির্ভিন্নৌ লোকেশো বিষ্ণুরাবিশৎ। গত্যা স্বাংশেন পুরুষো যয়া প্রাপ্যং প্রপদ্যতে ॥

বুদ্ধিং চাস্য বিনির্ভিন্নাং বাগীশো ধিষ্ণ্যমাবিশৎ। বোধেনাংশেন বোদ্ধব্যং প্রতিপত্তি র্যতোভবেৎ ॥১৯

হৃদয়ঞ্চাস্য নির্ভিন্নং চন্দ্রমা ধিষ্ণ্যমাবিশৎ। মনসাংশেন যেনাসৌ বিক্রিয়াং প্রতিপদ্যতে ॥ ২০ ॥

আত্মানঞ্চাস্য নির্ভিন্নমভিমানো বিশৎ পদং। কর্ম্মণাংশেন যেনাসৌ কর্ত্তব্যং প্রতিপদ্যতে ॥ ২১ ॥

সত্ত্বঞ্চাস্য বিনির্ভিন্নং মহান্ ধিষ্ণ্যমুপাবিশৎ। চিত্তেনাংশেন যেনাসৌ বিজ্ঞানং প্রতিপদ্যতে ॥ ২২

শ্রীধরস্বামী।

স্বঃপতিঃ স্বর্গস্য পতিরিন্দ্রঃ বার্ত্তয়া ক্রয়বিক্রয়াদি শক্ত্যা বৃত্তিং জীবিকাং প্রাপ্যং দেশান্তরং ॥ ১৯ ॥
বিক্রিয়াং সংকল্পাদি রূপাং ॥ ২০ ॥
আত্মানমহঙ্কারং। অভিমন্যতে অনেনেতি অভিমানো রুদ্রঃ কর্ম্মণা অহংবৃত্ত্যা কর্ত্তব্যমিতি ক্রিয়াং ॥ ২১ ॥
সত্ত্বমিতি বুদ্ধি চিত্তয়ো রভেদেন নির্দ্দেশঃ মহানিতি ব্রহ্মা। চিত্তেন চেতনয়া ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

আত্মানমহংভাবাস্পদং গোলকং। কর্ম্মণা অহম্ভাবেনেন্দ্রিয়েণ ॥ ২১ ॥
সত্ত্বং চিত্তাস্পদং গোলকং। চিত্তেনেন্দ্রিয়েণ। বিজ্ঞানং সামান্যতো জ্ঞেয়ং। এতচ্চ বুদ্ধেরপ্যুপলক্ষণং। কচিত্তু পাদা-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বার্ত্তয়া ক্রয়বিক্রয়াদিশক্ত্যেতি বার্ত্তা বলশিল্পাদিশব্দবাচ্যমধ্যাত্মং বৃত্তিং জীবিকাং ॥
বুদ্ধি বুদ্ধ্যাস্পদং গোলকং হৃদয়ৈকদেশং। বাগীশো ব্রহ্মা বোধেন বুদ্ধ্যা শ্লোকোঽয়মসর্ব্বসম্মতঃ ॥ ১৯ ॥
বিক্রিয়াং সঙ্কল্পাদিরূপাং ॥ ২০ ॥
আত্মানমহঙ্কারাস্পদং গোলকং হৃদেকদেশং। অভিমন্যতেঽনেনেতি অভিমানো রুদ্রঃ। কর্ম্মণাহঙ্কারেণ কর্ত্তব্যং অভিমন্তব্যং ॥২১
সত্ত্বং চিত্তাস্পদং গোলকং হৃদয়ৈকদেশং মহান্ বিষ্ণুঃ বিজ্ঞানং চেতনাং ॥ ২২ ॥

দ্বারা অধিদেবতা স্বরূপে তাহাতে প্রবেশ করিলেন। সেই শুক্র দ্বারা জীবের আনন্দানুভব হয়। তৎপরে বিরাট্ পুরুষের পায়ুস্থান পৃথক্ রূপে নির্ভিন্ন হইল এবং মিত্রদেবতা আপনার অংশে পায়ু সহ অধিদেবতা স্বরূপে তাহাতে প্রবেশ করিলেন তদ্দ্বারা জীবের মল ত্যাগাদি কর্ম্ম সম্পন্ন হইয়া থাকে ॥১৮

তদনন্তর বিরাট্ পুরুষের হস্তদ্বয় পৃথক্ রূপে প্রকাশ পাইলে, স্বর্গপতি ইন্দ্র স্বীয় অংশে ক্রয় বিক্রয়াদি শক্তি সহ অধিদেবতা স্বরূপে তাহাতে প্রবিষ্ট হইলেন। সেই ক্রয় বিক্রয়াদি রূপ শক্তি দ্বারা তদধিষ্ঠাতা জীব আপনার জীবিকা প্রাপ্ত হইয়া থাকেন। তৎপরে বিরাট্ পুরুষের পদদ্বয় পৃথক্ রূপে উদ্ভিন্ন হইল এবং লোকেশ বিষ্ণু আপনার অংশে গতি শক্তি দ্বারা তাহাতে প্রবেশ করিলেন। ঐ গতি শক্তি যোগে পুরুষের দেশান্তর প্রাপ্তি হয়। তৎপশ্চাৎ বিরাট্ পুরুষের বুদ্ধি পৃথক্ রূপে নির্ভিন্ন হইল এবং বাগীশ ব্রহ্মা স্বীয় অংশ দ্বারা অধিদেবতা স্বরূপে বোধাংশ সহ তাহাতে প্রবিষ্ট হইলেন। পুরুষ সেই বোধাংশ দ্বারা বোদ্ধব্য বিষয় অনুভব করিয়া থাকেন ॥ ১৯ ॥

তৎপরে বিরাট্ পুরুষের হৃদয় পৃথক্ রূপে প্রকটিত হইল এবং চন্দ্রমা স্বীয় অংশে মনের দ্বারা তাহাতে প্রবেশ করিলেন, জীব সেই মনো দ্বারা সংকল্প বিকল্পাত্মক বিকার প্রাপ্ত হইয়া থাকেন ॥ ২০

তদনন্তর বিরাট্ পুরুষের অহঙ্কার পৃথক্ রূপে উৎপন্ন হইল এবং রুদ্র আপনার অংশে অহং বৃত্তি রূপ কর্ম্ম দ্বারা অধিষ্ঠাতৃ রূপে তাহাতে প্রবিষ্ট হইলেন, সেই অহং বৃত্তিরূপ কর্ম্ম দ্বারা তাঁহার কর্ত্তব্য কর্ম্ম প্রাপ্তি হইয়া থাকে ॥ ২১ ॥

শীর্ষ্ণোঽস্য দ্যৌর্ধরা পদ্ভ্যাং খং নাভেরুদপদ্যত। গুণানাং বৃত্তয়ো যেষু প্রতীয়ন্তে সুরাদয়ঃ ॥২৩
আত্যন্তিকেন সত্ত্বেন দিবং দেবাঃ প্রপেদিরে। ধরাং রজঃ স্বভাবেন পণয়ো যেচ তানন্বু ॥২৪॥
তার্তীয়েন স্বভাবেন ভগবন্নাভিমাশ্রিতাঃ। উভয়োরন্তরং ব্যোম যে রুদ্রপার্ষদাং গণাঃ ॥২৫॥
মুখতোঽবর্ত্তত ব্রহ্ম পুরুষস্য কুরূদ্বহ। যস্তূন্মুখত্বাদ্বর্ণানাং মুখ্যোঽভূদ্ব্রাহ্মণো গুরুঃ ॥২৬॥

শ্রীধরস্বামী।

ত্রিলোকোৎপত্তিমাহ শীর্ষ্ণ ইতি বৃত্তয়ঃ পরিণামাঃ ॥২৩॥

এতদেব প্রপঞ্চয়তি দ্বাভ্যাং। আত্যন্তিকেন উর্জ্জিতেন। পণব্যবহারে পণায়ন্তে যাগাদিনা ব্যবহরন্তীতি পণয়ো মনুষ্যাঃ তানন্বু যে তদুপকরণভূতাঃ গবাদয় স্তেঽপি ধরাং প্রপেদিরে ॥২৪॥

তৃতীয়ং তমঃ তদীয়েন তামসেন উভয়োর্দ্যাবা পৃথিব্যো রন্তরং মধ্যং ব্যোম অন্তরীক্ষং তদেব ভগবতো নাভিঃ তামাশ্রিতাঃ রুদ্রপার্ষদাং রুদ্রস্য পার্ষদানাং ভূতাদীনাং গণাঃ ॥২৫॥

অবর্ত্তত প্রবৃত্তং ব্রহ্ম বেদঃ। যস্ত উন্মুখত্বাৎ মুখোদ্ভবত্বাৎ বর্ণানাং মুখ্যঃ মুখমিব প্রথমঃ গুরুশ্চাভূৎ সোপি মুখতোঽবর্ত্তত ইত্যনুষঙ্গঃ। অধ্যাপনাদিনা ব্রাহ্মণস্য বেদো বৃত্তিঃ তয়া বৃত্ত্যা সহ ব্রাহ্মণো মুখতো জাত ইত্যর্থঃ। এবমুত্তর বর্ণত্রয়ে জ্ঞাতব্যং ॥২৬॥

ক্রমসন্দর্ভঃ।

বস্যেত্যনন্তরং বুদ্ধিং চাস্যেত্যাদিকমপি পদ্যং পৃথগস্তি ॥২২॥

শীর্ষ্ণ ইতি। অস্য বিরাজঃ শীর্ষ্ণো দ্যুলোককারণাংশাৎ। এবমন্যত্রাপি। খং ভুবর্লোকঃ ॥২৩॥২৪॥২৫॥২৬॥২৭॥২৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্রিলোকোৎপত্তিমাহ শীর্ষ্ণ ইতি। বৃত্তয়ঃ পরিণামাঃ ॥২৩॥

আত্যন্তিকেন উর্জ্জিতেন পণন্তে যাগাদিনা ব্যবহরন্তীতি পণয়ো মনুষ্যাঃ পণব্যবহারে। তানন্ববর্ত্তন্তে যে তদুপকরণভূতা গবাদয়স্তেপি ধরাং প্রপেদিরে ॥২৪॥

তৃতীয়ং তমস্তদীয়েন তামসেনেত্যর্থঃ। যে রুদ্রপার্ষদাং ভূতাদীনাং গণা স্তে ভগবতো বিরাজো নাভিমাশ্রিতা ইত্যন্বয়ঃ। নাভিরেব কা তত্রাহ উভয়োর্দ্যাবা পৃথিব্যোরন্তরং মধ্যং ব্যোম আকাশং ভুবর্লোকং ॥২৫॥

চাতুর্ব্বর্ণ্যোৎপত্তিমাহ ব্রহ্ম বেদঃ পুরুষস্য পরমেশ্বরেণৈক্যাত্তস্য মুখতোঽবর্ত্তত অভূৎ যস্ত উন্মুখত্বাদ্বেদোন্মুখত্বাদ্ধেতোর্বর্ণানাং মুখ্যো গুরুশ্চাভূদ্ব্রাহ্মণঃ সোপি মুখতোঽবর্ত্ততেত্যনুষঙ্গঃ ॥২৬॥

তৎপরে তাঁহার চিত্ত পৃথক্ রূপে প্রকাশিত হইলে, মহত্তত্ত্ব অধিদেবতা স্বরূপে আপনার অংশে চেতনা দ্বারা তাহাতে প্রবিষ্ট হইলেন। সেই চেতনা দ্বারা বিজ্ঞানের অনুভব হইয়া থাকে ॥২২॥

অনন্তর বিরাট্ পুরুষের মস্তক হইতে স্বর্গ, পদদ্বয় হইতে পৃথিবী এবং নাভিদেশ হইতে আকাশ উৎপন্ন হইল। ঐ সকল স্থানে সত্ত্বাদি গুণ ত্রয়ের পরিণাম স্বরূপ দেবতাদি প্রতীয়মান হয়েন ॥২৩॥

অর্থাৎ দেবগণ উর্জ্জিত সত্ত্ব গুণ প্রভাবে স্বর্গে অবস্থিত হয়েন, এবং মনুষ্য সকল ও তাহাদের প্রয়োজন সাধক গবাদি রজোগুণ স্বভাব প্রযুক্ত পৃথিবীতে অবস্থিত হইয়াছে ॥২৪॥

অপর রুদ্র পার্ষদ যে সকল ভূতাদি, তাহাদের তমোগুণ স্বভাব হেতু তাহারা দ্যাবা ভূমির অন্তরস্থ অন্তরীক্ষ আশ্রয় করিয়া আছে ॥২৫॥

হে কুরুশ্রেষ্ঠ! তাহার পর সেই বিরাট্ পুরুষের মুখ হইতে বেদ এবং ব্রাহ্মণ সকল উৎপন্ন হইলেন। ঐ বেদই অধ্যাপনাদি দ্বারা বিপ্রগণের বৃত্তি স্বরূপ হওয়াতে তাঁহাদের জীবিকাও সঙ্গে সঙ্গে উৎপন্ন হইল। ব্রাহ্মণগণ তাঁহার মুখ হইতে জন্মিয়াছেন বলিয়া তাঁহারা বর্ণের প্রথম এবং গুরু হইয়াছেন ॥২৬॥

বাহুভ্যোঽবর্ত্তত ক্ষত্রং ক্ষত্রিয়স্তদনুব্রতঃ। যো জাতস্ত্রায়তে বর্ণান্ পৌরুষঃ কণ্টকক্ষতাৎ ॥ ২৭
বিশোঽবর্ত্তন্ত তস্যোর্ব্বো র্লোকবৃত্তিকরীর্বিভোঃ। বৈশ্যস্তদুদ্ভবো বার্ত্তাং নৃণাং যঃ সমবর্ত্তয়ৎ ॥ ২৮
পদ্ভ্যাং ভগবতো জজ্ঞে শুশ্রূষা ধর্ম্মসিদ্ধয়ে। তস্যাং জাতঃ পুরা শূদ্রো যদ্বৃত্ত্যা তুষ্যতে হরিঃ ॥ ২৯
এতে বর্ণাঃ স্বধর্ম্মেণ যজন্তি স্বগুরুং হরিং। শ্রদ্ধয়াত্ম বিশুদ্ধ্যর্থং যজ্জাতাঃ সহ বৃত্তিভিঃ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

ক্ষত্রং পালনরূপাবৃত্তিঃ তৎ ক্ষত্রং অনুব্রতঃ অনুসৃতঃ। ক্ষত্রিয়োপি বাহুভ্যোবর্ত্ততেত্যর্থঃ। তদনুব্রতত্বমেবাহ য ইতি। পৌরুষঃ পুরুষস্য বিষ্ণোরংশঃ কণ্টকা শ্চৌরাদয়ঃ তেভ্যো যৎ ক্ষতমুপদ্রবঃ তস্মাৎ ত্রায়তে রক্ষতি ॥ ২৭ ॥

বিশঃ কৃষ্যাদি ব্যবসায়াঃ লোকস্য বৃত্তিকরীঃ জীবিকাহেতবঃ তস্য বিভো রূর্ব্বোঃ প্রবৃত্তাঃ তদুদ্ভব উরুজঃ বার্ত্তাং জীবিকাং যঃ স্ববৃত্ত্যা সম্পাদিতবান্ ॥ ২৮ ॥

তস্যাং নিমিত্তভূতায়াং যস্য বৃত্ত্যা দ্বিজশুশ্রূষয়া হরিঃ স্বয়মেব তুষ্যতি ॥ ২৯ ॥

যদ্ যস্মাজ্জাতাঃ গুরুত্বাৎ জনকত্বাৎ বৃত্তিপ্রদত্বাচ্চ হরেরারাধনং তেষাং পরো ধর্ম্ম ইত্যর্থঃ ॥ ৩০ ॥

ক্রমসন্দর্ভঃ।

পদ্ভ্যামিতি যদ্বৃত্ত্যা শুশ্রূষারূপয়া ব্রাহ্মণাদিনা সর্ব্বেণাপি স্বস্মিন্ কৃতয়া হরিরপি তুষ্যতীতি তদ্বৃত্তের্মহিমা দর্শিতঃ। ত্যক্ত্বা স্বধর্ম্মমিত্যাদৌ ন কেবলেন স্বধর্ম্মেণ ভগবত্তোষানঙ্গীকারাৎ ॥ ২৯ ॥

তত্র প্রথমজাতৈঃ সর্ব্বৈরেবৈতৈস্ত স্বস্ব ধর্ম্ম হরি যজনরূপতয়ৈব ভাবিত ইতি তদানীন্তনানাং বৈশিষ্ট্যমভিপ্রেত্যাহ এত ইতি।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ক্ষত্রং পালনশক্তিঃ তদনুব্রতস্তদুন্মুখঃ ক্ষত্রিয়োপি বাহুভ্যোঽবর্ত্ততেত্যর্থঃ। কণ্ঠকাশ্চৌরাদয়স্তেভ্যো যৎ ক্ষতমুপদ্রবস্তস্মাত্ত্রায়তে রক্ষতি যতঃ পৌরুষঃ পুরুষস্যায়ং তদীয়পালনশক্তিমত্বাদিত্যর্থঃ ॥ ২৭ ॥

বিশঃ কৃষ্যাদিব্যবসায়াঃ উর্ব্বোঃ উরুভ্যাং লোকানাং বৃত্তিকরীর্জীবিকাহেতবঃ বৈশ্যোপি তদুদ্ভবঃ উরুভবঃ। বার্ত্তাং জীবিকাং যঃ স্ববৃত্ত্যা সমবর্ত্তয়ৎ সম্পাদিতবান্ ॥ ২৮ ॥

শুশ্রূষা পরিচর্য্যা কর্ম্মণো বর্ণাশ্রমধর্ম্মস্য সিদ্ধয়ে শুশ্রূষাং বিনা কর্ম্মমাত্রস্যৈব সিদ্ধির্ন ভবতীতি সা শূদ্রস্য বৃত্তির্ভবত্যাপি বস্তুতঃ সার্ব্ববর্ণিক্যেতি ভাব স্তস্যাং বিষয়ে শূদ্রো জাতঃ পদ্ভ্যামিতি শেষঃ যদ্বৃত্ত্যা হরিস্তুষ্যতীতি বেদাদিভ্যোপি শুশ্রূষায়া উৎকর্ষঃ সূচিতঃ ॥ ২৯ ॥

সহবৃত্তিভিরিতি হরিযজনে জীবিকার্থং চিন্তা ন কার্য্যেতি ভাবঃ ॥ ৩০ ॥

অপর ঐ বিরাট্ পুরুষের বাহু হইতে ক্ষত্র অর্থাৎ পালন রূপা বৃত্তি এবং ঐ বৃত্তির অনুবর্ত্তী ক্ষত্রিয় উৎপন্ন হইল। হে বিদুর! এই কারণে বিষ্ণুর অংশ স্বরূপ ক্ষত্রিয় জাতি চৌরাদির উপদ্রব হইতে ব্রাহ্মণাদি বর্ণ সকলকে রক্ষা করিয়া থাকে ॥ ২৭ ॥

অনন্তর ঐ বিভুর উরুদ্বয় হইতে লোক সকলের জীবিকার হেতু স্বরূপ কৃষ্যাদি ব্যবসা সকল উৎপন্ন হইল এবং বৈশ্যজাতিও সেই উরুদেশ হইতে জন্মিল। বৎস বিদুর! এই কারণেই বৈশ্যজাতি কৃষ্যাদি ব্যবসা দ্বারা জীবিকা সম্পন্ন করিয়া থাকে ॥ ২৮ ॥

তৎপরে সেই বিরাট্ পুরুষের পাদদ্বয় হইতে ধর্ম্ম সিদ্ধির নিমিত্ত শূদ্রবৃত্তি শুশ্রূষা উৎপন্ন হইল এবং তাহা হইতে শূদ্রজাতিও ঐ কার্য্যার্থ জন্মিল। ভগবান্ ঐ শূদ্রজাতির বৃত্তি দ্বারাই অর্থাৎ দ্বিজশুশ্রূষাতেই সন্তুষ্ট হইয়া থাকেন ॥ ২৯ ॥

বিদুর! এই সকল বর্ণ আপন আপন জীবিকা সহ ভগবান্ হইতে উৎপন্ন হইয়াছে, এই কারণে

এতৎ ক্ষত্ত র্ভগবতো দৈবকর্ম্মাত্মরূপিণঃ। কঃ শ্রদ্দধ্যাদুপাকর্ত্তুং যোগমায়াবলোদয়ং ॥ ৩১ ॥
অথাপি কীর্ত্তয়াম্যঙ্গ যথামতি যথাশ্রুতং। কীর্ত্তিং হরেঃ স্বাং সৎকর্ত্তুং গিরমন্যাভিধাসতীং ॥ ৩২
একান্ত লাভং বচসোনুপুংসাং সুশ্লোকমৌলে র্গুণবাদমাহুঃ।
শ্রুতেশ্চ বিদ্বদ্ভিরুপাকৃতায়াং কথাসুধায়ামুপসংপ্রয়োগং ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

ভোঃ ক্ষত্তঃ দৈবকর্ম্মাত্ম রূপিণঃ কালকর্ম্ম স্বভাব শক্তিমতঃ ভগবতো যোগমায়া বলেন উজ্জৃম্ভিতমেতদ্বিরাড়্ রূপং উপাকর্ত্তুং সাকল্যেন নিরূপয়িতুং কঃ শ্রদ্দধ্যাৎ ইচ্ছেৎ। ইচ্ছাপ্যশক্যা নিরূপণং তু দূরত ইত্যর্থঃ ॥ ৩১ ॥
অঙ্গ বিদুর অথাপি হরেঃ কীর্ত্তিং কীর্ত্তয়ামি। যথাশ্রুতং গুরুমুখাৎ তদপি ন সর্ব্বাত্মনা কিন্তু যথামতি স্বমত্যনুসারেণ অন্যাভিধা হরিব্যতিরিক্তার্থাভিধানং তয়া অসতীং মলিনাং স্বীয়াং বাচং সৎকর্ত্তুং পবিত্রী কর্ত্তুং ॥ ৩২ ॥
অজ্ঞাস্বাপি যথামতি কীর্ত্তনে শ্রবণে বা আবশ্যকং কৈবল্যমিত্যাহ একান্ততো লাভং নু নিশ্চিতমাহুঃ শ্রুতেঃ শ্রোত্রস্য উপাকৃতায়াং নিরূপিতায়াং উপসংপ্রয়োগং সন্নিধাবর্পণং ॥ ৩৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

অত্র যদিতি বিরাজঃ হরিশক্তিত এব তচ্ছক্তেঃ অতো হরিভজনএব তদভেদোক্তেস্তাৎপর্য্যং ॥ ৩০ ॥
যোগমায়াত্র বিশ্বসৃষ্ট্যাদিশক্তিঃ ॥ ৩১ ॥
কীর্ত্তিং তাদৃক্ বিরাট্ সৃষ্ট্যাদিবর্ণনরূপাং। গিরং বাগিন্দ্রিয়ং ॥ ৩২ ॥
একান্তেতি। কৈবল্যসুখস্যাপ্যতিক্রমাদিতি ভাবঃ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

দৈবকর্ম্মাত্মানঃ কাল কর্ম্ম স্বভাবা স্বীয়শক্তিস্বাত্মরূপাণি তদ্বতঃ। যোগমায়াবলেন উদয়ো যস্য তদেতদ্বিশ্বমুপাকর্ত্তুং সামস্ত্যেন নিরূপয়িতুং কঃ শ্রদ্দধ্যাৎ ইচ্ছেৎ ইচ্ছাপ্যশক্যা নিরূপণং তু দূরত এবেতি ভাবঃ ॥ ৩১ ॥
যথাশ্রুতং গুরুমুখাৎ তত্রাপি যথামতি স্ববুদ্ধ্যা যাবদ্গৃহীতং তাবদেব নতু যদ্যদেব শ্রুতমিত্যর্থঃ। অন্যাভিধা হরিব্যতিরিক্তা কথা তয়া অসতীং মলিনাং স্বীয়াং বাচং সৎকর্ত্তুং পবিত্রীকর্ত্তুং ॥ ৩২ ॥
হরিকথামৃতাব্ধেরপারত্বাৎ সামস্ত্যেন জ্ঞানং ন কস্যাপ্যতো যৎ কিঞ্চিজ্জ্ঞানে এব তৎকীর্ত্তনশ্রবণাভ্যাং লোকাঃ কৃতার্থীভূয় তং প্রাপ্নুবন্তীত্যাহ গুণবাদং গুণকীর্ত্তনমেব একান্ততো লাভমাহু রন্যৎ সর্ব্বং বচসোপচয়মেবেত্যর্থঃ শ্রুতেঃ শ্রোত্রস্যাপি উপাকৃতায়াং কীর্ত্তিতায়াং উপসংপ্রয়োগং সন্নিধাবর্পণং ॥ ৩৩ ॥

ইহারা আত্মশুদ্ধির নিমিত্ত শ্রদ্ধা পূর্ব্বক আপনাদের গুরু সেই ভগবানের আরাধনা করিয়া থাকে। যিনি বর্ণ সকলের গুরু এবং জনক ও বৃত্তিপ্রদ, তাঁহার আরাধনা করা তাহাদের পরম ধর্ম্ম ॥ ৩০ ॥

কিন্তু কাল কর্ম্ম স্বভাব শক্তিমান্ ভগবানের ঐ বিরাড়্রূপ যোগমায়া বলে উজ্জৃম্ভিত হইয়াছে, ইহাতে কোন্ ব্যক্তি তাহা সম্পূর্ণ রূপে বর্ণন করিবার অভিলাষ করিতে পারে ? অর্থাৎ বর্ণন করা দূরে থাকুক তদর্থ ইচ্ছাও অশক্য ॥ ৩১ ॥

তথাপি আমি গুরু প্রমুখাৎ যেমন শুনিয়াছি এবং আমার যেমন মতি তদনুসারে তাঁহার কীর্ত্তি তোমার নিকট কীর্ত্তন করি। বিদুর! এ বিষয়ে আমি প্রবৃত্ত হইতেছি কেন শুনিবে ? অনেক অনেক লোকের নিকট ভগবদ্ব্যতিরিক্ত বিষয় কথনে আমার বাক্য মলিনীভূতা হইয়াছে এক্ষণে ভগবদ্গুণ কথন দ্বারা তাহা পবিত্রিত করিব ॥ ৩২ ॥

হে বিদুর! পুণ্যকীর্ত্তি ভগবানের গুণকীর্ত্তনই পুরুষদিগের বাক্যের একান্ত লাভ। অপর পণ্ডিত গণ কর্ত্তৃক নিরূপিতা তদীয় কথা রূপ সুধায় শ্রোত্রেন্দ্রিয় সন্নিকর্ষই কর্ণের সার্থকতা। ফলতঃ ভগবানের গুণ কীর্ত্তন করিলে পুরুষদিগের অবশ্যই কৈবল্য লাভ হয় ॥ ৩৩ ॥

আত্মনোঽবসিতোবৎস মহিমা কবিনাদিনা। সংবৎসর সহস্রান্তে ধিয়া যোগবিপক্কয়া ॥ ৩৪ ॥
অতো ভাগবতী মায়া মায়িনামপি মোহিনী। যৎ স্বয়ঞ্চাত্মবর্ত্মাত্মা নবেদ কিমুতাপরে ॥ ৩৫ ॥
যতোঽপ্রাপ্য ন্যবর্ত্তন্ত বাচশ্চ মনসা সহ। অহঞ্চান্য ইমে দেবা স্তস্মৈ ভগবতে নমঃ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

নচাতীব জ্ঞানে নির্ব্বন্ধঃ কর্ত্তব্যো ব্রহ্মণোপি দুর্জ্ঞেয়ত্বাদিত্যাহ আত্মনো হরে র্মহিমা যোগবিপক্কয়াপি সংবৎসর সহস্রান্তেপি আদিকবিনা ব্রহ্মণাপি কিং অবসিতঃ ইতি কাকুক্ত্যা এতাবানিতি ন জ্ঞাত এবেত্যুক্তং ॥ ৩৪ ॥

যদ্যস্মাৎ স্বয়মপি আত্মা হরিঃ আত্মবর্ত্ম স্বমায়াগতিং এতাবদিতি নবেদ অনন্তত্বাৎ ॥ ৩৫ ॥

অতো দুর্জ্ঞেয়ত্বাৎ কেবলং নমস্করোতি যত ইতি। যস্য জ্ঞানায় প্রবৃত্তা বাচোপি মনসা সহ তমপ্রাপ্যৈব ন্যবর্ত্তন্ত দুর্জ্ঞেয়ত্বাৎ।

ক্রমসন্দর্ভঃ।

আত্মন ইতি সার্দ্ধকং পরমাত্মনো মহিমা অচিন্ত্যৈশ্বর্য্যাদিরূপঃ। সংবৎসরসহস্রান্তে যোগবিপক্কয়া ধিয়ৈবাবসিতঃ অচিন্ত্যশক্তিত্বেনৈব নিশ্চিতঃ ॥ ৩৪ ॥

অতো যে তু চিন্ত্যত্বেনৈব নিশ্চিন্বন্তি তেষামজ্ঞান্ প্রতি মায়িনাং মোহকারিণামপি ভগবতোমায়া মোহিনী ভবতীত্যর্থঃ। অতঃ কারণাৎ তন্মায়া মায়িনামপি মোহিনীতি সার্দ্ধেনান্বয়ঃ। ভগবত ইত্যত্র ভাগবতীতি ক্বচিৎ পাঠঃ। অচিন্ত্যত্বমেব দর্শয়তি যদিতি সার্দ্ধকেন। যৎ যস্মাৎ স্বয়মপি আত্মা বর্ত্ম স্বরূপৈশ্বর্য্যং ন বেদ সার্ব্বজ্ঞেনাপি ন পরিচ্ছিনত্তি অনন্তত্বাৎ অতস্তস্মৈ নম এব কেবলমিত্যর্থঃ ॥ ৩৫ ॥

তমেব বিশিনষ্টি যত ইতি। নিবর্ত্তন্ত ইতি ক্বচিৎ পাঠঃ ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচাতীব জ্ঞানে নির্ব্বন্ধঃ কার্য্যো ব্রহ্মণোপি দুর্জ্ঞেয়ত্বাদিত্যাহ আত্মনো হরের্মহিমা যোগবিপক্কয়াপি সংবৎসর সহস্রান্তেপি আদিকবিনা ব্রহ্মণাপি কিমবসিতঃ কিং জ্ঞাত ইতি কাকুক্ত্যা এতাবানিতি ন জ্ঞাত ইত্যর্থঃ। যদ্বা অবেত্যস্যাপি অকারলোপে নঞা ন বসিতঃ অবসিত ইতি সিদ্ধং। যদ্বা সংবৎসরসহস্রান্ত এব মহিমা জ্ঞাত ইতি অচিন্ত্যত্বানন্তত্বাভ্যাং দুর্জ্ঞেয়ত্বেন নিশ্চীয়তে তদেব ভগবন্মহিম্নো জ্ঞানং এতাবদিদমিত্থং কারেণ জ্ঞানং তজ্জ্ঞানমেবেতি ভাবঃ। তথাচ শ্রুতিঃ যস্যামতং তস্য মতং মতং যস্য ন বেদ স ইতি ॥ ৩৪ ॥

নন্বাত্মতত্ত্বং জানন্তোঽন্যানপি জ্ঞাপয়ন্তো দার্শনিকা বহব এব দৃশ্যন্তে তত্রাহ অত ইতি। অতঃ কারণাৎ তন্মায়ামায়িনাং বোধয়িতব্যেষু স্বশিষ্যেষু মায়ামেবার্পয়তাং তেষামপি মোহিনী নিশ্চয়েনৈব মোহিনী মুহুরপি সংসারেষু পাতয়িতুমিতি ভাবঃ॥

যদ্যতঃ স্বয়মাত্মা পরমেশ্বরোপি আত্মবর্ত্ম স্বস্বরূপং ন বেদ ন জানাতি অপরে বরাকাঃ কিমুত জানীয়ুঃ ॥ ৩৫ ॥

অতো দুর্জ্ঞেয়ত্বমেব স্থাপয়ন্ নমস্করোতি অপ্রাপ্য অন্তমলব্ধ্বা যতঃ সকাশান্নিবর্ত্তন্তে বাচঃ সমষ্টিব্যষ্টীনাং সর্ব্বেষামপি বাগিন্দ্রিয়াণি মনসা সহেতি মনাংসিচ যদ্বা ব্রহ্মণো মুখান্নির্গতাঃ সর্ব্বে বেদাএব বাচঃ তস্যৈব মনসা সহ অহং অহঙ্কারাধিষ্ঠাতা রুদ্রঃ

বৎস! জ্ঞান দ্বারাই যে কৈবল্য লাভ হইবে এমত নির্ব্বন্ধ করা কর্ত্তব্য হয় না, আদি কবি ব্রহ্মা যোগপক্ক বুদ্ধি দ্বারাও সহস্র বৎসর পর্য্যন্ত চিন্তা করিয়া সেই ভগবানের মহিমার ইয়ত্তা জানিতে পারেন নাই ॥ ৩৪ ॥

অতএব ভগবানের মায়া অতীব দুর্জ্ঞেয়, মায়াবিদিগকেও মুগ্ধ করে, ভগবান্ আপনিই আপনার মায়ার গতি জানিতে পারেন নাই, ইহাতে অপর ব্যক্তিরা কিরূপে তাহার ইয়ত্তা করিতে সমর্থ হইবে? ॥ ৩৫ ॥

হে বিদুর! তাঁহাকে জানিবার নিমিত্ত বাক্য সকল প্রবৃত্ত হইয়াছিল, তাহারা মনের সহিত অন্বেষণ করিয়া তাঁহাকে প্রাপ্ত না হওয়াতে নিবৃত্ত হইয়াছে, কেবল বাক্য মনেরই যে অগোচর এমত

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে পরানুপ্রবেশো নাম ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬ ॥ * ॥

শ্রীশুকউবাচ ॥

এবং ব্রুবাণং মৈত্রেয়ং দ্বৈপায়নসুতো বুধঃ। প্রীণয়ন্নিব ভারত্যা বিদুরঃ প্রত্যভাষত ॥ ১ ॥

শ্রীবিদুর উবাচ ॥

ব্রহ্মন্ কথং ভগবতশ্চিন্মাত্রস্যাবিকারিণঃ। লীলয়া বাপি যুজ্যেরন্ নির্গুণস্য গুণাঃ ক্রিয়াঃ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

ন কেবলং বাঙ্মনসে অহং অহঙ্কারাধিষ্ঠাতা রুদ্রোঽপি ইমে ইন্দ্রিয়াধিষ্ঠাতারো দেবা অপি অন্যেচ ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে ষষ্ঠঃ ॥ * ॥

সপ্তমে সংশয়চ্ছেদি প্রতিনন্দ্য মুনে র্বচঃ। পুনঃ ক্ষত্রা কৃতা নানা প্রশ্নাঃ সম্যগুদীরিতাঃ ॥ ০ ॥

অথ তে ভগবল্লীলা যোগমায়োপবৃংহিতা ইত্যাদিনা মায়াগুণৈ লীলয়া ভগবান্ সৃষ্ট্যাদি করোতি ইত্যেবং ব্রুবাণং ভারত্যা প্রার্থনরূপয়া প্রীণয়ন্ ইবেতি অভিপ্রায়াজ্ঞানেনাক্ষেপাৎ ॥ ১ ॥

নির্ব্বিকারস্য ক্রিয়া নির্গুণস্য গুণাঃ কথং লীলয়েত্যুক্তি প্রয়োজনাভাবং পরিহরতি। ন বস্তুতো বিরোধমিতি ভাবঃ ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্ত ষষ্ঠোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

ইবেতি বাক্যালঙ্কারে ॥ ১ ॥

অথ স্বাভাবিকমায়াশক্ত্যা পরমেশ্বরো বিশ্বসৃষ্ট্যাদিকং করোতি জীবশ্চ তত্র মুহ্যতীতি উক্তং তত্র সন্দেহং প্রশ্নোত্তরাভ্যাং পরি-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইমে দেবা বৃহস্পত্যাদয়শ্চ যতো নিবর্ত্তন্তে কুতঃ অপ্রাপ্য যন্নামরূপ চরিত্রাদীনাং সম্যঙ্মাধুর্য্যগ্রহণাসামর্থ্যাৎ অপারাণাং তেষামন্তপ্রাপ্ত্য সামর্থ্যাচ্চেত্যর্থঃ। শ্রুতিরপ্যাচষ্টে যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহেতি। অত্রাপাদাননির্দ্দেশ এব বাঙ্মনসসংশ্লেষ প্রত্যায়কো নিবৃত্তি স্থলং তত্ত্বেন প্রমাতুমশক্যত্বাদিতি জ্ঞেয়ং। সর্ব্বথৈব বাগাদ্যগম্যত্বং স্বাত্মনো ন ব্যাখ্যেয়ং। বেদৈশ্চ সর্ব্বৈরহমেব বেদ্য ইতি মনসৈবানুদ্রষ্টব্যমেতদমেয়ং ধ্রুবং। তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয় ইত্যাদি শ্রুতিবিরোধাপত্তেঃ ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠোঽধ্যায় স্তৃতীয়েঽস্মিন্ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

সপ্তমে ভগবজ্জীব গতান্যৎ সংশয়চ্ছিদা। ভক্তিজিজ্ঞাসয়াপ্যেপি ক্ষত্তুঃ প্রশ্নাঃ প্রকীর্ত্তিতাঃ ॥ ০ ॥

এবং সাবা এতস্য সংদ্রষ্টুঃ শক্তিঃ সদসদাত্মিকা। মায়া নাম মহাভাগ যয়েদং নির্ম্মমে বিভুঃ। কালবৃত্ত্যাতু মায়ায়াং গুণময্যামধোক্ষজঃ। পুরুষেণাত্মভূতেন বীর্য্যমাধত্ত বীর্য্যবানিত্যাদি ব্রুবাণং ভারত্যা ব্রহ্মংস্ত্বয়া সংসারকূপাদুদ্ধৃত এবাহমিতি মধুরয়া বাচা প্রীণয়ন্ ইবেতি বিদুরমনোগতাক্ষেপস্য সহসৈব মৈত্রেয়েণাবগতত্বান্মৈত্রেয়ং প্রীণয়িতুমশক্নুবন্নিত্যর্থঃ ॥ ১ ॥

চিন্মাত্রস্য গুণাঃ সত্বাদয়ঃ ক্রিয়াঃ সৃষ্ট্যাদয়শ্চ কথং। অত্র চিদ্রূপস্য চিন্ময়স্যেত্যাদিকমপ্রযুজ্য চিন্মাত্রস্যেত্যবধারণবাচি

নহে, অহঙ্কারাধিষ্ঠাতা রুদ্র এবং ইন্দ্রিয়াধিষ্ঠাতা এই দেবগণ তথা অন্যান্য ব্যক্তিও তাঁহার তত্ত্ব অবগত হইতে সমর্থ হন নাই, অতএব তিনি দুর্জ্ঞেয়, তাঁহাকে জানিবার নিমিত্ত চেষ্টা করা বিফল, তাঁহাকে কেবল নমস্কার করি ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে ষষ্ঠ ॥ * ॥

সপ্তমাধ্যায়ে মৈত্রেয় মুনির সংশয় ছেদক বাক্য শ্রবণ করিয়া অভিনন্দনা পূর্ব্বক বিদুর কর্তৃক পুনর্ব্বার নানাবিধ প্রশ্ন ॥ * ॥

শুকদেব কহিলেন মহারাজ! মৈত্রেয় মুনি এই প্রকার কহিলে ব্যাসতনয় বিজ্ঞতম বিদুর প্রার্থনা বাক্য দ্বারা তাঁহার প্রীতি বর্দ্ধন পূর্ব্বক প্রতিবচন দান করিলেন ॥ ১ ॥

তিনি কহিলেন হে ব্রহ্মন্! ভগবান্ চিন্মাত্ররূপী এবং নির্ব্বিকার, তাঁহার গুণ ও ক্রিয়াসম্বন্ধ কি

ক্রীড়ায়ামুদ্যমোঽর্ভস্য কামশ্চিক্রীড়িষান্যতঃ। স্বতস্তৃপ্তস্যচ কথং নিবৃত্তস্য সদান্যতঃ॥ ৩॥

শ্রীধরস্বামী।

অর্ভকবল্লীলাপি ন যুজ্যতে বৈষম্যাদিত্যাহ উদ্যময়তি প্রবর্ত্তয়তীত্যুদ্যমঃ অর্ভকস্য ক্রীড়ায়াং প্রবৃত্তিহেতুঃ কামোঽস্তি। অন্যতস্ত বস্ত্বন্তরেণ বালান্তর প্রবর্ত্তনেন বা। তস্য ক্রীড়েচ্ছা ভবতি ঈশ্বরস্তু স্বতস্তৃপ্তস্ত কথং কামঃ। অন্যতঃ সদা নিবৃত্তস্যচ

ক্রমসন্দর্ভঃ।

হরতি ব্রহ্মন্নিত্যাদিনা। হে ব্রহ্মন্ কথং ভগবতশ্চিন্মাত্রস্ত চিন্মাত্র স্বরূপস্ত স্বতঃ স্বরূপশক্ত্যা ভগবতঃ শ্রীমদ্বৈকুণ্ঠাদিগতভাদৃশৈশ্বর্য্যাদিযুক্তস্য অতএব নির্গুণস্য প্রাকৃতগুণাস্পৃষ্টস্য ততএব চাবিকারিণঃ তাদৃক্ স্বরূপশক্তিবিলাসভূতানাং ক্রিয়াণামনন্তানামপি সদাদিত্বে বানন্তবিধপ্রকাশে তস্মিন্ নিত্যসিদ্ধত্বাৎ তত্তৎক্রিয়াবির্ভাবকর্ত্তুস্তস্যাবস্থান্তরপ্রাপ্তত্বাভাবাৎ প্রাকৃতকর্ত্তুরিব ন নির্বিকারাপত্তিরিতি নির্বিকারস্য কথং সত্ত্বাদয়ঃ প্রাকৃতগুণাঃ কথং বা তদাসঙ্গহেতুকাঃ স্থাপনাদয়ঃ ক্রিয়াশ্চ যুজ্যেরন্ ততশ্চ চিন্মাত্র বস্তু বিরোধাদেব তে চ তাশ্চ ন যুজ্যন্তে ভগবত্ত্বে তু স্বৈরচেষ্টয়াপি ন যুজ্যেরন্নিত্যাহ লীলয়া বাপীতি। অত্রাবিকারিত্বনির্গুণত্বাভ্যাং সহ চিন্মাত্রত্বং ভগবত্ত্বং চেত্যুভয়মপি স্বীকৃত্যৈব পূর্ব্বপক্ষিণা পৃষ্টং ততশ্চ তস্য চিন্মাত্রস্বরূপস্য ভবতু ভগবত্ত্বং তন্মাত্রেঽস্মাকং ন সন্দেহঃ কিন্তু তস্য কথমিতরগুণাদিস্বীকারো যুজ্যত ইত্যেব পৃচ্ছ্যতে ইতি বাক্যার্থঃ। ততশ্চ চিন্মাত্রত্বে ভগবন্মাত্রত্বে চ তস্য তুচ্ছা গুণাঃ ক্রিয়াশ্চ ন সম্ভবন্ত্যেবেতি দ্বিগুণীভূয়ৈব প্রশ্নঃ॥ ২॥

লীলয়া বাপি কথং যুজ্যেরন্নিতি। বিশদয়তি ক্রীড়ায়ামিতি। অধিকারিত্বাদি তত্তদুৎকর্ষহীনস্যার্ভকস্য চিক্রীড়িষারূপঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মাত্র শব্দপ্রয়োগাদচিদংশস্যাপি তত্র রাহিত্যং বোধিতং ততশ্চ সাবা এতস্যেত্যনেন সত্ত্বাদিগুণময্যা মায়ায়া ভগবচ্ছক্তিত্বেনোক্তত্বাচ্ছক্তেশ্চ স্বভিন্নত্বাসম্ভবাৎ বস্তুতো গুণা স্তদীয়া এবেতি তস্য চিন্মাত্রত্বে কথং সত্ত্বাদিজড়গুণবত্ত্বং সত্ত্বাদিজড়গুণবত্ত্বেচ কথং চিন্মাত্রত্বমিত্যাক্ষেপ একঃ। তথা বিকারোহি কালহেতুকো গুণধর্ম্ম এবেতি তস্যতু চিন্মাত্রত্বাদেবাবিকারিত্বে কথং বিকার ব্যঞ্জকক্রিয়াবত্ত্বং ক্রিয়াবত্ত্বেচ কথমবিকারিত্বমিতি দ্বিতীয়ঃ। নম্বেবমসম্ভবন্তোপি গুণাঃ ক্রিয়াশ্চ তস্য স্বৈরলীলত্বাৎ সম্ভবেয়ুস্তত্রাহ লীলয়া বেতি নহি লীলয়েত্যুক্ত্যা বিরোধঃ পরিহর্ত্তুং শক্যতে তস্য তাদৃশলীলত্বে গুণবত্ত্বস্য দুষ্পরিহরত্বাদিতি ভাবঃ। অত্র ভগবত ইতি বিশেষ্যং ভগবানেক আসেদমিতি পূর্ব্বোক্তেঃ সেয়ং ভগবতো মায়েত্যুপরিষ্টাদুক্তেশ্চ ভগবতঃ কথম্ভূতস্য চিন্মাত্রস্য নচ ভগবানেব চিন্মাত্রো নতু ভগ ইতি বাচ্যং যতো ভগস্যাপি ভগবত্ত্বং অপ্রাকৃতত্বং বিষ্ণুপুরাণে দৃষ্টং যথা জ্ঞানশক্তিবলৈশ্বর্য্য বীর্য্যতেজাংস্যশেষতঃ। ভগবচ্ছব্দবাচ্যানি বিনা হেয়ৈর্গুণাদিভিরিত্যত এব দেহদেহি বিভাগোঽত্র নেশ্বরে বিদ্যতে ক্বচিদিত্যুক্ত মতএব ভগশব্দবাচ্যানাং ষড়ৈশ্বর্য্যাণামপি চিন্মাত্রত্বমেব নতু সত্ত্বাদিগুণপরিণামত্বমিতি ভগবত্ত্বং স্বরূপলক্ষণমেব। ভগবত্ত্বস্য মায়িকত্বাৎ তটস্থলক্ষণত্বমিতি ব্যাচক্ষাণা ভ্রান্তাএব। ইন্দ্রস্ত মায়েয়মিতি ইন্দ্রো মায়য়া বৃষভো ভবতীত্যুক্তে ইন্দ্রস্য বৃষরূপত্বমেব স্বমায়াকৃতং প্রতীয়তে নত্বিন্দ্রত্বং যথাতথৈব সেয়ং ভগবতো মায়েতি ভগবানেব মায়য়া বিশ্বং ভবতীত্যুক্ত্যা ভগবতো বিশ্বরূপত্বমেব মায়িকং স্যান্নতু ভগবত্ত্বমিতি যুক্তেশ্চ॥ ২॥

কিঞ্চ লীলয়েত্যুক্ত্যা বিরোধপরিহারো মাস্ত লীলৈব তাবদীশ্বরে হেত্বভাবান্ন ঘটত ইতি সদৃষ্টান্তমাহ ক্রীড়ায়ামিতি উদ্যময়তি প্রবর্ত্তয়তীত্যুদ্যমঃ কাম এবার্ভকস্য স্বাভাবিকঃ ক্রীড়ায়াং প্রবৃত্তিহেতুরস্তি। তথা অন্যতো বালান্তরপ্রবর্ত্তনেনাপি চিক্রীড়িষাস্তি

প্রকারে হইল? যদি বলেন লীলাবশতঃ হইয়া থাকে, তাহাতেও জিজ্ঞাস্য এই বিকার শূন্যের ক্রিয়া এবং নির্গুণের গুণ, লীলা দ্বারাই বা কিরূপে যুক্তি সিদ্ধ হইতে পারে?॥ ২॥

হে মুনে! বালকের ন্যায়ও তাঁহার লীলা যুক্তি সিদ্ধ হইতে পারে না, কারণ বালকদের ক্রীড়ায় যে প্রবৃত্তি হয় তাহার প্রবৃত্তির হেতু অভিলাষ এবং দ্রব্যান্তর অথবা বালকান্তরের প্রবর্ত্তনা থাকে অর্থাৎ তাহাতেই তাহার ক্রীড়ায় প্রবৃত্তি হয়। ঈশ্বর ত স্বতঃ পূর্ণকাম, তাঁহার কোন বাসনা নাই, তবে কি প্রকারে তাঁহার অভিলাষ হইল এবং তিনি সর্ব্বদা অন্য হইতে নিবৃত্ত অর্থাৎ অনন্য প্রযুক্ত

অত্রাক্ষীদ্ভগবান্ বিশ্বং গুণময্যাত্ম মায়য়া। তয়া সংস্থাপয়ত্যেতদ্ভূয়ঃ প্রত্যপিধাস্যতি ॥ ৪ ॥
দেশতঃ কালতো যোসাববস্থাতঃ স্বতোঽন্যতঃ। অবিলুপ্তাববোধাত্মা স যুজ্যেতাজয়া কথং ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

অসঙ্গাদ্বিতীয়স্য কথমন্যতশ্চিৎক্রীড়িবেত্যর্থঃ ॥ ৩ ॥

যচ্চোক্তং স্মরন্ বিশ্বসৃজামীশো বিজ্ঞাপিতমধোক্ষজ ইত্যাদিনা অবিদ্যোপাধে জীবস্য ভোগার্থমীশ্বরঃ সৃষ্ট্যাদি করোতীতি তদপ্যাক্ষেপ্তু মনুবদতি অস্রাক্ষীদিতি। গুণময্যা আত্মনো জীবস্য কর্তৃত্ব ভোক্তৃত্বাদি মোহোৎপাদিকা যা মায়া তয়া সৃষ্টবান্। তদুক্তং প্রথমে যয়া সম্মোহিতোজীব আত্মানং ত্রিগুণাত্মকং। পরোপি মনুতে ঽনর্থং তৎকৃতঞ্চাভিপদ্যতে ইত্যাদিনা অত্রচ অতো ভাগবতী মায়া মায়িনামপি মোহিনীতি। সংস্থাপয়তি পালয়তি প্রত্যপিধাস্যতি প্রাতিলোম্যেন তিরোহিতং করিষ্যতি। প্রত্যভিধাস্যতীতি পাঠান্তরে প্রাতিলোম্যেনাত্মনি অভিতো ধারয়িষ্যতি ॥ ৪ ॥

এতচ্চ জীবস্যাবিদ্যাশ্রয়ত্বে ঘটেত নতু তৎ সম্ভবতীত্যাহ দেশত ইতি। যোসৌ দেশাদিতি রবিলুপ্তাববোধঃ আত্মা জীবঃ ব্রহ্মস্বরূপত্বাৎ স কথমজয়া অবিদ্যয়া যুজ্যেত। তত্র দেশতো দীপপ্রভায়া ইব লোপো নাস্তি সর্ব্বগতত্বাৎ ন কালতো বিদ্যুত ইব নিত্যত্বাৎ। নাবস্থাতঃ স্মৃতিবৎ অবিক্রিয়ত্বাৎ ন স্বতঃ স্বপ্নবৎ সত্যত্বাৎ। নান্যতঃ ঘটাদিবৎ অদ্বিতীয়ত্বাৎ। এবমেতৈ র্যস্য

ক্রমসন্দর্ভঃ।

কামস্তাভ্যামন্যস্য ক্রীড়ায়ামুদ্যমে হেতু র্ভবতি ভগবতস্ত স্বেনাত্মনা স্বরূপবৈভবেন চ তৃপ্তস্যাত এবান্যতঃ সদানিবৃত্তস্যচ কথমসাবন্যতঃ সম্ভবেৎ ॥ ৩ ॥

নচ তস্য তে গুণা স্যুঃ ক্রিয়াশ্চ ন বিদ্যন্ত ইত্যপলপনীয়ং তথৈব প্রসিদ্ধেরিত্যাহ অস্রাক্ষীদিতি। গুণময্যা ত্রৈগুণ্যব্যঞ্জিন্যা আত্মাশ্রিতয়া মায়য়া সংস্থাপয়তি পালয়তি। প্রত্যপিধাস্যতি প্রাতিলোম্যেন তিরোহিতং করিষ্যতি ॥ ৪ ॥

জীবস্য কথং মায়ামোহিতত্বং ঘটেতেত্যাক্ষেপান্তরমাহ দেশত ইতি। যোঽসৌ দেশাদিভিরবিলুপ্তাববোধঃ আত্মা জীবঃ স কথমজয়া অবিদ্যয়া যুজ্যেত। তত্র দেশব্যবধানতো দেশগত দোষতো বা। চক্ষুঃ প্রকাশ ইব। কালতো বিদ্যুদিব। অবস্থাতঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পরমেশ্বরস্য স্বাত্মারামত্বাৎ কথং কামঃ ঈশ্বরান্তরাভাবাৎ। কথমন্যতশ্চিৎক্রীড়িবেত্যাহ স্বতস্তৃপ্তস্যেত্যাদি। অন্যতো নিবৃত্তস্য অন্যরহিতস্য ॥ ৩ ॥

নচ তস্য তে গুণাঃ ক্রিয়াশ্চ নসন্তীত্যপলপনীয়ং তথৈব প্রসিদ্ধেরিত্যাহ অস্রাক্ষীদিতি প্রত্যপিধাস্যতি প্রাতিলোম্যেন তিরোহিতং করিষ্যতি ॥ ৪ ॥

জীবস্যচ কথং মায়ামোহিতত্বং ঘটেতেত্যাক্ষেপান্তরমাহ দেশত ইতি। যোসৌ নিত্যজ্ঞানত্বাৎ দেশাদিভিরবিলুপ্তাববোধ আত্মা জীবঃ স কথমজয়া অবিদ্যয়া যুজ্যেত অজা যোগোথস্তস্যাববোধলোপঃ কথং স্যাদিত্যর্থঃ। তত্র দেশত উষরদেশত উপ্তং বীজ-

অদ্বিতীয়, অতএব তাঁহার ক্রীড়েচ্ছা কি প্রকারে জন্মিল ? ॥ ৩ ॥

হে মুনে! ভগবান্ নারায়ণ জীবের কর্তৃত্ব ভোক্তৃত্বাদি রূপ মোহ উৎপাদিকা যে গুণময়ী মায়া দ্বারা এই বিশ্ব সৃষ্টি করিয়াছেন, সেই মায়া দ্বারাই এই বিশ্বের পালন এবং বিলোমক্রমে ইহাকে তিরোহিত করেন ॥ ৪ ॥

অপর এই যে জীব ইনি ব্রহ্ম স্বরূপ, এ প্রযুক্ত দেশ, কাল, অবস্থা হইতে এবং আপনা হইতে অথবা অন্য হইতে ইহাঁর বোধ শক্তি বিলুপ্ত হয় না, ইনি কি প্রকারে ঐ অবিদ্যায় যুক্ত হইয়া থাকেন ? ফলতঃ ইনি সর্ব্বগত একারণ দীপ প্রভার ন্যায় কোন দেশ হইতে ইহাঁর জ্ঞান বিলুপ্ত হয় না এবং ইনি নিত্য, ইহাতে বিদ্যুতের তুল্য কোন কালে ইহাঁর অভাব নাই, আর ইনি স্মৃতিবৎ অবিক্রিয়। একারণ অবস্থা বিশেষেও অবিদ্যমান নহেন, অপর সত্যত্ব প্রযুক্ত স্বপ্নের ন্যায় স্বতঃ অবর্ত্তমান নহেন

ভগবানেক এবৈষ সর্ব্বক্ষেত্রেষ্ববস্থিতঃ। অমুষ্য দুর্ভগত্বং বা ক্লেশো বা কর্ম্মভিঃ কুতঃ॥ ৬॥

এতস্মিন্ মে মনো বিদ্বন্ খিদ্যতেঽজ্ঞানসঙ্কটে। তন্নঃ পরাণুদ বিভো কশ্মলং মানসং মহৎ॥ ৭॥

শ্রীশুক উবাচ॥

স ইত্থঞ্চোদিতঃ ক্ষত্রা তত্ত্বজিজ্ঞাসুনা মুনিঃ। প্রত্যাহ ভগবচ্চিত্তঃ স্ময়ন্নিব গতস্ময়ঃ॥ ৮॥

শ্রীধরস্বামী।

বোধো ন লুপ্যতে স কথমজয়া যুজ্যেত। অজাচাত্র অবিদ্যৈব ন মায়া তস্যা অববোধেন বিরোধাভাবাৎ॥ ৫॥

কিঞ্চ ব্রহ্মরূপত্বাদেব জীবস্য সংসারোঽপি ন ঘটত ইত্যাক্ষিপতি সর্ব্বক্ষেত্রেষ্ববস্থিতো ভোক্তাপি বস্তুতো ভগবানেব চিদ্রূপত্বেন তদ্ব্যতিরেকাভাবাৎ। এবঞ্চ সতি অমুষ্য জীবস্য দুর্ভগত্বং আনন্দাদি ভ্রংশ কর্ম্মভির্হেতুভিঃ তৈঃ ক্লেশো বা কুতঃ কর্ম্ম সম্বন্ধাভাবাৎ। অন্যথা ঈশ্বরস্যাপি তৎ প্রসঙ্গঃ স্যাদিতি ভাবঃ॥ ৬॥

অজ্ঞানমেব সঙ্কটং দুর্গং তস্মিন্ তন্মানসং কশ্মলং মোহং পরাণুদ অপাকুরু॥ ৭॥

চোদিতঃ আক্ষিপ্তঃ। স্ময়ন্নিব বিস্ময়মাবিষ্কুর্ব্বন্নিব বস্তুতস্তু গতস্ময়ঃ॥ ৮॥

ক্রমসন্দর্ভঃ।

স্মৃতিরিব। স্বতঃ শুক্তিরজতমিব। অন্যতঃ ঘটাদিবস্ত্বিব ন তস্যাববোধো লুপ্যতে অব্যাহতস্বরূপভূতজ্ঞানাশ্রয়ত্বাদেবেত্যর্থঃ॥ ৫॥

তত্রৈব বিরোধান্তরমাহ ভগবানেক এবেতি। এষ একএব ভগবান্ পরমাত্মাপি সর্ব্বক্ষেত্রেষু সর্ব্বস্য জীবস্য ক্ষেত্রেষু দেহেষু অবস্থিতঃ। তত্র সতি কথমমুষ্যৈব ভগবদ্বদেবচিদ্রূপত্বস্বরূপভূতজ্ঞানবত্ত্বাব্যভিচারিণো জীবস্য দুর্ভগত্বং স্বরূপভূতজ্ঞানাদিলোপঃ কর্ম্মভিঃ ক্লেশশ্চ তস্য বা কুতোনাস্তি ন হ্যেকস্মিন্ জলাদৌ স্থিতয়োর্ব্বস্তুনোঃ কস্যচিৎ তৎসংসর্গঃ কস্যচিন্নেতি যুজ্যত ইত্যর্থঃ॥৬॥৭॥৮

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মিব কালতো বিদ্যাদিব অবস্থাতঃ স্মৃতিরিব স্বতঃ স্বপ্ন ইব অন্যতো ঘটাদিরিব যস্য চিদ্বস্তুত্বাদববোধো ন লুপ্তো ভবিতু মর্হতি স কথমবিদ্যয়া বিলুপ্তবিবোধঃ ক্রিয়ত ইত্যর্থঃ॥ ৫॥

নচায়মন্যায়োঽরাজক বৈরাজ্যয়োরিব সংভাবনীয়ো যদজ্ঞা নিরপরাধং জীবং পরাভবেদিত্যাহ সর্ব্বেষামপি জীবানাং ক্ষেত্রেষু দেহেষু ভগবানেষ অবস্থিতঃ অন্তর্যামিরূপেণ স্বয়মেব স্থিতঃ নতু রাজেব স্বরাজ্যেষু স্বপ্রতিনিধিপুরুষদ্বারেত্যর্থঃ। এক এবেতি দ্বৈরাজ্যশঙ্কাপি পরিহৃতা। অতএব তস্মিন্ ভগবতি সর্ব্বপ্রতিপালকে অত্রৈব তিষ্ঠত্যপি অমুষ্য জীবস্য দুর্ভগত্বমানন্দাদি ভ্রংশোবা কর্ম্মভিরাবিদ্যকৈঃ ক্লেশো বা কুতঃ॥ ৬॥

অজ্ঞানমেব শঙ্কটং দুর্গং তস্মিন্ কশ্মলং মোহং পরাণুদ অপাকুরু ন ইত্যস্মদোর্দ্বয়োশ্চেতি বহুবচনং॥ ৭॥

মুনির্ভগবচ্চিত্ত ইতি কথমত্র সমাধাস্য ইতি মননপরো ভগবন্তং সস্মারেত্যর্থঃ। ততশ্চ সহসৈবোপলব্ধার্থঃ স্ময়ন্নিব অহো দুঃসমাধানা ইমে আক্ষেপা ইতি বহির্ব্বিস্ময়ং প্রাপ্নুবন্নন্তস্তু সুসমাধানা এবেমে ইতি বিস্ময়রহিত এবেত্যর্থঃ॥ ৮॥

এবং দ্বিতীয় রাহিত্য হেতু ঘটাদির ন্যায় অন্য হইতেও ইহাঁর অভাব হইতে পারে না অতএব এই সকল দ্বারা যাঁহার বোধ শক্তি লুপ্ত হয় না, তিনি কি প্রকারে অবিদ্যায় যুক্ত হইবেন?॥ ৫॥

অপিচ হে মুনে! ভগবানই জীবরূপে দেহ সকলে অবস্থিত আছেন, একারণ জীব সকল তাঁহার অংশ, ঐ জীবগণের সংসারই বা কি প্রকারে ঘটিতে পারে? অর্থাৎ পরমেশ্বর সকল ক্ষেত্রে অবস্থিত হওয়াতে তিনিই ভোক্তা হইতে পারেন অতএব জীবসকলের দুর্ভগত্ব অর্থাৎ আনন্দ ভ্রংশ এবং কর্ম্ম নিমিত্ত ক্লেশ কোথা হইতে হয়?॥ ৬॥

হে জ্ঞানিশ্রেষ্ঠ! এই অজ্ঞান রূপ দুর্গে আমার মনঃ খিন্ন হইতেছে, অনুগ্রহ করিয়া আমার অন্তঃকরণের এই মহৎ মোহ খণ্ডন করিয়া দিউন॥ ৭॥

শুকদেব কহিলেন মহারাজ! মৈত্রেয় মুনি এই প্রকারে তত্ত্ব জিজ্ঞাসু বিদুর কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া যদিও কোন বিষয়ে তাঁহার বিস্ময় ছিল না তথাচ বিস্ময় প্রকাশ করিয়া কহিলেন॥ ৮॥

শ্রীমৈত্রেয় উবাচ॥

সেয়ং ভগবতোমায়া যন্নয়েন বিরুধ্যতে। ঈশ্বরস্য বিমুক্তস্য কার্পণ্যমুত বন্ধনং॥ ৯॥

শ্রীধরস্বামী।

ভগবতোঽচিন্ত্য শক্তেরীশ্বরস্ত সেয়ং মায়া নয়েন তর্কেণ বিরুদ্ধ্যত ইতি যৎ। তর্কবিরোধমেবানুবদতি বিমুক্তস্যৈব পুংসোঽবিদ্যয়া বন্ধনং কার্পণ্যঞ্চেতি॥ ৯॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র কেবলং চিন্মাত্রত্বং জীবেঽপি ন সম্ভবতীতি ভগবত্ত্বমেবাঙ্গীকৃত্য শ্রীমৈত্রেয় উবাচ সেয়মিতি। যয়া। বিশ্বসৃষ্ট্যাদিকং ভবতি সেয়ং ভগবতোঽচিন্ত্যস্বরূপশক্তের্মায়াখ্যা শক্তিঃ। যৎ যা নয়েন তর্কেণ বিরুদ্ধ্যতে তর্কাতীততয়া সেয়মপ্যচিন্ত্যেত্যর্থঃ। যদ্যপ্যেবং দ্বয়োরপ্যচিন্ত্যত্বং তথাপি ভগবতো মায়েত্যনেন ব্যক্তত্বাৎ স্বরূপশক্তেরন্তরঙ্গত্বাদ্ বহিরঙ্গায়া মায়ায়া গুণৈঃ সত্ত্বাদিভি স্তৎকার্য্যৈঃ স্থাপনাদিভিশ্চ নাসৌ স্পৃশ্যত ইত্যর্থঃ। তন্ত্রেণ চায়মর্থঃ যৎ যস্যা মায়য়া যেন ভগবতা সহ ন বিরুদ্ধ্যতে নাসৌ বিরোধবিষয়ী ক্রিয়ত ইতি যৎ যা যেন ভগবতা ন বিরুদ্ধ্যতে ন সর্ব্বথা নির্ব্বিষয়ীক্রিয়ত ইতি চ। এবমেব ষষ্ঠে নবমাধ্যায়ে। দুরববোধ ইব তবায়ং বিহারযোগো যদশরণোঽশরীর ইদমনবেক্ষিতাস্মৎসমবায় আত্মনৈবাবিক্রিয়মাণেন সগুণমগুণঃ সৃজসি পাসি হরসি ইতি গদ্যেন তস্য সগুণকর্ত্তৃত্বং বিরুদ্ধং। পুনরথ তত্র ভগবান্ কিং দেবদত্তবদিহগুণবিসর্গপতিতঃ পারতন্ত্র্যেণ স্বকৃত কুশলাকুশলফলমুপাদদাতি আহোস্বিদাত্মারাম উপশমশীলঃ সমঞ্জসদর্শন উদাস্ত ইতি হ বাব ন বিদাম ইতি গদ্যেনান্তর্যামিতয়া গুণ বিসর্গপতিতত্বেন জীববদ্ভোক্তৃত্বযোগং সংভাব্য নহি বিরোধ উভয়ং ভগবত্যপরিমিতগুণগণঈশ্বরেঽনবগাহ্যমাহাত্ম্যার্ব্বাচীনবিকল্পবিতর্কবিচারপ্রমাণাভাসকুতর্কশাস্ত্রকলিলান্তঃকরণাশয়দুরবগ্রাহবাদিনাং বিবাদানবসরে উপরতসমস্তমায়াময়ে কেবল এবাত্মমায়ামন্তর্দ্ধায়কোঽন্বর্থো দুর্ঘট ইব ভবতি স্বরূপদ্বয়াভাবাদিতি গদ্যেন তত্র তত্রাবিতর্ক্যশক্তিত্বমেব সিদ্ধান্তে যোজিতং। তত্র স্বরূপ শক্তেরবিতর্ক্যত্বং ভাগবতীত্যাদিভির্ব্বিশেষণৈর্মায়ায়াশ্চাত্মমায়ামিত্যন্তেন দর্শিতং। তত্র স্বরূপদ্বয়াভাবাদিতি। তথাপ্যচিন্ত্যশক্ত্যা তৎকর্ত্তৃত্বং তদন্তঃপাতিত্বঞ্চ ন বিদ্যত ইত্যর্থঃ। সমবিষমমতীনামিতি তু গদ্যং তথাপ্যুচ্চাবচবুদ্ধীনাং তথা তথা স্ফুর-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সা প্রসিদ্ধেয়ং ভগবতো অচিন্ত্যৈশ্বর্য্যস্য মায়া যৎ যা নয়েন তর্কেণ বিরুদ্ধ্যতে অতর্ক্যেত্যর্থঃ। স্বয়মচিদ্রূপাপি চিন্মাত্রস্য ভগবত এব শক্তিরতস্তদীয়াঃ সত্ত্বাদয়োপি ভগবতএব গুণা উচ্যন্তে। তদপি ভগবান্ স্বরূপতো নির্গুণএব। যথা জ্যোতির্মাত্রস্যাপি সূর্য্যস্য মেঘান্ধকারহিমাদয়ো জ্যোতিঃপ্রতিকূলা অপি তস্যৈব ভবন্তি। যতৈথব সূর্য্যাৎ প্রভবন্তীত্যনন্তরং যথা নভস্য স্তু তমঃ প্রকাশা ইতি চতুর্থে। প্রাণাদিভিঃ স্ববিভবৈরুপগূঢ়মন্যো মন্যেত সূর্য্যমিব মেঘহিমোপরাগৈরিতি শ্রীদশমেচ শ্রীনারদোক্তের্দৃষ্টান্তেপ্যত্রাতর্ক্যতৈব। এবমেব স্বরূপতো নির্ব্বিকারস্যৈব ভগবতঃ শক্ত্যা মায়য়ৈব বিশ্বসৃষ্ট্যাদিক্রিয়াঃ শক্তিশক্তিমতোরভেদাৎ। যদুক্তং ভগবতা প্রকৃতি র্যস্যোপাদানমাধারঃ পুরুষঃ পরঃ। সতোভিব্যঞ্জকঃ কালো ব্রহ্ম তৎ ত্রিতয়ন্ত্বহমিতি। তদেব মীশ্বরগতং সংশয়ং ছিত্ত্বা দেশতঃ কালত ইত্যাদিনোক্তং জীবগতমপি সংশয়ং ছিনত্তি ঈশ্বরস্যেতি সার্দ্ধদ্বয়েন। ঈশ্বরস্য স্বরূপ জ্ঞানানন্দাদ্যনুভবসমর্থস্যাপি জীবস্য দুর্ভগত্বাদিকার্পণ্যং তথা বিমুক্তস্যাপি বন্ধনং। যৎ সেয়ং মায়া মায়াবৃত্তিরবিদ্যা অবিদ্যা নিবন্ধন মেবৈতদ্দ্বয়মিত্যর্থঃ। অয়মর্থঃ অজয়া জীবস্য কথং জ্ঞানলোপ ইতি যদুচ্যতে সচ জ্ঞানলোপো যদি সত্যঃ স্যাত্তদা সা অজা স্বশক্তিরপি ভগবতা দণ্ড্যা স্যাৎ কিন্তু স নৈব সত্যঃ যথা হৃদি স্থিতমপি রত্নপদকং বিস্মৃত্য জনেন নাস্তি পদকমিতি খিদ্যতে। যথাচান্যেন কৃতমপি চৌর্য্যং বিভ্রান্তি বশান্ময়ৈব কৃতমিত্যভিমন্যতে তদনন্তরঞ্চ রাজকীয়পুরুষদত্তং তৎফলং দুঃখমপি ভুজ্যত এব তথৈবানাদ্যবিদ্যাসঙ্গবশাৎ জীবেন স্বজ্ঞানানন্দং বিস্মৃত্য দেহাভিমানপ্রাপ্তং দেহধর্ম্মং দুর্ভগত্বাদিকঞ্চ প্রাপ্য যদি ক্লিশ্যতি তর্হি কস্মৈ দোষো দেয় ইতি। অত্র তৎ সঙ্গভ্রংশিতৈশ্বর্য্যং সংসরন্তং কৃতার্থ্যবদিত্যাদিদৃষ্টেঃ কিঞ্চিদৈশ্বর্য্যসংভবাৎ জীবোপীশ্বরশব্দেনোক্তঃ। কেচিৎ পুনরেবং ব্যাচক্ষতে। দেশতঃ কালত ইত্যাদাববিলুপ্তাববোধ আত্মা পরমাত্মা শুদ্ধচৈতন্যরূপঃ সকথমবিদ্যয়া যুজ্যত ইতি পর মতমাশ্রিত্য পূর্ব্বপক্ষিণঃ প্রশ্নস্যোত্তরমাহ সেয়মিতি ইয়মেব ভগবতো মায়া ভবেৎ। মায়ামোহি-

হে বিদুর! বিমুক্তস্বরূপ পরমেশ্বরের অবিদ্যা বন্ধন এবং কার্পণ্য এই যে তর্ক বিরোধ, ইহাই অচিন্ত্য শক্তি ভগবানের সেই মায়া॥ ৯॥

যদর্থেন বিনামুষ্য পুংস আত্মবিপর্য্যয়ঃ। প্রতীয়ত উপদ্রষ্টুঃ স্বশিরশ্ছেদনাদিকঃ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

অত্রোদাহরণমাহ যদ্বথা অর্থেন শিরচ্ছেদাদিনা বিনাপি উপদ্রষ্টুঃ স্বপ্নসাক্ষিণঃ মমেদং শিরচ্ছিন্নং ইত্যাত্ম বিপর্য্যয়ঃ কেবলং

ক্রমসন্দর্ভঃ।

সীতি প্রতিপত্ত্যর্থং জ্ঞেয়ং। দুরববোধ ইবেতি প্রাক্তনগদ্যে স্বশরীর ইতি শারীরচেষ্টাং বিনা অশরণ ইতি ভূম্যাদ্যাশ্রয়ং বিনে-ত্যর্থঃ। অথ তবেত্যাদৌ স্বকৃতেঽপি তস্যাপি হেতুকর্ত্তৃত্বাদ্‌ যোজনীয়ং। তস্মাদত্রাপি স্বরূপশক্তেরেব প্রাবল্যং দর্শিতং। অতএব ঋতেঽর্থং যৎ প্রতীয়েতেত্যাদৌ মায়ায়া আভাসস্থানীয়ত্বং প্রদর্শ্য তদস্পৃশ্যত্বমেব ভগবতো দর্শিতং। ত্বমাদ্যঃ পুরুষঃ সাক্ষাদিত্যাদৌ মায়াং ব্যুদস্য চিচ্ছক্ত্যেত্যনেন চ তথা জ্ঞাপিতং মায়া পরৈত্যভিমুখে চ বিলজ্জমানেত্যনেন চ। তদেবং ভগবতি তদ্বিরোধং পরিহৃত্য জীবেঽপ্যবিদ্যাসম্বন্ধমতর্ক্যত্বেন দর্শিতয়া তন্মায়য়ৈব সমাদধাতি। ঈশ্বরস্তেতি যদিত্যনেনৈব সম্বধ্যতে। অর্থ বশাদত্র চ তৃতীয়য়া পরিণম্যতে। যৎ যয়া ঈশ্বরস্য স্বরূপজ্ঞানাদিভিঃ সমর্থস্ত অতএব বিমুক্তস্য কার্পণ্যং তত্তৎপ্রকাশতিরোভাবঃ। তথা বন্ধনং দর্শিতগুণময়জালপ্রবেশশ্চ ভবতীতি। তদুক্তং তৎসঙ্গভ্রংশিতৈশ্বর্য্যমিতি। তদেতং সর্ব্বমভিপ্রেত্য শ্রুতয়োঽপ্যাহুঃ। স যদজয়া ত্বজামিত্যাদৌ অপেত ভগ ইতি চ। অত্র মূলপদ্যে ভগবতোমায়েত্যনেন ভগবত্ত্বং মায়িকমিত্যায়াতং। ইন্দ্রস্য মায়ে ত্যত্র যথেন্দ্রত্বং। এবং পূর্ব্বত্রাপি জ্ঞেয়ং ॥ ৯ ॥

পুনরপি জীবস্য বস্তুতঃ তত্তদবস্থত্বাভাবেঽপি ভগবন্মায়য়ৈব তত্তৎ প্রতীতিরিতি সদৃষ্টান্তমুপপাদয়তি যদর্থেন বিনামুষ্যেতি। যৎ যস্যা মায়ায়া হেতোঃ অর্থেন বিনাপি। যদ্যপি তস্য কালত্রয়মপি সোঽর্থো নাস্তি তথাপি আত্মবিপর্য্যয়ঃ আত্মবিস্মৃতিপূর্ব্বক পরাভিমানেনাহমেব তদ্ধর্ম্মীত্যেবং রূপঃ যঃ সোঽর্থঃ স্যাৎ তথাহি উপদ্রষ্টুর্জীবস্য। তৃতীয়ার্থে ষষ্ঠী। স্বপ্নাবস্থায়াং জীবেন

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্ত্বং বিনা ঈদৃশঃ প্রশ্নো ন ঘটত ইত্যর্থঃ। যদস্মাৎ নয়েন নীত্যা বিরুদ্ধ্যতে। নীতিবিরোধমেবাহ ঈশ্বরস্য পরমাত্মনোপি মায়ামোহিতত্বেন জীবত্বে সতি কার্পণ্যং বন্ধনঞ্চ নহ্যেকমেব শুদ্ধচৈতন্যং মায়য়া মোহিতং সদেব জীব ইতি তদৈব অমোহিতং সদেব পরমাত্মেতি বক্তুং যুজ্যতে নহি স্বমায়য়া স্বয়ং মোহিতশ্চামোহিতশ্চ যুগপদেব কোপি ভগবতি পরম এবাম্বয়ঃ। তস্মাৎ বৈরেবং পৃচ্ছ্যতে কষ্টসৃষ্ট্যা সমাধীয়তেচ তএব মায়ামোহিতা জ্ঞেয়া ইতি। বস্তুতস্তু পরমাত্মজীবাত্মানৌ সূর্য্যতৎকিরণাবিব জাত্যৈব মিথো বিলক্ষণৌ চৈতন্যাচৈতন্যকণৌ ভবত ইতিসিদ্ধান্তঃ। ছায়াকিরণৌ যথা সূর্য্যাত এব ভবতঃ অথাপি সূর্য্যতুল্য-কণৌ সূর্য্যান্ন ভিদ্যেতে ভিদ্যেতেচ তথৈব মায়াশক্তিজীবশক্তী পরমেশ্বরাদুদ্ভূতে অপ্যনাদী অভিন্নে অপি স্বরূপতো ভিন্নে এব। তথাচ বৈদ্যকে। পুংসোস্তি প্রকৃতির্নিত্যা প্রতিচ্ছায়েব ভাস্বত ইতি। তথাচ শ্রুতিঃ যথাগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্তীত্যেব মেবাত্মন ইতি জীবস্য শক্তিত্বস্তু। অপরেয়মিত স্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাং। জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্য্যতে জগদিতি শ্রীগীতাসূক্তং ॥ ৯ ॥

তত্র ভগবতঃ পৃষ্ঠস্থিতয়া অনাদ্যবিদ্যয়া তমঃ স্বরূপয়া অনাদিবৈমুখ্যরূপ ভগবৎ পৃষ্ঠস্থানাং জীবানাং জ্ঞানং যল্লুপ্যতে তত্র ন বস্তুত্বং কারণং নাপি প্রয়োজনং কিমপ্যস্তি তমসঃ স্বভাব এবায়ং যৎ ক্ষীণ তেজস্বিনস্তেজ স্তেন লুপ্যতে ইত্যাহ যদর্থেনেতি। যৎ যতঃ অর্থেন বস্তুনা কারণেন প্রয়োজনেনচ বিনৈবামুষ্য পুংসো জীবস্য আত্ম বিপর্য্যয়ো জ্ঞানানন্দভ্রংশঃ প্রতীয়তে। অর্থো বিষয়ার্থনয়োর্ধনকারণবস্তুষু। অভিধেয়েচ শব্দানাং নিবৃত্তৌ চ প্রয়োজনে ইতি মেদিনী। অত্র দৃষ্টান্তঃ দ্রষ্টুঃ। স্বপ্নসাক্ষিণ উপ সমীপে মমেদং শিরশ্ছিন্নমিতি শিরসঃ সত্বেপি শিরসোঽভাবঃ স্বপ্নদশায়াং প্রতীয়তে। তথৈব বস্তুতো জ্ঞানানন্দাদি ভ্রংশা ভাবেপ্যবিদ্যাদশায়াং তদ্ভ্রংশঃ প্রতীয়তে। তমসাপি তৈজসস্য স্বর্ণরূপ্যাদেস্তেজো ন লুপ্যতে কিন্তু আব্রিয়তে মাত্রং। তথা বলবত্তেজসা পদ্মরাগাদিনা তমোপি লুপ্যতে যথা তথা ভক্তজীবেনাবিদ্যাপি ভিদ্যতে ইতি জ্ঞেয়ং। দ্বিতীয়ব্যাখ্যায়ান্তু তস্মা-দীশ্বরস্য পূর্ণ সচ্চিদানন্দস্য পরমাত্মনঃ সর্ব্বজ্ঞস্য সর্ব্বব্যাপকস্যাবিদ্যা বন্ধাশঙ্কাপি দোষ এব। সএবাবিদ্যয়া জীবাত্মা সএব বিদ্যা-পগমে পরমাত্মেতি সিদ্ধান্তোপি বহির্মুখতৈব। কিন্ত্বীশ্বরচৈতন্যাজ্জাত্যৈব বিলক্ষণস্য চিৎকণস্যাসর্ব্বজ্ঞস্য তদীয়তটস্থশক্তের্জীব-

যেমন স্বপ্নদ্রষ্টা ব্যক্তির শিরশ্ছেদাদি ব্যতিরেকেও স্বপ্ন কালীন শিরশ্ছেদাদি বিশিষ্ট আত্ম

যথা জলে চন্দ্রমসঃ কম্পাদিস্তৎকৃতোগুণঃ। দৃশ্যতেঽসন্নপি দ্রষ্টুরাত্মনোঽনাত্মনো গুণঃ॥ ১১॥

শ্রীধরস্বামী।

মৃষৈব প্রতীয়তে তদ্বৎ॥ ১০॥

ননু তর্হি ঈশ্বরস্যাপি কিং ন প্রতীয়েত তত্রাহ যথা জলে প্রতিবিম্বিতস্যৈব চন্দ্রমসো জলোপাধিকৃতঃ কম্পাদি ধর্ম্মো দৃশ্যতে নত্বাকাশে স্থিতস্য। তথাঽনাত্মনো দেহাদে র্ধর্ম্মোঽসন্নপি তদভিমানিনো দ্রষ্টুরাত্মনো জীবস্যৈব নত্বীশ্বরস্যেত্যর্থঃ॥ ১১॥

ক্রমসন্দর্ভঃ।

স্বশিরশ্ছেদনাদিকোঽতীবাসম্ভবাঽর্থঃ প্রতীয়তে। নহি তস্য শিরশ্ছিন্নং ন বা স্বশিরশ্ছেদং কোঽপি পশ্যেৎ কিন্তু ভগবন্মায়ৈবান্যত্র সিদ্ধং তদ্রূপমর্থং তস্মিন্নারোপয়তি মায়ামাত্রন্তু কাৎস্ন্যেনানভিব্যক্তস্বরূপত্বাদিতি ন্যায়েন॥ ১০॥

অতএব শুদ্ধস্যাপি সতো জীবস্যোপাধিকেনৈব রূপেণোপাধিধর্ম্মাপত্তিরিতি দৃষ্টান্তান্তরেণোপপাদয়তি যথা জলে ইতি। যথা জলে প্রতিবিম্বিতস্যৈব চন্দ্রমসোঽয়ং জলোপাধিকৃতকম্পাদিধর্ম্মোদৃশ্যতে নত্বাকাশে স্থিতস্য তদ্বদনাত্মনঃ প্রকৃতিরূপোপাধের্ধর্ম্ম আত্মনঃ শুদ্ধস্যাসন্নপি মায়য়া অহমেব সোঽয়মিত্যাবেশাৎ মায়য়োপাধিতাদাত্ম্যাপন্নস্য অহঙ্কারাভাবস্য প্রতিবিম্বস্থানীয়স্য তস্য দ্রষ্টুবাধ্যাত্মিকাদ্যবস্থস্যৈব যদ্যপি স্যাৎ তথাপি শুদ্ধোঽসৌ তদভেদাভিমানেন তং পশ্যতীতি তস্যৈব স্যাদিত্যর্থঃ। তদুক্তমেকাদশে শ্রীভগবতা। নৃত্যতো গায়তঃ পশ্যন্ তথৈবানুকরোতি তান্। এবং বুদ্ধিগুণান্ পশ্যন্নীহোপ্যনুকার্য্যত ইতি তথৈবোক্তং শুদ্ধো বিচষ্টে হ্যবিশুদ্ধকর্ত্তুরিতি বিশব্দস্য চাত্র তদাবেশএব তাৎপর্য্যং তস্মাৎ ভগবতোঽচিন্ত্যস্বরূপান্তরঙ্গমহাপ্রবলশক্তিত্বাদ্বহিরঙ্গয়া প্রবলয়াপ্যচিন্ত্যয়াপি মায়য়া ন স্পৃষ্টিঃ। জীবস্য তু তয়া স্পৃষ্টিরিতি সিদ্ধান্তিতং॥ ১১॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

স্বেবাবিদ্যয়াবদ্ধঃ সচাপ্যবস্তুভূত এবেত্যাহ। যদর্থেনেতি পূর্ব্ববদেব ব্যাখ্যা অমুষ্য পুংসো জীবস্যৈব নত্বস্যাত্মদনুভূতচরস্য পরমাত্মনো হরেরিত্যর্থঃ॥ ১০॥

নন্থ জ্ঞানানন্দাদ্যাবরণং জীবস্য ভবতু নাম। রাগদ্বেষশোকমোহকামাদয়ো ধর্ম্মাস্তেন কুতো লব্ধাস্তত্রাহ যথেতি। অনাত্মনোঽন্তঃকরণস্যৈব গুণঃ শোকমোহাদিঃ দ্রষ্টুরাত্মনো জীবস্যাসন্ তত্র নসম্ভবন্নপি দৃশ্যতে তত্র লিঙ্গদেহাধ্যাসাৎ প্রতীয়তে ইত্যর্থঃ। উপাধিধর্ম্মস্যোপহিতবর্ত্তিত্বেন প্রতীতৌ দৃষ্টান্তঃ। যথা জলে ইতি তৎকৃতঃ জলোপাধিকৃতঃ কম্পাদিশ্চন্দ্রস্য প্রতীয়তে বস্তুতস্তু ন স চন্দ্রস্য কিন্তু জলস্যৈবায়মর্থঃ। জলে যশ্চন্দ্রো দৃশ্যতে সহি চন্দ্রমণ্ডলস্য কিরণপুঞ্জএব নতু চন্দ্রঃ। তথাহি চন্দ্রসূর্য্যাদিকিরণঃ জলস্থ বৃক্ষভিত্তিপাষাণাদিষু প্রসর্পন্নপি তেষু মধ্যে যৎ স্বচ্ছং তত্র লোকৈঃ স প্রতিবিম্বতয়োচ্যতে। চন্দ্রোহি মুখনাসিকাহস্তপাদাদি ভূষণবাহনাদি পরিকরবিশিষ্টত্বেনৈব তত্রত্যা জনৈরনুভূয়তে। সহি ভগবদ্দৃষ্টান্তঃ। সএব স্বস্বরূপভূতকিরণপুঞ্জব্যাপ্তস্তু কিঞ্চিদন্তিকস্থৈঃ কিঞ্চিদ্দূরস্থৈশ্চ কিঞ্চিদ্বিশেষত্বেন নির্ব্বিশেষত্বেন চানুভূয়মানঃ ক্রমেণ পরমাত্মা দৃষ্টান্তো ব্রহ্ম দৃষ্টান্তশ্চ জ্ঞেয়ঃ তদ্বহির্ভূত কিরণ পুঞ্জস্তু মণ্ডলাকার সমষ্টি জীব দৃষ্টান্তঃ তৎ প্রতিবিম্বো জলে দৃশ্যতে স প্রতি বিম্বত্বেন প্রতীয়তে মাত্রং নতু বস্তুতঃ প্রতিবিম্বস্তত্র জলেপি কিরণপুঞ্জস্য সত্যস্যৈব দৃশ্যমানত্বাদতঃ সএব জলোপাধিবর্ত্তী জলধর্ম্মৈঃ কম্পাদিভি র্যথান্বিতস্তথৈবান্তঃকরণধর্ম্মৈঃ শোক মোহাদিভিরন্বিতো জীবস্তদধ্যাসাৎ তদিতস্ততঃ প্রসৃমরাঃ কিরণাস্তু ব্যষ্টিজীবদৃষ্টান্তা জ্ঞেয়া ইতি॥ ১১॥

বিপর্য্যয় মিথ্যা অনুভূত হয়, তাহার ন্যায় জীবের বন্ধন ও কার্পণ্য বস্তুতঃ মিথ্যা হইলেও ঐ মায়া বশতঃ সত্যবৎ প্রতীয়মান হয়॥ ১০॥

কিন্তু দেহধর্ম্ম যে বন্ধনাদি, তাহা জীবেরই হয়, ঈশ্বরের হয় না, যেমন চন্দ্রমণ্ডল জলে প্রতিবিম্বিত হইলেই জলোপাধি কৃত কম্পনাদি ধর্ম্ম যদিও বস্তুতঃ তাহাতে না থাকুক তথাচ তাহা দৃষ্ট হয় কিন্তু আকাশস্থ চন্দ্রে তাহা দেখা যায় না, তাহার ন্যায় অনাত্ম দেহাদির ধর্ম্ম বস্তুতঃ মিথ্যা হইলেও দেহাভিমানি জীবেই তাহা প্রতীয়মান হয় দেহাভিমান রহিত ঈশ্বরে হয় না॥ ১১॥

স বৈ নিবৃত্তিধর্ম্মেণ বাসুদেবানুকম্পয়া। ভগবদ্ভক্তিযোগেন তিরোধত্তে শনৈরিহ ॥ ১২ ॥
যদেন্দ্রিয়োপরামোহথ দ্রষ্ট্রাত্মনি পরে হরৌ। বিলীয়ন্তে তদা ক্লেশাঃ সংসুপ্তস্যেব কৃৎস্নশঃ ॥১৩
অশেষ সংক্লেশ শমং বিধত্তে গুণানুবাদশ্রবণং মুরারেঃ।

শ্রীধরস্বামী।

তন্নিবৃত্ত্যুপায়মাহ স বৈ অনাত্মনো গুণঃ নিবৃত্তিধর্ম্মেণ যা বাসুদেবানুকম্পা তয়াচ তস্মিন্ ভক্তিযোগঃ তেন তিরোধত্তে অদৃশ্যো ভবতি শনৈরিত্যনেন সাধনানুসারেণেত্যুক্তং ॥ ১২ ॥

ননু তর্হি সর্ব্বানর্থ নিবৃত্তিঃ কদেত্যপেক্ষায়ামাহ যদেন্দ্রিয়াণামুপরামো নৈশ্চল্যং। ক দ্রষ্টুরাত্মনি অন্তর্যামি রূপে। অথানন্তর মেব। কৃৎস্ন ক্লেশ বিলয় মাত্রে দৃষ্টান্তঃ সংসুপ্তস্যেবেতি নতু পুনরনুত্থানে ॥ ১৩ ॥

ভক্তিযোগেন ক্লেশ নিবৃত্তিং দর্শয়তি অশেষেতি গুণানামনুবাদঃ শ্রবণঞ্চ আত্মনি মনসি লব্ধা শ্রবণ কীর্ত্তনাপেক্ষয়া সপ্রেম ধ্যানে

ক্রমসন্দর্ভঃ।

স বৈ ইতি। নিবৃত্তিধর্ম্মেণ নিষ্কামত্বভাবেন ভক্তিযোগেন যা বাসুদেবানুকম্পা তয়া শনৈস্তদনুকম্পাতারতম্যেন তিরোধত্তে ॥ ১২ ॥ ১৩ ॥

অত্র ব্রহ্মন্নিত্যাদিদ্বয়ে প্রথমপ্রশ্নাভিপ্রায়োঽয়ং। তত্ত্বদেবতা প্রার্থনে ভবতা যদ্ ব্যঞ্জিতং ভক্তিবশতাময়লীলয়া ভগবান্ সৃষ্ট্যাদৌ প্রবর্ত্তত ইতি তদপ্যঘটমানং বস্তুবিরোধাৎ স্বভাববিরোধাচ্চেতি দেশত ইত্যাদিদ্বয়ে তু তৎপ্রস্তাবত্বেন প্রশ্নান্তরং জ্ঞেয়ং অথোত্তরং উপদেষ্টব্যাবশিষ্টবিজ্ঞানরূপচতুঃশ্লোকী দ্বিতীয়শ্লোকার্থানুসারেণৈব। তত্র সেয়মিত্যত্র ভগবত ইত্যনেনাচিন্ত্যশক্তিত্ব-মেব সিদ্ধান্তঃ। অত্র ভক্ত্যাখ্যশক্তেরপি তাদৃশসামর্থ্যং ব্যঞ্জিতং। যতঃ পুনশ্চ স বৈ নিবৃত্তিধর্ম্মেণেত্যাদিভিঃ সসাধনং রহস্যমুপ-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তর্হি জীবস্য কথং নিস্তারস্তত্রাহ। স অনাত্মনো গুণঃ নিবৃত্তিধর্ম্মেণ নিবৃত্তিধর্ম্ম জন্যেন ভক্তিমিশ্রজ্ঞানেনেত্যর্থঃ। তথা স্বভক্তদ্বারয়া বাসুদেবানুকম্পয়া উদ্ভূতেন ভগবদ্ভক্তিযোগেন তিরোধত্তে। তন্নিবৃত্ত্যুপায়োহি জ্ঞানং বা ভক্তির্বা ভবেদিতি বাক্যার্থঃ। শনৈরিতি সাধনানুসারেণানর্থনিবৃত্তিতারতম্যেনেত্যর্থঃ ॥ ১২ ॥

তর্হি সর্ব্বানর্থনিবৃত্তিঃ কদেত্যপেক্ষায়া মাহ যদেতি তত্র জ্ঞানমতে ইন্দ্রিয়াণাং মনোবৃত্তীনামুপরামো লয়ঃ। সুষুপ্তি ব্যাবৃত্ত্যর্থ মাহ দ্রষ্টুরাত্মন্যন্তর্যামিনি পরে ব্রহ্মণি হরৌ ভগবতি বা জ্ঞানাঙ্গভূতয়া ভক্ত্যা অনুভূয়মানে সতীতি শেষঃ। কৃৎস্নক্লেশবিলয়মাত্রে দৃষ্টান্তঃ। সংসুপ্তস্য সুষুপ্তিং প্রাপ্তস্য যথা ধন পুত্রাদিনাশ দুঃখানি লীয়ন্তে। অথ ভক্তিমতে। হরৌ স্বসৌন্দর্য্যাদিভির্মনোহারিণি যদা ইন্দ্রিয়াণাং চক্ষুঃ শ্রোত্রাদীনাং উপরামো নৈশ্চল্যং ভগবৎসম্বন্ধি সৌন্দর্য্য সৌস্বর্য্য সৌরভ্য সৌকুমার্য্য মাধুর্য্য বৈদগ্ধ্যেষ্বেব চক্ষুঃ শ্রোত্র ঘ্রাণ ত্বগ্ জিহ্বা মনাংসি সর্ব্বথা নিমজ্জন্তি। ন পুনঃ প্রাকৃতরূপশব্দাদ্যাস্বাদং জিঘৃক্ষন্তি হরৌ কথম্ভূতে দ্রষ্ট্রাত্মনি দ্রষ্টৃস্বরূপে স্বীয়ভক্তং কৃপাকটাক্ষবিষয়ং কুর্ব্বন্তীত্যর্থঃ। পরে পরমেশ্বরে প্রকৃতেঃ পরত্রেতি বা। ক্লেশাভাবমাত্রে দৃষ্টান্তঃ। সংসুপ্তস্য নতু স্বপতঃ সুপ্তোত্থিতস্যেত্যর্থঃ। তস্য যথা স্বপ্নদৃষ্টাঃ স্বশিরশ্ছেদনাদি ক্লেশা লীয়ন্ত ইতি ॥ ১৩ ॥

নন্ববিদ্যোপশমার্থ মুক্তয়োর্জ্ঞানভক্তি যোগয়োর্মধ্যে কতরস্য শ্রৈষ্ঠং তত্র ভক্তিরেব শ্রেষ্ঠেত্যাহ অশেষেতি। কিং বেতি কিং পুনরিত্যর্থঃ। সেবায়াং রতি রত্যাশক্তিরিত্যর্থঃ। আত্মলব্ধা স্বেনৈব স্বস্মিন্ বা প্রাপ্তেতি রতেঃ স্বপ্রকাশত্বেনাজন্যত্বং ব্যঞ্জিতং।

পরন্তু নিবৃত্তি ধর্ম্ম দ্বারা ভগবান্ বাসুদেবের অনুকম্পা হইলে জীবের সেই দেহাভিনিবেশ ভগবদ্ভক্তিযোগে ক্রমে ক্রমে তিরোহিত হয় ॥ ১২ ॥

অপর যে সময়ে সুষুপ্তি প্রাপ্ত ব্যক্তির ইন্দ্রিয় সকলের তুল্য ইন্দ্রিয়গণ দ্রষ্টার অন্তর্যামি স্বরূপ আত্মাতে বিলীন হইয়া সর্ব্বতো ভাবে নিশ্চল থাকে তৎকালে সমস্ত ক্লেশ লয় প্রাপ্ত হয় ॥ ১৩ ॥

আর ভগবান্ মুরারির গুণানুবাদে এবং গুণ কথা শ্রবণেও অশেষ ক্লেশের উপশম হয়, আর অধিক কি বলিব, যদিস্যাৎ তদীয় পাদপদ্মের মকরন্দ সেবা বিষয়া রতি মনো মধ্যে লাভ করিতে পারা যায়

কিম্বা পুন স্তচ্চরণারবিন্দপরাগসেবা রতিরাত্মলব্ধা ॥ ১৪ ॥

শ্রীবিদুর উবাচ ॥

সংছিন্নঃ সংশয়োমহ্যং তব সূক্তাসিনা বিভো। উভয়ত্রাপি ভগবন্মনো মে সংপ্রধাবতি ॥ ১৫ ॥

সাধ্বেতদ্ব্যাহৃতং বিদ্বন্নাত্মমায়ায়নং হরেঃ। আভাত্যপার্থং নির্মূলং বিশ্বমূলং ন যদ্বহিঃ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

কিং পুনর্ন্যায়োক্তিঃ ॥ ১৪ ॥

উত্তরমভিনন্দন্নাত্মনঃ কৃতার্থতামাবিষ্করোতি সংছিন্ন ইতি ষড়্ভিঃ। চিদ্রূপত্বাবিশেষেপি কথমীশ্বরস্য জগৎ কর্তৃত্বাদি কথং বা জীবস্য সংসার ইতি যঃ সংশয়ো মমাসীৎ স তব সূক্তং সোপপত্তিকং বাক্যমেবাসিঃ খড়্গঃ তেন সংছিন্নঃ অত ইদানীং মে মন উভয়ত্রাপি ঈশ্বর স্বাতন্ত্র্যে জীব পারতন্ত্র্যেচ সংপ্রধাবতি সম্যক্ প্রবিশতি। এবং বা অবিলুপ্তাববোধ রূপস্যাত্মনঃ কথমবিদ্যয়া বন্ধঃ কুতো বা তন্নিবৃত্তিরিতি সংশয়ঃ উভয়ত্রেতি বন্ধেমোক্ষে চেত্যর্থঃ ॥ ১৫ ॥

হে বিদ্বন্ যস্মাত্ত্বয়া সাধু ব্যাহৃতং কিং তৎ হরেঃ শক্তি র্যা আত্ম জীবমায়া বিষয়া তদয়নং তদাশ্রয়মেতৎ দুর্ভগত্বাদিকং ভাতীতি।

ক্রমসন্দর্ভঃ।

দিষ্টং যত্রৈব কুতঃ পুনরিত্যস্মিমার্দ্ধে কৈমুত্যেন তৎসেবারতেঃ ফলমশেষসংক্লেশ শমনমাত্রং ন ভবতি কিন্তু পূর্ব্বোক্তরীত্যা শ্রীভগবদ্বশীকরণমেবেতি চ দ্যোতিতং ॥ ১৪ ॥

অতএবাহ সংছিন্ন ইতি। উভয়ত্র ঈশ্বরে জীবে চ। জ্ঞানবিজ্ঞানরূপে জ্ঞানে প্রেমনি তৎসাধনরূপায়াং ভক্তৌ চেত্যর্থঃ সংপ্রধাবতি সম্যক্ প্রবিশতি ॥ ১৫ ॥

সংশয়চ্ছেদনে হেতুমবধারিতার্থমেবানুবদতি সাধ্বিতি পঞ্চভিঃ। হরেরাত্মাধীনমায়য়া অয়নমচিন্ত্যা গতিরিত্যেতৎ সাধ্বেব

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সাধনভক্তিরেবাবিদ্যামুপশময়তি কিং পুনস্তৎসাধ্যা রতি রিতি রতের্মুখ্যং ফলমবিদ্যোপশমো ন ভবতি কিন্তু ভগবদ্বশীকার ইতি ভাবঃ ॥ ১৪ ॥

মহ্যং মম মাং বোধয়িতুং তব যৎ সূক্তং তদেবাসি স্তেন উভয়ত্র ঈশ্বরে জীবে চ সংপ্রধাবতি সবিবেকং প্রবিশতি ॥ ১৫ ॥

নমু মম সূক্তং ত্বয়া কীদৃশমবধারিতং তত্রাহ হে ব্রহ্মন্ সাধু যথাস্যাৎ তথা ত্বয়া ব্যাহৃতং কিং তৎ। হরের্বহিরঙ্গা শক্তি র্যা আত্মমায়া তদাশ্রয়মেব এতৎ। ভগবতো নির্গুণস্যাপি গুণবত্ত্বং তৈগুণৈঃ সৃষ্ট্যাদিকর্তৃত্বঞ্চাভাতি। অপার্থং নিষ্প্রয়োজনং তস্যাত্মারামত্বাৎ। নির্মূলং নিষ্কারণং তস্য প্রযোজকান্তরাভাবাদতর্ক্যমেবেতীশ্বর গতং ত্বয়া ব্যাহৃতং। তথা এতজ্জীবস্যাঽবিদ্যা বন্ধনং তদুত্থদুর্ভগত্বাদিকঞ্চাত্মমায়ায়নমেব। নিষ্প্রয়োজনং নিষ্কারণমবস্তু চেতি জীবগতঞ্চ ব্যাহৃতমিতি। তস্মেণেয়ং বিদুরোক্তিঃ

তাহা হইলে তাহা কি না করিতে পারে অর্থাৎ মনুষ্যেরা যদি ভগবানে ভক্তি করে তাহা হইলে তাহাতেই তাহাদের সমস্ত ক্লেশের নিবৃত্তি হইবে ॥ ১৪ ॥

মৈত্রেয় মুনির এই সকল বাক্য শ্রবণ করিয়া বিদুর আপনার কৃতার্থতা প্রকাশ করত কহিতে লাগিলেন। হে বিভো! ঈশ্বর এবং জীব দুই জ্ঞান স্বরূপ, তাহাতে ঈশ্বরের জগৎ কর্তৃত্ব এবং জীবের সংসার এরূপ বৈষম্য কেন হয়,আমার এই রূপ যে সংশয় হইয়াছিল আপনার যুক্তি যুক্ত বাক্য রূপ খড়্গ দ্বারা তাহা সংছিন্ন হইল। হে বিভো! এক্ষণে আমার মনঃ ঈশ্বরের স্বাতন্ত্র্য এবং জীবের পারতন্ত্র্য এই দুই বিষয়েই সম্যক্‌রূপে প্রবিষ্ট হইতেছে অর্থাৎ দুই সম্ভাব্য এমত বোধ হইতেছে ॥১৫

হে পণ্ডিতবর! ভগবানের জীব বিষয়ে যে মায়া তাহাকেই আশ্রয় করিয়া দুর্ভগত্বাদি প্রকাশ পায়, আপনি এই যে বলিলেন ইহা অতি উত্তম, কারণ ঐ দুর্ভগত্বাদি মনুষ্যের স্বপ্নযোগে স্বশির শ্ছেদন দর্শনাদির তুল্য অবস্তু মাত্র, অতএব তাহা মূল শূন্য। হে ব্রহ্মন্! প্রকৃত আছে এই বিশ্বের

যশ্চ মূঢ়তমো লোকে যশ্চ বুদ্ধেঃ পরং গতঃ। তাবুভৌ সুখমেধেতে ক্লিশ্যত্যন্তরিতো জনঃ ॥ ১৭
অর্থাভাবং বিনিশ্চিত্য প্রতীতস্যাপি নাত্মনঃ। তাঞ্চাপি যুষ্মচ্চরণসেবয়াহং পরাণুদে ॥ ১৮ ॥
যৎ সেবয়া ভগবতঃ কূটস্থস্য মধুদ্বিষঃ। রতিরাসো ভবেত্তীব্রঃ পাদয়ো র্ব্যসনার্দ্দনঃ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

যদ্যস্মাৎ স্বশিরশ্ছেদাদি বৎ অপার্থমবস্তু ভূতং মূল শূন্যঞ্চ। যস্মাদস্য বিশ্বস্য বিশ্বমূলং স্বাজ্ঞানং বহির্বিনা নাস্তি ॥ ১৬ ॥

অল্পজ্ঞত্বাৎ পূর্ব্বং মম সংশয়ো জাত ইত্যাহ যশ্চেতি মূঢ়তমঃ দেহাদ্যাসক্তঃ বুদ্ধেঃ প্রকৃতেঃ পরমীশ্বরং প্রাপ্তঃ তৌ সুখং যথা ভবতি তথা এধেতে জীবত ইত্যর্থঃ। সংশয় ক্লেশাভাবাৎ। যস্তু দুঃখানু সন্ধানেন প্রপঞ্চং জিহাসতি। স্বানন্দ সংবেদনাভাবাচ্চ হাতুং ন শক্নোতি। স তু ক্লিশ্যতীত্যর্থঃ ॥ ১৭ ॥

ইদানীন্তু কৃতার্থোস্মি যতস্ত্বয়া সংশয়শ্ছিন্নঃ। কেবলং বাধিতানুবৃত্তি রেবাবশিষ্টা সাপি যুষ্মৎ প্রসাদান্নিবর্ত্তিষ্যত ইত্যাহ নাত্মনঃ অনাত্মনঃ প্রপঞ্চস্য প্রতীতস্যাপি অর্থাভাবং অর্থোঽত্র নাস্তি কিন্তু প্রতীতিমাত্রমিতি যুষ্মচ্চরণ সেবয়া নিশ্চিত্য তাং প্রতীতিমপ্যহং পরাণুদে অপনেষ্যামীত্যর্থঃ ॥ ১৮ ॥

মধুদ্বিষঃ পাদয়োরতিরাস প্রেমোৎসবঃ তীব্রো দুর্ব্বারঃ স্বাভাবিক ব্যসনং সংসারং অর্দ্দয়তি নাশয়তীতি তথা ॥ ১৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

ব্যাখ্যাতং যদ্ যস্মাদ্ বহির্ব্বিনা অপার্থমবস্তুভূতং মূলশূন্যঞ্চ মূলং তদধ্যাসহেতুরজ্ঞানং জীবানামপি নাস্তীতি ॥ ১৬ ॥

মূঢ়তমঃ সারাসারবিবেকরহিতঃ সুখমেধেতে সংশয়ক্লেশরহিতৌ ভবতঃ। অন্তরিতঃ সংশয়িতঃ ॥ ১৭ ॥ ১৮ ॥

প্রপঞ্চপ্রতীতিপরাণোদনমাত্রং কিয়ৎ। যতঃ যৎসেবয়েতি। ব্যসনার্দ্দন ইত্যানুষঙ্গিক এবাসৌ যস্য গুণ ইত্যর্থঃ ॥ ১৯ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শব্দব্রহ্মাত্মনস্তস্য ব্যক্তাব্যক্তাত্মনঃ পরঃ। ব্রহ্মাবভাতি বিততো নানাশক্ত্যুপবৃংহিতঃ ॥ ৩১ ॥
ততোঽপরামুপাদায় স সর্গায় মনোদধে ॥ ৩২ ॥
ঋষীণাং ভূরি বীর্য্যাণামপি সর্গমবিস্তৃতং। জ্ঞাত্বা তদ্ধৃদয়ে ভূয়শ্চিন্তয়ামাস কৌরব।
অহো অদ্ভুতমেতন্মে ব্যাপৃতস্যাপি নিত্যদা। নহ্যেধন্তে প্রজা নূনং দৈবমত্র বিঘাতকং ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

স্বরঃ অকারাদি উষ্মাণঃ শ ষ স হ চতুষ্কং। অন্তস্থাঃ য র ল বাঃ।। সপ্তস্বরাঃ ষড়্জাদয়ঃ। বিহারেণ ক্রীড়য়া ॥ ৩০ ॥

অতএব শব্দ তনুস্বাদ্ব্রহ্মণঃ পরমেশ্বরো নিত্যং প্রকাশতে ইত্যাহ ব্যক্তা বৈখরী অব্যক্তঃ প্রণব স্তদাত্মন স্তস্য ব্রহ্মণঃ পরঃ পরমেশ্বরঃ আবির্ভাতি কীদৃশঃ ব্রহ্ম পরিপূর্ণঃ। তত্রাব্যক্তাত্মনো ব্রহ্মরূপোঽবিততো হ্যবভাতি। ব্যক্তাত্মনো নানাশক্ত্যুপবৃংহিত ইন্দ্রাদিরূপোঽবভাতি ॥ ৩১ ॥

যা পূর্ব্বং বিসৃষ্টা সতী নীহারং তমোঽভবৎ ততোঽপরাং অনিষিদ্ধ কামাসক্তাং তনুং শব্দব্রহ্ম তনুস্ত সদাস্ত্যেব ॥ ৩২ ॥

তনুান্তর গ্রহণে কারণমাহ ঋষীণামিত্যাদিনা ॥ ৩৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

শব্দ ব্রহ্মেতি। ব্যক্তাব্যক্তৌ বৈখরীপ্রণবৌ ; তত্তদাত্মকাৎ সর্ব্বস্মাদপি বেদাস্তস্য পরমেশ্বর এবাভাতি। স এব চ ব্রহ্ম পরিপূর্ণরূপঃ। তত্র হেতুঃ স্বরূপতোবিততঃ শক্তিশ্চ নামেতি ॥ ৩১ ॥ ৩২ ॥ ৩৩ ॥ ৩৪ ॥ ৩৫ ॥ ৩৬ ॥ ৩৭ ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যরলবাঃ সপ্তস্বরাঃ ষড়্জাদয়ঃ বিহারেণ ক্রীড়য়া ॥ ৩০ ॥

পরমেশ্বরস্ফূর্ত্ত্যৈব ব্রহ্মণস্তেজস্বিত্বমধিকমিত্যাহ শব্দব্রহ্ম বেদ স্তন্ময়এব আত্মা দেহো যস্য তস্য। যতো ব্যক্তা বৈখরী অব্যক্তঃ প্রণবস্তদাত্মনস্তস্য ব্রহ্মণ উপাস্যত্বেন পরঃ পরমেশ্বরঃ আভাতি সম্যক্ স্ফুরতি। স এব নির্ব্বিশেষ শুদ্ধজ্ঞানগম্যত্বেন ব্রহ্ম। স বিশেষ শুদ্ধজ্ঞানগম্যত্বেন নানাশক্ত্যুপবৃংহিতো ভগবানিত্যতস্তস্য কন্যানুগমন জন্যমালিন্যং নাস্তীতি সাধিতং ॥ ৩১ ॥

যা পূর্ব্বং বিসৃষ্টা সতী নীহারং তমোঽভবৎ ততোঽপরামনিষিদ্ধকামাসক্তাং তনুং শব্দ ব্রহ্ম তনুস্তু সদা অস্ত্যেব ॥ ৩২ ॥

নমু তেন পূর্ব্বসৃষ্টা মরীচ্যাদয়এব বহুতরাঃ প্রজাঃ সৃজন্তীতি সর্গে তস্যালং পুনঃ প্রযত্নেনেত্যত আহ ঋষীণামিতি ॥ ৩৩ ॥

রাদি বর্ণ বলিয়া বিখ্যাত হইল। আর তাঁহার ইন্দ্রিয় সকল উষ্মবর্ণ শ ষ স হ এবং তাঁহার বল, অন্তস্থ বর্ণ য র ল ব হইল। অপর তাঁহার ক্রীড়া হইতে ষড়জ প্রভৃতি সপ্তস্বর জন্মিল ॥ ৩০ ॥

অপর সেই ব্রহ্মা শব্দমূর্ত্তি এবং ব্যক্ত অর্থাৎ বৈখরী নামিকা বাক্যরূপা ভাষা ও অব্যক্ত অর্থাৎ প্রণব এই উভয়াত্মক, অতএব ঐ প্রণব হইতে পরিপূর্ণ স্বরূপ পরমেশ্বর নিত্যই আবির্ভূত হয়েন অর্থাৎ তাঁহার অব্যক্ত মূর্ত্তি হইতে নানা শক্তি ইন্দ্রাদি দেবতা প্রকাশিত হয়েন ॥ ৩১ ॥

সে যাহা হউক, ঐ ব্রহ্মা পূর্ব্বে যে মূর্ত্তি ধারণ করিয়াছিলেন তাহা নীহার ময় তমো হওয়াতে তদ্ভিন্ন অন্য একটী মূর্ত্তি গ্রহণ করেন, ঐ মূর্ত্তিতে কামাদ্যাসক্তি নিষিদ্ধ ছিল না, তদনন্তর তিনি সৃষ্টি বিষয়ে মনোনিবেশ করিলেন ॥ ৩২ ॥

ব্রহ্মার দেহান্তর গ্রহণের কারণ এই, তিনি দেখিলেন মহাবীর্য্যশালি ঋষিগণের সৃষ্টিও বিস্তৃত হইল না, অতএব হে কৌরব্য! তিনি বিস্ময় প্রকাশ পূর্ব্বক মনোমধ্যে চিন্তা করিলেন, অহো! একি আশ্চর্য্য! আমি সর্ব্বত্র ব্যাপ্ত হইয়া রহিয়াছি, তথাচ আমার প্রজা নিত্য বৃদ্ধিশীল হইতেছে না, এখন আমার নিশ্চয় বোধ হইল এ বিষয়ে দৈবই প্রতিকূল আছেন ॥ ৩৩ ॥

এবং যুক্তকৃতস্তস্য দৈবঞ্চাবেক্ষতস্তদা। কস্য রূপমভূদ্দ্বেধা যৎ কায়মভিচক্ষতে।
তাভ্যাং রূপবিভাগাভ্যাং মিথুনং সমপদ্যত ॥ ৩৪ ॥
যস্তু তত্র পুমান্ সোঽভূন্মনুঃ স্বায়ম্ভুবঃ স্বরাট্। স্ত্রী যাসীচ্ছতরূপাখ্যা মহিষ্যস্য মহাত্মনঃ ॥ ৩৫ ॥
তদা মিথুনধর্ম্মেণ প্রজা হ্যেধাং বভূবিরে ॥ ৩৬ ॥
সচাপি শতরূপায়াং পঞ্চাপত্যান্যজীজনৎ। প্রিয়ব্রতোত্তানপাদৌ তিস্রঃ কন্যাশ্চ ভারত।
আকূতি র্দেবহূতিশ্চ প্রসূতিরিতি সত্তম। আকূতিং রুচয়ে প্রাদাৎ কর্দ্দমায় তু মধ্যমাং ॥ ৩৭ ॥
দক্ষায়াদাৎ প্রসূতিঞ্চ যত আপূরিতং জগৎ ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুর-মৈত্রেয় সম্বাদে সৃষ্টিবর্ণনং দ্বাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১২ ॥ * ॥

শ্রীধরস্বামী।

যুক্তকৃতঃ যথোচিতং কুর্ব্বতঃ। অতএব কস্য ব্রহ্মণঃ ইদং দ্বিধাভূতং ইত্যাশ্চর্য্যাৎ কায়মদ্যাপি অভিচক্ষতে ॥ ৩৪ ॥
যা স্ত্রী সাঽস্য মহিষ্যাসীৎ ॥ ৩৫ ॥
এধাংবভূবিরে বৃদ্ধিং প্রাপ্তাঃ ॥ ৩৬ ॥
তদেবাহ স চাপীতি ॥ ৩৭ ॥ যতঃ যাসাং সন্ততিভিঃ ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে দ্বাদশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য দ্বাদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যুক্তকৃতঃ যথোচিতং কুর্ব্বতঃ। দৈবং স্বীয় দিষ্টমেবাবেক্ষমাণস্য কস্য ব্রহ্মণঃ রূপং একমেব দ্বিধা একং শ্মশ্রুযুক্তমপরং কুচদ্বয়যুক্তমিতি দ্বিবিধমভূৎ। যদুভয়মপি কায়ং কসম্বন্ধিত্বাৎ কায়শব্দবাচ্যং নড়াদিত্বাৎ যন মলোপশ্ছান্দসঃ ॥ ৩৪। ৩৫। ৩৬ ॥
সচ স্বায়ম্ভুবঃ ॥ ৩৭ ॥
যতঃ যাসাং সন্ততিভিঃ ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। তৃতীয়ে দ্বাদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

এইরূপ চিন্তা করিয়া যাহা কর্ত্তব্য তাহাই করিলেন এবং ঐ দৈবের প্রতিও দৃষ্টি রাখিলেন। ঐ প্রকার ভাবনা করিতে করিতে ব্রহ্মার ঐ মূর্ত্তি আপনা হইতে অত্যাশ্চর্য্য রূপে দুই ভাগে বিভক্ত হইল, তাহাতেই অদ্যাপি লোকে তাঁহার মূর্ত্তিকে কায় বলিয়া থাকে, সে যাহা হউক ঐ দুই অংশ দ্বারা তিনি মিথুন অর্থাৎ স্ত্রী পুরুষ হইলেন ॥ ৩৪ ॥

তন্মধ্যে যিনি পুরুষ তিনি স্বায়ম্ভুব মনু হইলেন, আর যিনি স্ত্রী তাঁহার নাম শতরূপা হইল, ঐ স্ত্রী মহাত্মা মনুর মহিষী হইলেন ॥ ৩৫ ॥

তদবধি মিথুন অর্থাৎ স্ত্রী পুরুষের পরস্পর সহযোগ দ্বারা প্রজা সকল বৃদ্ধি প্রাপ্ত হইতে লাগিল ॥৩৬

হে সাধো! উক্ত মনু শতরূপা নাম্নী মহিষীতে পাঁচটী অপত্য উৎপাদন করেন, তন্মধ্যে পুত্র দুই এবং কন্যা তিন। পুত্রদ্বয়ের নাম প্রিয়ব্রত এবং উত্তানপাদ। কন্যাত্রয়ের নাম আকূতি, দেবহূতি এবং প্রসূতি। মনু আকূতিকে রুচি মুনিকে প্রদান করেন এবং মধ্যমা দেবহূতির কর্দ্দম ঋষির সহিত বিবাহ দেন ॥ ৩৭ ॥

আর প্রসূতিকে দক্ষ প্রজাপতির হস্তে সম্প্রদান করেন, ইহাঁর সন্তানেই জগৎ পরিপূর্ণ হয় ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে দ্বাদশ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

নিশম্য বাচং বদতো মুনেঃ পুণ্যতমাং নৃপ। ভূয়ঃ পপ্রচ্ছ কৌরব্যো বাসুদেবকথাদৃতঃ ॥ ১ ॥

শ্রীবিদুর উবাচ ॥

স বৈ স্বায়ম্ভুবঃ সম্রাট্ প্রিয়ঃ পুত্রঃ স্বয়ম্ভুবঃ। প্রতিলভ্য প্রিয়াং পত্নীং কিং চকার ততো মুনে ॥ ২

চরিতং তস্য রাজর্ষেরাদিরাজস্য সত্তম। ব্রূহি মে শ্রদ্দধানায় বিষ্বক্‌সেনাশ্রয়ো হ্যসৌ ॥ ৩ ॥

শ্রুতস্য পুংসাং সুচিরশ্রমস্য নন্বঞ্জসা সূরিভিরীড়িতোঽর্থঃ।

তত্তদ্গুণানুশ্রবণং মুকুন্দপাদারবিন্দং হৃদয়েষু যেষাং ॥ ৪ ॥

শ্রীশুক উবাচ ॥

শ্রীধরস্বামী।

ত্রয়োদশে সিসৃক্ষায়াং মনোরাকস্মিকাপ্লুতাং। ধরামুদ্ধর্ত্তুমুদ্ভূতাৎ ক্রোড়াদ্দৈত্যোক্তসূদনং ॥ ১ ॥

স্বয়ম্ভুবঃ পুত্রঃ তদ্দেহাংশত্বাৎ ॥ ২ ॥

বিষ্বক্‌সেনো হরিরেবাশ্রয়ো যস্য সঃ ॥ ৩ ॥

অতস্তস্য চরিতং শ্রোতব্যমিত্যাহ। সুচিরং শ্রমো যস্মিন্ তস্য পুংসাং শ্রুতস্য অয়মেবার্থ ঈড়িতঃ স্তুতঃ। নন্বু যৎ মুকুন্দপাদারবিন্দং যেষাং যেষাং হৃদয়েষস্তি তেষাং তেষাং গুণানুশ্রবণং ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

আদৃতি রস্তাস্তীত্যাদৃতঃ সাদর ইত্যর্থঃ অর্শ আদিত্বাদচ্ ॥ ১ । ২ । ৩ । ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্রয়োদশে মনোর্বাচা ধ্যায়তো ব্রহ্মণো নসঃ। উত্থায় গাং গতঃ ক্রোড়ো গামুদ্দধ্রে দ্বিজৈঃ স্তুতঃ ॥ ০ ॥

আদৃতিরস্তাস্তীত্যর্শ আদ্যচ্ আদৃতঃ সাদর ইত্যর্থঃ। যদ্বা কথয়ৈব কর্ত্র্যা মামসৌ বিদুরঃ শৃণোতু। মন্মাধুর্য্যমেতৎ কর্ত্তৃকাস্বাদাৎ সার্থকং ভবত্বিত্যাদৃতঃ। যদ্বা কথায়ামাদৃতঃ বক্তৃভিঃ শ্রোতৃভিশ্চেত্যর্থাৎ ॥ ১ । ২ । ৩ ॥

বৈষ্ণবকথাশ্রবণং বিনা বিদুষামপি বিদ্যা বিফলা ভবতীত্যাহ। সুচিরং শ্রমো যস্মিন্ তস্য গুরুমুখাৎ শ্রুতস্য শাস্ত্রাদ্যধ্যয়নস্যেত্যর্থঃ। অয়মেবার্থঃ প্রয়োজনং। ঈড়িতঃ স্তুতঃ তদন্যস্তু নিন্দিত ইত্যর্থঃ। সচ কঃ যেষাং যেষাং হৃদয়েষু কৃষ্ণপাদপদ্মং বর্ত্ততে তেষাং তেষাং গুণানুশ্রবণকীর্ত্তনাদীত্যর্থঃ ॥ ৪ ॥

ত্রয়োদশ অধ্যায়ে ব্রহ্মার আদেশানুসারে স্বায়ম্ভুব মনু লোক সৃজনার্থ প্রবৃত্ত হইলে বরাহ দেব কর্ত্তৃক জলমগ্না ধরার উদ্ধার এবং আদিদৈত্য হিরণ্যাক্ষের বধ সূচনা ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! কুরুশ্রেষ্ঠ বিদুর মৈত্রেয় মুনির প্রমুখাৎ এই সকল পুণ্যতমা কথা শ্রবণ করিয়া ভগবান্ বসুদেবের কথায় অনুরাগ প্রকাশ করত পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন ॥ ১ ॥

মুনে! ব্রহ্মার প্রিয়তম পুত্র সম্রাট্ স্বায়ম্ভুব মনু, প্রিয়পত্নী লাভ করিয়া তাহার পরে কি করিলেন ॥ ২ ॥

হে সত্তম! সেই রাজর্ষি আদিরাজ এবং তিনি ভগবান্ হরির আশ্রিত ছিলেন, তাঁহার বিশুদ্ধ চরিত্র বর্ণন করুন, আমি শ্রদ্ধান্বিত হইয়া শ্রবণ করিব ॥ ৩ ॥

হে মুনে! যাঁহাদের হৃদয় মধ্যে ভগবান্ মুকুন্দের পদারবিন্দ দেদীপ্যমান, তাঁহাদের যে গুণানুবাদ শ্রবণ, তাহাই পুরুষ সকলের চিরকালের শ্রমোপার্জ্জিত শ্রবণাদির অর্থ এবং পণ্ডিতেরা তাহারই যথার্থ রূপে স্তব করিয়া থাকেন ॥ ৪ ॥

ইতি ব্রুবাণং বিদুরং বিনীতং সহস্রশীর্ষ্ণশ্চরণোপধানং।
প্রহৃষ্টরোমা ভগবৎ কথায়াং প্রণীয়মানো মুনিরভ্যচষ্ট ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
যদা স্বভার্য্যয়া সার্দ্ধং জাতঃ স্বায়ম্ভুবো মনুঃ। প্রাঞ্জলিঃ প্রণতশ্চেদং বেদগর্ভমভাষত ॥ ৫ ॥
ত্বমেকঃ সর্ব্বভূতানাং জন্মকৃদ্বৃত্তিদঃ পিতা। তথাপি নঃ প্রজানাং তে শুশ্রূষা কেনবা ভবেৎ ॥ ৬
তদ্বিধেহি নমস্তুভ্যং কর্ম্মস্বীড্যাত্ম শক্তিষু। যৎকৃত্বেহ যশো বিষ্বগমুত্রচ ভবেদ্গতিঃ ॥ ৭ ॥
শ্রীব্রহ্মোবাচ ॥

শ্রীধরস্বামী।

সহস্রশীর্ষা শ্রীকৃষ্ণস্তস্য চরণাবুপধীয়েতে যস্মিন্। শ্রীকৃষ্ণঃ প্রীত্যা যস্যোৎসঙ্গে চরণৌ প্রসারয়তীত্যর্থঃ। তমভ্যচষ্ট অভ্যভাষত প্রণীয়মানঃ তেন প্রবর্ত্ত্যমানঃ ॥ ৫ ॥

ত্বমেবৈকঃ পিতা সর্ব্বেষাং। যতো জন্মকৃৎ। বৃত্তিপ্রদঃ পোষকশ্চ ত্বমেব অতস্তব যদ্যপি অন্যাপেক্ষা নাস্তি। তথাপ্যস্মাকং তে শুশ্রূষা কেন কর্ম্মণা ভবেত্তদ্বিধেহীত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৬ ॥

হে ঈড্য আত্মশক্তিষু অস্মচ্ছক্যেষু কর্ম্মসু মধ্যেষু কেন কর্ম্মণা ভবেত্তদ্বিধেহি ইদং কর্ত্তব্যমিতি কথয়। যৎ কৃত্বা যস্মিন্ কৃতে সতি বিষ্বক্ সর্ব্বতঃ ॥ ৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

সহস্রাণামনন্তসংখ্যানাং তৎপ্রাদুর্ভাবানাং শীর্ষ্ণঃ শ্রেষ্ঠরূপস্য শ্রীকৃষ্ণস্য চরণোপধানমিতি মহাভারতে শ্রীভগবত স্তদ্গৃহভোজনে প্রসিদ্ধং। শীর্ষস্য শীর্ষ্ণঃ ছন্দসীতি ভগবান্ পাণিনিঃ ॥ ৫ ॥ ৬ ॥

যৎ কৃত্বেত্যত্র স্থিতস্যেত্যধ্যাহার্য্যং ॥ ৭ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সহস্রশীর্ষা বিদুরশঙ্কা নিবৃত্ত্যর্থং তদ্গৃহে ধৃত সহস্রশীর্ষবিগ্রহঃ শ্রীকৃষ্ণস্তস্য চরণয়োরুপধানমুপবর্হরূপং মহাভারতে বিদুরগৃহে ভোজনে ভগবাংস্তদুৎসঙ্গে চরণৌ নিধায় সুষ্বাপেতি প্রসিদ্ধেঃ। প্রণীয়মানঃ তেন প্রবর্ত্ত্যমানঃ ॥ ৫ ॥ ৬ ॥

হে ঈড্য আত্মশক্তিষু অস্মচ্ছক্যেষু কর্ম্মসু মধ্যে কেন কর্ম্মণা তে শুশ্রূষা ভবেত্তদ্বিধেহি আজ্ঞাপয়েত্যর্থঃ। যৎ কৃত্বা স্থিতস্য মমেত্যধ্যাহার্য্যং ॥ ৭ ॥

শুকদেব কহিলেন ভগবান্ শ্রীকৃষ্ণ প্রীতি পূর্ব্বক যে বিদুরের ক্রোড়ে আপনার চরণদ্বয় প্রসারিত করিতেন, সেই বিদুর বিনীত হইয়া ঐ রূপ কহিলে মৈত্রেয় মুনি আনন্দে পুলকিত হইয়া কহিতে লাগিলেন ॥

অহে বিদুর! স্বায়ম্ভুব মনু আপনার ভার্য্যার সহিত উৎপন্ন হইয়া প্রণাম পূর্ব্বক কৃতাঞ্জলিপুটে ব্রহ্মাকে কহিলেন ॥ ৫ ॥

হে ব্রহ্মন্! আপনি এই সমস্ত প্রাণির পিতা, যে হেতু জন্ম দিয়াছেন এবং পোষণ করিতেছেন, অতএব যদিও আপনকার অন্যাপেক্ষা নাই তথাপি আমরা আপনকার সন্তান, আপনকার শুশ্রূষা করাই আমাদিগের কর্ত্তব্য, কোন্ কর্ম্ম দ্বারা আপনকার শুশ্রূষা করিব, আজ্ঞা করুন ॥ ৬ ॥

হে ঈড্য! আমাদের শক্তি সাধ্য কর্ম্ম সকলের মধ্যে কোন্ কর্ম্ম দ্বারা আপনকার শুশ্রূষা হইতে পারে? প্রভো! আপনাকে নমস্কার করি কহিতে আজ্ঞা হউক, হে ব্রহ্মন্! ঐ কর্ম্ম করিলে আমাদের ইহ লোকে যশঃ এবং পরলোকে সদ্গতি হইবে ॥ ৭ ॥

প্রীতস্তুভ্যমহং তাত স্বস্তিস্তাদ্বাং ক্ষিতীশ্বর। যন্নির্ব্যলীকেন হৃদা শাধি মেত্যাত্মনার্পিতং॥ ৮॥

এতাবত্যাত্মজৈর্বীর কার্য্যাহ্যপচিতির্গুরৌ। শক্ত্যাঽপ্রমত্তৈর্গৃহ্যেত সাদরং গতমৎসরৈঃ॥ ৯॥

সত্বমস্যামপত্যানি সদৃশান্যাত্মনো গুণৈঃ। উৎপাদ্য শাস ধর্ম্মেণ গাং যজ্ঞৈঃ পুরুষং যজ॥ ১০॥

পরং শুশ্রূষণং মহ্যং স্যাৎ প্রজা রক্ষয়া নৃপ। ভগবাংস্তে প্রজাভর্ত্তুর্হৃষীকেশোঽনুতুষ্যতি॥ ১১॥

যেষাং ন তুষ্টো ভগবান্ যজ্ঞলিঙ্গো জনার্দনঃ। তেষাং শ্রমো হ্যপার্থায় যদাত্মানাদৃতঃ স্বয়ং॥১২

শ্রীধরস্বামী।

বাং যুবাভ্যাং স্বস্তি ভদ্রং স্তাৎ ভূয়াৎ যৎ যতঃ মা মাং শাধি অনুশিক্ষয়েতি আত্মনা স্বয়মেবার্পিতং নিবেদিতং অতঃ প্রীতোস্মি॥৮

অপচিতিঃ পূজা গৃহ্যেত ইতি আজ্ঞেতি শেষঃ। সনকাদয়ো নকুর্ব্বন্তি বয়ং কিমিতি করিষ্যাম ইত্যেবং ভূতো গতো মৎসরো যেভ্যঃ॥ ৯॥

গাং শাস শাধি পালয়েত্যর্থঃ। পুরুষং হরিং॥ ১০॥ প্রজাপালকস্য তে তুষ্টো ভবিষ্যতি॥ ১১॥

যজ্ঞলিঙ্গঃ যজ্ঞমূর্ত্তিঃ অপগতঃ অর্থো যস্মাৎ কেবল শ্রমায়ৈবেত্যর্থঃ। যদযস্মাৎ আত্মৈব স্বয়ং নাদৃত। তস্মিন্ তুষ্টে স্বার্থস্যৈবাসিদ্ধেঃ। সর্ব্বাত্মত্বাচ্চ তস্য॥ ১২॥

ক্রমসন্দর্ভঃ।

মৎসরোন্যস্থৎস্বেষঃ সচাত্রৈকাকিতয়া গুর্ব্বাজ্ঞা কর্ত্তৃত্বদকর্ত্তৃষু সজাতীয়েষু সংভবতীতি গতমৎসরৈরিত্যুক্তং॥ ৯। ১০। ১১॥

অপার্থায় অপার্থত্বায়েত্যর্থঃ। যদাত্মানাদৃতঃ স্বয়মিতি পরমাত্মানাদরেণ স্বত এবাত্মানাদরাৎ॥ ১২॥ ১৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তুভ্যং প্রীত ইতি পদ্যো শেষে ইতিবৎ সংপ্রদানং। অতো বাং যুবাভ্যাং স্ত্রীপুংসাভ্যামেব স্বস্তিস্তাৎ। যদ্যতঃ মা মাং শাধি অনুশিক্ষয় ইতি আত্মনা স্বয়মেবার্পিতং বিশেষ্যপদানুক্ত্যা অহন্তাস্পদ মমতাস্পদাদিকং সর্ব্বমেব নিবেদিতমিত্যর্থঃ॥ ৮॥

অপচিতিঃ সেবা গৃহ্যেত আজ্ঞেতি শেষঃ। সনকাদয়ো ন কুর্ব্বন্তি বয়ং কিমিত্যাজ্ঞাং কুর্ম্ম ইত্যেবম্ভূতো গতো মৎসরো যেভ্য ইতি তৈঃ॥ ৯॥

গাং পৃথ্বীং শাস শাধি পালয়েত্যর্থঃ॥ ১০॥

মহ্যং মম মাং প্রীণয়িতুমিতি বা॥ ১১॥

যজ্ঞৈ র্যজনৈঃ অর্চ্চন শ্রবণকীর্ত্তনাদ্যৈরেব লিঙ্গ্যতে জ্ঞায়তে ইতি সঃ। যদযস্মাদাত্মৈবমাদৃতঃ পরমাত্মানাদরেণ স্বত এবাত্মানাদরাৎ তস্মিন্নতুষ্টে স্বার্থস্যৈবাসিদ্ধেঃ॥ ১২॥

সায়ম্ভুব মনুর ঐ রূপ বাক্য শ্রবণ করিয়া ব্রহ্মা স্নেহ প্রকাশ পূর্ব্বক কহিলেন, হে তাত! হে ক্ষিতীশ্বর! তোমাদের দুই জনের মঙ্গল হউক, তোমরা অকপট চিত্তে স্বয়ং এই যে নিবেদন করিলে "আমাদিগকে উপদেশ দিউন" ইহাতে আমি তোমাদের প্রতি সাতিশয় প্রীত হইলাম॥ ৮॥

হে বীর! পিতার প্রতি পুত্রদিগের এই রূপ ভক্তি করা উচিত, পিতার আজ্ঞা পালন ও তাঁহার অর্চ্চন, অপ্রমত্ত এবং নির্ম্মৎসর হইয়া আদর পূর্ব্বক করিতে হয়॥ ৯॥

যাহা হউক, এক্ষণে তুমি আপনার এই পত্নীতে আত্ম সদৃশ গুণশালী অপত্য সকল উৎপাদন করিয়া ধর্ম্মত এই পৃথিবী পালন করিতে প্রবৃত্ত হও এবং যজ্ঞের দ্বারা ভগবান্ যজ্ঞপুরুষের আরাধনা কর॥ ১০

হে রাজন্! যদি তুমি উত্তমরূপে প্রজাপালন করিতে পার, তাহাতেই আমার পরম শুশ্রূষা হইবে, আর তোমাকে প্রজাপালক দেখিলে ভগবান্ হৃষীকেশও তোমার প্রতি প্রসন্ন হইবেন॥ ১১॥

বৎস! যজ্ঞ মূর্ত্তি ভগবান্ জনার্দ্দন যাহাদের প্রতি প্রসন্ন না হয়েন তাহাদের শ্রম বিফল, যেহেতু তাহারা আত্মারই অনাদর করে, ফলতঃ ভগবান্ হরি সকলের আত্ম স্বরূপ, তিনি তুষ্ট না হইলে তাহাদের স্বার্থ সিদ্ধ হয় না॥ ১২॥

শ্রীমনুরুবাচ ॥

আদেশেঽহং ভগবতো বর্ত্তেয়ামীবসূদন। স্থানন্ত্বিহানুজানীহি প্রজানাং মমচ প্রভো ॥ ১৩ ॥

যদোকঃ সর্ব্বভূতানাং মহী মগ্না মহাম্ভসি। অস্যা উদ্ধরণে যত্নো দেবো দেব্যা বিধীয়তাং ॥ ১৪

শ্রীমৈত্রেয় উবাচ ॥

পরমেষ্ঠী ত্বপাং মধ্যে তথা সন্নামবেক্ষ্য গাং। কথমেনাং সমুন্নেষ্য ইতি দধ্যৌ ধিয়া চিরং ॥ ১৫ ॥

সৃজতো মে ক্ষিতির্বার্ভিঃ প্লাব্যমানা রসাঙ্গতা। অথাত্র কিমনুষ্ঠেয়মস্মাভিঃ সর্গযোজিতৈঃ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

বর্ত্তেয় বর্ত্তিষ্যে। হে অমীবসূদন পাপনাশন অনুজানীহি অত্র স্থাতব্যমিতি অনুজ্ঞাং দেহি ॥ ১৩ ॥

মহীতি চেৎ অত আহ যদোকঃ স্থানং সা মহী হে দেব অস্যা দেব্যাঃ ॥ ১৪ ॥

পূর্ব্বং পানে কৃতেপি পুনরকাণ্ড এব উদ্ভূতানামপাং মধ্যে সন্নাং অবসন্নাং নিমগ্নাং কথমুন্নেষ্যে উদ্ধরিষ্যামি ॥ ১৫ ॥

চিন্তামেবাহ সৃজতঃ সতঃ বার্ভিঃ অদ্ভিঃ রসাং রসাতলং। ঈশ্বরেণ সর্গনিযুক্তৈরস্মাভিঃ ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

যদোক ইত্যাদিকং পাদ্মপ্রসঙ্গে ব্রহ্মকথাসূচনবদ্ বর্ত্তমানকল্পজশ্বেতবরাহকথাসূচনং জ্ঞেয়ং। যত্রৈব স্বায়ম্ভুবপ্রসঙ্গে প্রাচেতসদক্ষদৌহিত্র হিরণ্যাক্ষবধরূপা চাক্ষুষকথাপি ভবিষ্যতি। অত্র তু শ্যামতরাবিভূর্ত ইতি তমালনীল ইতি বক্ষ্যতি। মহাম্ভসি গর্ত্তোদকে ॥ ১৪ ॥ ১৫ ॥

রসাং গতেতি তদবকাশদেশপর্য্যন্তং মগ্নেত্যর্থঃ। রসায়া অপি মহীবিবরত্বাৎ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বর্ত্তে বর্ত্তিষ্যে স্থানং বসতিস্থলং অনুজানীহি পরামৃশ। অমীবসূদন হে পাপনাশন ॥ ১৩ ॥

ননু পূর্ব্বপূর্ব্বকল্পে মনবঃ কুত্র স প্রজা আসন্নিতি শাস্ত্রজ্ঞত্বাৎ ত্বং জানাসি নবেতি চেৎ সত্যং জানামোবেত্যাহ যদোক ইতি ॥ ১৪ ॥ ১৫ ॥

রসাং রসাতলোপলক্ষিতং গর্ত্তোদমিত্যর্থঃ। রসাতলস্য ভূবিবরত্বাত্তত্র ভুবো মজ্জনানুপপত্তেঃ ॥ ১৬ ॥

মনু কহিলেন হে ভগবন্! হে পাপনাশন! আপনকার আদেশানুরূপ আচরণ অবশ্যই করিব, আপনি অনুগ্রহ করিয়া প্রজাগণের এবং আমার নিমিত্ত কিঞ্চিৎ স্থান প্রদান করুন অর্থাৎ "এই স্থানে অবস্থিতি কর" এইরূপ অনুজ্ঞা দিউন ॥ ১৩ ॥

হে দেব! সর্ব্বপ্রাণির বাসস্থান স্বরূপা যে পৃথিবী ছিল, তাহা প্রলয়কালীন সমুদ্র জলে নিমগ্ন হইয়াছে। অতএব আমাদিগকে যদি স্থান দানের অভিপ্রায় হয় তবে পৃথিবীর উদ্ধার্থে যত্ন করুন ॥ ১৪ ॥

অনন্তর মৈত্রেয় মুনি বিদুরকে সম্বোধন করিয়া কহিলেন বিদুর! পরমেষ্ঠি ব্রহ্মা মনুর ঐ রূপ বাক্য শ্রবণ করিয়া এবং জল মধ্যে ধরণীকে নিমগ্না দেখিয়া বহুক্ষণ পর্য্যন্ত চিন্তা করিলেন, আমি পূর্ব্বে একবার সকল জল পান করিয়াছি, আবার অকস্মাৎ কি প্রকারে ঐ জল উৎপন্ন হইল? যাহা হউক, এখন এই জল মধ্যে নিমগ্না অবনীকে কি প্রকারে উদ্ধার করি ॥ ১৫ ॥

কি আশ্চর্য্য! আমি সৃষ্টি করিতেছিলাম, আমার নিকট হইতে এই ক্ষিতি জল দ্বারা প্লাবিতা হইয়া রসাতল গতা হইয়াছে? যাহা হউক পরমেশ্বর আমাদিগকে সৃজনার্থে নিযুক্ত করিয়াছেন এখন এ বিষয়ে কর্ত্তব্য কি? ॥ ১৬ ॥

যস্যাহং হৃদয়াদাসং স ঈশো বিদধাতু মে ॥ ১৭ ॥
ইত্যভিধ্যায়তো নাসাবিবরাৎ সহসানঘ। বরাহতোকো নিরগাদঙ্গুষ্ঠপরিমাণকঃ ॥ ১৮ ॥
তস্যাভিপশ্যতঃ খস্থঃ ক্ষণেন কিল ভারত। গজমাত্রং প্রববৃধে তদদ্ভুতমভূন্মহৎ ॥ ১৯ ॥
মরীচি প্রমুখৈর্বিপ্রৈঃ কুমারৈর্মনুনা সহ। দৃষ্ট্বা তচ্ছৌকরং রূপং তর্কয়ামাস চিত্রধা।
কিমেতচ্ছৌকরব্যাজং সত্ত্বং দিব্যমবস্থিতং। অহো বতাশ্চর্য্যমিদং নাসায়া মে বিনিঃসৃতং ॥ ২০ ॥
দৃষ্টোঙ্গুষ্ঠ শিরোমাত্রঃ ক্ষণাদ্গণ্ডশিলা সমঃ। অপি স্বিদ্ভগবানেষ যজ্ঞো মে খেদয়ন্মনঃ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

মেঽনুষ্ঠেয়ং। সএব বিদধাতু সম্পাদয়তু ॥ ১৭ ॥
বরাহতোকঃ সূক্ষ্মো বরাহঃ ॥ ১৮ ॥
খস্থঃ আকাশে স্থিতঃ সন্ ॥ ১৯ ॥
চিত্রধা অনেকধা ॥ ২০ ॥
পূর্ব্বমঙ্গুষ্ঠাগ্র প্রমাণো দৃষ্টঃ। গণ্ডশিলা স্থূল পাষাণঃ তৎ সমঃ যজ্ঞো বিষ্ণুঃ। নিজরূপ তিরোধানেন মে মনঃ খেদয়ন্ ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ।

যস্যেত্যর্দ্ধকং। হৃদয়াদাসং সঙ্কল্পমাত্রাৎ ॥ ১৭ ॥
বরাহতোকো নিরগাদিতি তাদৃশ ভাবাভাবান্ন পুত্রত্বাদিব্যবহার ইতি জ্ঞাপিতং। অঙ্গুষ্ঠ পরিমাণক ইতি কচিৎ কিন্তু স্বামিভিরগ্রে অঙ্গুষ্ঠাগ্রপ্রমাণ ইত্যেব লিখিষ্যতে ॥ ১৮ । ১৯ । ২০ ॥
খেদয়ন্ অদৃষ্টরূপাবির্ভাবেন সংশয়ৈর্মনঃ ক্ষোভয়ন্ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিদধাত্বিতি অনুষ্ঠেয়মিত্যস্ত পূর্ব্বস্যানুষঙ্গঃ ॥ ১৭ ॥
বরাহতোকঃ সূক্ষ্মো বরাহঃ ॥ ১৮ ॥
গজমাত্রঃ হস্তিশরীরপরিমিতঃ ॥ ১৯ ॥ ২০ ॥
যজ্ঞঃ প্রথমমন্বন্তরাবতারঃ। খেদয়ন্ অদৃষ্টরূপাবির্ভাবেন সংশয়ৈর্মনঃ ক্ষোভয়ন্ ॥ ২১ ॥ ২২ ॥

অথবা আমার চিন্তায় কি হইবে? যে ভগবানের হৃদয় হইতে আমি উৎপন্ন হইয়াছি, তিনিই এ বিষয়ে আমার যাহা অনুষ্ঠেয় তাহা সম্পাদন করুন ॥ ১৭ ॥

অহে নিষ্পাপ বিদুর! ব্রহ্মা এইরূপ চিন্তা করিতে থাকিলে তাঁহার নাসারন্ধ্র হইতে সহসা একটী সূক্ষ্ম বরাহ নির্গত হইল, তাঁহার পরিমাণ অঙ্গুষ্ঠমাত্র ॥ ১৮ ॥

অহে বিদুর! সেই বরাহ দেখিতে দেখিতে ব্রহ্মার সমক্ষেই, আকাশস্থ হইয়া ক্ষণমাত্রে হস্তির আকারে পরিবর্দ্ধিত হইল তাহাতে যে কি রূপ আশ্চর্য্য দর্শন হইল তাহা বলা যায় না ॥ ১৯ ॥

ব্রহ্মা বিস্মিত হইয়া মরীচি প্রভৃতি ব্রাহ্মণগণ এবং কুমার ও মনুর সহিত সেই শূকর রূপ অবলোকন করত বহুবিধ তর্ক বিতর্ক করিয়া কহিতে লাগিলেন এ কি? শূকর ছলে কোন দিব্যপ্রাণী আসিয়া আবির্ভূত হইলেন না কি? এ যে বড় আশ্চর্য্য দেখি! নাসাবিবর হইতে এতাদৃশ বরাহ বিনিঃসৃত হইল? ॥ ২০ ॥

এই বরাহ প্রথমতঃ অঙ্গুষ্ঠের শিরোমাত্র পরিমাণ দৃষ্ট হইয়াছিল, ক্ষণকাল মধ্যে স্থূল পাষাণ সদৃশ হইল। ইনিই ত ভগবান্ বিষ্ণু হইবেন না? বুঝি তিনিই নিজ রূপ সংগোপন করিয়া আমাদের মনকে ক্ষুব্ধ করিতেছেন ॥ ২১ ॥

ইতি মীমাংসতস্তস্য ব্রহ্মণঃ সহ সূনুভিঃ । ভগবান্ যজ্ঞপুরুষো জগর্জাগেন্দ্রসন্নিভঃ ॥ ২২ ॥
ব্রহ্মাণং হর্ষয়ামাস হরিস্তাংশ্চ দ্বিজোত্তমান্ । স্বগর্জিতেন ককুভঃ প্রতিস্বনয়তা বিভুঃ ॥ ২৩ ॥
নিশম্য তে ঘর্ঘরিতং স্বখেদ ক্ষয়িষ্ণু মায়াময়শূকরস্য ।
জনস্তপঃ সত্য নিবাসিন স্তে ত্রিভিঃ পবিত্রৈ র্মুনয়ো গৃণন্ স্ম ॥ ২৪ ॥
তেষাং সতাং বেদবিতানমূর্ত্তি র্ব্রহ্মাবধার্য্যাত্মগুণানুবাদং ।
বিনদ্য ভূয়ো বিবুধোদয়ায় গজেন্দ্রলীলো জলমাবিবেশ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী ।

ইতি মীমাংস মানস্য সতঃ জগর্জ অগর্জৎ গিরীন্দ্রতুল্যঃ ॥ ২২ ॥
গর্জনপ্রয়োজনমাহ ব্রহ্মাণমিতি ॥ ২৩ ॥
ঘর্ঘরিতং তজ্জাত্যনুকরণ ধ্বনিং অনিশ্চয়েন যঃ স্বখেদঃ তস্য ক্ষয়িষ্ণু ক্ষপয়িষ্ণু নাশকং তে ইতি পুনরুক্তিঃ প্রসিদ্ধি খ্যাপনার্থাঃ ত্রিভিঃ পবিত্রৈঃ ঋগ্‌যজুঃ সামমন্ত্রৈঃ অস্তুবন্ ॥ ২৪ ॥
বেদৈর্বিতন্যতে স্তূয়তে মূর্ত্তি র্যস্য সঃ অতএব আত্মনো গুণানমুবদতীতি তথা তৎ তেষাং ব্রহ্ম উচ্চরিত বেদমবধার্য্য জ্ঞাত্বা ॥২৫

ক্রমসন্দর্ভঃ ।

জগর্জ্জ তদনুমতিং কুর্ব্বন্ হুঙ্কৃতবানিব । অগেন্দ্রো মহান্ গিরিঃ ॥ ২২ ॥
স্বেন অসাধারণেন গর্জ্জিতেন ॥ ২৩ ॥
মায়াত্র কৃপৈব ॥ ২৪ । ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

ককুভো দিশঃ প্রতিস্বনয়তা প্রতিধ্বনিমতীঃ কুর্ব্বতা ॥ ২৩ ॥
মায়াময়স্য কৃপাময়স্য জ্ঞানময়স্যেতি বা মায়ায়া অবিদ্যায়া অপি আময়ো রোগো যস্মাৎ তস্যেতি বা ঘর্ঘরিতং তজ্জাত্যনুকরণ ধ্বনিং । স্বেষাং তদনিশ্চয়েন পৃথিব্যা অনুপলাম্ভেন বা যঃ খেদস্তস্য ক্ষয়িষ্ণু ক্ষপয়িষ্ণু নাশকং তে ব্রহ্মাদয়োঽগৃণন্ অস্তুবন্ তথা তে প্রসিদ্ধা জন আদি বাসিনো ভৃগ্বাদয়ো মুনয় স্ত্রিভিঃ পবিত্রৈঃ ঋগ্‌যজুঃ সামমন্ত্রৈরস্তুবন্নিতি তে ইত্যস্য দ্বিঃপাঠাদ্ব্যাখ্যেয়ং ॥ ২৪ ॥
বেদবিতানরূপা সর্ব্ববেদময়ী নতু প্রাকৃতী মূর্ত্তির্যস্য সঃ । বেদানাং ভগবন্নিঃশ্বাসরূপত্বাৎ ভগবন্নিশ্বাসস্যৈব লীলয়া ব্রহ্মনাসা প্রবিষ্টস্য শূকররূপত্বং জ্ঞেয়ং । অতস্তেষাং মুনীনাং আত্মগুণানুবাদং তন্মুনিকর্ত্তৃকমাত্ম গুণানুকথনমেব ব্রহ্মবেদং অবধার্য্য জ্ঞাত্বা ॥ ২৫ ॥

ব্রহ্মা আপনার পুত্রগণের সহিত ঐ রূপ তর্ক বিতর্ক করিয়া শেষে আপনিই মীমাংসা করিতেছেন এমত সময়ে তাঁহার সমক্ষে গিরীন্দ্র তুল্য ভগবান্ যজ্ঞ পুরুষ বরাহ একটা ভয়ঙ্কর গর্জ্জন করিলেন ॥২২

তাঁহার সেই গর্জন ধ্বনিতে দিক্ সকল হইতে প্রতিধ্বনি হইতে লাগিল, তাহাতে ব্রহ্মা এবং সেই সকল দ্বিজোত্তম হৃষ্ট চিত্ত হইলেন ॥ ২৩ ॥

পরন্তু জনলোক তপোলোক এবং সত্য লোক নিবাসি মুনিগণের সেই মায়াময় শূকরের তজ্জাত্যনুকরণ ধ্বনি শ্রবণ করিয়া অনিশ্চয় রূপ খেদ সমস্ত বিনষ্ট হইল এবং তাঁহারা ঋক্ যজুঃ সাম এই বেদ ত্রয়ের মন্ত্র দ্বারা তাঁহার স্তব করিতে লাগিলেন ॥ ২৪ ॥

ঐ বরাহ মূর্ত্তি বেদ সকলেরও স্তুত্য অতএব গজেন্দ্র তুল্য লীলা করিতে করিতে ঐ সকল মুনির উচ্চারিত বেদমন্ত্র সকল বস্তুতঃ আপনার গুণানুবাদ অবধারণ করিয়া দেবগণের অভ্যুদয়ের নিমিত্ত পুনর্ব্বার গর্জ্জন করিলেন, তাঁহার পরেই জলমধ্যে প্রবিষ্ট হইলেন ॥ ২৫ ॥

উৎক্ষিপ্তবালঃ খচরঃ কঠোরঃ সটাবিধুন্বন্ খররোমশত্বক্।
খুরাহতাভ্রঃ সিতদংষ্ট্র ঈক্ষাজ্যোতির্বভাসে ভগবান্ মহীধ্রঃ ॥ ২৬ ॥
ঘ্রাণেন পৃথ্ব্যাঃ পদবীং বিজিঘ্রন্ ক্রোড়াপদেশঃ স্বয়মধ্বরাঙ্গঃ।
করাল দংষ্ট্রোপ্যকরালদৃগ্‌ভ্যামুদ্বীক্ষ্য বিপ্রান্ গৃণতো বিশৎ কং ॥ ২৭ ॥
সবজ্র কূটাঙ্গ নিপাতবেগ বিশীর্ণ কুক্ষিঃ স্তনয়ন্নুদন্বান্।

শ্রীধরস্বামী।

কথম্ভূতঃ সন্নাবিবেশ ইত্যপেক্ষায়ামাহ দ্বাভ্যাং উচ্চৈঃ ক্ষিপ্তঃ বালঃ পুচ্ছং যেন। খচরঃ আকাশচারী। কঠোরঃ কঠিনঃ। সটাঃ স্কন্ধবালান্ খরাণি তীব্রাণি রোমাণি যস্যাং সা ত্বক্ যস্য। খুরৈরাহতানি অভ্রাণি যেন সিতদংষ্ট্রঃ অতিশুক্লদংষ্ট্রঃ। ঈক্ষা নিরীক্ষণমেব জ্যোতিঃ আলোকো যস্য তদা প্রকাশান্তরাভাবাৎ। বভাসে অশোভত। মহীধ্রঃ পৃথিব্যা উদ্ধর্ত্তা ॥ ২৬ ॥

ক্রোড়াপদেশঃ বরাহচ্ছদ্মা স্বয়মধ্বরাঙ্গোপি। পশুরিব ঘ্রাণেন বিজিঘ্রন্ গৃণতঃ স্তোতৄন্ বিপ্রানুদ্বীক্ষ্য ঊর্দ্ধং বীক্ষ্য কং জলম্-বিশৎ ॥ ২৭ ॥

তদানীন্তনং সমুদ্রধ্বনিমুৎপ্রেক্ষতে। উদন্বান্ সমুদ্র আর্ত্ত ইব স্তনয়ন্ শব্দং কুর্ব্বন্ ভো যজ্ঞেশ্বর মা মাং পাহি মা ভিন্দীত্যেবং চুক্রোশ ইব। আর্ত্তসাদৃশ্যমাহ। উৎসৃষ্টাঃ প্রসারিতাঃ দীর্ঘা ঊর্ম্ময় এব ভুজা তৈর্বিশিষ্টঃ আর্ত্তত্বে হেতুঃ বজ্রকূটো বজ্রময়ঃ পর্ব্বতঃ তদঙ্গং

ক্রমসন্দর্ভঃ।

খরাণি রোমাণি সন্তি যস্যাঃ সা ত্বক্ যস্য ॥ ২৬ ॥

ক্রোড়াপদেশঃ প্রাকৃতক্রোড়ব্যাজঃ। স্বয়ং তু অধ্বরাঙ্গত্বাদপ্রাকৃতক্রোড়াকৃতিরিত্যর্থঃ। স্বভাবেঽপি ক্রোড়স্যৈব দর্শিত ইত্যাহ ঘ্রাণেনেতি। আকৃত্যা অন্যেষামুগ্রোঽপি কৃপাদৃষ্ট্যা ভক্তানাং পরমসুকোমল ইত্যাহ করালেতি ॥ ২৭। ২৮। ২৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জলং প্রবিশতস্তস্য ধ্যানমাহ উচ্চৈঃ ক্ষিপ্তো বালঃ পুচ্ছং যেন সঃ। খচর ইতি ব্রহ্মলোকাদাকাশমার্গেণৈব ত্রিলোক্যামবতত্বারেত্যর্থঃ। খররোমযুক্তা ত্বগ্ যস্য সঃ। ঈক্ষৈব জ্যোতিষী চন্দ্রসূর্য্যাবিব যস্য সঃ। মহীধ্রঃ পৃথিব্যা উদ্ধর্ত্তা পর্ব্বততুল্যো বা ॥২৬

তস্য লীলামাহ ঘ্রাণেনেতি। অধ্বরাঙ্গঃ স্বয়ং বেদএব ক্রোড়াপদেশো বরাহচ্ছদ্মেতি। স্তনাপদেশং ফলযুগ্মমেব ধত্তে মৃদুঃ কাঞ্চনবল্লিরিবেতি বদপহ্নুত্যলঙ্কারেণ ক্রোড়ত্বস্যৈব বাস্তবত্বং প্রত্যায্যতে। প্রকৃতং যন্নিষিধ্যান্যৎ স্থাপ্যতে সাপহ্নুতিরিতি লক্ষণাৎ। কং জলং ॥ ২৭ ॥

তদানীন্তনং সমুদ্রধ্বনিমুৎপ্রেক্ষতে। বজ্রকূটো বজ্রময়ঃ পর্ব্বতঃ তদ্বদঙ্গং যস্ত ভগবতস্তস্য নিপাতবেগেন বিশীর্ণা কুক্ষির্যস্য সঃ উদন্বান্

পরন্তু পৃথিবীর উদ্ধার কর্ত্তা সেই বরাহ জল প্রবেশের পূর্ব্বে ঊর্দ্ধভাগে পুচ্ছ উৎক্ষেপণ করিয়া উল্লম্ফন পূর্ব্বক গগণ চারী হইলেন এবং তাঁহার স্কন্ধস্থিত কঠোর সটা সকল কম্পিত হইতে লাগিল, আর তিনি খুর দ্বারা মেঘ সকল আহত করিলেন। অপর তাঁহার দন্ত শুভ্রবর্ণ এবং শরীর অতিশয় কঠিন ও ত্বকের উপরে তীক্ষ্ণ রোম ছিল। তৎকালে দিক্ সকল তিমিরাবৃত ছিল বটে, কিন্তু তাঁহার নিরীক্ষণে আলোকময় হইয়া উঠিল ॥ ২৬ ॥

তিনি স্বয়ং যজ্ঞ মূর্ত্তি হইলেও বরাহ ছলে পশুর ন্যায় ঘ্রাণ দ্বারা পৃথিবীর পদবী অনুসন্ধান করিতে লাগিলেন এবং যদিও তাঁহার নেত্রদ্বয় করাল ছিল তথাপি তাহা অকরাল করিয়া স্তবকারি বিপ্রগণের প্রতি ঊর্দ্ধদিকে নিরীক্ষণ করিতে করিতে জল মধ্যে প্রবেশ করিলেন ॥ ২৭ ॥

ঐ বরাহ উল্লম্ফন পূর্ব্বক সমুদ্র সলিলে পতিত হইলে তাঁহার পর্ব্বত সদৃশ অঙ্গনিপাত নিমিত্ত বেগে সাগরের কুক্ষি বিদীর্ণ হইয়া গেল, অতএব জলনিধি আর্ত্ত তুল্য হইয়া শব্দ করিলেন এবং তরঙ্গ

উৎসৃষ্টদীর্ঘোর্মিভুজৈরিবার্ত্তশ্চুক্রোশ যজ্ঞেশ্বর পাহি মেতি ॥ ২৮ ॥
খুরৈঃ ক্ষুরপ্রৈর্দরয়ং স্তদাপ উৎপারপারং ত্রিপরূরসায়াং।
দদর্শ গাং তত্র সুষুপ্সুরগ্রে যাং জীবধানীং স্বয়মভ্যধত্ত ॥ ২৯ ॥
স্বদংষ্ট্রয়োদ্ধৃত্য মহীং বিলগ্নাং স উত্থিতঃ সংরুরুচে রসায়াঃ ॥ ৩০ ॥
তত্রাপি দৈত্যং গদয়াপতন্তং সুনাভসন্দীপিততীব্রমন্যুঃ।

শ্রীধরস্বামী।

যৎ ভগবতস্তস্য নিপাতবেগেন বিশীর্ণা কুক্ষির্যস্য ॥ ২৮ ॥

তদা রসায়াং রসাতলে গাং পৃথ্বীং দদর্শ। কঃ ত্রিপরুঃ ত্রীণি পরূংষি সবনাত্মকানি পর্ব্বাণি যস্য যজ্ঞমূর্ত্তিরিত্যর্থঃ। কিং কুর্ব্বন্ ক্ষুরপ্রাঃ আয়তাগ্রাঃ শরাস্তাদৃশৈঃ খুরৈঃ অপো দরয়ন্। কথং উৎপারপারং উৎপারাণাং পারশূন্যানাং অপ্যপাং পারমবসানং যথা ভবতি তথা বিদারয়ন্। কথং ভূতাং অগ্রে প্রলয় সময়ে তত্র স্বাপ্স্যন্ সুষুপ্সুঃ শিশয়িষুঃ সন্ জীবা ধীয়ন্তে যস্যাং সর্ব্বজীবাধার ভূতাং যাং স্বয়মভ্যধত্ত আভিমুখ্যেন দধার জঠরে ধৃতবানিত্যর্থঃ। অনেন তদুদ্ধরণেনায়াসং দ্যোতয়তি ॥ ২৯ ॥

রসায়াঃ সকাশাদুত্থিতঃ সন্ সংরুরুচে সম্যক্ অশোভত ॥ ৩০ ॥

তত্রাপি অম্ভসি। গদামুদ্যম্যাগচ্ছন্তং। রুন্ধানং প্রতিঘ্নন্তং। ন সহ্যঃ সহনানর্হো বিক্রমো যস্য তং দৈত্যং সুনাভং চক্রং

ক্রমসন্দর্ভঃ।

স্বদংষ্ট্রয়েত্যর্দ্ধকং। অত্র বিষ্ণুধর্ম্মে বিশেষশ্চ। পাতালমূলেশ্বরভোগসংহতৌ বিন্যস্য পাদৌ পৃথিবীঞ্চ বিভ্রতঃ। যস্যোপমানং ন বভূব সোঽচ্যুতো মমাস্তু মাঙ্গল্যবিবৃদ্ধয়ে হরিরিতি। অত্র তু সলিলে স্বখুরাক্রান্ত ইতি বক্ষ্যতি ॥ ৩০ ॥

তত্রাপীতি সার্দ্ধকং। তাদৃশসংপ্লবাম্ভস্যপীত্যর্থঃ। অপি অত্র বিস্ময়ে। সংপ্লবাদিসাধারণ্যোনৈবাভেদোক্তিরিয়ং। বস্তু

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বপ্রাণত্যাগশঙ্কয়েবার্ত্তশ্চুক্রোশ। উৎসৃষ্টাঃ প্রসারিতা দীর্ঘা ঊর্ম্ময়এব ভুজাস্তৈঃ হে যজ্ঞেশ্বর মা মাং পাহীতি চুক্রোশ ॥ ২৮ ॥

ক্ষুরপ্রৈরস্ত্রবিশেষৈরিব খুরৈ স্তদা অপো জলানি দরয়ন্ উৎপারাণাং পারশূন্যানামপ্যপাং পারমবসানং যথাস্যাত্তথা দারয়ন্ ত্রীণি পরূংষি সবনাত্মকানি পর্ব্বাণি যস্য যজ্ঞমূর্ত্তিরিত্যর্থঃ। রসায়াং রসাতলোপলক্ষিতে পাতালতলে গর্ভোদে ইত্যর্থঃ। অতলাদীনাং সপ্তানামেব ভূবিবরত্বেন পৃথিবীত্বাৎ রসাতলে তস্যাঃ স্থিত্যসংভবাৎ। যদুক্তং বিষ্ণুধর্ম্মে। পাতালমূলেশ্বরভোগসংহতৌ বিন্যস্য পাদৌ পৃথিবীঞ্চ বিভ্রতঃ। যস্যোপমানং ন বভূব সোঽচ্যুতো মমাস্তু মাঙ্গল্যবিবৃদ্ধয়ে হরিরিতি। অত্রাপি সলিলে স্বখুরাক্রান্ত ইতি বক্ষ্যতি গাং পৃথ্বীং দদর্শ। তত্র গর্ভোদে সুষুপ্সুঃ শিশয়িষুরগ্রে দৈনং দিনপ্রলয়ে ভবতীত্যন্বয়ঃ। যাং পৃথ্বীং জীবধানীং জীবা ধীয়ন্তেঽস্যামিতি জীবধানীং অভ্যধত্ত। স্বয়মেব বেদরূপেণোদ্ধৃতবানিত্যর্থঃ ॥ ২৯ ॥ ৩০ ॥

তত্রাপি তাদৃশ সংপ্লবাম্ভসীত্যপি বিস্ময়ে দৈত্যং হিরণ্যাক্ষং জঘান আদিদৈত্যমিতিচ পাঠঃ। কীদৃশং গদয়া সহ আপতন্তং

রূপ ভুজ প্রসারণ করত উচ্চৈঃস্বরে কহিলেন হে যজ্ঞেশ্বর! আমাকে রক্ষা করুন বিদীর্ণ করিবেন না ॥ ২৮

সে যাহা হউক, ঐ যজ্ঞমূর্ত্তি বরাহ ক্ষুরপ্র অর্থাৎ আয়তাগ্র বাণ সদৃশ খুর দ্বারা অপার জলনিধিরও পার প্রদর্শন পূর্ব্বক তাহার জল বিদীর্ণ করিতে করিতে রসাতলে গিয়া তথায় পৃথিবীকে দেখিতে পাইলেন। তিনি প্রলয় সময়ে যখন শয়ন করিতে ইচ্ছা করিয়াছিলেন তখন জীব সমূহের আধার ভূতা ঐ ধরাকে আপনার জঠরে ধারণ করেন, অতএব তাঁহার এখন ধরার উদ্ধার করা কি কঠিন হইবে? ॥ ২৯ ॥

তিনি অনায়াসে আপনার দন্ত দ্বারা ধরণীকে ধারণ করিয়া ক্ষণ মধ্যে রসাতল হইতে উত্থিত হইলেন, তৎকালে তাঁহার অতিশয় শোভা হইয়াছিল ॥ ৩০ ॥

অনন্তর তিনি জল মধ্যে দৈত্যরাজ হিরণ্যাক্ষকে বিনষ্ট করিলেন। ঐ দৈত্য গদা উদ্যত করিয়া আগমন পূর্ব্বক তাঁহার প্রতিরোধ করণার্থ যত্ন করিতেছিল, কিন্তু ভগবদ্বিক্রম সহ্য করিতে তাহার

জঘান রুন্ধানমসহ্য বিক্রমং সলীলয়েভং মৃগরাড়িবাম্বুসি ॥ ৩১ ॥
তদ্রক্ত পঙ্কাঙ্কিত গণ্ডতুণ্ডো যথা গজেন্দ্রো জগতীং বিভিন্দন্ ॥ ৩২ ॥
তমালনীলং সিতদন্তকোট্যা ক্ষ্মামুৎক্ষিপন্তং গজলীলয়াঙ্গ।
প্রজ্ঞায় বদ্ধাঞ্জলয়োঽনুবাকৈর্বিরিঞ্চিমুখ্যা উপতস্থুরীশং ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

তদ্বৎ সন্দীপিতঃ তীব্রো মন্যুর্যস্য যদ্বা ময়ি বিদ্যমানে কিমিতি পরিভবং সহস ইতি সুনাভেন সন্দীপিত স্তীব্রমন্যুঃ স ভগবান্ সিংহো গজমিব লীলয়া জঘান ॥ ৩১ ॥

গজেন্দ্রো জগতীং ক্রীড়য়া বিদারয়ন্ গৈরিকয়া যথাঽরুণ বর্ণ গণ্ডতুণ্ডো ভবতি। তথা তস্য রক্তমেব পঙ্ক স্তেনাঙ্কিতৌ গণ্ডৌ তুণ্ডঞ্চ যস্য স জঘানেতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ৩২ ॥

প্রজ্ঞায় আলক্ষ্য অনুবাকো বৈদিকং সূক্তং তৎ সদৃশৈর্বাক্যৈ স্তুষ্টুবুঃ ॥ ৩৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

তস্য চাক্ষুষান্তরসংপ্লবে এবায়ং প্রসঙ্গঃ। অতএব স্বায়ম্ভুবাদিসংপ্লবে ত্রিলোকীগতানামমুৎপত্তে র্মহর্লোকস্থানাঞ্চ পালনায়জনস্তপঃ সত্যনিবাসিভিরেব স্তুতঃ চাক্ষুষসংপ্লবাস্ত হিরণ্যাক্ষদিগ্বিজয়েতু সর্গিণাং স্থিতি শ্চিরন্তন্যেব স্পষ্টা। অথবা তত্রৈব বরাহাবতারো ঽপীতি কদাচিদপীত্যর্থঃ। মৃগরাড়াদি দৃষ্টান্ত স্তৎপরাক্রমাদ্যনুভবসোপানমাত্রং ॥ ৩১। ৩২। ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স কীদৃশঃ। সুনাভেন চক্রেণ সন্দীপিতঃ। ময়ি বর্ত্তমানেপি ত্বাং প্রত্যয়ং গদামুদ্যচ্ছতীত্যুদ্দীপ্তী কৃতো মন্যুর্যস্য সঃ। রুন্ধানং রোদ্ধুং চতুর্দ্দিক্ষু ভ্রমন্তং তং মন্তং শ্রীবরাহমুপমিমীতে। গজেন্দ্র স্ত্রিকূট পর্ব্বতস্থঃ। সিংহ শরভাদীনামপি হন্তা জগতীং তত্রত্যাং পৃথিবীং ক্রীড়য়া বিদারয়ন্ গৈরিকেণ অরুণগণ্ডতুণ্ডো ভবতি তথা। জগতীং জগতীঃ ছন্দো বিশেষেপি ক্ষিতাবপীত্যমরঃ ॥ ৩১ ৩২ ॥

অত্র শ্বেতবরাহকল্পে স্বায়ম্ভুবমন্বন্তরারম্ভে ব্রহ্মনাসাত এব শ্বেতবরাহ আবির্ভূয় কেবলং পৃথ্বীমুদ্ধৃত্যৈবান্তরধাত্ততঃ ষষ্ঠে চাক্ষুষমন্বন্তরে পুনরাকস্মিকে প্রলয়ে জলাদেরাবির্ভূয় নীলো বরাহঃ পৃথ্বীমুদ্ধরন্ হিরণ্যাক্ষং জঘানেতি বরাহদ্বয় লীলামেকীকৃত্যৈবাত্র মৈত্রেয়ঃ প্রাহ স্মেতি শ্রীভাগবতামৃত কারিকাভ্যোঽবগন্তব্যং তাশ্চ যথা। দ্বিধাবিরাসীৎ কল্পেস্মিন্নাদ্যে স্বায়ম্ভুবান্তরে। ঘ্রাণাদ্বিধে র্ধরোদ্ধৃত্যৈ চাক্ষুষীয়েতু নীরতঃ। হিরণ্যাক্ষং ধরোদ্ধারে নিহন্তং দংষ্ট্রিপুঙ্গবঃ। চতুষ্পাৎ শ্রীবরাহোসৌ নৃবরাহঃ কচিন্মতঃ। কদাচিজ্জলদশ্যামঃ কদাচিচ্চন্দ্রপাণ্ডুরঃ। যজ্ঞমূর্ত্তিঃ স্ববিষ্টোয়ং বর্ণদ্বয়যুতঃ স্মৃতঃ। দক্ষাৎ প্রাচেতসাৎ সৃষ্টিঃ শ্রূয়তে চাক্ষুষান্তরে। স্বতস্তত্রৈব জন্মাস্য হিরণ্যাক্ষস্য যুজ্যতে। উত্তানপাদবংশ্যানাং তনয়স্ত প্রচেতসাং। দক্ষস্যৈব দিতিঃ পুত্রী হিরণ্যাক্ষো দিতেঃ সুতঃ। কল্পারম্ভে তদা নাস্তি সুতোৎ পত্তির্মনোরপি। কাসৌ প্রাচেতসো দক্ষঃ ক দিতিঃ ক দিতেঃ সুতঃ। অতঃ কালদ্বয়োদ্ভূতং শ্রীবরাহস্য চেষ্টিতং। একত্রৈবাহ মৈত্রেয়ঃ ক্ষত্তুঃ প্রশ্নানুসারতঃ। মধ্যে মন্বন্তরস্যৈব মুনেঃ শাপান্মনুং প্রতি। প্রলয়োসৌ বভূবেতি পুরাণে কচিদীর্য্যতে। অয়মাকস্মিকো জাতশ্চাক্ষুষেপ্যন্তরে মনোঃ। প্রলয়ঃ পদ্মনাভস্য লীলয়েতিতু কুত্রচিদিতি। অনুবাকো বৈদিকং সূক্তং তৎ সদৃশৈর্বাক্যৈস্তুষ্টুবুঃ ॥ ৩৩ ॥

ক্ষমতা কি? ভগবান্ চক্রতুল্য তীব্র রোষে প্রজ্বলিত হইয়া সিংহ যেমন হস্তি বধ করে তাহার ন্যায় অবলীলাক্রমে তাহার প্রাণ সংহার করিলেন ॥ ৩১ ॥

অতএব গজেন্দ্র যেমন ক্রীড়া বশতঃ ক্ষিতি বিদারণ করিতে করিতে গৈরিক মৃত্তিকা দ্বারা অরুণ বর্ণ গণ্ড ও অরুণ বর্ণ তুণ্ড হয়, তাহার ন্যায় ঐ হিরণ্যাক্ষের রক্ত রূপ পঙ্কে ভগবান্ বরাহ দেবের গণ্ড এবং তুণ্ড অঙ্কিত হইয়া লোহিত বর্ণ হইল ॥ ৩২ ॥

অহে বিদুর! সেই বরাহ মূর্ত্তি ভগবান্ হস্তির ন্যায় লীলা করিতে করিতে দন্তাগ্র ভাগ দ্বারা ধরণীকে ধারণ করিয়া ঊর্দ্ধদিকে উত্তোলন করিতেছিলেন এবং তাঁহার শরীর তমাল সদৃশ নীল বর্ণ দৃষ্ট হইতেছিল ইহাতেই বিরিঞ্চি প্রভৃতি ঋষিগণ তাঁহার স্বরূপ জানিতে পারিয়া সম্মুখে আগমন পূর্ব্বক অঞ্জলি বন্ধন করিলেন এবং বৈদিক সূক্ত সদৃশ বাক্য দ্বারা তাঁহার স্তব করিতে আরম্ভ করিলেন ॥ ৩৩ ॥

শ্রীঋষয় ঊচুঃ ॥

জিতং জিতস্তেঽজিত যজ্ঞভাবন ত্রয়ীং তনুং স্বাং পরিধুন্বতে নমঃ।
যদ্রোমগর্ত্তেষু নিলিল্যু রব্ধয় স্তস্মৈ নমঃ কারণ শূকরায় তে ॥ ৩৪ ॥

রূপং তবৈতন্ননু দুষ্কৃতাত্মনাং দুর্দ্দর্শনং দেব যদধ্বরাত্মকং।
ছন্দাংসি যস্য ত্বচি বর্হি রোম স্বাজ্যং দৃশি ত্বঙ্ঘ্রিষু চাতুর্হোত্রং ॥ ৩৫ ॥

স্রুক্ তুণ্ড আসীৎ স্রুব ঈশ নাশয়োরিড়োদরে চমসাঃ কর্ণরন্ধ্রে।
প্রাশিত্রমাস্যে গ্রসনে গ্রহাস্ত তে যচ্চর্ব্বণং তে ভগবন্নগ্নিহোত্রং ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

ভো অজিত তে ত্বয়া জিতং জিতমিতি সম্ভ্রমে বীপ্সা। যজ্ঞৈর্ভাব্যতে আক্রিয়তে ইতি তথা। ত্রয়ীং বেদময়ীং। নিলিল্যুঃ লীনপ্রায়াঃ কারণং পৃথিব্যুদ্ধরণং তেন শূকরায় ॥ ৩৪ ॥

যজ্ঞাত্মতাং প্রপঞ্চয়ন্তঃ স্তুবন্তি রূপমিত্যাদি চতুর্ভিঃ। ছন্দাংসি গায়ত্র্যাদীনি। যজ্ঞাঙ্গভূত ছন্দ আদ্যনুবাদেন ভগবদবয়বতা বিধীয়তে। বর্হিঃ শব্দে দীর্ঘাভাব আর্ষঃ। দৃশি চক্ষুষি চাতুর্হোত্রং হোত্রাদি কর্ম্ম চতুষ্টয়ং ॥ ৩৫ ॥

স্রুক্ জুহূঃ তুণ্ডে মুখাগ্রে স্রুবো নাসিকয়োঃ। ইড়া ভক্ষণ পাত্রং। চমসা গ্রহাঃ সোম পাত্রাণি। প্রাসিত্রং ব্রহ্মভাগ পাত্রং। গ্রস্যতেঽনেনেতি গ্রসনং মুখান্তর্ব্বর্ত্তি চ্ছিদ্রং। চর্ব্বণং ভক্ষণং ॥ ৩৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

কারণং পরং ব্রহ্ম তৎস্বরূপায় শূকরায় ॥ ৩৪ ॥

অত স্তদাশ্রয়ৈব সর্ব্বযজ্ঞপ্রক্রিয়েত্যাহ রূপমিত্যাদি চতুর্ভিঃ ॥ ৩৫। ৩৬। ৩৭। ৩৮ ৩৯। ৪০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তে ত্বয়া জিতং জিতং। হে অজিত জয় জয়েত্যর্থঃ যজ্ঞান্ ভাবয়সি উৎপাদয়সি হে সর্ব্বযজ্ঞকারণেত্যর্থঃ। ত্রয়ীং বেদময়ীং হে সর্ব্ব জগৎকারণ ॥ ৩৪ ॥

যজ্ঞাত্মতাং প্রপঞ্চয়ন্তঃ স্তুবন্তি। রূপমিত্যাদি চতুর্ভিঃ। ত্বচি ছন্দাংসীত্যাদৌ ছন্দ আদীনাং তব ত্বগাদয় এব কারণমিত্যর্থো জ্ঞেয়ঃ। বর্হিশব্দে দীর্ঘাভাব আর্ষঃ। চাতুর্হোত্রং হোত্রাদি কর্ম্ম চতুষ্টয়ং ॥ ৩৫ ॥

স্রুক্ জুহূঃ তুণ্ডে মুখাগ্রে স্রুবো নাসিকয়োঃ। ইড়া ভক্ষণপাত্রং চমসাগ্রহাশ্চ সোমপাত্রাণি। প্রাশিত্রং ব্রহ্মভাগপাত্রং গ্রস্যতেঽনেনেতি গ্রসনং মুখান্তর্বর্ত্তিচ্ছিদ্রং চর্ব্বণং ভক্ষণং ॥ ৩৬ ॥

ঋষিগণ সম্ভ্রম প্রকাশ পূর্ব্বক কহিতে লাগিলেন, হে অজিত! হে যজ্ঞভাবন! তোমার জয় হইল! জয় হইল! প্রভো! তুমি আপনার এই বেদময়ী মূর্ত্তিকে কম্পিত করিতেছ, তোমাকে নমস্কার করি। হে ভগবন্! তোমার লোম বিবরে সমুদ্র সকল বিলীন প্রায় হইতেছে। ফলতঃ তুমি কেবল পৃথিবীর উদ্ধারার্থই এই শৌকর বপুঃ ধারণ করিয়াছ, বস্তুতঃ স্বয়ং ভগবান্ তোমাকে নমস্কার করি ॥৩৪

হে দেব! তোমার এই মূর্ত্তি যজ্ঞময়, কিন্তু দুষ্কৃতাত্মা ব্যক্তিরা ইহা দেখিতে পায় না। প্রভো! তোমার এই ত্বকে গায়ত্র্যাদি ছন্দঃ, রোমে বর্হিঃ অর্থাৎ যজ্ঞীয় কুশাদি, চক্ষুর্দ্বয়ে আজ্য অর্থাৎ হবনীয় ঘৃত এবং চরণ চতুষ্টয়ে চাতুর্হোত্র অর্থাৎ হোত্রাদি কর্ম্ম চতুষ্টয় প্রকাশমান হইতেছে ॥ ৩৫ ॥

অপর হে ঈশ। তোমার মুখাগ্রে স্রুক্ অর্থাৎ জুহূ নামক যজ্ঞ পাত্র, তোমার নাসিকাদ্বয়ে স্রুব (যজ্ঞপাত্র বিশেষ) উদরে ইড়া (যজ্ঞীয় ভক্ষণ পাত্র) কর্ণরন্ধ্রে চমস (যজ্ঞপাত্র বিশেষ) মুখে প্রাশিত্র (ব্রহ্মভাগ পাত্র) মুখান্তর্ব্বর্ত্তি ছিদ্রে সোম পাত্র নামক যজ্ঞপাত্র বিশেষ দেদীপ্যমান। অপর হে ভগবন্! তুমি যে চর্ব্বণ কর তাহাই আমাদিগের অগ্নিহোত্র ॥ ৩৬ ॥

দীক্ষানুজন্মোপসদঃ শিরোধরং ত্বং প্রায়ণীয়োদয়নীয়দংষ্ট্রঃ।
জিহ্বা প্রবর্গ্য স্তব শীর্ষকং ক্রতোঃ সত্যাবসথ্যং চিতয়ো হসবোহি তে ॥ ৩৭ ॥
সোমস্তু রেতঃ সবনান্যবস্থিতিঃ সংস্থা বিভেদাস্তব দেব ধাতবঃ।
সত্রাণি সর্ব্বাণি শরীরসন্ধয়স্ত্বং সর্ব্বযজ্ঞঃ ক্রতুরিষ্টিবন্ধনঃ ॥ ৩৮ ॥
নমোনমস্তে খিল মন্ত্র দেবতা দ্রব্যায় সর্ব্বক্রতবে ক্রিয়াত্মনে।

শ্রীধরস্বামী।

দীক্ষা দীক্ষনীয়েষ্টিঃ। অনুজন্ম বারং বারমভিব্যক্তিঃ উপসদস্তিস্র ইষ্টয়ঃ। শিরোধরং গ্রীবা প্রায়ণীয়া দীক্ষানন্তরেষ্টিঃ উদয়নীয়া সমাপ্তীষ্টিঃ তে এব দংষ্ট্রে যস্য। প্রবর্গ্যো মহাবীরঃ প্রত্যুপসদঃ পূর্ব্বং ক্রিয়তে। সত্যো হোম রহিতোঽগ্নিঃ। আবসথ্যঃ ঔপাসনাগ্নিঃ তয়োর্দ্বৈক্যং তত্তব ক্রতু রূপস্য শীর্ষং শিরঃ। চিতয় ইষ্টকা চয়নানি পঞ্চ অসবঃ প্রাণাঃ ॥ ৩৭ ॥

প্রাতঃ সবনাদীনি অবস্থিতিঃ আসনং বাল্যাদ্যবস্থা। অগ্নিষ্টোমোঽত্যগ্নিষ্টোম উক্থঃ ষোড়শী বাজপেয়োঽতিরাত্র আপ্তোর্যাম ইতি সপ্ত সংস্থাবিভেদাঃ ত্বঙ্‌মাংসাদি সপ্তধাতবঃ। সত্রাণি দ্বাদশাহাদীনি বহুযাগ সংঘাত রূপাণি। অসোমাঃ যজ্ঞাঃ সসোমাঃ ক্রতবঃ তদ্রূপস্ত্বং ইষ্টির্যজনং অনুষ্ঠানং তদেব বন্ধনং যস্য সঃ ॥ ৩৮ ॥

পূর্ব্বোক্তমেব সপরিকরং কীর্ত্তয়ন্তঃ প্রণমন্তি। নমো নম ইতি অখিল মন্ত্রাদি রূপায় ক্রিয়াত্মনে সামান্য ব্যাপার রূপায়।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দীক্ষা দীক্ষনীয়েষ্টিঃ অনুজন্ম বারম্বারমভিব্যক্তিঃ। উপসদস্তিস্র ইষ্টয়ঃ শিরোধরং গ্রীবা প্রায়ণীয়া দীক্ষানন্তরেষ্টিঃ। উদয়নীয়া সমাপ্তীষ্টিঃ তে এব দংষ্ট্রে যস্য প্রবর্গ্যো মহাবীরঃ প্রত্যুপসদঃ পূর্ব্বক্রিয়তে। সত্যো হোমরহিতোঽগ্নিঃ আবসথ্য ঔপাসনাগ্নিঃ। তয়োর্দ্বৈক্যং তত্তব ক্রতুরূপস্য শীর্ষং শিরঃ। চিতয় ইষ্টকাচয়নানি পঞ্চ অসবঃ প্রাণাঃ ॥ ৩৭ ॥

সবনানি প্রাতরাদিকর্ম্মকালাঃ। অবস্থিতি রাসনং। সংস্থাবিভেদা অগ্নিষ্টোমোঽত্যগ্নিষ্টোমঃ উক্থঃ ষোড়শী বাজপেয়োঽতিরাত্রং আপ্তোর্যামঃ ইতি সপ্তধাতব ত্বঙ্মাংসাদয়ঃ। সত্রাণি দ্বাদশাহাদীনি বহুযাগ সংঘাতরূপাণি। যজ্ঞাঃ অসোমাঃ ক্রতবঃ সসোমা স্তদ্রূপস্ত্বং। ইষ্টির্যজনং যজ্ঞাঙ্গভূতা ত্বদ্ভক্তিঃ সৈব বন্ধনং যস্য সঃ ॥ ৩৮ ॥

উক্তার্থং সমাসেন স্তবানাঃ প্রণমন্তি নমো নম ইতি। ক্রিয়াত্মনে যজ্ঞাদিব্যাপাররূপায়। যদ্যপ্যেবং ত্বং লীলয়া কর্ম্মমার্গ প্রবর্ত্তকত্বেন সর্ব্বকর্ম্মকারণ মূর্ত্তিরসি। তদপি কর্ম্মফলস্পৃহারহিতয়া ভক্ত্যৈব তবানুভবো ভবেদিত্যাহুঃ। বৈরাগ্যং দৃষ্টাদৃষ্টকর্ম্ম

অপিচ হে প্রভো! তোমার যে বারম্বার অভিব্যক্তি তাহাই দীক্ষা অর্থাৎ দীক্ষণীয় ইষ্টি, তোমার গ্রীবা দেশই উপসদ অর্থাৎ তিনটী ইষ্টি বিশেষ, তোমার দংষ্ট্রা প্রায়ণীয়া অর্থাৎ দীক্ষানন্তর ইষ্টি এবং উদনীয়া অর্থাৎ সমাপ্তি ইষ্টি, তোমার জিহ্বাই প্রবর্গ্য অর্থাৎ উপসদের পূর্ব্বে ক্রিয়মাণ মহাবীর নামে যজ্ঞ বিশেষ, তোমার শীর্ষ অর্থাৎ শিরোদেশ সত্য (হোম রহিত অগ্নি) তথা আবসথ্য (ঔপাসনাগ্নি) এবং তোমার পঞ্চ প্রাণই চিতি (যজ্ঞার্থ ইষ্টকাচয়ন) ॥ ৩৭ ॥

অপিচ হে দেব! তোমার রেতঃ সোম যজ্ঞ, আর তোমার অবস্থান অথবা বাল্যাদি অবস্থা প্রাতঃ সবনাদি কর্ম্ম, তোমার ত্বক্ মাংসাদি সপ্ত ধাতু অগ্নিষ্টোম, অত্যগ্নিষ্টোম, উক্থ, ষোড়শী, বাজপেয়, অতিরাত্র এবং আপ্তোর্যাম, এই সপ্ত যজ্ঞ প্রভেদ, আর তোমার শরীরের সন্ধি সকল দ্বাদশাহাদি বহু যাগ সমূহ স্বরূপ, অতএব তুমি অসোম যজ্ঞ এবং সসোম ক্রতু এই উভয় স্বরূপ অনুষ্ঠানই তোমার বন্ধন ॥ ৩৮ ॥

হে ভগবন্! তুমি অখিল মন্ত্র, অখিল দেবতা এবং সমস্ত দ্রব্য স্বরূপ অতএব তোমাকে নমস্কার। অপর হে বিভো। বৈরাগ্য অর্থাৎ দৃষ্টাদৃষ্ট কর্ম্ম ফল স্পৃহা রাহিত্য হইতে উৎপন্না যে ভক্তি তদ্দ্বারা

বৈরাগ্য ভক্ত্যাত্মজয়ানুভাবিত জ্ঞানায় বিদ্যাগুরবে নমো নমঃ ॥ ৩৯ ॥
দংষ্ট্রাগ্রকোট্যা ভগবংস্ত্বয়া ধৃতা বিরাজতে ভূধর ভূঃ সভূধরা।
যথা বনান্নিঃসরতো দতা ধৃতা মতঙ্গজেন্দ্রস্য সপত্রপদ্মিনী ॥ ৪০ ॥
ত্রয়ীময়ং রূপমিদঞ্চ শৌকরং ভূমণ্ডলেনাথ দতা ধৃতেন তে।
চকাস্তি শৃঙ্গোঢ় ঘনেন ভূয়সা কুলাচলেন্দ্রস্য যথৈব বিভ্রমঃ ॥ ৪১ ॥
সংস্থাপয়ৈনাং জগতাং সতস্থুষাং লোকায় পত্নীমসি মাতরং পিতা।

শ্রীধরস্বামী।

কিঞ্চ বৈরাগ্যং উক্ত কর্ম্ম সাধ্যা সত্বশুদ্ধিঃ ততো ভক্তি স্তত আত্মজয়ঃ চিত্তস্থৈর্য্যং তেনানুভাবিতং সাক্ষাৎ কৃতং যজ্জ্ঞানং তস্মৈ। এবং ভূত জ্ঞানপ্রদায় গুরবেচ ॥ ৩৯ ॥

হে ভূধর সভূধরা সপর্ব্বতা বনাহ্রদকান্নির্গচ্ছতো গজেন্দ্রস্য দতা দন্তেন ॥ ৪০ ॥

ত্বয়া ধৃতা ভূর্বিরাজত ইত্যুক্তং ইদানীং ভূমণ্ডলেন তদ্রূপং বিরাজত ইত্যাহুঃ। ত্রয়ীতি অথেত্যর্থান্তরে। তে ইদং রূপং দন্তেন ধৃতং যদ্ভূমণ্ডলং তেন চকাস্তি শোভতে শৃঙ্গেণ উঢ়ো ধৃতো যো ঘন স্তেন ভূয়সা অতি মহতা বিভ্রমো বিলাসঃ ॥ ৪১ ॥

জগতাং জঙ্গমানাং তস্থুষাং স্থাবরৈঃ সহ বর্ত্তমানানাং লোকায় বাসস্থানার্থং তে পত্নীং জগতাং মাতরং যতস্ত্বং পিতাসি এবং

ক্রমসন্দর্ভঃ।

তত এব ত্রয়ীময়মপি ভূমণ্ডলস্থানীয়েন শৃঙ্গোঢ়ঘনেন কুলাচলেন্দ্রস্য যথৈব বিভ্রমো ভবতি তথা বিভ্রমেণ তব রূপং চকাস্তীত্যর্থঃ ॥ ৪১। ৪২। ৪৩। ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ফলস্পৃহারাহিত্যং তদনুক্তা যা ভক্তিস্তয়ৈবাত্মনো মনসো জয়স্তেনানুভাবিতং জ্ঞানং স্ব বিষয়কং যেন তস্মৈ। অতএব বিদ্যাগুরবে। দদামি বুদ্ধিযোগন্তং যেন মামুপযান্তি তে ইতি ত্বদুক্তে স্বং প্রাপকং জ্ঞানং ত্বমেব দাতুমর্হসীতি ভাবঃ ॥ ৩৯ ॥

অহো পৃথিব্যা ভাগ্যং যাং ত্বং ধৎসে ইতি তাং বর্ণয়তি দংষ্ট্রেতি। হে ভূধর সভূধরা স পর্ব্বতা। বনাৎ জলাৎ সপত্রপদ্মিনীতি তস্যাঃ কোরক কুট্মলাদিভিরুচ্চনীচ পর্ব্বতা উপমিতা ॥ ৪০ ॥

যথা ত্বয়া স্বামিনা ধৃতা ভূঃ শোভতে তথা ভুবাপি স্বভক্ত্যা ধৃত ত্বং শোভস ইত্যাহুঃ। ত্রয়ীতি কুলাচলেন্দ্রস্য মহাপর্ব্বতস্য শৃঙ্গেণ উঢ়ো ধৃতো যোঘনো মেঘস্তেন বিভ্রমঃ শোভা যথা ॥ ৪১ ॥

কিং যুষ্মাকমভীপ্সিতং তদ্ব্রূতেতি চেদত আহুঃ সংস্থাপয়েতি লোকায় বাসস্থানার্থং তে পত্নীং জগতাং মাতরং যতস্ত্বং পিতাসি।

যে মনের নিশ্চলতা হয় তাহাতে যে জ্ঞান সাক্ষাৎকার হয়, তুমি সেই জ্ঞান স্বরূপ, আর তুমিই জ্ঞান প্রদান করিয়া থাক, অতএব তোমাকে নমস্কার ॥ ৩৯ ॥

হে ধরাধর! মত্ত গজেন্দ্র জলক্রীড়া করণানন্তর পত্রাদি সহ পদ্মলতা ধারণ করিয়া জল হইতে নির্গত হইলে সেই পদ্মিনীর যে রূপ শোভা হয় তুমি আপনার দন্তাগ্রভাগ দ্বারা পর্ব্বতাদির সহিত এই ধরাকে ধারণ করাতে ইহা তদ্রূপ শোভা পাইতেছে ॥ ৪০ ॥

অপর হে ভগবন্! শিখরদেশে মেঘ ধৃত হইলে তদ্দ্বারা প্রধান কুলাচল অর্থাৎ মহাপর্ব্বতের যেরূপ বিলাস হয়, তোমার বেদময় এই শৌকর বপুঃ,দন্তধৃত ভূমণ্ডল দ্বারা সেই রূপ শোভা পাইতেছে ॥৪১

হে বিভো! তুমি এই জগতের পিতা এবং এই ধরা তোমার পত্নী অতএব ইনি জগতের মাতা, তুমি এই সমস্ত স্থাবর জঙ্গমের বাসস্থান নিমিত্ত ইহাঁকে সম্যক্ রূপে স্থাপন কর, তাহা হইলে আমরা ইহাঁর উপরি অবস্থিত হইয়া তোমার সহিত আমাদের মাতা এই ধরাকে নমস্কার ও ইহাঁর পরিচর্য্যা

বিধেম চাস্যৈ নমসা সহ ত্বয়া যস্যাং স্বতেজোঽগ্নিমিবারণাবধাঃ ॥ ৪২ ॥
কঃ শ্রদ্দধীতান্যতমস্তব প্রভো রসাঙ্গতায়া ভুব উদ্বিবর্হণং।
ন বিস্ময়োঽসৌ ত্বয়ি বিশ্ববিস্ময়ে যো মায়য়েদং সসৃজেঽতিবিস্ময়ং ॥ ৪৩ ॥
বিধুন্বতা বেদময়ং নিজং বপুর্জনস্তপঃসত্যনিবাসিনো বয়ং।
সটাশিখোদ্ধূত শিবাম্বু বিন্দুভি র্বিমৃজ্যমানা ভৃশমীশ পাবিতাঃ ॥ ৪৪ ॥
স বৈ বত ভ্রষ্টমতিস্তবৈষতে যঃ কর্ম্মণাং পারমপারকর্ম্মণঃ।

শ্রীধরস্বামী।

সতি তত্র স্থিতাঃ সন্তঃ ত্বয়া পিত্রা সহ অস্যৈ মাত্রে নমসা বিধেম নমনং করিষ্যামঃ নমস্কারেণ পরিচরেমেতি বা। স্বতেজঃ ধারণ শক্তিং যাজ্ঞিকাঃ মন্ত্রেণাগ্নিমরণাবিব অধাঃ নিহিতবানসি ॥ ৪২ ॥

ইদঞ্চ ত্বয়াতি দুষ্করং কৃতং ইত্যাহঃ ক ইতি হে প্রভো তব. ত্বয়া কৃতং ভুব উদ্বিবর্হণং উদ্ধরণং ত্বদন্যঃ কঃ শ্রদ্দধীত স্পৃহয়েৎ অধ্যবস্যেদিত্যর্থঃ। ত্বয়ি পুনরসৌ বিস্ময়ো ন ভবতি। যতো বিশ্বে সর্ব্বে বিস্ময়া যস্মিন্ কুতঃ যো ভবান্ অতি বিস্ময়ং অত্যদ্ভুতং ইদং বিশ্বং ক্রিয়াবিশেষণং বা সসৃজে সৃষ্টবান্ ॥ ৪৩ ॥

বিস্ময়ং দর্শয়ন্তঃ প্রার্থয়ন্তে বিধুন্বতেতি দ্বাভ্যাং। সটানাং শিখাভিরগ্রৈঃ উদ্ধৃতাঃ উচ্ছলিতাঃ যে শিবা অম্বুবিন্দবঃ তৈঃ সিচ্যমানা বয়ং পবিত্রী কৃতাঃ ॥ ৪৪ ॥

তব কর্ম্মণাং পারং য এষ তে অবলোকয়তি জ্ঞাতুমিচ্ছতীত্যর্থঃ। যস্য তব যোগমায়ায়া গুণৈঃ সহ যো যোগ স্তেন মোহিতং।

ক্রমসন্দর্ভঃ।

স বৈ ইতি। এষতে ইতি ভৌবাদিকস্য এষৃ গতাবিত্যস্য ঋকারানুবন্ধস্য রূপং। ততো গত্যর্থত্বাৎ জ্ঞানাত্যর্থত্বেন অবলোকয়-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অতস্ত্বয়া পিত্রা সহ অস্যৈ মাত্রে নমসা বিধেম নমস্কারং করবাম। স্বতেজঃ ধারণশক্তিং ত্বং অধাঃ ধৃতবানসি। অরণৌ অগ্নিং যাজ্ঞিকা যথা ধারয়ন্তি তথা ॥ ৪২ ॥

তবেমাং লীলামন্যৈর্দুষ্করাং বয়ং গায়াম ইত্যাহঃ। ক ইতি হে বিভো ভুব উদ্বিবর্হণং তব ত্বৎকর্ত্তৃকং ত্বত্তোঽন্যতমঃ কঃ শ্রদ্দধীত কর্ত্তুং স্পৃহয়েৎ অধ্যবস্যেদিত্যর্থঃ ॥ ৪৩ ॥

পৃথিব্যুদ্ধরণং ত্বয়ি ন বিস্ময়ো বিস্ময়ঃ পুনরয়মেব যত্তন্নিষেণ মহার্ণবে নিপততা বস্তুতস্ত্বস্মাস্বেব কৃপাপরবশেন ত্বয়া স্বাঙ্গক্ষালনাম্বুভৈরূর্দ্ধোর্দ্ধং প্রাপিতৈর্বয়মৃষয়ঃ কৃতার্থী কৃতা ইত্যাহঃ বিধুন্বতেতি ॥ ৪৪ ॥

এবং ত্বল্লীলাং কতি বর্ণয়ামো বয়ং সর্ব্ববেদবিদোপি তল্লীলাসিন্ধোঃ কণমপি সামস্ত্যেন ন বিদ্মঃ কে পুনরন্যে বরাকা ইত্যাহঃ

করিতে পারি। প্রভো! যাজ্ঞিকেরা যেমন মন্ত্র দ্বারা অরণিতে অগ্নি আধান করেন তাহার ন্যায় তুমি এই ধরণীতে আপনার ধারণা শক্তি নিহিত করিয়া রাখিয়াছ ॥ ৪২ ॥

প্রভো! তুমি এই যে রসাতল গতা ধরার উদ্ধার করিলে এ বিষয়ে তোমা ভিন্ন অন্য কোন্ ব্যক্তির অধ্যবসায় হইতে পারে? কিন্তু তুমি যে ঐ কর্ম্ম করিলে ইহাতে তোমাতে আমাদের বিস্ময় হয় না, যে হেতু তুমি সকল বিস্ময়ের আকর ফলতঃ তুমি যখন আত্ম মায়া দ্বারা অতি বিস্ময়কারি এই বিশ্ব সৃষ্টি করিয়াছ তখন তোমাতে কোন বিস্ময় নাই ॥ ৪৩ ॥

হে ঈশ! তুমি যে আপনার বেদময় শৌকর বপুঃ কম্পন করিতেছ তাহাতে তোমার সটার শিখাগ্র দ্বারা যে সমস্ত পবিত্র অম্বুকণা উচ্ছলিত হইতেছে আমরা জনঃ তপঃ সত্য লোক নিবাসী হইলেও ঐ জল কণা দ্বারা অতিশয় পবিত্রীকৃত হইলাম ॥ ৪৪ ॥

হে ভগবন্! তোমার কর্ম্ম অপার, যে ব্যক্তি তোমার কর্ম্মের পার জানিতে অভিলাষ করে সে

যদ্যোগমায়াগুণযোগমোহিতং বিশ্বং সমস্তং ভগবন্ বিধেহি শং ॥ ৪৫ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ইত্যুপস্থীয়মানস্তৈর্মুনিভি র্ব্রহ্মবাদিভিঃ। সলিলে স্বখুরাক্রান্তে উপাধত্তাবিতাবনিং।
স ইত্থং ভগবানুর্ব্বীং বিষ্বক্‌সেনঃ প্রজাপতিঃ। রসায়া লীলয়োন্নীতামপ্সু ন্যস্য যযৌ হরিঃ ॥ ৪৬
য এবমেতাং হরিমেধসো হরেঃ কথাং সুভদ্রাং কথনীয় মায়িনঃ।
শৃণ্বীত ভক্ত্যা শ্রবয়েতবোশতীং জনার্দ্দনো হস্যাশু হৃদি প্রসীদতি ॥ ৪৭ ॥

শ্রীধরস্বামী।

অতো বিশ্বস্য মঙ্গলং বিধেহি যথা ত্বামচিন্ত্যানন্ত শক্তিং জ্ঞাত্বা ভজেৎ তথানুগৃহাণেত্যর্থঃ ॥ ৪৫ ॥

উপস্থীয়মানঃ স্তূয়মানঃ স্বখুরাক্রান্ত ইতি জলেপি ধারণশক্ত্যাধানং দর্শয়তি অবিতা রক্ষকঃ ॥ ৪৬ ॥

কথনীয়ানি মায়ীনি মায়াবন্তি চরিত্রাণি যস্য। শ্রবয়েৎ শ্রাবয়েৎ হ্রস্বত্বমার্ষং উশতীং কমনীয়াং হৃদি প্রসীদতি স্বমনসি সন্নিধাতীত্যর্থঃ ॥ ৪৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

তীত্যর্থঃ। তস্য চাসম্ভবাৎ জ্ঞাতুমিচ্ছতীত্যেবার্থঃ ॥ ৪৫ ॥ যযৌ স্বলোকমিতি শেষঃ ॥ ৪৬ ॥

এবং হিরণ্যাক্ষমিত্যাদি বক্ষ্যতি। হরিমেধসঃ লোকদুঃখহরসঙ্কল্পস্য কথনীয়া প্রশস্যা যা মায়া কৃপা তদ্বৎ কস্য। প্রশস্যত্ব-মেবাহ। শৃণ্বীতেতি ॥ ৪৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স বৈ ইতি যস্তব কর্ম্মণাং পারং এষতে জানাতি জানামীত্যভিমন্যত ইত্যর্থঃ। এষৃ গতৌ ভৌবাদিকঃ। নমু মায়া মোহিতো জীবো ন জানাতু নাম মায়াতীতো মদ্ভক্তো নারদাদির্জানাত্যেবেতি তত্রাহ যস্য তব যোগমায়া চিচ্ছক্তিবৃত্তিভেদঃ গুণযোগো গুণ মেলনরূপোঽবিদ্যাচ তাভ্যাং মোহিতস্তে কর্ম্মণাং পারং জ্ঞাস্যতীত্যর্থঃ অতঃ সন্বিধেহি যথা জানীম ইতি মিথ্যাভিমানো ন ভবেদিতি ভাবঃ। সমস্তমপ্রাকৃতং প্রাকৃতঞ্চ বিশ্বং তত্র যে প্রাকৃতাস্বদ্ভক্তাস্তে যোগমায়য়া তন্মাধুর্য্যেষু নিমজ্য মোহ্যন্তে। যে চ ত্বদন্যে প্রাকৃতা জীবাস্তে মায়য়া বৈষয়িক সুখদুঃখেষু নিমজ্য মোহ্যন্তে ইতি কস্তে কর্ম্মণাং পারং জ্ঞাস্যতীত্যর্থঃ। অতঃ পরিধেহি যথা জানীম ইতি মিথ্যাভিমানো ন ভবেদিতি ভাবঃ ॥ ৫ ॥

উপস্থীয়মানঃ স্তুত্যা পরিচর্য্যমাণঃ সলিলে সলিলোপরি স্বখুরাক্রান্ত ইতি জলেপি ধারণশক্ত্যাধানং দর্শয়তি অবিতা রক্ষকঃ ॥
যযৌ স্বলোকমিতিশেষঃ। অন্তর্দধে ইতি বা ॥ ৪৬ ॥

হরন্তী ভক্তসংসারং নাশয়ন্তী মেধা বুদ্ধির্যস্মিন্ তস্য কথনীয়া বর্ণনীয়া মায়া মায়াশক্তিঃ কৃপাবা স্বরূপশক্তি র্বা তদ্বতঃ শ্রবয়েত শ্রাবয়েৎ উশতীং কমনীয়াং ॥ ৪৭ ॥

অতি মন্দমতি, প্রভো! তাহা কি কাহারও অবগত হইবার সাধ্য আছে? তোমার যোগ মায়ার গুণের সহিত যে যোগ তদ্দারা এই সমস্ত জগৎ মোহিত হইয়া রহিয়াছে অতএব হে ভগবন্! এই জগতের ক্ষেম বিধান কর এবং লোকে তোমাকে অচিন্ত্য ও অনন্ত শক্তি জানিয়া যে প্রকার ভজনা করিতে পারে সেই রূপে অনুগ্রহ কর ॥ ৪৫ ॥

মৈত্রেয় মুনি বিদুরকে সম্বোধন করিয়া কহিলেন বৎস! ব্রহ্মবাদি মুনিগণ এই প্রকারে স্তব করিতে থাকিলে রক্ষাকারী সেই বরাহ রূপী ভগবান্ আপনার খুর দ্বারা আক্রান্ত সলিলের উপর অবনিকে স্থাপন করিলেন। বিদুর! ভগবান্ হরি এই রূপ রসাতল হইতে এই পৃথিবীর উদ্ধার করিয়া জলো-পরি সংস্থাপন পূর্ব্বক অন্তর্হিত হইলেন ॥ ৪৬ ॥

বৎস! সেই ভক্তজনের সংসার নাশন বরাহরূপি ভগবানের চরিত্র কথনার্হ এবং মায়াবিশিষ্ট, তাঁহার এই সুমঙ্গল কথা যে ব্যক্তি ভক্তি পূর্ব্বক শ্রবণ করে অথবা কাহাকেও শ্রবণ করায় ভগবান্ তৎক্ষণাৎ আপনার মনে তাঁহার প্রতি প্রসন্ন হন ॥ ৪৭ ॥

তস্মিন্ প্রসন্নে সকলাশিষাং প্রভৌ কিং দুর্ল্লভং তাভিরলং লবাত্মভিঃ।
অনন্য দৃষ্ট্যা ভজতাং গুহাশয়ঃ স্বয়ং বিধত্তে স্বগতিং পরঃ পরাং ॥ ৪৮ ॥
কো নাম লোকে পুরুষার্থসারবিৎ পুরা কথানাং ভগবৎ কথাসুধাং।
আপীয় কর্ণাঞ্জলিভির্ভবাপহামহো বিরজ্যেত বিনা নরেতরং ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুর মৈত্রেয় সম্বাদে পৃথিব্যুদ্ধরণং নাম ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৩ ॥ * ॥

শ্রীধরস্বামী।

যদ্যপি সুলভা স্তথাপি তা ন প্রার্থনীয়া ইত্যাহ তাভিরাশীর্ভিরলং লবাত্মভিঃ তুচ্ছাভিঃ নচ তদা ভজনস্য বৈফল্যং শঙ্কনীয়মিত্যাহ। ভগবদ্ভজন ব্যতিরেকেন ফলান্তর দৃষ্টিং বিনা ভজতাং স্বপদ প্রাপ্তিং স্বয়মেব বিধত্তে। গুহাশয়ত্বাদহৈতুকীং ভক্তিং জানন্ ॥ ৪৮ ॥

অতঃ কো নাম পুরা কথানাং পূর্ব্ব বৃত্তানাং মধ্যে কথঞ্চিদাপীয় বিরজ্যেত বিরমেৎ। নরেতরং পশুং বিনা ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে ত্রয়োদশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

সর্ব্ব ফলদেঽপি তৎপ্রসাদে পরমফলমাহ তস্মিন্নিতি। স্বগতিং স্বস্ফূর্ত্তিরূপং জ্ঞানং ॥ ৪৮ ॥
ততশ্চ সা কথৈব। তৈঃ পীযূষধারেব ত্যক্তুমশক্যা ভবতীতি ব্যতিরেকেণাহ ক ইতি ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য ত্রয়োদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

কিং বস্তু দুর্ল্লভং অপিতু সর্ব্বমেব সুলভং তদপি তাভিরাশীর্ভিরলং লবাত্মভিঃ ক্ষুদ্রাভিস্তুচ্ছাভিরিত্যর্থঃ। নচ তদা ভজনস্য বৈফল্যং শঙ্কনীয়মিত্যাহ অনন্যদৃষ্ট্যা ভগবদ্ভজনব্যতিরেকেণ ফলান্তর দৃষ্টিং বিনা ভজতাং স্বপদ প্রাপ্তিং স্বয়মেব বিধত্তে গুহাশয়ত্বাদহৈতুকীং ভক্তিং জানন্নিতি স্বামিচরণানাং ব্যাখ্যা ॥ ৪৮ ॥

ভক্তিরেব সর্ব্বপুরুষার্থমহাফলমিতি জানন্নেব সারজ্ঞ উচ্যতে। ভক্তিঃ পুরুষার্থসাধনমেব নতু স্বতঃ ফলরূপেতি ব্যাচক্ষাণস্তু পশুরেবেত্যাহ কোনামেতি। পুরা কথানাং পূর্ব্ববৃত্তানাং মধ্যে ভবাপহাং সংসারধ্বংসিনীং অহো আশ্চর্য্যং নরেতরং পশুং বিনা কোবিরজ্যেত যো বিরজ্যেত স পশুরেবেতি তেন ঔৎকণ্ঠ্য বাষ্পকলয়া মুহুরর্দ্ধ্যমান স্তচ্চাপি চিত্তবড়িশং শনকৈর্ব্বিযুঙ্ক্তে ইতি বক্ষ্যমাণলক্ষণস্য যোগিনঃ পশুত্বং ব্যঞ্জিতং ॥ ৪৯ ॥

॥ * ॥ সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ত্রয়োদশস্তৃতীয়েস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অহে বিদুর! সকল মঙ্গলের কর্ত্তা সেই ভগবান্ প্রসন্ন হইলে আর কি কোন বস্তু দুর্ল্লভ থাকে? তখন বরং সকল কল্যাণ তুচ্ছ ও ব্যর্থ বোধ হয়। বিদুর! যে যে ব্যক্তি নিষ্কাম ভক্তি পূর্ব্বক একান্তভাবে ভগবানের ভজনা করেন, সর্ব্বান্তর্যামী ভগবান্ তাহা জানিতে পারিয়া তাঁহাদিগকে আপনার পদ স্বয়ং বিধান করেন, অতএব ঐহিক সুখ তুচ্ছ বোধ হইলেও ভগবদ্ভজনের কদাচ বৈফল্য হয় না। ॥ ৪৮

অহো! এই কারণেই নরেতর অর্থাৎ পশু ব্যতিরেকে পুরুষার্থ সারবেত্তা কোন্ ব্যক্তি পুরাবৃত্ত মধ্যে ভগবানের সংসার বিমোচনী কথারূপ সুধা কর্ণাঞ্জলি দ্বারা পান করিয়া বিরত হয়? ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে ত্রয়োদশ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

নিশম্য কৌশারবিণোপবর্ণিতাং হরেঃ কথাং কারণশূকরাত্মনঃ।
পুনঃ স পপ্রচ্ছ তমুদ্যতাঞ্জলি র্ন চাতিতৃপ্তো বিদুরো ধৃতব্রতঃ ॥ ১ ॥

শ্রীবিদুর উবাচ ॥

তেনৈব তু মুনিশ্রেষ্ঠ হরিণা যজ্ঞমূর্ত্তিনা। আদিদৈত্যো হিরণ্যাক্ষো হত ইত্যনুশুশ্রুম ॥ ২ ॥
তস্যচোদ্ধরতঃ ক্ষৌণীং স্বদংষ্ট্রাগ্রেণ লীলয়া। দৈত্যরাজস্যচ ব্রহ্মন্ কস্মাদ্ধেতোরভূন্মৃধঃ।
শ্রদ্দধানায় ভক্তায় ব্রূহি তজ্জন্ম বিস্তরং। ঋষে নতৃপ্যতি মনঃ পরং কৌতূহলং হি মে ॥ ৩ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

সাধু বীর ত্বয়া পৃষ্টমবতারকথাং হরেঃ। যত্ত্বং পৃচ্ছসি মর্ত্ত্যানাং মৃত্যুপাশবিশাতনীং ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

চতুর্দ্দশে নিদানন্তু তদ্বধে বক্ষ্যুচ্যতে। সন্ধ্যায়াং কশ্যপাদ্গর্ভসম্ভবঃ কামতো দিতেঃ ॥ ১ ॥
তেনৈব যেন ভূমিরুদ্ধৃতা অনু শুশ্রুম ত্বন্মুখাৎ ॥ ২ ॥
মৃধো যুদ্ধং ॥ ৩ ॥
সাধুত্বে হেতুঃ যস্মাত্ত্বং হরেরবতার কথাং পৃচ্ছসীতি মৃত্যোঃ পাশং বিশাতয়তি মোচয়তীতি তথা ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

তেনৈবেতি। যেন স্বায়ম্ভুবে পৃথ্বী সমুদ্দধ্রে চাক্ষুষেঽপি তেনৈবেত্যর্থঃ ॥ ১ ॥ ২ ॥ তস্য চেতি চশব্দঃ পুনরর্থে ॥ ৩ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

চতুর্দশে দিতিঃ সায়মকামং চকমে মুনিং। অসুতেপেচ তদ্দুষ্টপুত্রাভূৎশিষ্টনপ্তৃকা ॥ ০ ॥
চকার এবার্থঃ ॥ ১ ॥ তেনৈব যেন হরিণা স্বায়ম্ভুবে পৃথ্বী উদ্দধ্রে তেনচ চাক্ষুষীয়ে হিরণ্যাক্ষো হত ইতি ব্যাখ্যেয়ং ॥ ২ ॥
মৃধো যুদ্ধং ॥ ৩ ॥
হে বীর হরের্যুদ্ধলীলাশুশ্রূষোঃ পৃষ্টমিদং সাধু যতঃ এতৎ প্রশ্নমিষেণ অবতারয়োর্বরাহ নৃসিংহয়োঃ কথাং পৃচ্ছসি তদ্বৈরকারণোক্তৌ তয়োরুপস্থিতেঃ অন্যানপি কৃতার্থয়িতুমিত্যাহ মর্ত্ত্যানামিতি ॥ ৪ ॥

চতুর্দ্দশ অধ্যায়ে দিতির প্রার্থনা ক্রমে কশ্যপ সকাশাৎ সন্ধ্যাকালে তাঁহার গর্ব্ভোৎপত্তি ॥ ০ ॥

শুকদেব কহিলেন মুনিবর মৈত্রেয় বরাহ রূপি ভগবানের কথা যাহা বর্ণন করিলেন তাহা শ্রবণ করিয়া ব্রতধারি বিদুরের পরিতৃপ্তি বোধ হইল না। তদীয় বিশুদ্ধ চরিত্র আরও শ্রবণ করিতে ইচ্ছুক হইয়া অঞ্জলি বন্ধন পূর্ব্বক জিজ্ঞাসা করিলেন ॥ ১ ॥

হে মুনিসত্তম! যে বরাহ রূপী ভগবান্ পৃথিবীর উদ্ধার করেন আপনকার প্রমুখাৎ শ্রুত হইলাম, তিনিই আদিদৈত্য হিরণ্যাক্ষকে বিনষ্ট করিয়াছেন ॥ ২ ॥

হে ব্রহ্মন্! ভগবান্ শূকর রূপ ধারণ করিয়া লীলাবশতঃ আপনার দন্ত দ্বারা ধরার উদ্ধার করিয়াছিলেন, সে সময় কি কারণে দৈত্যরাজের সহিত তাঁহার যুদ্ধ হইয়াছিল? হে ঋষে। ভগবানের পবিত্র কথা শ্রবণ করিয়া আমার মনঃ পরিতৃপ্ত হইতেছে না আরও শুনিতে বাসনা হইতেছে, অতএব তাঁহার জন্ম বৃত্তান্ত বিস্তর রূপে বলিতে আজ্ঞা হউক, আমি আপনার শ্রদ্ধাবান্ ভক্ত, আমার প্রার্থনা পূর্ণ করা আপনার কর্ত্তব্য ॥ ৩ ॥

মুনিপুঙ্গব মৈত্রেয় বিদুরের এই রূপ প্রার্থনায় তাঁহাকে ধন্যবাদ প্রদান করত কহিলেন হে বীর! তুমি উত্তম প্রশ্ন করিয়াছ, যে হেতু তুমি এই প্রশ্নচ্ছলে মর্ত্ত্যগণের মৃত্যুপাশ বিমোচনী ভগবানের অবতার কথা জিজ্ঞাসা করিতেছ ॥ ৪ ॥

যয়োত্তানপদঃ পুত্রো মুনিনা গীতয়ার্ভকঃ। মৃত্যোঃ কৃত্বৈব মূর্দ্ধ্ন্যঙ্ঘ্রিমারুরোহ হরেঃ পদং ॥ ৫ ॥
অথাত্রাপীতিহাসোঽয়ং শ্রুতো মে বর্ণিতঃ পুরা। ব্রহ্মণা দেবদেবেন দেবানামনুপৃচ্ছতাং ॥ ৬ ॥
দিতির্দাক্ষায়ণী ক্ষত্ত র্মারীচং কশ্যপং পতিং। অপত্যকামা চকমে সন্ধ্যায়াং হৃচ্ছয়ার্দ্দিতা ॥ ৭ ॥
ইষ্ট্বাগ্নিজিহ্বং পয়সা পুরুষং যজুষাং পতিং। নিম্লোচত্যর্ক আসীনমগ্ন্যাগারে সমাহিতং ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

তদেব দর্শয়তি যয়া কথয়া উত্তানপদঃ পুত্রো ধ্রুবঃ। মুনিনা নারদেন। অর্ভক এব। যদা ধ্রুবায় সুনন্দাদিভি র্বিমান মানীতং তদাস্য দেহত্যাগোঽপেক্ষিতঃ স্যাৎ ইতি যথা মৃত্যাবাসন্নেপি দেহং ন তত্যাজ। কিন্তু সোপান ইব তস্য মৃত্যো র্মূর্দ্ধ্নি পদং দত্ত্বা বিমানমারুহ্য বিষ্ণুপদমারূঢ়ঃ বক্ষ্যতি হি পরীত্যাভ্যর্চ্চ্যাধিষ্ণ্যাগ্র্যং কৃতস্বস্ত্যয়নো দ্বিজৈঃ। ইয়েষ তদধিষ্ঠাতুং বিভ্রদ্রূপং হিরণ্ময়মিতি ॥ ৫ ॥

তয়োঃ সংগ্রামে হেতুং বক্তুমিতিহাসং প্রস্তৌতি অথেতি। অনুপৃচ্ছতাং দেবানাং ব্রহ্মণা বর্ণিত ইতিহাসো ময়া শ্রুতঃ ॥ ৬ ॥

দেবপ্রশ্ন প্রস্তাবায় প্রথমং হিরণ্যাক্ষ্য হিরণ্যকশিপূৎপত্তি প্রসঙ্গমাহ দিতিরিত্যাদিনা যাবদধ্যায় সমাপ্তি মরীচেঃ পুত্রং কশ্যপং হৃচ্ছয়ঃ কাম স্তেনার্দ্দিতা অতঃ সন্ধ্যায়ামেব কামিতবতী ॥ ৭ ॥

তদপ্যগ্নিহোত্রশালায়াং তত্রাপি সমাহিতং অগ্নি র্জিহ্বা যস্য যজুষাং যজ্ঞানাং পতিং পুরুষং শ্রীবিষ্ণুং ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

যয়া যস্যাঃ প্রভাবেণার্ভক এব সদা সন্ অন্তকালেঽপি দেহত্যাগাম্মৃত্যোর্ম্মূর্দ্ধ্নি অঙ্ঘ্রিমিব কৃত্বা হরেঃ পদমারুরোহ কিন্ত্বর্ভকত্ব মত্র কিশোরত্বং জ্ঞেয়ং। রাজত্বে লব্ধে তচ্ছ্রবণং জাতমিতি যুক্ত্যা লভ্যতে। রাজত্বযোগ্য বয়স আবশ্যকাপেক্ষত্বাৎ। পুত্রাদ্যুৎপত্তি শ্রবণাচ্চ ॥ ৫ ॥ ৬ ॥

দিতিরিতি যুগ্মকং ॥ ৭ ॥ ৮ ॥ ৯ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হরিকথৈব জগদুদ্ধারিণীত্যত্র প্রমাণমাহ যয়া কথয়া মৃত্যোর্মূর্দ্ধ্নীতি ধ্রুবস্যান্তকালং জ্ঞাত্বা যদৈব মৃত্যুরাগত স্তদৈব সুনন্দাদিভি র্বিমানমানীতমারোঢ়ুং ধ্রুবঃ সোপানান্বেষণে মৃত্যুমবস্থিতং দৃষ্ট্বা তত্রমিদং জাতমিতি তস্যৈব মূর্দ্ধ্নি পদং দত্ত্বা শরীরমবনমষ্য বিমান মারুহ্য বিষ্ণুপদং জগামেতি ॥ ৫ ॥

মে ময়া অনুপৃচ্ছতাং দেবানাং সম্বন্ধেন ॥ ৬ ॥

দেবপ্রশ্নপ্রস্তাবায় প্রথমং হিরণ্যাক্ষহিরণ্যকশিপূৎপত্তি প্রসঙ্গমাহ দিতিরিত্যাদিনা যাবদধ্যায় সমাপ্তি মরীচেঃ পুত্রং কশ্যপং

বৎস! হরিকথাই জগদুদ্ধারিণী, তাঁহার মাহাত্ম্যের কথা কি বলিব? উত্তানপাদ রাজার পুত্র ধ্রুব বালক হইয়াও দেবর্ষি নারদের প্রগীত হরিকথা দ্বারা মৃত্যুর মস্তকে পাদ নিক্ষেপ করত বিষ্ণুপদে আরোহণ করিয়াছিলেন অর্থাৎ হরিকথার প্রভাবে ধ্রুবের বিষ্ণুপদে আরোহণ নিমিত্ত যখন সুনন্দাদি পার্ষদগণ কর্ত্তৃক বিমান আনীত হয়, তখন তাঁহার দেহত্যাগ অপেক্ষিত হইয়াছিল, কিন্তু মৃত্যু আসন্ন হইলেও দেহত্যাগ করেন নাই, সোপানের ন্যায় মৃত্যুর মস্তকে পদার্পণ করিয়া সশরীরে বিষ্ণুলোকে গমন করেন ॥ ৫ ॥

অহে বিদুর! হিরণ্যাক্ষের সহিত বরাহরূপি ভগবানের কেন সংগ্রাম হয় এ বিষয় দেবগণ ব্রহ্মাকে জিজ্ঞাসা করিয়াছিলেন, ব্রহ্মা তাঁহাদিগের নিকট যে ইতিহাস বর্ণন করেন তাহা আমি শুনিয়াছি বলি শ্রবণ কর ॥ ৬ ॥

দক্ষকন্যা দিতি অপত্য কামনা করিয়া আত্মপতি মরীচিতনয় কশ্যপের সমীপে রমণার্থ প্রার্থনা করিয়াছিলেন। ঐ দিতি কামশরে অর্দ্দিতা ছিলেন, এই কারণেই সন্ধ্যাকালে ॥ ৭ ॥

যখন সূর্য্য অস্তাচলে যাইতেছিলেন সেই সময়েই অগ্নিহোত্রশালায় যে স্থানে ঐ মুনি যজ্ঞপতি পরম

শ্রীদিতিরুবাচ ॥

এষ মাং ত্বৎকৃতে বিদ্বন্ কাম আত্ত শরাসনঃ। ছুনোতি দীনাং বিক্রম্য রম্ভামিব মতঙ্গজঃ ॥ ৯ ॥
তদ্ভবান্ দহ্যমানায়াং সপত্নীনাং সমৃদ্ধিভিঃ। প্রজাবতীনাং ভদ্রন্তে ময্যাযুঙ্‌ক্তামনুগ্রহং ॥ ১০ ॥
ভর্ত্তর্য্যাপ্তোরুমানানাং লোকানাবিশতে যশঃ। পতি র্ভবদ্বিধো যাসাং প্রজয়া ননু জায়তে ॥ ১১

শ্রীধরস্বামী।

কৃপণাং বহুভাষিণীমিতি বক্ষ্যতি। অত এব মামিতি শ্লোকাভ্যাং কার্পণ্যং ভর্ত্তরীতি চতুর্ভিঃ বহুভাষণং বর্ণ্যতে ছুনোতি পীড়য়তি। বিক্রম্য শৌর্য্যমাবির্ভাব্য রম্ভাং কদলীং ॥ ৯ ॥

আযুঙ্‌ক্তাং সর্ব্বতো যুনক্তু সম্যক্ করোতু ॥ ১০ ॥

ভর্ত্তরি প্রাপ্ত বহুমানানাং স্ত্রীণাং যশঃ লোকান্ আবিশতে ব্যাপ্নোতি প্রজয়া পুত্ররূপেণ তজ্জায়া জায়া ভবতি যদস্যাং জায়তে পুনরিতি শ্রুতেঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মদনমর্দিতা কামপীড়িতা অতঃ সন্ধ্যায়ামেব তত্রাপ্যগ্নিহোত্রশালায়াং তত্রাপি সমাহিতং কৃতসমাধিং সন্ধ্যায়ামপি নিয়োচত্যর্কাস্তময়কাল এবেত্যর্থঃ। অগ্নের্জিহ্বা যস্য তং যজুষাং যজ্ঞানাং পতিং বিষ্ণুং ॥ ৭ ॥ ৮ ॥

এষ মামিতি মুদ্রিতনেত্রে পত্যৌ কাম্বিকাশ্চাস্তুবাশ্চ অভিযোগা অকিঞ্চিৎকরা এব বাচিকেষ্বপি মধ্যে শস্তোথা অর্থোথাশ্চ ব্যঙ্গ্যাঃ। পরমেশ্বরাভিনিবেশিত বুদ্ধৌ কশ্যপেনাবকাশং লভস্ব এবেত্যুত্তমাঙ্গনানামভিধয়ৈব পুরুষে সম্ভোগপ্রার্থনা যদ্যপি নৈব স্বভাব স্তদপি কন্দর্পপীড়য়োন্মাদিতাদিতির্ভ্রাশঙ্কে নিগিলন্তীব সমাধিভঙ্গার্থমুচ্চৈরাহ এষ সাক্ষাদিব দৃশ্যমান ইত্যর্থঃ। ত্বৎকৃতে ইতি যদ্যহমেকাকিন্যস্থাস্তং তদৈব মম কিমকরিষ্যদিতি পত্যৌ তস্মিন্নেব দোষো ন্যস্তঃ। দীনাং ছুনোতীতি ত্বং পতিঃ কথং মাং ন রক্ষসীতি ভাবঃ। ননু লজ্জাং কথং সহসৈবাহাসীস্তত্রাহ রম্ভামিবেতি যদি প্রাণা এব নশ্যন্তি তদা কিং লজ্জয়েতি ভাবঃ ॥ ৯ ॥

নচ কেবলমহং কামাতুরৈব রতিং যাচে কিন্তু পুত্রার্থিন্যপীত্যাহ তদিতি। আযুঙ্ক্তাং সর্ব্বতোভাবেন করোতু ॥ ১০ ॥

ত্বৎ প্রসাদাদ্যশস্বিনী পুত্রবতীচ ভূয়াসমিত্যাহ ভর্ত্তরি ভর্ত্তুঃ সকাশাদিত্যর্থঃ। প্রাপ্তবহুসম্মানানাং স্ত্রীনাং যশঃ লোকান্ ব্যাপ্নোতি প্রজয়া পুত্ররূপেণ। তজ্জায়া জায়া ভবতি যদস্যাং জায়তে পুনরিতি শ্রুতে র্যা ভবদ্বিধঃ পতিঃ প্রজয়া হেতুনৈব জায়তে ভবতি অতোহং প্রজাবতী কথং ন ভবেয়মিতি ভাবঃ ॥ ১১ ॥

পুরুষ বিষ্ণুর জিহ্বা স্বরূপ অগ্নিতে হোম করিয়া সমাধিস্থ হইয়াছিলেন ॥ ৮ ॥

সেই স্থানেই দিতি আপনার অভিপ্রায় ব্যক্ত করিয়া কহিলেন, হে বিদ্বন্! কামদেব শরাসন গ্রহণ পূর্ব্বক বিক্রম প্রকাশ করিয়া মতঙ্গজ যেমন কদলী বৃক্ষকে ক্লেশ দেয়, তাহার ন্যায় আপনার নিমিত্ত আমাকে যাতনা প্রদান করিতেছে ॥ ৯ ॥

অতএব আপনি আমার প্রতি সম্যক্ রূপে অনুগ্রহ প্রকাশ করুন, আমি সপত্নীদিগের সমৃদ্ধি দেখিয়া নিরন্তর দুঃখে দগ্ধ হইয়া থাকি, প্রভো! আমি পুত্রার্থিনী আমার প্রতি অনুগ্রহ করিলে আপনার মঙ্গল হইবে ॥ ১০ ॥

হে ভগবন্! আপনার সদৃশ পুরুষ যে সকল স্ত্রীগণের পতি এবং যাহারা এবম্বিধ ভর্ত্তার নিকট বহুমান প্রাপ্ত হয়, তাহাদের যশঃ জগতে ব্যাপ্ত হইয়া থাকে, ফলতঃ পতি স্বয়ং প্রজারূপে জায়াতে জন্ম গ্রহণ করিয়া থাকেন, ইহাতে যোষিৎদিগের পুত্রাদি হইলে যশঃ বিস্তার না হইবেই বা কেন?। অতএব আপনকার প্রসাদে আমি পুত্রবতী ও যশস্বিনী হইতে পারিব ॥ ১১ ॥

পুরা পিতা নো ভগবান্ দক্ষো দুহিতৃবৎসলঃ। কং বৃণীত বরং বৎসা ইত্যপৃচ্ছত নঃ পৃথক্।
স বিদিত্বাত্মজানাং নো ভাবং সন্তানভাবনঃ। ত্রয়োদশাদদাত্তাসাং যাস্তে শীলমনুব্রতাঃ॥ ১২॥
অথ মে কুরু কল্যাণং কামং কমললোচন। আর্ত্তোপসর্পণং ভূমন্নমোঘং হি মহীয়সি॥ ১৩॥
ইতি তাং বীর মারীচঃ কৃপণাং বহুভাষিণীং। প্রত্যাহানুনয়ন্ বাচা প্রবৃদ্ধানঙ্গ কশ্মলাং॥ ১৪॥

শ্রীধরস্বামী।

নোঽস্মাকং পিতা নোঽস্মান্ পৃথক্ পৃথক্ অপৃচ্ছৎ। অয়ং ভাবঃ ত্রয়োদশানামপ্যস্মাকং ত্বয়ি ভাব সাম্যে বৈষম্যাচরণং তবানুচিতমিতি॥ ১২॥

মহীয়সি ত্বাদৃশে মহত্তমে মোঘং ন ভবতি হি॥ ১৩॥

প্রবৃদ্ধানঙ্গেন কশ্মলং মোহো যস্যাঃ তাং॥ ১৪॥

ক্রমসন্দর্ভঃ।

স ইতি তেন পদস্যাবৃত্ত্যা চতুর্থ্যর্থঃ ষষ্ঠ্যর্থশ্চ যোজ্যঃ॥ ১২। ১৩। ১৪। ১৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিঞ্চ বিবাহাৎ পূর্ব্বমেবাহং ত্বয্যনুরাগিণীতি প্রত্যাখ্যেয়বাক্যো ন ভবিতুমর্হসীত্যাহ পুরেতি নোঽস্মাকং পিতা নোঽস্মান্ অপৃচ্ছৎ॥

নো ভাবমিতি লজ্জয়া ত্বন্নামাগৃহ্নতীনামপ্যস্মাকমিঙ্গিতৈনৈব জনান্তর দ্বারা সহসা জ্ঞাত্বেত্যর্থঃ তাসাং দুহিতৄণাং মধ্যে তেন ত্রয়োদশানাং মধ্যে কথমহমেবাপুত্রিণীতি তবৈষম্যমিদমনুচিতমিতি ভাবঃ॥ ১২॥

নমু স্বরমণার্থং সায়ং মৎসমাধিভঙ্গে যতমানা ত্বং কথং মৎসমশীলেত্যত আহ আর্ত্তোপসর্পণমিতি সংপ্রত্যহমার্ত্তা কিং করোমি নার্ত্তঃ কালমপেক্ষত ইতি শাস্ত্রং ত্বং পরমদয়ালু র্জানাস্যেবেতি ভাবঃ॥ ১৩॥

হে বীরেতি যথা ভবদ্বিধা ধর্ম্মবীরা স্তথা ন কশ্যপ ইতি যতোঽনুনয়ন্নেব প্রত্যাহ নতু সকোপকটাক্ষং তর্জ্জন্নিতি। যদি কৃত্রিমমপি কোপমদর্শয়িষ্যত্তদা তস্যাঃ কামপীড়াপি ভীত্যা অন্তরধাস্যতৈবেতি ভাবঃ। প্রবৃদ্ধেতি নহ্যনঙ্গঘূর্ণিতা অনুনয়ং সহত ইতি ভাবঃ॥ ১৪॥

হে মুনে! আমাদিগের পিতা প্রজাপতি দক্ষ অতিশয় দুহিতৃবৎসল ছিলেন, তিনি আমাদিগকে পাত্রসাৎ করিবার পূর্ব্বে বাৎসল্য বশতঃ এক এক করিয়া পৃথক্ পৃথক্ জিজ্ঞাসা করিয়াছিলেন তোমরা কোন্ বরকে বরণ করিতে বাসনা কর তাহা বল। আমরা ত্রয়োদশজন তাঁহার কন্যা ছিলাম, তিনি আমাদের সকলের অভিপ্রায় অবগত হইয়া তেরজনকেই আপনকার হস্তে সমর্পণ করিলেন, আমরাও ত্রয়োদশ ভগিনী সমানভাবে আপনকার অনুব্রত হইয়াছি, অতএব আমাদের তেরজনেরই আপনার প্রতি সমান ভক্তি, ইহাতে আপনকার বৈষম্যাচরণ উচিত হয় না॥ ১২॥

অতএব হে কমললোচন! আমি যে কল্যাণ প্রার্থনা করিতেছি তাহা সম্পন্ন করিয়া দিউন। হে মহাশয়! আপনি মহত্তম, মহতের নিকট আর্ত্তজনের উপসর্পণা বিফলা হয় না, সম্প্রতি আমি আর্ত্তা কালাপেক্ষা নাই, আপনিও শাস্ত্রজ্ঞ এবং অতিশয় দয়াবান্, সকলই জানেন, এ বিষয়ে যাহা উচিত হয় বিধান করুন॥ ১৩॥

হে বিদুর! দীনা দিতি প্রবৃদ্ধ অনঙ্গে মুগ্ধ হইয়া এবম্বিধ বহুবিধ বলিতে আরম্ভ করিলে মরীচি তনয় মুনিবর কশ্যপ বাক্য দ্বারা সান্ত্বনা করত তাঁহাকে কহিলেন॥ ১৪॥

এষ তেঽহং বিধাস্যামি প্রিয়ং ভীরু যদিচ্ছসি। তস্যাঃ কামং ন কঃ কুর্য্যাৎ সিদ্ধিস্ত্রৈবর্গিকী যতঃ॥ ১৫
সর্ব্বাশ্রমানুপাদায় স্বাশ্রমেণ কলত্রবান্। ব্যসনার্ণবমত্যেতি জলযানৈরিবার্ণবং॥ ১৬॥
যামাহুরাত্মনোহর্দ্ধং শ্রেয়স্কামস্য মানিনি। যস্যাং স্বধুরমধ্যস্য পুমাংশ্চরতি বিজ্বরঃ॥ ১৭॥
যামাশ্রিত্যেন্দ্রিয়ারাতীন্ দুর্জয়ানিতরাশ্রমৈঃ। বয়ং জয়েম হেলাভির্দস্যূন্ দুর্গপতি র্যথা॥ ১৮॥
ন বয়ং প্রভবস্তাংত্বামনুকর্ত্তুং গৃহেশ্বরি। অপ্যায়ুষা বা কার্ৎস্ন্যেন যে চান্যে গুণগৃধ্নবঃ॥ ১৯॥

শ্রীধরস্বামী।

সন্ধ্যাকাল বঞ্চনায় ভার্য্যাপ্রশংসা এষ ইতি পঞ্চভিঃ। যতঃ যস্যাঃ সকাশাৎ॥ ১৫॥

সর্ব্বাশ্রমানুপাদায়েতি তানপ্যন্নাদি দানেন কৃচ্ছ্রং তন্তারয়ন্ স্বয়ং তরতীত্যর্থঃ॥ ১৬॥

আত্মনো দেহস্যার্দ্ধং কর্ম্মসু দ্বয়োঃ সমাধিকারাৎ। যচ্ছব্দানাং তাং ত্বামিতি তৃতীয় শ্লোকেন সম্বন্ধঃ। স্বধুরং দৃষ্টাদৃষ্ট কর্ম্ম ভারং বিজ্বরঃ নিশ্চিন্তঃ॥ ১৭॥

হেলাভি লীলাভি র্জয়েমেতি। সত্যার্য্যন্ত ইন্দ্রিয়াণি প্রায়েণ ততস্ততো ন সর্পন্তীতি ভাবঃ॥ ১৮॥

তাং অনেকোপকারকর্ত্রীং ত্বাং কার্ৎস্ন্যেন অনুকর্ত্তুং প্রত্যুপকারৈস্তৎ সদৃশী ভবিতুং ন প্রভবো ন সমর্থাঃ। যে চান্যে গুণ

ক্রমসন্দর্ভঃ।

সর্ব্বাশ্রমানিতি বানপ্রস্থস্যাপি গৃহস্থাদেবোৎপত্তেঃ॥ ১৬। ১৭। ১৮। ১৯। ২০। ২১। ২২। ২৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

এষ তেঽহমিতি কশ্যপস্য বহু বাগ্বিলাসরচনা সায়ং কালযাপনার্থমেবেতি জ্ঞেয়ং॥ ১৫॥

সর্ব্বাশ্রমানিতি চতুরোপ্যাশ্রমানন্নাদিদানেন কৃচ্ছ্রং তন্তারয়ন্ স্বয়ং তরতীত্যর্থঃ॥ ১৬॥

যাং স্ত্রিয়ং আত্মনো দেহস্য অর্দ্ধো বা এষ যৎ পত্নীতি শ্রুতেঃ। স্বধুরং দৃষ্টাদৃষ্ট কর্ম্মভারং॥ ১৭॥

দুর্গপতিরিতি দস্যবঃ খলু দুর্গমাশ্রিত্যৈব জনান্ লুণ্ঠন্তি যস্তু দুর্গপতিস্তত্র কথং প্রভবন্তীত্যর্থঃ। দুর্গোঽত্র বিষয় ভোগ এব তত্র দৈবাৎ পতিতান্ ব্রহ্মচার্য্যাদীনেব ভ্রংশয়ন্তি নতু গৃহস্থান্ তেষাং ভোগবিশেষস্য শাস্ত্রবিহিতত্বেন ত্বদৃষ্টানুৎপাদনাৎ॥ ১৮॥

তদেবং স্ত্রিয়মাশ্রিত্যৈব গৃহস্থ এব সুখেন বিষয়মপি ভুঙক্তে নরকেপি ন পততি নতু বিরক্ত ইত্যতস্তাং প্রসিদ্ধাং ত্বাং স্ত্রীজাতিং

হে ভীরু! তুমি যাহা প্রার্থনা করিতেছ এখনি তোমার সেই অভিলাষ পূর্ণ করিয়া দিতেছি। প্রিয়ে! যাহা হইতে ধর্ম্ম অর্থ কাম এই ত্রিবর্গ সম্বন্ধিনী সিদ্ধি হয়, কে না তাহার মানস পূর্ণ করে? ॥ ১৫॥

গৃহস্থ ব্যক্তি গৃহিণী বিশিষ্ট হইয়াই আপনার আশ্রমের সহিত সকল আশ্রম লইয়া যেমন জলযান দ্বারা সাগর উত্তীর্ণ হয় তাহার ন্যায় দুঃখ জলধি পার হইয়া থাকে অর্থাৎ গার্হস্থ্য ধর্ম্মাচরণে অন্নাদি দান দ্বারা অন্যান্য আশ্রমিদিগকে ক্লেশ হইতে মুক্ত করা যায়, তাহাতে আপনারও দুঃখ বিমোচন হইয়া থাকে॥ ১৬॥

অপর হে মানিনি! পঞ্চ যজ্ঞাদি কর্ম্মে স্ত্রীপুরুষের সমানাধিকার হেতু শাস্ত্রে যাহাকে শ্রেয়স্কাম ব্যক্তির দেহার্দ্ধ করিয়া বলিয়া থাকে এবং পুরুষ যাহার প্রতি আপনার দৃষ্টাদৃষ্ট কর্ম্মের ভার সমর্পণ করিয়া নিশ্চিন্ত চিত্তে ভ্রমণ করিতে পারে॥ ১৭॥

অধিকন্তু দুর্গপতি যেমন দুর্গাশ্রিত হইয়া অনায়াসে দস্যুদিগকে জয় করে তাহার ন্যায়, আমরা যাহাকে আশ্রয় করিয়া অবলীলাক্রমে ইন্দ্রিয় সকলকে জয় করিতে পারি। প্রিয়ে! ঐ ইন্দ্রিয় গণ সামান্য নহে তাহারা প্রবল শত্রু, অন্যান্য আশ্রমিদিগের অতি দুর্জ্জেয়॥ ১৮॥

হে গৃহেশ্বরি! তুমি সেই অশেষ উপকার কারিণী গৃহিণী, আমি সমস্ত আয়ুর্দ্বারা অথবা জন্মান্তরেও

অথাপি কামমেতত্তে প্রজাত্যৈ করবাণ্যলং। যথা মাং নাতিরোচন্তি মুহূর্ত্তং প্রতিপালয় ॥ ২০ ॥
এষা ঘোরতমা বেলা ঘোরাণাং ঘোরদর্শনা। চরন্তি যস্যাং ভূতানি ভূতেশানুচরাণিহ ॥ ২১ ॥
এতস্যাং সাধ্বি সন্ধ্যায়াং ভগবান্ ভূতভাবনঃ। পরিতো ভূতপর্ষদ্ভির্বৃষেণাটতি ভূতরাট্ ॥ ২২ ॥
শ্মশান চক্রানিল ধূলি ধূম্র বিকীর্ণ বিদ্যোত জটাকলাপঃ।

শ্রীধরস্বামী।

গৃধ্নবঃ গুণপ্রিয়া স্তেপি ন সমর্থাঃ। সংপূর্ণেনাপ্যায়ুষা। বা শব্দাৎ জন্মান্তরৈরপি ন প্রভব ইত্যুক্তং ॥ ১৯ ॥

যদ্যপি তদনুকরণমশক্যং। প্রজাত্যৈ পুত্রোৎপত্ত্যৈ। নাতিরোচন্তি ন নিন্দন্তি প্রতিপালয় প্রতীক্ষস্ব ॥ ২০ ॥

নিন্দামগণয়ন্তীং ভীষয়মাণঃ শ্রীরুদ্রমনুবর্ণয়তি। এষেতি সপ্তভিঃ ঘোরাণামেষা বেলা। স্বয়ঞ্চ ঘোরদর্শনা ॥ ২১ ॥

ভূতপর্ষদ্ভিঃ ভূতগণৈঃ ॥ ২২ ॥

তর্হি তৎ সম্মুখমাত্রং বর্জনীয়মিতি চেৎ তত্রাহ। শ্মশানে যশ্চক্রানিলঃ বাতমণ্ডলী তস্মিন্ যা ধূলিঃ তয়া ধূম্রো বিকীর্ণো বিক্ষিপ্তঃ বিদ্যোতো দ্যুতিমান্ জটাকলাপো যস্য। ভস্মনাবগুণ্ঠঃ প্রাবৃতঃ অমলঃ রুক্মবদ্দেহো যস্য। স দেবঃ ত্রিভিঃ সোমা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনুকর্ত্তুং প্রত্যুপকারৈস্তাদৃশী ভবিতুং বয়ং পুরুষজাতয়ো ন প্রভবঃ। কার্ৎস্ন্যেন যদায়ুস্তেনাপি সংপূর্ণেনাপ্যায়ুষেত্যর্থঃ। বা শব্দাজ্জন্মান্তরৈরপি যে চান্যেঽতিথয়ঃ গুণগৃধ্নবস্তদ্গুণ গ্রাহিণঃ পক্ষে ত্বামিত্যেকবচনেন বয়মিতি বহুবচনেন অপ্যায়ুষেত্যাদিনাচ পরিহাসঃ সূচিতঃ ॥ ১৯ ॥

এবং যদ্যপি ত্বদনুকরণমশক্যং তথাপি এতং কামং প্রজাত্যৈ পুত্রোৎপত্তৈ করবাণি নস্বলং বাথিলাসেন কালবিলম্বস্য দুঃখসহত্বা-ত্তূর্ণং তদ্গৃহং প্রবিশেতি তত্রাহ। নাতিরোচন্তি ননিন্দন্তি প্রতিপালয় প্রতীক্ষস্ব ॥ ২০ ॥

নিন্দামগণয়ন্তীং ভীষয়মানঃ শ্রীরুদ্রমনুবর্ণয়তি এষেতি সপ্তভিঃ। ঘোরাণাং ভূতপ্রেতাদীনাং দর্শনং যস্যাং। অতএব ঘোর-তমা ঘোরাণামিতি ঘোরস্বামিকেত্যর্থঃ। ঘোরাণ্যেবাহ চরন্তীত্যাদি ॥ ২১ ॥

ভূতান্যপ্যগণয়ন্তীং পুনরাহ এতস্যামিতি ॥ ২২ ॥

তর্হি তৎ সংমুখত্বমাত্রং বর্জনীয়মিতিচেত্তত্রাহ শ্মশানে যশ্চক্রানিলঃ বাতমণ্ডলী তত্র ধূলি ধূম্রঃ বিকীর্ণো বিক্ষিপ্তো বিদ্যোতো-দ্যুতিমান্ জটাসমূহো যস্য সঃ। ভস্মনা অবগুণ্ঠ আবরণং যস্য তথাভূতোঽমলঃ স্বর্ণবদ্দেহো যস্য সদেব স্ত্রিভিঃ সোমার্কাগ্নিনেত্রৈঃ

প্রত্যুপকার করিয়া তোমার অনুকরণ করিতে সমর্থ হইব না, এবং যে সকল ব্যক্তি গুণপ্রিয় তাঁহা-রাও শক্ত হইবেন না ॥ ১৯ ॥

প্রিয়ে! যদিও প্রত্যুপকার করিয়া তোমার সদৃশ কর্ম্ম করা আমাদের দুঃসাধ্য তথাপি পুত্রোৎ-পত্তি নিমিত্ত তোমার এই কামনা এখনি সম্পন্ন করিয়া দিতে পারি, কিন্তু লোকে আমাকে নিন্দা করিবে অতএব মুহূর্ত্ত কাল প্রতীক্ষা কর ॥ ॥ ২০ ॥

প্রিয়ে! এ সময় ঘোর রুদ্রগণের অধিকার, এই বেলা অতি ঘোরতমা এবং ঘোর দর্শনা অর্থাৎ ভূত প্রেতাদির এ সময়ে দর্শন হইয়া থাকে, এখন রুদ্রানুচরেরা সর্ব্বত্র বিচরণ করিতেছে ॥ ২১ ॥

হে সাধ্বি! এখন সন্ধ্যাকাল, এ সময় ভগবান্ ভূতভাবন রুদ্রও আপনার পারিষদ ভূতগণে বেষ্টিত হইয়া পর্য্যটন করিয়াথাকেন ॥ ২২ ॥

হে প্রিয়ে! তাঁহার সম্মুখ পরিত্যাগ করার উপায় নাই তাঁহার মস্তক শ্মশানস্থ বাত মণ্ডলীর ধূলি দ্বারা ধূম্রবর্ণ এবং দ্যুতিমান্ জটাকলাপ পবন বেগে বিক্ষিপ্ত ও নির্ম্মল রজতময় দেহ ভস্মে আবৃত হয় বটে, কিন্তু তিনি চন্দ্র সূর্য্য ও অগ্নিরূপ তিন চক্ষুর্দ্বারা সকল স্থানের সকল বিষয়ই দেখিতেছেন।

ভস্মাবগুণ্ঠামলরুক্মদেহো দেবস্ত্রিভিঃ পশ্যতি দেবরস্তে ॥ ২৩ ॥
ন যস্য লোকে স্বজনঃ পরো বা নাত্যাদৃতো নোত কশ্চিদ্বিগর্হ্যঃ ।
বয়ং ব্রতৈর্যচ্চরণাপবিদ্ধামাশাস্মহে২জাং বত ভুক্তভোগাং ॥ ২৪ ॥
যস্যানবদ্যাচরিতং মনীষিণো গৃণন্ত্যবিদ্যাপটলং বিভিৎসবঃ ।

শ্রীধরস্বামী ।

কাগ্নি নেত্রৈঃ পশ্যতীত্যস্যোত্তর শ্লোকত্রয়েণ্যপ্যনুষঙ্গঃ । একস্য জামাতরঃ পরস্পরং ভ্রাতরো ব্যবহ্রিয়স্তে অতো মম ভ্রাতাসৌ তব দেবর ইতি লজ্জার্থমুক্তং ॥ ২৩ ॥

নমু তথাপি মহত্ত্বেনাদরণীয়স্য স্বজনস্য তব স সর্ব্বং ক্ষমেতৈব তত্রাহ । যস্য স্বজনাদি র্নাস্তি সমত্বাদীশ্বরস্য । ঐশ্বর্য্যমেবাহ যেন চরণেনাপবিদ্ধাং নির্ম্মাল্যবৎ দূরতস্ত্যক্তাং । তেন ভুক্তভোগামজাং মায়াং তন্ময়ীং বিভূতিং । মহাপ্রসাদ ইত্যাশাস্মহে ॥ ২৪

অনিষিদ্ধ সুখত্যাগাৎ অসৌ পিশাচ ইতি উপহাসো ন কার্য্য ইত্যাহ দ্বাভ্যাং । যস্য অনবদ্যং বিষয়াসক্তিশূন্যং আচরিতং

ক্রমসন্দর্ভঃ ।

নমু শ্মশানাদিসম্বন্ধঃ কথমস্মৈ রোচতে যদি রোচেত তদাস্মাকং দুর্বৃত্তমপি রোচেত । কিঞ্চ যদি দেবর ইত্যুচ্যতে তদাস্মৎ সদৃশ এবাসৌ কথমেতাবদেব বিষয়ঃ স্যাৎ তত্রাহ ন যস্যেতি । মহানুভাবত্বাদস্মভ্যং সর্ব্বসম্পৎ প্রদত্বাৎ তস্যানাদরে দোষ এব স্যাদিতি ভাবঃ । অত্র ভুক্তভোগামিতি যচ্চরণাপবিদ্ধামিতি চ লোকশিক্ষণায় তস্য কাদাচিৎকীং লীলামালম্ব্য সিদ্ধান্তিতং ॥২৪।২৫।২৬

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

পশ্যতীত্যোক্তদপরাধ ফলং সদ্যএব স নো দাস্যতীতি ভাবঃ । স চ তেন নিঃসম্বন্ধো নাপ্যপরিচিতশ্চেত্যাহ দেবর ইতি একস্য জামাতরঃ পরস্পরং ভ্রাতরো ব্যবহ্রিয়স্তে অতো মম ভ্রাতাসৌ তব দেবর ইতি ত্বং বা কথং ন লজ্জসে ইতি ভাবঃ ॥ ২৩ ॥

নন্বার্ত্তয়া ময়া লজ্জাভয়াভ্যাং জলাঞ্জলির্দত্ত এব ত্বয়াপ্যত্র নভেতব্যমেব মহত্ত্বেনাদরণীয়স্য স্বজনস্য তব সর্ব্বমেবাসৌ দেবঃ ক্ষমেতৈবেতি তত্রাহ নযস্যেতি । যস্য স্বজনাদির্নাস্তি ঈশ্বরত্বেন সর্ব্বত্র সাম্যাদিতি ভাবঃ । ঐশ্বর্য্যমেবাহ যেন চরণেনাপবিদ্ধাং নির্ম্মাল্যবদ্দূরে ত্যক্তাং ভুক্তভোগামজাং তন্ময়ীং বিভূতিং মহাপ্রসাদং বয়মাশাস্মহে তত্রাপি ব্রতৈঃ সকামা বয়ং তদুচ্ছিষ্টবিষয়ভো-জিনএব ভবাম ইত্যর্থঃ ॥ ২৪ ॥

নমু তস্যাপি দিগম্বরতয়া সদৈব স্ত্রিয়া সহ মিথুনীভূয় তিষ্ঠতশ্চিতাভস্মাস্থিভূষণস্য সর্ব্বং সচ্চরিতমহং জানামীতি তত্র হে কুমনীষিণি দিতে মত্তঃ সকাশাৎ তচ্চরিতস্য তত্ত্বং শৃণ্বিত্যাহ যস্য অনবদ্যমনিন্দ্যমেব চরিতং তৎসর্ব্বং মনীষিণ এবাদরেণ

প্রিয়ে ! তিনি অন্য ব্যক্তি নহেন তোমার দেবর, যাহারা এক জনের জামাতা হয়, তাহাদের পরস্পর ভ্রাতৃ সম্বন্ধ হইয়া থাকে, তিনিও তোমার পিতার জামাতা অতএব আমার ভ্রাতা হওয়াতে তিনি তোমার দেবর হয়েন, অতএব তুমি কি ইহাতে লজ্জিতা হইবা না ? ॥ ২৩ ॥

প্রিয়ে ! তিনি আমাকে স্বজন বলিয়া ক্ষমা করিবেন এমত মনেও করিও না, ইহলোকে তাঁহার আত্মীয় অথবা পর কেহ নাই এবং তাঁহার আদৃত ও নিন্দনীয়ও কাহাকে দেখি না, প্রিয়ে ! তাঁহার ঐশ্বর্য্যের কথা কি বলিব তিনি যে মায়াময়ী বিভূতিকে ভোগ করিয়া চরণ দ্বারা নির্ম্মাল্যবৎ দূরে পরি-ত্যাগ করেন, আমরা ব্রত নিয়ম দ্বারা তাঁহার আরাধনা করিয়া তদুচ্ছিষ্ট বিভূতিকে মহাপ্রসাদ বলিয়া প্রার্থনা করিয়া থাকি ॥ ২৪ ॥

প্রিয়ে ! তিনি অনিষিদ্ধ সুখ ত্যাগ করিয়াছেন বলিয়া তাঁহাকে পিশাচ বলিয়া উপহাস করিও না, পণ্ডিত সকল অবিদ্যা পটল ভেদ করিতে ইচ্ছুক হইয়া তাঁহার বিষয়াসক্তি শূন্য আচরণ সর্ব্বদা আদর পূর্ব্বক উচ্চারণ করিয়া থাকেন, তাঁহার বিচিত্র চরিত্রের কথা কি বলিব ? তিনি স্বয়ং পিশাচের ন্যায়

নিরস্তসাম্যাতিশয়োপি যৎ স্বয়ং পিশাচচর্য্যামচরদ্গতিঃ সতাং ॥ ২৫ ॥
হসন্তি যস্যাচরিতং হি দুর্ভগাঃ স্বাত্মন্রতস্যাবিদুষঃ সমীহিতং।
যৈ র্বস্ত্র মাল্যাভরণানুলেপনৈঃ শ্বভোজনং স্বাত্মতয়োপলালিতং ॥ ২৬ ॥
ব্রহ্মাদয়ো যৎ কৃতসেতুপালা যৎকারণং বিশ্বমিদঞ্চ মায়া।
আজ্ঞাকরী যস্য পিশাচচর্য্যা অহো বিভূম্নশ্চরিতং বিড়ম্বনং ॥ ২৭ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
সৈবং সংবিদিতে ভর্ত্তা মন্মথোন্মথিতেন্দ্রিয়া। জগ্রাহ বাসো ব্রহ্মর্ষে র্বৃষলীব গতত্রপা ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

বিত্তিৎসবঃ ভেত্তুমিচ্ছবঃ ॥ ২৫ ॥

সমীহিতং অভিপ্রেতং লোকশিক্ষা রূপং। অবিদুষঃ অবিদ্বাংসঃ যদ্বা ন বিদ্বান্ যস্মাৎ ইতি তস্য সর্ব্বজ্ঞস্যেত্যর্থঃ। দুর্ভগানেবাহ যৈরিতি শ্বভোজনং শুনাং ভোজ্যং শরীরং স্বাত্মতয়া অয়মেবাত্মেতি বুদ্ধ্যা ॥ ২৬ ॥

অহো অতর্ক্যং তস্যাচরণমিত্যাহ। ব্রহ্মাদয়ো যেন কৃতান্ সেতূন্ স্ব স্বাধিকারান্ পালয়ন্তি। যঃ কারণং যস্য যেন কৃতমিদং বিশ্বং মায়াচ যস্যাজ্ঞাকরী বিভূম্নঃ পরমেশ্বরস্য বিড়ম্বনং অতর্ক্যমিত্যর্থঃ ॥ ২৭ ॥

ভর্ত্তা নিরূপকেণ এবং সম্বিদিতে জ্ঞাপিতেপি সতি। বৃষলীব বেশ্যেব ॥ ২৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

সমীহিতং দেহস্য কুৎসিতত্বং দর্শয়িত্বা স্বাত্মনিষ্ঠা কর্ত্তব্যেতি লোকবিশেষং প্রতি শিক্ষারূপং গুণাবতারত্বেন পরমেশ্বরাভেদ দৃষ্ট্যাহ ব্রহ্মাদয় ইতি বিড়ম্বনং দেহস্ত ভাবি দশানুকরণেন বৈরাগ্যবোধকং ইত্যর্থঃ ॥ ২৭। ২৮। ২৯। ৩০। ৩১। ৩২। ৩৩। ৩৪। ৩৫

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গৃণন্তি তে সংসারামুক্তা ভবন্তীত্যর্থঃ নিরস্তেতি ভগবতা সহৈক্যাৎ যদ্বা নিরস্তঃ সাম্যেন সাম্যগুণবত্ত্বেন অতিশয়ো যস্মাৎ সঃ ॥ ২৫

যেতু নিন্দন্তি তে সংসারে বদ্ধা ভবন্তীত্যাহ হসন্তীতি। দুর্ভগাঃ নকস্যাপ্যনুকম্প্যা ইত্যর্থঃ। স্বাত্মন্ স্বস্যাত্মনি শ্রীকৃষ্ণে রতস্য সমীহিতমভিপ্রায়ং অবিদুষোঽবিদ্বাংসঃ। সমীহিতঞ্চেদং। সমীচীন গন্ধপুষ্পবস্ত্রাভরণাদীনি মৎপ্রভো র্ভগবত এবার্হাণীতি তস্মৈ দত্তান্যতো নাহমুপভুঞ্জ ইত্যেবং রূপং। যৈ দুর্ভগৈঃ শ্বভোজনং শুনা ভোজ্যং শরীরং স্বাত্মতয়া অয়মেবাত্মেতি বুদ্ধ্যা বস্ত্রাদিভিরুপলালিতং ॥ ২৬ ॥

তত্র বিশ্বেশ্বরে কে বয়ং বরাকা ইত্যাহ ব্রহ্মাদয়োপি যৎকৃতান্ সেতূন্ সায়ং স্ত্রীসঙ্গং ভোজন স্বাপ ত্যাগাদিরূপমর্য্যাদাঃ পালয়ন্তি। সএব কারণং যস্য তৎ মায়াচ যস্যাধীনা তস্যাপ্যহো চিত্রং পিশাচচর্য্যা তস্মাদ্বিভূম্নঃ পরমেশ্বরস্য চরিতং সর্ব্বং বিড়ম্বনমনুকরণমাত্রমেব ॥ ২৭ ॥

ভর্ত্রা এবং সংবিদিতে জ্ঞাপিতেপি সতি যদ্বা ভর্ত্রা হেতুনা এবং জ্ঞাপিতে সতি বৃষলীব বেশ্যেব। কামো বিবেকং গ্রসতি

আচরণ করিয়া থাকেন ॥ ২৫ ॥

প্রিয়ে! যে সকল ব্যক্তি দুর্ভগ ও অনভিজ্ঞ এবং কুকুরের ভোজ্য এই দেহকে আত্ম বোধ করিয়া বস্ত্র, মাল্য, আভরণ এবং অনুলেপন দ্বারা ইহার লালন পালন করে তাহারা আত্মরত ঐ দেবের অভিপ্রায় না বুঝিতে পারিয়া আচরণ দেখিয়াই উপহাস করে ॥ ২৬ ॥

ফলতঃ তাঁহার আচরণ তর্কের গম্য নহে, তাঁহার প্রমাণ দেখ, ব্রহ্মাদি দেবগণ তাঁহার কৃত স্ব স্ব অধিকার পালন করিতেছেন, তিনিই সকলের কারণ এবং তিনিই এই বিশ্ব নির্ম্মাণ করিয়াছেন, তাঁহারই আজ্ঞাকরী মায়া, তাঁহারই পিশাচবৎ আচার, ইহার চরিত্র অতর্ক্য ব্যতীত আর কি বলিব? ॥ ২৭

মৈত্রেয় কহিলেন অহে বিদুর! দিতির ইন্দ্রিয়গণ কামবশতঃ উন্মথিত হইয়াছিল অতএব তাঁহার

স বিদিত্বাথ ভার্য্যায়াস্তং নির্ব্বন্ধং বিকর্ম্মণি। নত্বা দিষ্টায় রহসি তয়াথোপবিবেশহ ॥ ২৯ ॥
অথোপস্পৃশ্য সলিলং প্রাণানায়ম্য বাগ্‌যতঃ। ধ্যায়ন্ জজাপ বিরজং ব্রহ্মজ্যোতিঃ সনাতনং ॥৩০
দিতিস্তু ব্রীড়িতা তেন কর্ম্মাবদ্যেন ভারত। উপসঙ্গম্য বিপ্রর্ষিমধোমুখ্যভ্যভাষত ॥ ৩১ ॥
শ্রীদিতিরুবাচ ॥
ন মে গর্ভমিমং ব্রহ্মন্ ভূতানামৃষভোঽবধীৎ। রুদ্রঃ পতির্হি ভূতানাং যস্যাকরবমংহসং ॥ ৩২ ॥
নমো রুদ্রায় মহতে দেবায়োগ্রায় মীঢ়ুষে। শিবায় ন্যস্তদণ্ডায় ধৃতদণ্ডায় মন্যবে ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

বিকর্ম্মণি নিষিদ্ধে দিষ্টায় দৈবরূপায় ঈশ্বরায় উপবিবেশেতি মৈথুনং লক্ষ্যতে ॥ ২৯ ॥
উপস্পৃশ্য স্নাত্বা ভর্গঃ শব্দবাচ্যং বিরজং জ্যোতির্ধ্যায়ন্ সনাতনং ব্রহ্ম গায়ত্রীং প্রণবং বা জজাপ ॥ ৩০ ॥
কর্ম্মাবদ্যেন কর্ম্মদোষেণ ॥ ৩১ ॥
নাবধীৎ মাহন্ত্বিত্যর্থঃ বধশঙ্কাবীজমাহ রুদ্র ইতি অংহসং অংহঃ অপরাধং অকরবং কৃতবত্যস্মি ॥ ৩২ ॥
রুৎ দুঃখং তৎ দ্রাবয়তীতি রুদ্রঃ তস্মৈ উগ্রায় অনতিলঙ্ঘ্যায় মীঢ়ুষে সকামেষু ফলসেচনকর্ত্রে। নিষ্কামেষু শিবায়। বস্তুতো-ন্যস্তদণ্ডায় দুষ্টেষু ধৃতদণ্ডায় সংহারে মন্যবে ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্ত্রীয়মনৈশ্চ দর্শিতং। অত্র প্রমাণং ব্রহ্মৈব পুংসঃ স্ত্রীষূচ্যতে দিতিঃ ॥ ২৮ ॥
দিষ্টায় স্বাদৃষ্টায় উপবিবেশ রেমে ॥ ২৯ ॥
উপস্পৃশ্য স্নাত্বা আচম্য জজাপ প্রণবং গায়ত্রীম্বা ॥ ৩০ ॥
কর্ম্মাবদ্যেন কর্ম্মদোষেণ ॥ ৩১ ॥ ন অবধীৎ মাহন্ত্বিত্যর্থঃ ॥ ৩২ ॥
পশ্চাত্তাপবতী প্রণমতি। রুদ্রায় মাং রোদয়িষ্যতে কিম্বা মম রুৎ রোদনং কৃপয়া দ্রাবয়িষ্যতে দূরীকরিষ্যতে। যতো মহতে দেবায় মদপরাধং ক্ষমিষ্যমাণায়। কিম্বা উগ্রায় মদ্গর্ভমিমং হনিষ্যতে কিম্বা মীঢ়ুষে মন্মনোরথশাখিনং কৃপামৃতেনাভিষেক্ষ্যতে যতঃ শিবায় নিরস্তদণ্ডায় কিং বা ধৃতদণ্ডায় মাং দণ্ডয়িষ্যতে যতো মন্যবে মন্যুস্বরূপায় ॥ ৩৩ ॥

স্বামী ঐ প্রকারে প্রবোধ প্রদান পূর্ব্বক বিজ্ঞাপন করিলেও তিনি বেশ্যার ন্যায় লজ্জা পরিত্যাগ করিয়া ব্রহ্মর্ষি কশ্যপের বসন ধারণ করিলেন ॥ ২৮ ॥

ঋষিবর কশ্যপ ভার্য্যার প্রার্থিত বিষয়ে নির্ব্বন্ধ জানিয়া নিষিদ্ধ কর্ম্মে প্রবৃত্ত হইবার নিমিত্ত দৈবরূপ পরমেশ্বরকে প্রণাম করিলেন, পরে নির্জনে গমন করিয়া প্রিয়তমার সহিত রমণে প্রবৃত্ত হইলেন ॥ ২৯॥

হে বিদুর! রমণানন্তর মুনিবর সলিলে স্নান করিয়া প্রাণায়াম করিলেন এবং মুনিব্রত হইয়া জ্যোতির্ময় পরব্রহ্মের ধ্যান করত গায়ত্রী জপ করিতে লাগিলেন ॥ ৩০ ॥

কিন্তু ঐ দোষাবহ কর্ম্ম নিমিত্ত দিতির অতিশয় লজ্জা হইল তিনি স্বামির নিকটে গমন করিয়া অধোবদনে বলিতে লাগিলেন ।। ৩১ ।।

ব্রহ্মন্! রুদ্র, ভূত সকলের পতি, আমি এই গর্হিত কর্ম্মে তাঁহার নিকট অপরাধিনী হইলাম, আপনি এই রূপ অনুগ্রহ করুন যে ঐ ভূতপতি যেন আমার গর্ভ বিনষ্ট না করেন ।। ৩২ ।।

অপর আমি সেই মহৎ দেবকে নমস্কার করি, তাঁহার নাম রুদ্র, তিনি নামগুণে রুৎ অর্থাৎ দুঃখকে বিদ্রাবণ করেন। পরন্তু তিনি উগ্র অর্থাৎ অলঙ্ঘ্য এবং সকাম পুরুষের ফলদাতা ও নিষ্কাম ব্যক্তির পরম মঙ্গল স্বরূপ। আর তাঁহার হস্তে কোন দণ্ড নাই সত্য, কিন্তু দুষ্টগণের প্রতি দণ্ড ধারণ করিয়া থাকেন, অপর তিনিই সংহার সময়ে মন্যু স্বরূপ হয়েন তাঁহাকে নমস্কার । ৩৩ ।।

স নঃ প্রসীদতাং ভামো ভগবানুর্ব্বনুগ্রহঃ। ব্যাধস্যাপ্যনুকম্প্যানাং স্ত্রীণাং দেবঃ সতীপতিঃ ॥৩৪

শ্রীমৈত্রেয় উবাচ ॥

স্বসর্গস্যাশিষং লোক্যামাশাসানাং প্রবেপতীং। নিবৃত্তসন্ধ্যানিয়মো ভার্য্যামাহ প্রজাপতিঃ ॥ ৩৫

শ্রীকশ্যপ উবাচ ॥

অপ্রায়ত্যাদাত্মনস্তে দোষান্মৌহূর্ত্তিকাদুত। মন্নিদেশাতিচারেণ দেবানাঞ্চাতিহেলনাৎ ॥ ৩৬ ॥

ভবিষ্যতস্তবাভদ্রাবভদ্রে জাঠরাধমৌ। লোকান্ সপালাংস্ত্রীংশ্চণ্ডি মুহুরাক্রন্দয়িষ্যতঃ ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

ভামো ভগিনীপতিঃ উরুরনুগ্রহো যস্য সঃ ব্যাধস্য নির্দ্দয়স্যাপি সতীপতিরিত্যনেন স্ত্রীণাং স্বভাবং স্বয়মপি বেত্তীতি সূচয়তি ॥৩৪

স্বসর্গস্য স্বসন্তানস্য আশিষং শুভং লোক্যাং লোকদ্বয়ার্হাং সন্ধ্যায়াং যো নিয়মঃ স নিবৃত্তো যস্য সঃ ॥ ৩৫ ॥

তে আত্মনশ্চিত্তস্য অপ্রায়ত্যাদশুচিত্বাৎ। মৌহূর্ত্তিকাৎ দোষাৎ সন্ধ্যা রূপাৎ উত অপি মম নির্দ্দেশস্যাজ্ঞায়া অতিচারেণ অতিক্রমেণ দেবানাং রুদ্রানুচরাণাং ॥ ৩৬ ॥

এতৈশ্চতুর্ভির্হেতুভিঃ জাঠরাধমৌ পুত্রাপসদৌ হে চণ্ডি হে কোপনে ॥ ৩৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

অপ্রায়ত্যাদিতিযুগ্মকং। মুহূর্ত্তঃ সন্ধ্যারূপঃ তত্তবাদ্দোষাৎ ॥ ৩৬ ॥

যদা লোকানাক্রন্দয়িষ্যতঃ তদা প্রাণিনাং হন্যমানানাং স্ত্রীণাঞ্চ নিগৃহ্যমাণানাং সম্বন্ধে মহাত্মসু কোপিতেষু সংস্থিতাম্বয়ঃ ॥৩৭ ৩৮। ৩৯। ৪০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবং সংশয়ানৈব স্তবানা স্বদৈন্যং দর্শয়ন্তী তস্মাদভয়ং প্রার্থয়তে। ভামো ভগিনীপতিঃ উরুরনুগ্রহো যস্য সঃ। ব্যাধস্য নির্দ্দয়স্যাপি সতীপতিরিতি স্ত্রীণাং স্বভাবং স স্বয়মেব বেত্তীতি সূচয়তি। যদ্বা সত্যা অপ্যনুরোধেন তদ্ভগিনীং মাং মা দণ্ডয়ত্বিতি সা সতী মদপরাধং মার্জ্জয়ত্বিতি বা ভাবঃ ॥ ৩৪ ॥

স্বসর্গস্য স্বসন্তানস্য লোক্যাং লোকদ্বয়ার্হাং ॥ ৩৫ ॥

তে তব আত্মনো মনসোঽপ্রায়ত্যাদপাবিত্র্যাৎ ক্রূরমনসৌ। মুহূর্ত্তঃ সন্ধ্যারূপো ঘোরস্তত্তবাদ্দোষাদেবাস্যৌ সন্ধ্যায়া দ্বিঘটিকত্বাচ্চ দ্বৌ। মম নির্দ্দেশস্য আজ্ঞাবাক্যস্য অতিচারেণাতিক্রমেণচ ধর্ম্মমর্য্যাদাভঞ্জনৌ দেবানাং শ্রীরুদ্রাণাং হেলনাচ্চ ভগবদ্দ্বেষিণৌ হে অভদ্রে ইতি তবৈবাভদ্রাণি ত্বৎপুত্রয়োঃ সঙ্কলিষ্যন্তীতি ভাবঃ ॥ ৩৬ ॥

জাঠরৌ তজ্জঠরভবৌ অধমৌ পুত্রৌ এবং ব্যস্তাৎসমস্তাচ্চ দোষাৎ লোকানামিত্যাদি। হে চণ্ডীতি মদ্ধর্ষবাক্যেপি যত্ত্বয়া প্রাচণ্ড্যং কৃতং তস্যেদং ফলং ভুঙ্ক্ষ্ব ইতি কামক্রোধয়োস্তং খনিরেবাসীতি কশ্যপস্যাপি তস্যাং কোপো ব্যক্তঃ ॥ ৩৭ ॥

অপিচ সেই ভগবান্ আমার ভগিনীপতি তাঁহার অতিশয় অনুগ্রহ আছে, আমি স্ত্রীজাতি নির্দ্দয় ব্যাধেরাও স্ত্রীগণের প্রতি অনুগ্রহ করিয়া থাকে, তিনিও সতীর পতি, স্ত্রীলোকের স্বভাব ভাল রূপে জ্ঞাত আছেন, সে সকল বিবেচনা করিয়া আমার প্রতি প্রসন্ন হউন ॥ ৩৪ ॥

মৈত্রেয় কহিলেন অহে বিদুর। প্রজাপতি কশ্যপ সন্ধ্যাকালীন নিয়ম ভঙ্গ হওয়াতে ক্ষুণ্ন হইয়াছিলেন, তাহাতে দিতি কম্পিত কলেবর হইয়া আপনার সন্তানদ্বয়ের লোক দ্বয়ার্হ কল্যাণ ঐ প্রকারে প্রার্থনা করিলেও তাঁহাকে কহিলেন ॥ ৩৫ ॥

অয়ি অধীরে। তোমার চিত্ত অপবিত্র এবং এই সন্ধ্যারূপ মুহূর্ত্তের দোষ আছে, আর আমার আজ্ঞার অতিক্রম এবং রুদ্রানুচরগণের অবহেলন হইল ॥ ৩৬ ॥

এই চারিটী কারণে হে অভদ্রে! তোমার উদরে অভদ্র স্বরূপ দুইটা অধম পুত্র জন্মিবে। হে কোপনে! তাহারা লোকপাল সহ ত্রিলোকীকে মুহুর্মুহুঃ বেদনা প্রদান করিবে ॥ ৩৭ ॥

প্রাণিনাং হন্যমানানাং দীনানামকৃতাগসাং। স্ত্রীণাং নিগৃহ্যমানানাং কোপিতেষু মহাত্মসু ॥ ৩৮ ॥
তদা বিশ্বেশ্বরঃ ক্রুদ্ধো ভগবান্ লোকভাবনঃ। হনিষ্যত্যবতীর্য্যাসৌ যথাদ্রীন্ শতপর্ব্বধৃক্ ॥ ৩৯
শ্রীদিতিরুবাচ ॥
বধং ভগবতা সাক্ষাৎ সুনাভোদারবাহুনা। আশাসে পুত্রয়োর্মহ্যং মাক্রুদ্ধাদ্ব্রাহ্মণাৎ প্রভো ॥ ৪০
ন ব্রহ্মদণ্ডদগ্ধস্য নভূতভয়দস্যচ। নারকাশ্চানুগৃহ্ণন্তি যাং যাং যোনিমসৌ গতঃ ॥ ৪১ ॥
শ্রীকশ্যপ উবাচ ॥
কৃতশোকানুতাপেন সদ্যঃ প্রত্যবমর্ষণাৎ। ভগবত্যুরুমানাচ্চ ভবে ময্যপি চাদরাৎ ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী।

হন্যমানানাং সতাং ॥ ৩৮ ॥
শতপর্ব্বধৃক্ বজ্রধর ইন্দ্রঃ ॥ ৩৯ ॥
সুনাভেনোদারো বাহুর্যস্য মহ্যং মম। কোপিতেম্বিত্যুক্তত্বাৎ শঙ্কিতচিত্তা সতী প্রার্থয়তে ব্রাহ্মণাম্মাভূদিতি ॥ ৪০ ॥
নারকা অপি তথা যাং যাং যোনিমসৌ গতো ভবতি তত্রস্থাশ্চ নানু গৃহ্ণন্তি কৃপাং ন কুর্ব্বন্তি ॥ ৪১ ॥
কৃতো যোঽপরাধ স্তেন শোকঃ ততোঽনুতাপ স্তেন। প্রত্যবমর্ষণাৎ যুক্তাযুক্ত বিচারাৎ ভগবতি হরৌ ভবে শ্রীরুদ্রে এতৈঃ

ক্রমসন্দর্ভঃ।

নানুগৃহ্ণন্তি ন নিকট গমনাদিকমনুমন্যন্তে ॥ ৪১ ॥
কৃতেতি সার্দ্ধকং ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিয়দ্বয়োরায়ুরিতি চেৎ শৃণিত্যাহ। প্রাণিনামিত্যাদি প্রাণিনিত্যর্থঃ। শতপর্ব্বধৃক্ বজ্রধর ইন্দ্র ইব ॥ ৩৮ ॥
সুনাভেন চক্রেণ উদারো বাহুর্যস্য তেনেতি তস্য তমতিসুন্দরং বাহুমুন্নমন্তং পুত্রৌ মে দ্রক্ষ্যত ইতি ভাগ্যবন্তাবেব পুত্রৌ মে ভবিষ্যতঃ তথা মরণস্যাবশ্যকত্বেপি তদ্ধস্ততো মরণাৎ সর্ব্বপাপেভ্যো নিস্তারশ্চ তয়োর্ভাবী। আশাসে বাঞ্ছামি মহ্যং মামপি নিস্তারয়িতুমিতি তাদৃশপুত্রয়োর্মাতা অহমপি জন্মমধ্যেপ্যদৃষ্টভগবদ্রূপাপি পুত্র সম্বন্ধেন ভগবদ্দর্শিনীবাস্তিমংস্যে। ক্রুদ্ধাদ্বিপ্রাদ্বধং মা আশাসে ইতি। কোপিতেষু মহাত্মস্বিতি ত্বদুক্ত্যা ব্রহ্মশাপাদেব পুত্রৌ মে মরিষ্যত ইতি শঙ্কিতচিত্তা ব্যাকুলৈবাহমথিদ্যং সংপ্রতি ভগবদ্ধস্ততো বধং শ্রুত্বা স্থিরচিত্তৈবাভূবমিতি ভাবঃ ॥ ৩৯ ॥ ৪০ ॥
যতঃ নব্রহ্মেত্যাদি দ্বিতীয়ার্থে ষষ্ঠ্যৌ নারকা অপি তথা যাং যাং যোনিমসৌ গতো ভবতি তত্রস্থাশ্চ নানুগৃহ্ণন্তি ॥ ৪১ ॥
কৃতো যোঽপরাধস্তেন শোক স্ততোঽনুতাপস্তেন। প্রত্যবমর্ষণাৎ যুক্তাযুক্তবিচারাৎ এতৈঃ পঞ্চভিঃ কারণৈঃ পুত্রস্ত হিরণ্য-

কিন্তু যখন নিরপরাধ দীনহীন প্রাণিদিগকে বধ করিতে এবং স্ত্রীগণকে নিগ্রহ করিতে আরম্ভ করিয়া মহাত্মা সকলের কোপ উদ্ভাবন করিবে ॥ ৩৮ ॥

তখন লোক ভাবন ভগবান্ বিশ্বেশ্বর ক্রুদ্ধ হইয়া অবতার গ্রহণ পূর্ব্বক যেমন বজ্রধর ইন্দ্র, পর্ব্বত সকলে বজ্রাঘাত করিয়াছিলেন তাহার ন্যায়, তাহাদিগকে বিনষ্ট করিবেন ॥ ৩৯ ॥

দিতি কহিলেন প্রভো! আমার সন্তান দুইটী যদি নিতান্তই বধ্য হয় তবে এই প্রার্থনা করি, যে ভগবানের বাহু সুনাভচক্র দ্বারা উদার হইয়াছে তিনি স্বয়ং যেন তাহাদিগকে বধ করেন, ক্রুদ্ধ ব্রাহ্মণের শাপ হইতে যেন তাহারা বিনষ্ট না হয় ॥ ৪০ ॥

কারণ যে ব্যক্তি ব্রহ্মদণ্ডে দগ্ধ এবং ভূত সকলের ভয়প্রদ হয়, তাহাকে নারকিরাও কৃপা করে না এবং সে ব্যক্তি যে যে যোনিতে জন্ম প্রাপ্ত হয়,তত্রত্য প্রাণিগণেরও অনুগ্রহ ভাজন হইতেপারে না।॥৪১

কশ্যপ কহিলেন প্রিয়ে! তুমি যে অপরাধ করিলে তাহার নিমিত্ত শোক ও অনুতাপ করিতেছ

পুত্রস্যৈব চ পুত্রাণাং ভবিতৈকঃ সতাং মতঃ। গাস্যন্তি যদ্যশঃ শুদ্ধং ভগবদ্যশসা সমং ॥ ৪৩ ॥
যোগৈ র্হেমেব দুর্ব্বর্ণং ভাবয়িষ্যন্তি সাধবঃ। নির্ব্বৈরাদিভিরাত্মানং যচ্ছীলমনুবর্ত্তিতুং ॥ ৪৪ ॥
যৎ প্রসাদাদিদং বিশ্বং প্রসীদতি যদাত্মকং। স স্বদৃক্ ভগবান্ যস্য তোষ্যতেঽনন্যয়া দৃশা ॥ ৪৫
স বৈ মহাভাগবতো মহাত্মা মহানুভাবো মহতাং মহিষ্ঠঃ।

শ্রীধরস্বামী।

পঞ্চভিঃ কারণৈঃ ॥ ৪২ ॥

পুত্রস্য হিরণ্যকশিপোঃ পুত্রাণাং মধ্যে একঃ সতাং মতো ভবিষ্যতি তমেব বর্ণয়তি গাস্যন্তীতি সার্দ্ধৈঃ পঞ্চভিঃ সমং সহ সদৃশং বা ॥ ৪৩ ॥

হীনবর্ণং হেম যথা যোগৈর্দাহাদিভিঃ উপায়ৈঃ শোধ্যতে তথা যস্য শীলং স্বভাবং অনুবর্ত্তিতুং অনুগন্তুং প্রাপ্তুং নির্ব্বৈরাদিভি র্যোগৈ রাত্মানং ভাবয়িষ্যন্তি শোধয়িষ্যন্তি ॥ ৪৪ ॥

বিশ্বপ্রসাদে হেতুঃ যদাত্মকং স্বদৃক্ আত্মসাক্ষী। যস্যানন্যয়া ভগবানেব সত্য ইত্যেবং ভূতয়া দৃশা তোষ্যতে তোষং প্রাপ্স্যতে ॥৪৫

তত্র হেতুঃ স বা ইতি মহাত্মা অপরিচ্ছিন্ন দৃষ্টিঃ। মহানুভাবঃ মহাপ্রভাবঃ। মহতামপি মধ্যে মহিষ্ঠঃ অতিশয়েন মহান্।

ক্রমসন্দর্ভঃ।

গাস্যন্তীতি সার্দ্ধত্রিকং ॥ ৪৩ ॥

তদ্যশোগানস্য ফলমাহ যোগৈরিতি। অনুবর্ত্তিতুমনুমোদনেনানুগন্তুং ॥ ৪৪ ॥

অনন্যয়া তদেক স্ফুর্ত্তিময্যা ॥ ৪৫ ।

মহাভাগবতত্বমেব বিবৃণোতি মহাত্মেত্যাদিনা কুণ্ডলমণ্ডিতাননমিত্যন্তেন ॥ ৪৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কশিপোঃ পুত্রাণাং মধ্যে একঃ সতাং মতো ভবিষ্যতি ॥ ৪২ ॥

সন্তএব গাস্যন্তি সমং সহ সদৃশং বা ॥ ৪৩ ॥

হীনবর্ণং হেমযোগৈর্দাহাদিভির্যথা শোধ্যতে তথা যস্য শীলং স্বভাবমনুবর্ত্তিতং অনুগন্তুং প্রাপ্তুং নির্ব্বৈরাদিভির্যোগৈরাত্মানং ভাবয়িষ্যন্তি শোধয়িষ্যন্তি ॥ ৪৪ ॥

যস্য ভগবতঃ প্রসাদাদ্ধেতো র্যস্মৈ প্রহ্লাদায় ইদং বিশ্বমেব প্রসীদতি কীদৃশং সৎ সএবাত্মা অন্তর্যামী যস্য তৎ অন্তর্যামিরূপেণ তথা লোকান্ প্রেরয়তি যথা তৎ পিতৃবৈরিণ ইন্দ্রাদ্যা অপি প্রহ্লাদায় প্রসীদন্তীত্যর্থঃ। স্বীয়ান্ ভক্তানেব প্রীত্যা পশ্যতীতি স্বদৃক্। নবিদ্যতেঽন্যো যস্যাং তাদৃশ্যা দৃশা বুদ্ধ্যা যদ্বুদ্ধৌ অন্যঃ প্রবেষ্টুং ন শক্নোতীত্যর্থঃ ॥ ৪৫ ॥

মহাত্মা মহাধৃতির্মহাবুদ্ধির্ব্বা মহান্তএব যস্য স্বেদাদ্যাঃ প্রেমানুভাবা যস্য সঃ। তত্র হেতুঃ। প্রবৃদ্ধয়া ভক্ত্যা অনুভাবিতে অনুভাবং প্রাপিতে আশয়ে মনসি বৈকুণ্ঠং কৃষ্ণং বৈকুণ্ঠস্থং বস্তুমাত্রং বা নিবেশ্য ইদং মায়িকং লোকং ত্যক্ষ্যতি ॥ ৪৬ ॥

এবং সদ্যই তোমার যুক্তাযুক্ত বিচার হইল ও ভগবান্ হরির প্রতি তোমার যথেষ্ট ভক্তি আছে, আর তুমি রুদ্রকে এবং আমাকে অতিশয় আদর করিয়া থাক এই পঞ্চ কারণে ॥ ৪২ ॥

তোমার হিরণ্যকশিপু নামে যে পুত্র হইবে তাহার পুত্রদিগের মধ্যে প্রহ্লাদ নামে একজন সাধু সম্মত হইবেন, লোকে ভগবানের যশের তুল্য তাঁহার বিশুদ্ধ যশঃ গান করিবে ॥ ৪৩ ॥

প্রিয়ে! হীন বর্ণ সুবর্ণকে যেমন দাহাদি উপায় দ্বারা সংশোধিত করে তাহার ন্যায়,সাধুগণ তাঁহার স্বভাব প্রাপ্ত হইবার নিমিত্ত নির্ব্বৈরাদি যোগ দ্বারা আপন আপন অন্তঃকরণ সংশোধন করিবেন ॥৪৪

অপর এই বিশ্ব যাঁহার স্বরূপ এবং যাঁহার প্রসাদে ইহা প্রসন্ন হয়, আত্ম সাক্ষী সেই ভগবান্ ঐ ব্যক্তির "ভগবানই সত্য" এই রূপ নিষ্ঠা দ্বারা সন্তোষ প্রকাশ করিবেন ॥ ৪৫ ॥

প্রিয়ে! ভগবান্ যে তোমার সেই পৌত্রের প্রতি প্রসন্ন হইবেন তাহার কারণ এই, সে ব্যক্তি

প্রবৃদ্ধভক্ত্যাহ্যনুভাবিতাশয়ে নিবেশ্য বৈকুণ্ঠমিমং বিহাস্যতি ॥ ৪৬ ॥
অলম্পটঃ শীলধরো গুণাকরো হৃষ্টঃ পরর্দ্ধ্যা ব্যথিতো দুঃখিতেষু।
অভূতশত্রু র্জগতঃ শোকহর্ত্তা নৈদাঘিকং তাপমিবোড়ুরাজঃ ॥ ৪৭ ॥
অন্তর্বহিশ্চামলমব্জনেত্রং স্বপূরুষেচ্ছানুগৃহীত রূপং।
পৌত্রস্তব শ্রীললনাললামং দ্রষ্টা স্ফুরৎকুণ্ডলমণ্ডিতাননং ॥ ৪৮ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
শ্রুত্বা ভাগবতং পৌত্রং মুমোদাতি দিতির্ভৃশং। পুত্রয়োশ্চ বধং কৃষ্ণাদ্বিদিত্বাসীন্মহামনাঃ ॥ ৪৯

শ্রীধরস্বামী।

প্রবৃদ্ধয়া ভক্ত্যাহ্যনুভাবিতে সংশোধিতে চিত্তে বৈকুণ্ঠং হরিং নিবেশ্য দেহাদ্যভিমানং ত্যক্ষ্যতি ॥ ৪৬ ॥

মহাভাগবতত্বমেবাহ। অলম্পট ইতি শীলধরঃ সুস্বভাবঃ। গুণানাং ধৈর্য্যাদীনাং আকরো জন্মভূমিঃ পরেষাং সমৃদ্ধ্যা হৃষ্টঃ। পরেষু দুঃখিতেষু সৎসু দুঃখিতঃ। ন ভূতো ন জাতঃ শত্রুর্যস্য নিদাঘভবং তাপং চন্দ্রো যথা হরতি এবং জগতঃ শোকহর্ত্তা ভবিষ্যতি ॥ ৪৭ ॥

অপরিচ্ছিন্ন দৃষ্টিত্বমাহ অন্তরিতি স্বপুরুষাণামিচ্ছয়া পুনঃ পুন র্গৃহীতানি রূপাণি যেন। শ্রীরেব ললনা সুন্দরী তস্যা ললামং মণ্ডনং। দ্রষ্টা দ্রক্ষ্যতি ॥ ৪৮ ॥

মহামনা মহোৎসাহ চিত্তা হরিণা সহ যুদ্ধেন মরণে পুত্রয়োঃ কীর্ত্তিঃ সদ্গতিশ্চ ভবেদিতি ॥ ৪৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

অলম্পট ইতি যুগ্মকং ॥ ৪৭ ॥ ৪৮ ॥

মহামনা গম্ভীরচিত্তা আসীৎ। তেনাপি সহ বৈরং ভবিষ্যতীতি দুঃখস্য তেনৈব তৌ হনিষ্যেতে ইতি সুখ জাতস্য চ পর-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তস্য ভক্তিং ভক্ত্যুত্থানমহাগুণাংশ্চাবোচং অন্যানপি ভক্ত্যনুকূলান্ স্বাভাবিকান্ গুণান্ শৃণ্বিত্যাহ অলম্পট ইতি। বক্তুমশক্যা এব গুণা ইত্যাহ গুণানামাকরঃ। পরেষাং ঋদ্ধ্যা সম্পত্ত্যা পরেষু দুঃখিতেষু সৎসু নিদাঘভবং তাপং চন্দ্রো যথা তথা জগতঃ শোকহর্ত্তা ভবিষ্যতি ॥ ৪৭ ॥

অন্তরন্তঃকরণে ধ্যানেন বহিঃ সাক্ষান্নেত্রাভ্যাঞ্চ পৌত্রঃ প্রহ্লাদো দ্রষ্টা দ্রক্ষ্যতি। শ্রীরেব ললনা কান্তা তস্যা ললামং মণ্ডন রূপং ॥৪৮

ভৃশং অমোদত। হন্ত হন্ত মদ্বিকর্ম্মাপি মৎ কর্ম্মাপি সৎকর্ম্মশিরোমণি দুর্লভং ফলং ধ্যাস্যতীত্যহো মে ভাগ্যমিত্যানন্দ।

মহাভাগবত, অপরিচ্ছিন্ন দৃষ্টি, মহাপ্রভাব এবং মহৎ লোকদের মধ্যে অতিশয় মহৎ হইবে। সে প্রবৃদ্ধ ভক্তি দ্বারা সংশোধিত চিত্তে ভগবান্ হরিকে সংস্থাপন পূর্ব্বক দেহাদির অভিমান পরিত্যাগ করিবে ॥ ৪৬ ॥

প্রিয়ে! তোমার এই পৌত্র মহাভাগবত কেন হইবে শ্রবণ কর। সে ব্যক্তি অলম্পট, সুশীল এবং ধৈর্য্যাদি গুণের আকর, পর সমৃদ্ধিতে হৃষ্ট এবং পর দুঃখে দুঃখিত হইবে, আর তাহার কেহই শত্রু হইবে না। সে ঐ রূপ হইয়া নক্ষত্ররাজ চন্দ্র যেমন নিদাঘ জনিত তাপ দূর করেন তাহার ন্যায় জগতের শোক হরণ করিবে ॥ ৪৭ ॥

অপর হে প্রিয়তমে! যে ভগবান্ অন্তরে ও বহির্ভাগে অমল, যাঁহার নেত্রদ্বয় পদ্ম সদৃশ মনোহর, যিনি আপনার ভক্তগণের বাসনানুরূপ রূপ ধারণ করিয়া থাকেন, আর যিনি লক্ষ্মীরূপা ললনার ভূষণ স্বরূপ ও যাঁহার কর্ণদ্বয়ে কুণ্ডল বিদ্যোতিত হওয়াতে মুখ মণ্ডল সদা সুমণ্ডিত, সেই ভগবানকে তোমার ঐ পৌত্র সর্ব্বদা দর্শন করিবে ॥ ৪৮ ॥

মৈত্রেয় কহিলেন অহে বিদুর! আপনার এক পৌত্র ভাগবত হইবে ইহা শুনিয়া দিতি অতিশয়

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুর মৈত্রেয় সম্বাদে দিতিগর্ব্ভাধানং চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৪ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

প্রাজাপত্যং হি তত্তেজঃ পরতেজোহনং দিতিঃ। দধার বর্ষাণি শতং শঙ্কমানা সুরার্দ্দনাৎ ॥ ১ ॥

লোকে তেনাহতালোকে লোকপালা হতৌজসঃ। ন্যবেদয়ন্ বিশ্বসৃজে ধ্বান্তব্যতিকরং দিশাং ॥২

শ্রীধরস্বামী।

॥ • ॥ ইতি তৃতীয়ে চতুর্দ্দশঃ ॥ • ॥

হতপ্রভৈঃ সুরৈঃ স্পৃষ্টঃ প্রাহ পঞ্চদশে বিধিঃ। তদ্বীজং বিপ্রশাপাদি বৈকুণ্ঠে বিষ্ণুভৃত্যয়োঃ ॥ • ॥

তদেবং দেবানাং ব্রহ্মণশ্চ সম্বাদ প্রস্তাবমুক্ত্বা ইদানীং তং সম্বাদং বক্তুমাহ প্রাজাপত্যং কাশ্যপং তেজো বীর্য্যং পরেষাং তেজো হন্তীতি তথা আর্ষঃ স্বপুত্রাভ্যাং করিষ্যতে যৎ সুরাণাং মর্দ্দনং পীড়নং তস্মাচ্ছঙ্কমানা ॥ ১ ॥

তেন গর্ব্ভতেজসা আহতা লোকে নিরস্ত সূর্য্যাদি প্রকাশে। হতৌজসঃ হতপ্রভাবাঃ। ধ্বান্তেন ব্যতিকরং সঙ্করং ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্পরোপমর্দ্দাৎ ॥ ৪৯ ॥

॥ • ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য চতুর্দ্দশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ • ॥

শঙ্কমানেতি। গর্ব্ভে প্রসূতে নূনমসুরার্দ্দনো হনিষ্যতীতি। টীকায়াং আর্ষ ইতি। তেজোঘ্নমিতি বক্তব্যে তেজোহনমিতি প্রয়োগ আর্ষঃ। অমনুষ্যকর্ত্তৃকেচেতি টচি তেজোঘ্নমিত্যেব স্যাৎ ॥ ১ ॥ ধ্বান্তেন ব্যতিকরমাসঙ্গং ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

মহামনাঃ পুত্রয়োর্মে সৎকীর্ত্তি সদ্গতী ভবিষ্যত ইতি সোৎসাহচিত্তাঃ ॥ ৪৯ ॥

॥ • ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্দ্দশস্তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ • ॥

সুরৈঃ পৃষ্টো বিধিস্তত্ত্বং বক্তুং দিতিতনূজয়োঃ। শাপাৎ পঞ্চদশে বিষ্ণুপার্ষদোর্বিপ্রতোঽভ্যধাৎ ॥ • ॥

ততো দিতের্গর্ব্ভস্য কা বার্ত্তেত্যপেক্ষায়ামাহ। প্রাজাপত্যং প্রজাপতেঃ কশ্যপস্য সম্বন্ধি। পরেষাং তেজো হন্তীতি তথা তৎ পচাদ্যচ্। সুরাণামর্দ্দনং পীড়নং তস্মাৎ শঙ্কমানা অসুরার্দ্দনাদ্বিষ্ণোরিতি বা তদ্ধস্ততো মৃত্যুশ্রবণাৎ ॥ ১ ॥

তেন গর্ব্ভতেজসা হতালোকে আহতালোক ইতিচ পাঠঃ। ব্যতিকরং ব্যাপ্তং ॥ ২ ॥

হৃষ্ট চিত্ত হইলেন এবং শ্রীকৃষ্ণ হইতে পুত্র দুইটীর ভাবি বধের কথা শ্রবণেও তাঁহার চিত্তে মহোৎসাহ উপস্থিত হইল। অতএব তিনি এই বিবেচনায় মনকে প্রবোধ দিলেন, পুত্রেরা যদি ভগবানের সহিত যুদ্ধ করিয়া নিধন প্রাপ্ত হয় তাহাতে তাহাদের কীর্ত্তি ও সদ্গতি হইতে পারিবে ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে চতুর্দ্দশ ॥ * ॥

পঞ্চদশ অধ্যায়ে দিতির গর্ব্ভ উৎপন্ন হওয়াতে তদ্দ্বারা দেবগণ হতপ্রভ হইয়া ব্রহ্মাকে জিজ্ঞাসা করেন তাহাতে ব্রহ্মা কর্ত্তৃক বৈকুণ্ঠস্থ বিষ্ণুভক্তদ্বয়ের বিপ্রশাপাদির বৃত্তান্ত বর্ণন ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন দিতির গর্ব্ভে প্রজাপতি কশ্যপের যে বীর্য্য নিহিত হইল, তিনি শতবর্ষ পর্য্যন্ত তাহা ধারণ করিলেন। ঐ বীর্য্য সামান্য ছিল না তাহা অন্য তেজের বিনাশকারী, কিন্তু তাহাতে যে দুই সন্তান জন্মিবে তাহাদের দ্বারা দেববৃন্দের পীড়ন হইবে এই বার্ত্তা ভর্ত্তার প্রমুখাৎ শ্রবণ করাতে দিতির অন্তঃকরণে বিশেষ পরিতোষ জন্মিল না সর্ব্বদা শঙ্কিত চিত্ত হইয়া রহিলেন ॥ ১ ॥

তাঁহার গর্ব্ভের তেজঃ দ্বারা চন্দ্র সূর্য্যাদির প্রকাশ নিরস্ত হওয়াতে ত্রিলোক একেবারে আলোক শূন্য হইল, তদ্দর্শনে লোকপাল সকল হতপ্রভ হইয়া বিশ্বস্রষ্টা বিধাতার সন্নিধানে গমন পূর্ব্বক উদ্বিগ্ন চিত্তে দিক্ সকলের তিমিরাচ্ছন্ন হইবার কথা নিবেদন করিলেন ॥ ২ ॥

শ্রীদেবা ঊচুঃ॥

তম এতদ্বিভো বেত্থ সম্বিগ্না যদ্বয়ং ভৃশং। নহ্যব্যক্তং ভগবতঃ কালেনাস্পৃষ্টবর্ত্মনঃ॥ ৩॥
দেবদেব জগদ্ধাতর্লোকনাথশিখামণে। পরেষামপরেষাং ত্বং ভূতানামসি ভাববিৎ॥ ৪॥
নমো বিজ্ঞানবীর্য্যায় মায়য়েদমুপেয়ুষে। গৃহীতগুণভেদায় নমস্তেঽব্যক্তযোনয়ে॥ ৫॥
যে ত্বানন্যেন ভাবেন ভাবয়ন্ত্যাত্মভাবনং। আত্মনি প্রোতভুবনং পরং সদসদাত্মকং॥ ৬॥

শ্রীধরস্বামী।

বেত্থ জানাসি যতোবয়ং সম্বিগ্না ভীতা অব্যক্তং অজ্ঞাতং ন স্পৃষ্টং বর্ত্ম জ্ঞান প্রচারো যস্য॥ ৩॥
ব্রহ্মাণং পরমেশ্বরত্বেন স্তবন্তঃ প্রার্থয়ন্তে দেবদেবেতি সপ্তভিঃ। লোকনাথানাং শিখামণে। ভাববিৎ অভিপ্রায়জ্ঞোসি। কেনাভিপ্রায়েণ দিতের্গর্ভো বর্দ্ধতে ইতি জানাসীত্যর্থঃ॥ ৪॥
বিজ্ঞানং বীর্য্যং বলং যস্য ইদং ব্রহ্মদেহমুপেয়ুষে প্রাপ্তবতে গৃহীতো গুণভেদো রজো গুণো যেন ব্যক্তস্য প্রপঞ্চস্য যোনয়ে কারণায়। নব্যক্তা কেনাপি প্রমাণেন বিজ্ঞাতা যোনি র্যস্যেতি বা॥ ৫॥
সকামতয়া প্রতিক্ষণং দুঃখমনুভবন্তো নিষ্কাম ভক্তান্ স্তবন্ত আহ দ্বাভ্যাং যে ত্বা ত্বাং অনন্যেন নিষ্কামেণ ভাবেন ভক্ত্যা ধ্যায়ন্তি। আত্মনো জীবান্ ভাবয়তীতি তথা। যস্মিন্ প্রোতানি প্রথিতানি ভুবনানি যেন চেতনাচেতন প্রপঞ্চকারণমিত্যর্থঃ

ক্রমসন্দর্ভঃ।

অত্র দেবা ঊচুরিতি কচিৎ। তম ইত্যাদিনা পরমেশ্বরাভেদেন ব্রহ্মাণং স্তবন্তি॥ ৩॥
লোকপালেতি পুণ্যারণ্যঃ॥ ৪॥
নম ইত্যাদিনা পরমেশ্বরাভেদেন স্তুতিঃ॥ ৫॥
যে ত্বেতি। অনন্যভক্ত্যা লব্ধযুষ্মৎ প্রসাদাঃ ততঃ সুনির্ব্যূঢ় ভক্তিযোগত্বেন স্বতএব শ্বাসাদিজয় ইতিক্রমঃ॥ ৬। ৭। ৮। ৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বেত্থ জানাস্যেব যতো ভগবতঃ সর্ব্বজ্ঞস্য তব কালেনালুপ্ত জ্ঞানমার্গস্য॥ ৩॥
লোকনাথানামিন্দ্রাদীনাং শিখামণেঃ॥ ৪॥
ইদং ব্রহ্মদেহং উপেয়ুষে প্রাপ্তবতে গুণভেদো রজঃ। অব্যক্তঃ পরমেশ্বর এব যোনিঃ কারণং যস্য তস্মৈ॥ ৫॥
তদপি অনন্যেন পরমেশ্বরাদভিন্নেন ভাবেন যে হিরণ্যগর্ভোপাসকাঃ। যদ্বা। অনন্যেন নিষ্কামেন ভাবেন ভক্ত্যা ভাবয়ন্তি ধ্যায়ন্তি আত্মনো জীবান্ ভাবয়তি সৃজতীতি তথা। সমষ্টিত্বাদাত্মনি যস্মিন্ প্রোতানি গ্রথিতানি ভুবনানি যেন তং। অতঃ

দেবগণ কহিলেন প্রভো। আমরা এই যে অন্ধকার দেখিয়া ভীত হইতেছি ইহা কি? আপনি অবশ্য জ্ঞাত আছেন। প্রভো আপনি সর্ব্বজ্ঞ, আপনার জ্ঞান প্রচারে কাল কদাচ হস্তক্ষেপ করিতে পারে না, ইহাতে কোন বিষয়ই আপনার অজ্ঞাত নাই॥ ৩॥

হে দেব! আপনি জগতের ধারণকর্ত্তা এবং ইন্দ্রাদি লোকপালের চূড়ামণি, পর অথবা অপর কোন ভূতেরই অভিপ্রায় আপনার অগোচর নাই, কি অভিপ্রায়ে দিতির এই ভয়ঙ্কর গর্ভ বৃদ্ধিশীল হইতেছে আপনি তাহা অবগত আছেন॥ ৪॥

হে ব্রহ্মন্! জ্ঞানই আপনকার বল, আপনাকে নমস্কার, আপনি মায়া দ্বারা এই ব্রহ্মদেহ এবং গুণ বিশেষ অর্থাৎ রজো গুণ গ্রহণ করিয়াছেন, অপর আপনিই এই প্রপঞ্চ জগতের কারণ স্বরূপ, আপনকার উৎপত্তি কোন প্রমাণে পরিজ্ঞাত হইতে পারা যায় না অতএব আপনাকে নমস্কার করি॥ ৫॥

প্রভো! আপনি এই সমস্ত ভুবন আপনাতেই গ্রথিত করিয়া রাখিয়াছেন এবং স্বয়ং এই চেতনাচেতন প্রপঞ্চের কারণ স্বরূপ হইয়া বস্তুতঃ ইহাতে ভিন্ন হইয়াছেন। হে দেব! আপনা হইতেই এই

তেষাং সুপক্কযোগানাং জিতশ্বাসেন্দ্রিয়াত্মনাং। লব্ধযুষ্মৎ প্রসাদানাং ন কুতশ্চিৎ পরাভবঃ ॥ ৭
যস্য বাচা প্রজাঃ সর্ব্বা গাবস্তন্ত্যেব যন্ত্রিতাঃ। হরন্তি বলিমায়ত্তা স্তস্মৈ মুখ্যায় তে নমঃ ॥ ৮ ॥
স ত্বং বিধৎস্ব শং ভূমন্ লোকানাং লুপ্তকর্ম্মণাং। অদভ্রদয়য়া দৃষ্ট্যা আপন্নানর্হসীক্ষিতুং ॥ ৯ ॥
এষ দেব দিতের্গর্ত্ত ওজঃ কাশ্যপমর্পিতং। দিশস্তিমিরয়ন্ সর্ব্বা এধতে হগ্নিরিবৈধসি ॥ ১০ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥

শ্রীধরস্বামী।

তত্র হেতুঃ সদসদাত্মকং কার্য্যকারণ রূপং বস্তুতস্তাভ্যাং পরং ॥ ৬ ॥

জিতঃ শ্বাস ইন্দ্রিয়াণি আত্মা মনশ্চ যৈঃ অতঃ সুপক্কযোগানাং অতএব প্রাপ্তা যুষ্মৎ প্রসাদা যৈ স্তেষাং ॥ ৭ ॥

অন্যেতু নিত্যং কর্ম্ম ক্লেশিন ইত্যাহুঃ যস্যেতি। তন্ত্যা দামন্যা আয়ত্তা অধীনাঃ মুখ্যায় নিয়ন্ত্রে। প্রাণরূপায় ইতি বা। তথাচ শ্রুতিঃ। যস্য বাকৃতন্তি র্নামানি দামানীত্যাদি ॥ ৮ ॥

তমসা অহোরাত্র বিভাগাভাবেন লুপ্তানি কর্ম্মাণি যেষাং আপন্নান্ আপদগতানস্মান্ ॥ ৯ ॥

আপৎকারণমাহুঃ এষ গর্ত্তস্তস্য বিশেষণং অর্পিতং নিক্ষিপ্তং কাশ্যপমোজো বীর্য্যং দিশস্তিমিরয়ন্ তমো ব্যাপ্তাঃ কুর্ব্বন্ ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

গর্ত্তনিদানমেব পৃচ্ছামঃ। গর্ত্তাত্তমোজাতমিতি তু জানীম এবেত্যাহ এষ ইতি এধতে ইতি ক্বচিৎ পাঠঃ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সন্তোঽসন্তশ্চ আত্মনো দেবাসুরাদ্যা জীবা যস্মিং স্তং ॥ ৬ ॥ ৭ ॥

বাচা বেদলক্ষণয়া। তথাচ শ্রুতিঃ। তস্য বাক্ তন্তির্নামানি দামানীত্যাদি ॥ ৮ ॥

তমসা অহোরাত্র বিভাগাভাবেন। আপন্নান্ অস্মান্। অদভ্রদয়য়া অনল্প কৃপয়া ॥ ৯ ॥

নমু বিশেষবার্ত্তাং ব্রূতেতি তত্রাহুঃ। কাশ্যপমোজো বীর্য্যং অর্পিতং সৎ দিতের্গর্ত্তঃ ॥ ১০ ॥

সমস্ত জীব উৎপন্ন হয়। যে সকল ব্যক্তি নিষ্কাম হইয়া একান্ত ভক্তি দ্বারা আপনার ধ্যান করেন ॥ ৬ ॥

তাঁহাদের প্রাণাদি বায়ু, ইন্দ্রিয়গণ ও মনঃ জিত হইয়াছে এবং তাঁহাদের যোগও সুপক্ক হইয়াছে ও তাঁহারা আপনকার প্রসাদও লাভ করিয়াছেন, অতএব তাঁহাদের আর কোথা হইতেও পরাভব হইবে না ॥ ৭ ॥

প্রভো! গোসকল যেমন রজ্জুতে নিবদ্ধ থাকে তাহার ন্যায় এই সমস্ত প্রজা যাঁহার বেদরূপ বাক্যের অধীন হইয়া পূজোপহার আহরণ করিতেছে, আপনি সেই নিয়ামক পুরুষ আপনাকে নমস্কার করি ॥ ৮ ॥

হে ভগবন্! আপনি এ প্রকার, অতএব এই সমস্ত লোকের কল্যাণ বিধান করুন, ভয়ঙ্কর অন্ধকার সর্ব্বত্র পরিব্যাপ্ত হওয়াতে অহোরাত্র বিভাগাভাবে যাগ যজ্ঞ প্রভৃতি কর্ম্ম সকল বিলুপ্ত হইল, অতএব আমরা মহা আপদে পতিত হইয়াছি অনল্প কৃপাদৃষ্টি দ্বারা আমাদিগকে নিরীক্ষণ করিতে যোগ্য হউন ॥ ৯ ॥

হে দেব! প্রজাপতি কশ্যপ কর্ত্তৃক নিক্ষিপ্ত বীর্য্যে দিতির যে গর্ত্ত উৎপন্ন হইয়াছে ইহা সকল দিক্ তিমিরাচ্ছন্ন করিয়া কাষ্ঠাহিত অগ্নির ন্যায় প্রজ্বলিত হইয়া উঠিতেছে ॥ ১০ ॥

স প্রহস্য মহাবাহো ভগবাঞ্ছব্দগোচরঃ। প্রত্যাচষ্টাত্ম ভূর্দেবান্ প্রীণন্ রুচিরয়া গিরা ॥ ১১ ॥

শ্রীব্রহ্মোবাচ ॥

মানসা মে সুতা যুষ্মৎ পূর্ব্বজাঃ সনকাদয়ঃ। চেরু র্বিহায়সা লোকান্ লোকেষু বিগতস্পৃহাঃ ॥১২

ত একদা ভগবতো বৈকুণ্ঠস্যামলাত্মনঃ। যযুর্বৈকুণ্ঠনিলয়ং সর্ব্বলোক নমস্কৃতং ॥ ১৩ ॥

বসন্তি যত্র পুরুষাঃ সর্ব্বে বৈকুণ্ঠমূর্ত্তয়ঃ। যেঽনিমিত্ত নিমিত্তেন ধর্ম্মেণারাধয়ন্ হরিং ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

দিতেঃ কুচেষ্টিতং জ্ঞাত্বা প্রহস্য দেবানাং যে শব্দা বিজ্ঞপ্তি বাক্যানি তেষাং গোচরো বিষয়ভূতঃ প্রত্যভাষত ॥ ১১ ॥

যুষ্মৎ সকাশাৎ পূর্ব্বং জাতাঃ ॥ ১২ ॥

বৈকুণ্ঠাখ্যং লোকং যযুঃ ॥ ১৩ ॥

তং বর্ণয়ন্তি বসন্তীত্যাদি দ্বাদশভিঃ বৈকুণ্ঠস্য হরেরিব মূর্ত্তির্যেষাং তে। নিমিত্তং ফলং ন নিমিত্তং প্রবর্ত্তকং যস্মিন্ নিষ্কামেণ ধর্ম্মেণেত্যর্থঃ। আরাধয়ন্ আরাধিতবন্তঃ ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

বৃদ্ধো বালকান্ প্রতীব প্রহস্য। শব্দমাত্রগোচর ইতি ব্রহ্মণঃ সাধারণাগোচরত্বং ব্যজ্য মহিমানং দর্শয়তি ॥ ১১। ১২। ১৩ ॥

বৈকুণ্ঠস্যেব নিত্যানন্দরূপা মূর্ত্তি র্যেষাং তে যত্র বসন্তি। তথা ন বিদ্যতে নিমিত্তং কারণং যস্য স শ্রীভগবানেব নিমিত্তং ফলং যত্র তেন ধর্ম্মেণ ভাগবতাখ্যেন যে চ হরিমারাধয়ন্ তে চ যত্র বসন্তীত্যন্বয়ঃ। হরিপদানতিমাত্র দৃষ্টৈরিতি যন্ন ব্রজন্তীত্যাদিবক্ষ্যমাণাৎ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অহো অজ্ঞা মামেবং স্তুবন্তি এতদ্বিপত্তিত্রাণে কোঽহং বরাক ইতি বৃদ্ধো বালান্ প্রতীব প্রহস্য। শব্দা দেবানাং বিজ্ঞপ্তি বাক্যানি তেষাং গোচরঃ বিষয়ঃ ॥ ১১ ॥

এতদ্বিপৎকারণবতীং প্রাচীনামদ্ভুতাং কথাং তাবৎ শৃণুতেত্যাহ মানসা ইতি ॥ ১২ ॥

অমলাঃ শুদ্ধা ভবন্ত্যাত্মনোঽন্তঃকরণানি যতস্তস্য ॥ ১৩ ॥

বৈকুণ্ঠমূর্ত্তয়ঃ ভগবৎ সারূপ্যবন্তঃ অনিমিত্তং স্বপ্রয়োজনাভাব এব নিমিত্তং প্রবর্ত্তকং যস্মিং স্তেন নিষ্কামেন পরম ধর্ম্মেণ ইত্যর্থঃ। আরাধয়ন্ পূর্ব্বমারাধিতবন্তঃ ॥ ১৪ ॥

মুনিবর মৈত্রেয় এই সকল বর্ণনানন্তর দেবগণের স্তুতি কথা কহিয়া বিদুরকে সম্বোধন পূর্ব্বক কহিলেন অহে বিদুর! ভগবান্ ব্রহ্মা দেববৃন্দের বিজ্ঞপ্তি বাক্য শ্রবণ করিয়া দিতির কুচেষ্টিত জ্ঞানে হাস্য করিলেন এবং প্রীতি প্রকাশ করত মনোহর বাক্য দ্বারা প্রত্যুত্তর দিলেন ॥ ১১ ॥

ব্রহ্মা কহিলেন অহে দেবগণ! তোমাদের পূর্ব্বজাত সনকাদি চতুষ্টয় আমার মানসপুত্র, লোক মধ্যে নিস্পৃহ হইয়া আকাশমার্গে বিচরণ করিতে প্রবৃত্ত হইয়াছিলেন ॥ ১২ ॥

তাঁহারা এক সময় অমলাত্মা ভগবান্ হরির সর্ব্বলোক নমস্কৃত বৈকুণ্ঠ ধামে গমন করেন ॥ ১৩ ॥

সেই বৈকুণ্ঠ ধামে যে সকল পুরুষ বাস করেন তাঁহাদের সকলেরই ভগবান্ বৈকুণ্ঠের তুল্য মূর্ত্তি। সেই সকল ব্যক্তি নিষ্কাম ধর্ম্মের অনুষ্ঠান করিয়া ভগবানের আরাধনা করিয়াছিলেন, তাহাতেই তাঁহারা তৎস্বরূপী হইয়া তদীয় ধামে বিরাজ করিতেছেন ॥ ১৪ ॥

যত্র চাদ্যঃ পুমানাস্তে ভগবাঞ্ছব্দগোচরঃ। সত্ত্বং বিষ্টভ্য বিরজং স্বানাং নো মৃড়য়ন্ বৃষঃ ॥ ১৫ ॥
যত্র নৈঃশ্রেয়সং নাম বনং কাম দুঘৈর্দ্রুমৈঃ। সর্ব্বর্ত্তু শ্রীভির্বিভ্রাজৎ কৈবল্যমিবমূর্ত্তিমৎ ॥ ১৬ ॥
বৈমানিকাঃ সললনাশ্চরিতানি শশ্বদ্গায়ন্তি যত্র শমল ক্ষপণানি ভর্ত্তুঃ।
অন্তর্জলেহনু বিকসন্ মধু মাধবীনাং গন্ধেন খণ্ডিতধিয়োহপ্যনিলং ক্ষিপন্তঃ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

শব্দগোচরঃ বেদান্তৈকবেদ্যঃ বিরজং সত্ত্বং মূর্ত্তিং বিষ্টভ্য ধৃত্বা। বৃষো ধর্ম্মমূর্ত্তিঃ স্বানাং স্বান্ ॥ ১৫ ॥
তত্রত্যং বনং বিশিনষ্টি যত্রেতি চতুর্ভিঃ সর্ব্বেষপি ঋতুষু শ্রীঃ পুষ্পাদি সম্পদ্ যেষাং তৈঃ ॥ ১৬ ॥
চরিতানি চরিত্রাণি ভর্ত্তুঃ প্রভোঃ। অনু বিকসন্তঃ মধু মকরন্দঃ তদ্যুক্তাঃ মাধব্যো বাসন্ত্যো লতাঃ। যদ্বা অনুবিকসন্মধবঃ প্রসরন্মকরন্দাঃ মাধব্যঃ মধুকালীনাঃ সুমনসঃ তাসাং গন্ধেন খণ্ডিতাঃ বিস্মিতা ধীর্যেষাং তেপি তদ্গন্ধ প্রাপকমনিলং ক্ষিপন্তস্তং তিরস্কুর্ব্বন্তো গায়ন্তি অনেন ভগবৎ পার্ষদানাং নিরতিশয় বিষয় সুখেপি ভজনানন্দাসক্তি দর্শিতা ॥ ১৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

সত্ত্বং গুণং সান্নিধ্যেনোপকৃত্য বৃষঃ সর্ব্বানন্দবর্ষী ॥ ১৫ ॥
কৈবল্যং শুদ্ধং ভক্তিসুখং তদেব মূর্ত্তিমদিব জাতং। তদেকসম্পন্ময়ত্বাৎ ॥ ১৬ ॥
তাদৃশত্বেনৈব বর্ণয়তি বৈমানিকা ইত্যাদিভিঃ। অন্তর্মধ্যে জল ইতি তত্তদুপবনশোভাশৈত্যাদিকং ধ্বনিতং। গন্ধেন শ্রীভগবদ্বিভূতি রূপত্বাত্তৎসৌরভ্যানুকারিতয়া তৎস্মরণবিশেষকর্ত্রা তেন খণ্ডিতধিয়ঃ পরানন্দং মোহং প্রাপ্তা অপি ভগবদ্ গুণগণাগ্রহেণ তদ্গন্ধবাহং ক্ষিপন্তঃ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিরজং সত্ত্বং শুদ্ধসত্ত্বং বিষ্টভ্য ধৃত্বা যস্য নামরূপলীলাদিকং সর্ব্বমেব শুদ্ধসত্ত্বমিত্যর্থঃ। স্বানাং স্বান্ বৃষঃ সাক্ষাৎ পরম ধর্ম্মরূপঃ ॥ ১৫ ॥
কৈবল্যমূর্ত্তিমদিবেতি বনস্পতিসমূহস্য নিত্যসিদ্ধত্বং একরসং নিরুদ্বেগপরমানন্দময়ত্বং আত্মারাম বিহঙ্গমস্পৃহণীয়ত্বঞ্চোক্তং ॥ ১৬ ॥
শমলেতি ব্রহ্মাণ্ডবর্ত্তিজীবানাং সর্ব্বমালিন্য ক্ষপণানি স্বেষান্তু তদ্বিরহদুঃখোপশমকানি। বৈমানিকাঃ স্বরবিশেষোদ্ভাবনার্থং বিমানাদবতীর্য্য সরোবরস্যান্তর্জলে কণ্ঠদঘ্নজলে ইত্যর্থঃ। যদ্বা তটবর্ত্তিনীনামেব জলসংলগ্নবৃক্ষশাখামারুহ্য তাঃ স্ব পত্রাদিভিরাচ্ছাদয়ন্তীনামন্তর্জলএব বিকসন্তীনাং মধুযুক্তমাধবীনাং গন্ধেন খণ্ডিতাঃ ভগবচ্চরিতাস্বাদনৈকতানত্বে সবিঘ্নীকৃতা ধীর্যেষাং তথা ভূতা অপি গায়ন্ত্যেব নতু গানাদ্বিরমন্তীত্যর্থঃ কিন্ত্বনিলং ক্ষিপন্তঃ। অরে মাধবী পুষ্পামোদ তুন্দিল সুমন্দশীতানিল। ভগবল্লীলামৃত মাধুর্য্যেষু নিমজ্জিতা অস্মাকং ধিয়ো বৃত্তীঃ কথমাক্রষ্টুং যতসে কিং ত্বং তেভ্যোপ্যাত্মানং মধুরং মন্যসে ধিক্ ত্বাং মূঢ়েতি নিন্দন্তঃ তেন কৈবল্যমিবমূর্ত্তিমদিতি পূর্ব্বোক্তেস্তদ্বনস্থ পুষ্পামোদাদীনাং ব্রহ্মানন্দরূপত্বেপ্যাক্ষেপাৎ ব্রহ্মানন্দাদপি ভজনানন্দোঽত্যাধিক ইতি দ্যোতিতং ॥ ১৭ ॥

অপর যে স্থানে বেদান্তৈকবেদ্য ভগবান্ আদ্য পুরুষ সত্ত্বমূর্ত্তি ধারণ পূর্ব্বক ধর্ম্মরূপী হইয়া স্বজনগণকে হর্ষিত করিতেছেন ॥ ১৫ ॥

সেই ধামে নিঃশ্রেয়স নামে একটী বন আছে সেখানকার সকল তরুই বাসনানুরূপ ফল প্রদান করিয়া থাকে তাহাতে সেই বন অতি মনোহর শোভা ধারণ করে, ফলতঃ তাহা এবম্বিধ রূপে প্রকাশ পাইতেছে যেন মূর্ত্তিমান্ মোক্ষই বিরাজ করিতেছে ॥ ১৬ ॥

অপর সেই স্থানে বিমানচারী গন্ধর্ব্বগণ সস্ত্রীক হইয়া নিরন্তর ভগবানের জগদ্বিশোধক চরিত্র সকল গান করিতেছে। তাহাদের ঐ বিষয়ে এতাদৃশ অনুরাগ যে উপবনস্থ সরোবরের জল মধ্যে বিকাসশীল মকরন্দযুক্ত মাধবীলতার সৌগন্ধ্যে বুদ্ধি বিভ্রংশিত হইলেও যে বায়ু সহ ঐ গন্ধ আসিয়া থাকে তাহাকে দূরে নিক্ষিপ্ত করিয়া দেয়, তথাচ সঙ্গীত পরিত্যাগ করে না ॥ ১৭ ॥

পারাবতান্যভৃত সারস চক্রবাক দাত্যুহ হংস শুক তিত্তিরি বর্হিণাং যঃ।
কোলাহলো বিরমতেঽচির মাত্রমুচ্চৈ র্ভৃঙ্গাধিপে হরিকথামিব গায়মানে॥ ১৮॥
মন্দার কুন্দ কুরবোৎপল চম্পকার্ণ পুন্নাগ নাগ বকুলাম্বুজ পারিজাতাঃ।

শ্রীধরস্বামী।

অন্যভৃতঃ কোকিলাঃ দাত্যুহা শ্চাতকাঃ অচির মাত্রং ক্ষণমাত্রং বিরমতি অনেন তত্রত্য পক্ষিণামপি কথা শ্রবণাদি পরমানন্দো দর্শিতঃ॥ ১৮॥

মন্দার পারিজাতৌ সুরতরু বিশেষৌ। কুরব তিলকবৃক্ষঃ। উৎপলং রাত্রিবিকাশি। অম্বুজং দিনবিকাশি নাগো নাগকেশরঃ। এতাঃ সুমনসঃ পুষ্পজাতয়ঃ সুগন্ধয়োপি তুলসীকাভরণেন শ্রীহরিণা তুলস্যা গন্ধেঽর্চ্চিতে সতি। যস্মিন্ বনে তুলস্যা তপো

ক্রমসন্দর্ভঃ।

দাত্যুহো জলচরো বর্ষাসু ককেতি প্রায় ভাষী। ভৃঙ্গাধিপোবনমালাধিকারী কোপি মুখ্যোভৃঙ্গঃ তস্যাতিশয়েন ভগবৎ প্রিয়ত্বাৎ শ্রীগরুড়বৎ স্বভাবত এব তত্তদক্ষরময়শব্দাত্মকং গানমেব তেষু হরিকথেতি জ্ঞেয়ং। ইবেতি তৎপার্ষদাদিকর্ত্তৃক হরিকথা সাদৃশ্যং জ্ঞাপয়তি বীণাদিবৎ॥ ১৮॥

যত্র স্থাবরা অপি জ্ঞানশালিনঃ পরকীয় ভগবৎ প্রীণনগুণশ্লাঘিন শ্চেত্যাহ মন্দারেতি। অর্ণমপি পুষ্পবিশেষঃ সুমনস স্তত্তদধি-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বৈমানিকা ইব তত্রত্যাঃ পক্ষিণোপি পরমভক্তা নির্মৎসরাশ্চেত্যাহ পারাবতাঃ কপোতাঃ অন্যভৃতাঃ কোকিলাঃ দাত্যুহা ডাহুক ইতি খ্যাতাঃ। অচিরমাত্রং শীঘ্রমেব হংহো সংপ্রতি হরিকথা প্রবর্ত্ততে তত্বরং সর্ব্বে তাবত্তূষ্ণীমেব শৃণুম ইত্যেবং কোলাহলো বিরমতি। কদা ভৃঙ্গাধিপে ভগবদ্বনমালাধিকারিণি হরিকথামিব হরিকথাতুল্যমেব কিমপি ঘুনাক্ষরন্যায়েন গায়তি সতি হরিহরীত্যাকারক স্বপক্ষশব্দং কুর্ব্বতীত্যর্থঃ। ন জানে তস্মিন্ সাক্ষাদ্ধরিকথাং গায়তি সতি পক্ষিণাং তেষাং তস্মিন্ কীদৃশ আদরো ভবেদিতি ভাবঃ॥ ১৮॥

পক্ষিণ ইব তত্রত্যা বৃক্ষা অপি স্পর্দ্ধাসূয়াদিরহিতাঃ পরমভক্তা এবেত্যাহ মন্দার পারিজাতৌ সুরতরুবিশেষৌ কুরবস্তিলকবৃক্ষঃ। অর্ণং পুষ্পবিশেষঃ নাগো নাগকেশরঃ এতে বৃক্ষাঃ পরমসুগন্ধকুসুমা অপি তুলসিকাভরণেন শ্রীহরিণা বনবিহরণ সময়ে তস্যাস্তলস্যা গন্ধে অর্চ্চিতে আদৃতে সতি যস্মিন্ বনে অহো ধন্যাসি ত্বং তুলসীতি তস্যা এব তপো বহুমানয়ন্তি নতু স্বেষামিতি তেন যদ্যস্যাস্তপো জানীমঃ তর্হি তদেব তপো বয়মিতো ভারতভূমিং গত্বা আচরাম ইতি তেষাং মনোঽনুলাপো ধ্বন্যতে। ততশ্চ বৈকুণ্ঠবাসিনোপি ভারতভূমৌ জন্ম বাঞ্ছন্তীতি বৈকুণ্ঠাদপি ভারতভূমেরুৎকর্ষো দ্যুধ্বন্যতে বহুমানয়ন্ত্যেব নত্বসূয়ন্তীত্যর্থঃ। যতঃ সুমনসঃ শুদ্ধচিত্তাঃ পক্ষে পুষ্পতরবঃ তেন বৈমানিকা ইতি পারাবতেতি মন্দারেত্যাদিভির্জ্জরায়ুজাণ্ডজোদ্ভিদস্ত্রয়এব তত্র হরিং ভজন্তো বর্ত্তন্তে

তথায় ভৃঙ্গ সকল হরিকথা গানের ন্যায় গুণ গুণ ধ্বনি আরম্ভ করিলে তত্রস্থ পারাবত, কোকিল, সারস, চক্রবাক, দাত্যুহ (ডাক পক্ষী) হংস, শুক, তিত্তির, (টিরট পক্ষী) ময়ূর প্রভৃতি পক্ষি সমূহের কোলাহল ক্ষণকাল বিরত হয়, ফলতঃ তত্রত্য পক্ষিগণেরও হরিকথা শ্রবণাদিতে পরমানন্দ অনুভব হইয়াছিল, অতএব ভ্রমর সমূহ শব্দ করিতে আরম্ভ করিলেই হরিকথা গান হইতেছে মনে করিয়া তাহারা নিঃশব্দ হয়॥ ১৮॥

অপর যে বনে মন্দার পারিজাত, কুন্দ, কুরব, (তিলক পুষ্প) চম্পক, পুন্নাগ, নাগকেশর, বকুল, উৎপল, কমল প্রভৃতি পুষ্প জাতি সকল স্বয়ং সৌরভ যুক্ত হইয়াও তুলসী ভূষণ ভগবান্ কর্ত্তৃক তুলসীর গন্ধ অর্চ্চিত দেখিয়া তাঁহার তপস্যাকেই বহু করিয়া মানিয়া থাকে অর্থাৎ তত্রত্য বৃক্ষগণের গুণ

গন্ধেৰ্চ্চিতে তুলসিকাভরণেন তস্যা যস্মিংস্তপঃ সুমনসো বহু মানয়ন্তি ॥ ১৯ ॥
তৎ সঙ্কুলং হরিপদানতিমাত্র দৃষ্টৈ বৈর্দূর্য্য মারকত হেমময়ৈ র্বিমানৈঃ।
যেষাং বৃহৎ কটিতটাঃ স্মিতশোভিমুখ্যঃ কৃষ্ণাত্মনাং ন রজ আদধুরুৎস্ময়াদ্যৈঃ ॥ ২০ ॥
শ্রীরূপিণী কণয়তী চরণারবিন্দং লীলাম্বুজেন হরিসদ্মনি মুক্তদোষা।

শ্রীধরস্বামী।

বহু মানয়ন্তি। অনেন তত্রত্যা গুণগ্রাহিণ এব ন মৎসরিণ ইত্যুক্তং। এবং ভূতং বনং যত্র তদ্বৈকুণ্ঠং যযুরিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ১৯
পুনর্বৈকুণ্ঠমেব বিশিনষ্টি। তৎ সঙ্কুলং ব্যাপ্তং ভবতি। কৈঃ হরিপদয়ো রানতিঃ প্রণামঃ তাবন্মাত্রেণ দৃষ্টৈ র্ভক্তানাং বিমানৈঃ ন কর্ম্মাদি প্রাপ্যৈঃ। বৈদূর্য্য মারকতৈঃ হেমময়ৈশ্চ বিমানৈঃ। বৃহন্তি কটি তটানি যাসাং স্মিতশোভীনি মুখানি যাসাং তা অপি কৃষ্ণে আত্মা যেষাং রজঃ কামং উৎস্ময়াদ্যৈঃ পরিহাসাদিভিঃ ন আদধুঃ ন জনয়ামাসুঃ ॥ ২০ ॥

শ্রীর্লক্ষ্মীঃ রূপিণী মনোহর মূর্ত্তিধারিণী সতী শ্রীহরেঃ সদ্মনি সম্মার্জ্জনং কুর্ব্বতীব যস্মিন্ লোকে সংলক্ষ্যতে। চরণারবিন্দং কণয়ন্তী নূপুরেণ শব্দয়ন্তী মুক্তো দোষশ্চাপল্যং যয়া। যদ্বা মুক্তেন দোষা প্রসারিতেন বাহুনা। কীদৃশে সদ্মনি স্ফটিকময়ানি কুড্যানি

ক্রমসন্দর্ভঃ।

ছাত্র্যো দেবতা জ্ঞেয়াঃ ॥ ১৯ ॥

তদ্বৈকুণ্ঠং মরকতমেব মারকতং রজো ন দধুঃ কিন্তু তাসামপি পরমভক্তত্বাত্তদ্ভক্ত্যুদ্দীপনত্বমেব জাতমিত্যর্থঃ ॥ ২০ ॥

মুক্তদোষা অয়মাত্মাপহত পাপ্মেতি বৎ নিত্যমেব দোষরহিতা। যত এব তদ্ভক্ত্যাত্যন্তদীনং মন্যাত্বেন সংমার্জ্জনকর্ত্রী যা কাচিৎ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নতু চতুর্থঃ স্বেদজোঽবর্ণনাদিতি জ্ঞেয়ং ॥ ১৯ ॥

অভিতো বর্ত্তিনীমুদ্যানশোভাং বর্ণয়িত্বা মধ্যবর্ত্তিনীং বৈকুণ্ঠশোভাং বর্ণয়তি তদিতি হরিপাদয়োরানতিঃ প্রণতিস্তাবন্মাত্রেণাপি ভজনেন দৃষ্টৈঃ নতু সংপূর্ণাঙ্গৈরপি জ্ঞানকর্ম্মাদিভিরিত্যর্থঃ। কিঞ্চ তত্র ভজনানন্দনির্বৃতেষু পূর্ব্বোক্তযুক্ত্যা ব্রহ্মানন্দোপি ন প্রভবতি। কিং পুনর্বিষয়ানন্দ ইত্যাহ বৃহৎকটিতটাঃ পরমসুন্দর্য্যোপি যেষাং কৃষ্ণাত্মনাং কৃষ্ণনিমগ্নমনসাং উৎস্ময়াদ্যৈঃ উৎকৃষ্টস্মিতাবলোক গত্যালাপাদিব্যাপারৈঃ স্বাভাবিকৈ রজঃ কামং ন আদধু র্নজনয়ামাসুস্তৈশ্চ সংকুলং ॥ ২০ ॥

সর্ব্বে হরিভজনানন্দবন্ত ইতি কিং বক্তব্যং। সাক্ষাল্লক্ষ্মীরপি যত্র সদা ভজন্তী বর্ত্তত ইত্যাহ দ্বাভ্যাং। রূপিণী পরমসৌরূপ্যবতী চরণারবিন্দং কণয়ন্তী মন্দগত্যা নূপুরেণ শব্দয়ন্তী হরেঃ সদ্মনি স্ফটিককুড্যে স্ফটিকময়ভিত্তৌ উপেতহেম্নি মধ্যে মধ্যে শোভার্থং সংযুক্তসুবর্ণে। মুক্তদোষা প্রসারিতেন ভুজেন লীলাম্বুজেন পাণিধৃতেন সম্মার্জতীব স্বচ্ছভূমিভিত্তৌ প্রতিবিম্বিতা শোধন্যা সংমার্জনং

গ্রাহিতা গুণ প্রভাবে অন্যের সৌভাগ্য দেখিয়াও তাহাদের মাৎসর্য্য উৎপন্ন হয় না, এবম্বিধ বন সর্ব্বদাই বিরাজমান ॥ ১৯ ॥

অপর সেই বৈকুণ্ঠে ভগবদ্ভক্ত গণের ভূরি ভূরি বৈদূর্য্য মারকত এবং স্বর্ণময় বিমানে পরিব্যাপ্ত, ঐ সকল বিমান ভক্তগণের কর্ম্ম দ্বারা লব্ধ নহে, ভগবানের চরণ যুগলে প্রণতি মাত্রে লাভ হইয়াছে। তাঁহাদিগের প্রণাম মাত্রে এতাদৃশ প্রসাদ লাভ বিচিত্র নহে, তাঁহাদিগের মনঃ শ্রীকৃষ্ণচরণারবিন্দে এরূপ রত যে, যে সকল পরমসুন্দরী রমণীর বিশাল নিতম্ব এবং ঈষদ্ধাস্যে শোভমান মনোহর বদন, তাহারাও আপনাদিগের স্বাভাবিক পরিহাসাদি ব্যাপার দ্বারা ঐ সকল ব্যক্তির কাম জন্মাইতে সমর্থ হয় না, অতএব তদ্গত চিত্ত ভক্তগণের প্রতি ঐ প্রকার অনুগ্রহ হওয়া অসম্ভব নহে ॥ ২০ ॥

অপর যে লক্ষ্মীর অনুগ্রহ লাভার্থ ব্রহ্মাদি দেবগণও যত্ন করিয়া থাকেন, সেই লক্ষ্মী মনোহর মূর্ত্তি ধারণ করিয়া ইতস্ততঃ পাদ নিক্ষেপ পূর্ব্বক গমন করিতেছেন তাহাতে তাঁহার চরণস্থিত নূপুরের শ্রবণ

সংলক্ষ্যতে স্ফটিককুড্য উপেত হেম্নি সম্মার্জতীব যদনুগ্রহণেঽন্যযত্নঃ ॥ ২১ ॥
বাপীষু বিদ্রুম তটাস্বমলামৃতাপ্সু প্রেষ্যান্বিতা নিজবনে তুলসীভিরীশং।
অভ্যর্চ্চতী স্বলকমুন্নসমীক্ষ্য বক্ত্রমুচ্ছেষিতং ভগবতেত্যমতাঙ্গ যচ্ছ্রীঃ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

যস্মিন্। মধ্যে মধ্যেচ শোভার্থং উপেতং সংযুক্তং হেম যস্মিন্। যস্যা অনুগ্রহণে শ্রীরনুগ্রহং করোত্বিত্যেতদর্থং অন্যেষাং ব্রহ্মাদীনাং যত্নঃ সা। অয়ং ভাবঃ যদ্যপি তত্র রজো নাস্ত্যেব তথাপি স্বর্ণপট্টিকাবিচ্ছিন্ন ভিত্তিভাগেষু বহুধা প্রতিবিম্বিতা সতী লীলাম্বুজং ভ্রাময়ন্তী বিনয়ভক্তিভ্যাং তথা লক্ষ্যত ইতি ॥ ২১ ॥

অঙ্গ হে দেবাঃ যদযস্মিন্ লোকে শ্রীরেব মমত অমংস্ত মেনে। কিং কুর্ব্বতী বিদ্রুমময়ানি তটানি যাসাং। অমলা অমৃত তুল্যা আপো যাসাং তাসু বাপীষু নিজবনে লক্ষ্মীবনে পরিচারিকাভিরন্বিতা তুলসীভিঃ শ্রীবিষ্ণুং পূজয়ন্তী তদা উদকে প্রতিবিম্বিতং শোভনালকযুক্তং উৎকৃষ্ট নাসিকঞ্চ স্ববক্ত্রং বীক্ষ্য ভগবতা উচ্ছেসিতং চুম্বিতমিত্যমন্যত। অনেন লক্ষ্ম্যা অপি সৌভাগ্য সুখং ভগবদনুগ্রহেণৈবেতি দ্যোতিতং ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

সৈব লক্ষ্যতে নতু প্রেয়সীবৎ। যথোক্তং কুরুক্ষেত্রযাত্রায়াং শ্রীকালিন্দ্যা অহং তদ্গৃহমার্জ্জনীতি লীলাম্বুজেনেত্যুপলক্ষণে তৃতীয়া ॥২১

বাপীষ্বিতি পত্যুরেব পরম দেবরূপত্বাৎ ততঃ সৌভাগ্যলাভার্থং স এব পূজ্য ইত্যভিপ্রায়েণ। তত্র চ জলে ধ্যানেন তৎস্ফূর্ত্তে স্তত্র স্বপ্রতিবিম্বদৃষ্ট্যা স্বমূর্ত্তেশ্চ সহযোগাচ্চুম্বিতত্বভানমপি সঙ্গতং। যদ্বা। উচ্ছেষিতমুপভুক্তমিত্যমন্যত পূর্ব্বপূর্ব্বানুভূততয়া স্মৃতবতী ত্যর্থঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কুর্ব্বতীব সংলক্ষ্যতে লীলাম্বুজমত্র শোধনীস্থানীয়ং। যদ্বা সম্মার্জতীব সম্মার্জনকারিণ্যন্যা দাসীব যদুক্তং কুরুক্ষেত্র যাত্রায়াং সাহং তদ্-গৃহমার্জনীতি। তদা মুক্তদোষা নির্দোষা। লীলাম্বুজেনেত্যুপলক্ষণে তৃতীয়া নচানেন সাম্যমাহাত্ম্যা মন্তব্যেত্যাহ। যস্যা অনুগ্রহণে শ্রীরনুগ্রহং করোত্বেতদর্থমন্যেষ্যাং ব্রহ্মাদীনাং যত্নঃ সা ॥ ২১ ॥

পরিচরণভক্তিমুক্ত্বা সাধকভক্তানামিব তস্যা অর্চ্চনভক্তিমাহ বাপীষু দীর্ঘিকাসু অমৃততুল্যজলাসু নিজবনে নিঃশ্রেয়সবনৈক দেশস্থে লক্ষ্মীবনে তুলসীভিরীশং শ্রীনারায়ণং অভ্যর্চ্চতী অভ্যর্চ্চয়িতুং প্রাতঃস্নানং করিষ্যন্তী প্রথমং মুখক্ষালনার্থং সোপানতটমধ্যাসীনা জলে প্রতিবিম্বিতং শোভনালকং উৎকৃষ্টনাসিকাযুক্তঞ্চ স্বমুখমীক্ষ্য ঈক্ষিত্বা ভগবতা উচ্ছেষিতমুচ্ছিষ্টীকৃতং চুম্বনাধরপানাভ্যামিত্যমত অমন্যত যদ্বা তত্র জলে নীলোৎপল প্রতিবিম্বে মিলিতং স্ববক্ত্র প্রতিবিম্বং বীক্ষ্য ভগবতা তন্মুখং চুম্বিতং জাতমিতি ভাবোদয়ো জাতঃ ॥ ২২ ॥

প্রিয় ধ্বনি হইতেছে এবং তিনি বাহু প্রসারণ পূর্ব্বক হস্ত ধৃত লীলা কমল দ্বারা ঐ বৈকুণ্ঠে হরিমন্দির সম্মার্জন করিতেছেন ইহা সুস্পষ্ট দৃষ্ট হয়। তত্রস্থ গৃহের ভিত্তি সকল স্ফটিক ময় এবং মধ্যে মধ্যে শোভার্থ স্বর্ণ খচিত হওয়াতে যদ্যপি তথায় ধূলির সম্পর্ক মাত্র নাই তথাচ লক্ষ্মী স্বর্ণপট্টিকা ময় ভিত্তিভাগে বহু প্রকারে প্রতিবিম্বিতা হইয়া লীলাপদ্ম ঘূর্ণিত করাতে তাঁহার বিনয় ও ভক্তি দ্বারা ঐ রূপ বোধ হইয়া থাকে ॥ ২১ ॥

অপর হে দেবগণ। সেখানকার সরোবর সকলের জল স্বচ্ছ ও অমৃত তুল্য এবং তট সকল বিদ্রুম ময়, লক্ষ্মী সেই তটের নিকটবর্ত্তি স্বীয় বনে উপবিষ্ট হইয়া পরিচারিকাগণের সহিত ভগবানের অর্চ্চনা করিতে করিতে সরোবরের জলে প্রতিবিম্বিত আপনার শোভন কুটিল কুন্তল এবং উৎকৃষ্ট নাসিকা যুক্ত বদন অবলোকন করিয়া মনে করেন, ভগবান্ বুঝি আমার মুখ চুম্বন করিলেন ॥ ২২ ॥

যন্ন ব্রজন্ত্যঘভিদো রচনানুবাদাচ্ছৃণ্বন্তি যেঽন্য বিষয়াঃ কুকথা মতিঘ্নীঃ।
যাস্তু শ্রুতা হতভগৈ র্নৃভিরাত্তসারাস্তাং স্তান্ ক্ষিপন্ত্যশরণেষু তমঃসু হন্ত ॥ ২৩ ॥
যে ঽভ্যর্থিতামপিচ নো নৃগতিং প্রপন্না জ্ঞানঞ্চ তত্ত্ববিষয়ং সহ ধর্ম্ম যত্র।

শ্রীধরস্বামী।

পুনঃ কথম্ভূতং তৎ যৎ বৈকুণ্ঠং ন ব্রজন্তি কে যে কুকথাঃ শৃণ্বন্তি কাস্তাঃ অঘং ভিনত্তীত্যঘভিৎ তস্য হরেঃ রচনা সৃষ্ট্যাদিলীলা তস্যা অনুবাদাদন্য বিষয়া অর্থকামাদি বার্ত্তাঃ মতিভ্রংশিকাঃ। তেষামব্রজনে হেতুঃ যাস্তু হতভাগ্যৈ র্নরৈঃ শ্রুতাঃ সত্যঃ তাং স্তান্ শ্রোতৄন্ অশরণেষু নিরাশ্রয়েষু তমঃসু নরকেষু ক্ষিপন্তি হন্তেতি খেদে। কথং ভূতাঃ আত্তসারাঃ আত্তঃ সারঃ শ্রোতৄণাং পুণ্যং যাভিস্তাঃ ॥ ২৩ ॥

প্রসঙ্গাৎ তা নন্থ শোচতি নোঽস্মাভি র্ব্রহ্মাদিভিরভ্যর্থিতাং নৃগতিং মনুষ্যজাতিং প্রপন্নাঃ প্রাপ্তাঃ সন্তোপি হরেরারাধনং ন কুর্ব্বন্তি। কীদৃশীং নৃগতিং যত্র যস্যাং ধর্ম্ম সহিতং তত্ত্বজ্ঞানং ভবতি তদুভয় সাধকত্বাত্তস্যাঃ। তেঽমুষ্য ভগবতো বিস্তৃতয়া মায়য়া

ক্রমসন্দর্ভঃ।

অঘভিদোঽঘাসুরহন্তুরঘোপি যৎ স্পর্শন ধূতপাতক ইত্যত্র তথা প্রসিদ্ধস্য তস্য রচনায়া অনুবাদং পরিত্যজ্য অন্যৎ অন্যদীয়ং যদ্রচনং তদেব বিষয়ো যাসাং তাঃ কথা ইতি। ভগবৎকথাং কদাচিদপি যে ন শৃণ্বন্তীত্যর্থঃ। তমঃসু নরকপ্রায়েষু সংসার গর্ত্তেষু। সারোবিবেকাদিঃ ॥ ২৩ ॥

যেঽভ্যর্থিতামিতি। যত্র যস্যাং ভগবদ্ধর্ম্ম পর্য্যন্তো ধর্ম্মো ভবতি। ভগবৎ ধর্ম্ম পর্য্যন্তস্য তত্ত্বস্য জ্ঞানঞ্চ ভবতীত্যর্থঃ। তাং প্রাপ্তা অপি সর্ব্বেষাং ধর্ম্মাণাং জ্ঞানানাঞ্চ মূলং যে ভগবত আরাধনং ন বিতরন্তি ন কুর্ব্বন্তি তে সম্মোহিতাঃ তদুক্তং বিলেবতোরু ক্রম বিক্রমান্ যে ইত্যাদি। তথা চ ব্রহ্মবৈবর্ত্তে। প্রাপ্যাপি দুর্ল্লভতরং মানুষ্যং বিবুধেপ্সিতং। যৈরাশ্রিতো ন গোবিন্দ স্তৈ রাত্মা বঞ্চিত শ্চিরং। অশীতিঞ্চচতুশ্চৈব লক্ষাং স্তান্ জীবজাতিষু। ভ্রমদ্ভিঃ পুরুষৈঃ প্রাপ্তং মানুষ্যং বিবুধেপ্সিতং। তদপ্যফলদং জাতং তেষা মাত্মাভিমানিনাং। বরাকাণামনাশ্রিত্য গোবিন্দচরণদ্বয়মিতি। যদ্বা যত্র তত্ত্ববিষয়ং জ্ঞানং ধর্ম্মশ্চ সর্ব্বোঽপি জজ্ঞে তাদৃশীমপি নৃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র গন্তুং কেঽধিকারিণ ইত্যপেক্ষায়াং প্রথমমনধিকারিণ আহ অঘভিদঃ শ্রীকৃষ্ণস্য রচনা লীলা কথা তস্যা অনুবাদাৎ অনুকীর্ত্তনাৎ অন্য বিষয়া এব কথাঃ ন্যায়াদিশাস্ত্রবিষয়া অপি কথাঃ কুকথাস্তা যে শৃণ্বন্তি তে যদ্বৈকুণ্ঠং ন ব্রজন্তি তর্হি কিং ব্রজন্তি তত্রাহ যাঃ কুকথা হতভগৈঃ শ্রুতা ইতি হতভগা এব তত্রাধিকারিণঃ। অতো হতভগৈ র্নৃভিরেবাত্তো গৃহীতঃ সারঃ শ্রোতব্যত্বেনানুসংহিতং মহত্বং যাসাং অতএব তাং স্তান্ হতভগান্ তমঃসু নরকেষু তাঃ কথা এব বলাৎকারেণ ক্ষিপন্তি ॥ ২৩ ॥

হন্ত হন্ত যদ্যপি তত্র গন্তুং নৃজাতয় এবাধিকারিণো নতু দেবাদি জাতয়স্তদপি ভক্তিরহিত শাস্ত্রতাৎপর্য্য ভ্রংশিত বুদ্ধয়ো নৃজাতয় এবাধিকারিণো নতু দেবাদিজাতয়স্তদপি ভক্তিরহিত শাস্ত্রতাৎপর্য্যভ্রংশিত বুদ্ধয়ো নৃজাতয়এব কেচিদ্বঞ্চিতা ভবন্তীতি তান শোচতি যে ইতি হাহন্ত ভারতভূমৌ কদা নৃজন্মনো ভূত্বা বয়ং কৃষ্ণং ভজন্তঃ ক্ষণমাত্রেণৈব বৈকুণ্ঠং প্রাপ্নুয়ামেতি নোঽস্মাভি র্ব্রহ্মাদিভি রপ্যভ্যর্থিতাং নৃগতিং যে প্রপন্নাঃ প্রাপ্তাঃ যত্র যস্যাং তত্ত্ববিষয়ং ব্রহ্মবিষয়কং ধর্ম্মসহিতং জ্ঞানঞ্চ ভবতি তদপি ভগবত আরাধনং ন বিতরন্তি ন কুর্ব্বন্তি চেত্তে অমুষ্য মায়য়া মোহিতাঃ ধর্ম্মজ্ঞানয়োরপি ভক্তিং বিনা ফলাসিদ্ধেরিতি ভাবঃ। যদ্বা যত্র ধর্ম্মসহিতং জ্ঞানং

হে অমর সকল! যে সকল ব্যক্তি পাপনাশন ভগবানের সৃষ্ট্যাদি লীলানুবাদ হইতে বিমুখ হইয়া অর্থ কামাদি বিষয়ের মতি ভ্রংশিকা কুকথা শ্রবণ করে, তাহারা কখন সেই বৈকুণ্ঠ ধামে গমন করিতে পায় না। তাহাদের দৌর্ভাগ্যের কথা কি কহিব, অন্য বিষয়ক কুকথা তাহাদের শ্রবণ গোচর হইয়া তাহাদের পূর্ব্ব সঞ্চিত পুণ্য সকল হরণ করত তাহাদিগকে নিরাশ্রয় নরকে নিক্ষেপ করে ॥ ২৩ ॥

আহা! যে মনুষ্য জন্মে ধর্ম্মের সহিত তত্ত্বজ্ঞান হওয়াতে আমরাও যাহার প্রশংসা করিয়া থাকি,

নারাধনং ভগবতো বিতরন্ত্যমুষ্য সম্মোহিতা বিততয়া বত মায়য়া তে ॥ ২৪ ॥
যচ্চ ব্রজন্ত্যনিমিষামৃষভানুবৃত্ত্যা দূরে যমাহ্যুপরি নঃ স্পৃহণীয় শীলাঃ।
ভর্ত্তুর্মিথঃ সুযশসঃ কথনানুরাগ বৈক্লব্য বাষ্পকলয়া পুলকীকৃতাঙ্গাঃ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

ননু সম্মোহিতাঃ বতেতি খেদে যদি বা এবং সম্বন্ধঃ ন কেবলং ত এব ন ব্রজন্তি। কিন্তু যে ভগবদারাধনং ন কুর্ব্বন্তি তেপি তেষাং মায়াবিমোহিতত্বাদিতি ॥ ২৪ ॥

পুনঃ কথম্ভূতং। যচ্চ ন উপরিস্থিতং ব্রজন্তি। কে অনিমিষাং দেবানাং ঋষভঃ শ্রেষ্ঠো হরিঃ তস্যানুবৃত্ত্যা দূরে যমো যেষাং। যদ্বা দূরীকৃত যম নিয়মাঃ। দূরেঽহম ইতি পাঠে দূরীকৃতা অহঙ্কারা ইত্যর্থঃ। স্পৃহণীয়ং করুণাদিশীলং যেষাং। কিঞ্চ ভর্ত্তুর্হরের্যৎ সুযশস্তস্য মিথঃ কথনে যোঽনুরাগ স্তেন বৈক্লব্যং বৈবশ্যং তেন বাষ্পকলা তয়া সহ পুলকীকৃতমঙ্গং যেষাং। যদ্বা ন উপরাতি ব্রজতাং বিশেষণং নিরহঙ্কারত্বাৎ অস্মত্তোপি যেঽধিকা স্তে যত্র ব্রজন্তীত্যর্থঃ ॥ ২৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

গতিং প্রপন্না য ইতি পশুনির্ব্বিশেষা ব্যাবৃত্তাঃ ॥ ২৪ ॥

অনিমিষাং কালানধীনানামিত্যর্থঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কুর্ব্বন্তি নত্বারাধনং তে মোহিতাঃ। যদ্বা ভগবতঃ এবারাধনং ভগবতে ন দদাতি তৎসুখ তাৎপর্য্যতয়া ন কল্পয়ন্তি তে সকামভক্তা অপীতি ॥ ২৪ ॥

অথাধিকারিণ আহ। যচ্চেতি অনিমিষামৃষভো হরিস্তস্যানুবৃত্ত্যা দূরে যমো যেষাং। যদ্বা দূরীকৃতা যম নিয়মাঃ। দূরে হম ইতি পাঠে দূরীকৃতাহঙ্কারাঃ নোস্মাকমপ্যুপরিভূতাঃ অধিকাঃ যতোঽস্মাভিঃ স্পৃহণীয়মেব নতু প্রাপ্যং শীলং যেষাং তে কিং তৎশীলং তত্র তেষাং প্রমাণমাহ ভর্ত্তুঃ প্রভো র্মিথ ইতি পরস্পর প্রণয়বত্বেন কথনেনাস্বাদ বিশেষোপলব্ধেঃ কচিৎ পুরাণাদাবসুরাণামপি কদাচিৎ কেষাঞ্চিৎ তত্র যৎ ক্ষণিকাগমনং শ্রূয়তে তত্তু তত্রত্য চিদ্বিভূতিসুখানুভবাভাবাৎ গমনমপ্যগমনায়মানমেব যথা বিবিধসৌরভ্যাদি গুণযুক্তেষু মণিময় রাজসদনেষু ব্যাঘ্রভল্লুকাদীনাং প্রবেশঃ স্বপুরস্থপরিজন বৃন্দান্যেব কৌতুক বিশেষবশাৎ দর্শয়িতুমিচ্ছো রাজ্ঞ এবাজ্ঞয়া ভবতি তথৈব স্বীয়া প্রাকৃত নিত্যধাম নিবাসিনঃ স্বজনান্ কৌতুক বশাদ্দর্শয়িতুং প্রাকৃত পদার্থান্ কদাচিৎ ঘোরসত্বান্ অসুরান্ কদাচিৎ সাত্বিকান্ ভৃগ্বাদীন্ কদাচিৎত্রিগুণাতিক্রমিণঃ সনকাদীংশ্চ স্বেচ্ছয়ৈব ভগবানেবানয়তি পুনঃ শীঘ্রমেব তদযোগ্যত্বাত্ততো নিঃসারয়তিচ। ঐকান্তিকভক্তিসিদ্ধাংস্তু স্বপার্ষদদ্বারা বিমানৈ বৈকুণ্ঠমানয়তি তত্র সদা নিবাসয়তি স্বধামমাধুর্য্যং স্বসেবামাধুর্য্যং স্বলীলাদিমাধুর্য্যং তানেবাস্বাদয়তীতি বিবেচনীয়ং ॥ ২৫ ॥

সেই মানব জন্ম প্রাপ্ত হইয়া তাহারা ভগবানের আরাধনা করে না, কি দুঃখের বিষয় তাহারা ভগবানের মায়ায় কি একেবারে বিমোহিত ? ॥ ২৪ ॥

হে দেবগণ! যাঁহারা অহঙ্কার শূন্য এবং আমাদের অপেক্ষাও অধিক যোগী, তাঁহারা সেই বৈকুণ্ঠ ধামে গমন করিতে পারেন। তাঁহারা ভগবান্ হরির নিরন্তর অনুবৃত্তি করাতে এ রূপ প্রভাবশালী যে যমও তাঁহাদের নিকটে যাইতে সমর্থ হয়েন না, তাঁহাদের ভক্তির কথা কি বলিব পরস্পর বসিয়া ভগবানের যশঃ কথনে এমত অনুরাগ প্রকাশ করেন যে, তজ্জন্য অবশতা ও বাষ্পোদ্গম হওয়াতে শরীর লোমাঞ্চিত হয় এ নিমিত্তই তাঁহাদের কারুণ্যাদি স্বভাব সকলেরই স্পৃহণীয় ॥ ২৫ ॥

তদ্বিশ্বগুর্ব্বধিকৃতং ভুবনৈকবন্দ্যং দিব্যং বিচিত্র বিবুধাগ্র্য বিমানশোচিঃ।
আপুঃ পরাং মুদমপূর্ব্বমুপেত্য যোগমায়াবলেন মুনয়স্তদথো বিকুণ্ঠং ॥ ২৬ ॥
তস্মিন্নতীত্য মুনয়ঃ ষড়সজ্জমানাঃ কক্ষাঃ সমান বয়সাবথ সপ্তমায়াং।
দেবাবচক্ষত গৃহীতগদৌ পরার্দ্ধ্যকেয়ূরকুণ্ডলকিরীটবিটঙ্কবেশৌ ॥ ২৭ ॥
মত্তদ্বিরেফ বনমালিকয়া নিবীতৌ বিন্যস্তয়াসিত চতুষ্টয় বাহুমধ্যে।

শ্রীধরস্বামী।

তত্তদা তদপূর্ব্বং বিকুণ্ঠং অথোঽনন্তরমুপেত্য মুনয়ঃ পরামুৎকৃষ্টাং মুদমাপুঃ। অপূর্ব্বত্বে হেতবঃ। বিশ্বগুরুণা হরিণা অধিকৃতং অধিষ্ঠিতং ভুবনানামেকমেব বন্দ্যং দিব্যমলৌকিকং। বিচিত্রাণি বিবুধাগ্র্যাণাং বিমানানি তেষাং শোচিদীপ্তি র্যস্মিন্। যোগমায়া বলেনেতি অষ্টাঙ্গযোগপ্রভাবেণোপেত্য পরমেশ্বরেতু যোগমায়েতি চিচ্ছক্তি বিলাস ইতি দ্রষ্টব্যং ॥ ২৬ ॥

তস্মিন্ বিকুণ্ঠে ষট্ কক্ষাঃ প্রাকার দ্বারাণি। অসজ্জমানা ভগবদ্দর্শনোৎকণ্ঠয়া তত্তদদ্ভুত দর্শনে আসক্তিমকুর্ব্বাণাঃ। দ্বারপালৌ দেবাবপশ্যন্ সমানং বয়ো যয়োঃ গৃহীতে গদে যাভ্যাং। পরার্দ্ধ্যৈঃ কেয়ূরাদিভিঃ বিটঙ্কঃ সুন্দরো বেশো যয়োঃ ॥ ২৭ ॥

তাবেব বর্ণয়তি মত্তা দ্বিরেফাঃ ভ্রমরাঃ যস্যাং তয়া বনমালয়া নিবীতৌ কণ্ঠলম্বিন্যা অলঙ্কৃতৌ। অসিতা নীলাঃ চতুষ্টয়ে চতুঃ

ক্রমসন্দর্ভঃ।

যোগমায়াবলেন ভগবচ্ছক্তি প্রভাবেনৈব ন তু স্বশক্ত্যা। মনীষিতানুভাবোঽয়ং মম লোকাবলোকনমিতি শ্রীভগবতোক্তত্বাৎ ॥ ২৬ তস্মিন্নিতি যুগ্মকং ॥ ২৭ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

তত্র তত্র সনকাদীনাং গমনং বর্ণয়তি। অথো তদ্বিকুণ্ঠং যোগমায়য়া ভগবদিচ্ছানুবর্ত্তিন্যা ভগবচ্ছক্তের্বলেন নতু স্ববলেন উপেত্য ভগবৎকৃপয়া পরাং মুদং অপূর্ব্বং যথাস্যাত্তথা আপুঃ অত্র পরামপূর্ব্বমিতি পদাভ্যাং তদীয় ব্রহ্মানুভবমুদোপি সকাশাৎ বৈকুণ্ঠীয় মুদ আধিক্যং দর্শিতং। বিকুণ্ঠং কীদৃশং তেনৈব বিশ্বগুরুণা হরিণা স্বয়মধিকৃতমিতি নাত্র তন্মায়াশক্তেরধিকার ইত্যর্থঃ। কৃপয়া স্বীয়ভক্তিমুপদেষ্টুমেব মুনীনপ্যানিনায়েতি বিশ্বগুরু পদব্যঙ্গ্যং বস্তু বিচিত্রাণি বিবুধাগ্র্যাণি বিমানানি তেষাং শোচির্যত্র তৎ ॥ ২৬ ॥

ততশ্চ তস্মিন্ বিকুণ্ঠে ষট্ কক্ষাঃ প্রাকারদ্বারাণি অতিক্রম্য। অসজ্জমানাঃ অন্যত এব ব্রহ্মানুভবিত্বাৎ। তত্র তত্র দ্বার-প্রাকারাদৌ সৌরূপ্য সৌরভ্য সৌন্দর্য্যাদিষু বিষয়বুদ্ধ্যা আসক্তিমকুর্ব্বাণাঃ। অথ সপ্তম্যাং কক্ষায়াং দেবৌ দারপালৌ জয়বিজয়াব-পশ্যন্ গৃহীতগদৌ তত্রাপি বক্তুং মনাগ্রভসং কিঞ্চিৎ কোপক্ষুব্ধংচ দধানৌ। কেন লক্ষণেনেত্যপেক্ষায়ামাহ। ভ্রুবেত্যাদি স্ফুট নির্গমাত্যামিত্যস্য নাসাশ্বাসাভ্যামিতি বিশেষ্য পদমধ্যাহার্য্যং ॥ ২৭ ॥ ২৮ ॥

হে অমর বৃন্দ! তদনন্তর মুনিগণ যোগ মায়াবলে অর্থাৎ অষ্টাঙ্গ যোগ প্রভাবে উক্ত বৈকুণ্ঠ ধামে উপনীত হইয়া পরমোৎকৃষ্ট হর্ষ প্রাপ্ত হইলেন। বিশ্বগুরু ভগবান্ তথায় অধিষ্ঠিত হইয়াছিলেন, সুতরাং ঐ স্থল অতি অপূর্ব্ব ও সমস্ত ভুবনের বন্দনীয় ছিল, আর সেই স্থানের চারিদিকে প্রধান প্রধান দেবগণের বিচিত্র বিমান সকল দীপ্তি পাইতেছিল তাহাতে ঐ স্থান সর্ব্বদা দেদীপ্যমান হইয়া রহিত॥২৬

সে যাহা হউক, মুনিগণ ভগবদ্দর্শনার্থ উৎসুক ছিলেন, অতএব ঐ সমস্ত আশ্চর্য্য দর্শনে তাঁহাদের অন্তঃকরণ আসক্ত হইল না, তাঁহারা ক্রমে ক্রমে ছয় কক্ষা অর্থাৎ প্রাকার দ্বার অতিক্রমণ করিয়া সপ্তম কক্ষাতে গিয়া দুইজন দ্বারপালকে দেখিতে পাইলেন। ঐ দুই ব্যক্তির বয়স সমান, দুই জনই গদাধারী অত্যুৎকৃষ্ট কেয়ূর কুণ্ডল ও কিরীট দ্বারা অলঙ্কৃত এবং অতিশয় সুন্দর বেশ ধারণ করিয়াছিল ॥ ২৭ ॥

তাহাদের কণ্ঠদেশে বনমালা লম্বিতা ও নীলবর্ণ বাহু চতুষ্টয় মধ্যে তাহা বিস্তৃতা হওয়াতে মহতী শোভা হইয়াছিল, অধিকন্তু তন্মধ্যে ভ্রমর নিকর মত্ত হইয়া পতিত হইতেছিল, তাহাতেই মনোহর

বক্ত্রং ভ্রুবা কুটিলয়া স্ফুট নির্গমাভ্যাং রক্তেক্ষণেনচ মনাগ্রভসং দধানৌ ॥ ২৮ ॥
দ্বার্য্যেতয়ো র্নিবিবিশুর্ম্মিষতোরপৃষ্ট্বা পূর্ব্বা যথা পুরটবজ্র কবাটিকায়াঃ।
সর্ব্বত্র তে বিষময়া মুনয়ঃ স্বদৃষ্ট্যা যে সঞ্চরন্ত্যবিহতা বিগতাভিশঙ্কাঃ ॥ ২৯ ॥
তান্ বীক্ষ্য বাতবসনাংশ্চতুরঃ কুমারান্ বৃদ্ধান্ দশার্দ্ধবয়সো বিদিতাত্মতত্ত্বান্।
বেত্রেণ চাস্খলয়তামতদর্হণাং স্তৌ তেজোবিহস্য ভগবৎপ্রতিকূলশীলৌ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

সংখ্যকা বাহব স্তেষাং মধ্যে বিন্যস্তয়া। বক্ত্রঞ্চ মনাগ্রভসং কিঞ্চিৎ ক্ষুব্ধং দধানৌ। স্ফুটৌ উৎফুল্লৌ নির্গমৌ শ্বাসমার্গৌ নাসা পুটে তাভ্যাং ॥ ২৮ ॥

এতয়োর্মিষতোঃ পশ্যতোঃ তাবনাদৃত্য অপৃষ্ট্বৈব যাঃ পূর্ব্বাঃ ষট্ দ্বারঃ পুরটালঙ্কৃত বজ্রময় কবাটিকা স্বাসু। তা যথা বিবিশুঃ তথা সপ্তমায়ামপি দ্বারি বিবিশুঃ। অপ্রশ্নে হেতুঃ সর্ব্বত্র যেঽবিহতা অনিবারিতাঃ সঞ্চরন্তি। নিঃশঙ্কত্বে হেতুঃ অবিষময়া স্বদৃষ্ট্যেতি ॥ ২৯

বাতবসনান্ নগ্নান্ বৃদ্ধানপি পঞ্চবর্ষ বালকবৎ প্রতীয়মানান্। চকারাদাজ্ঞয়াচ অস্খলয়তাং নিবারিতবন্তৌ। ন তৎ স্খলন মর্হন্তীতি তথা তান্। অহো অত্রাপি ধার্ষ্ট্যমিত্যেবং তেষাং তেজো বিহস্য ভগবতো ব্রহ্মণ্যদেবস্য প্রতিকূলং শীলং যয়োঃ ॥ ৩০ ॥

ক্রমসন্দর্ভঃ।

মনাগ্রভসত্বে হেতুর্দ্বারীতি ॥ ২৯ ॥

ভগবৎ প্রতিকূলশীলাবিত্যস্যায়ং ভাবঃ ভগবাংস্তাবদাত্মনা সর্ব্বতঃ পরমেশ্বর ইতি নিজস্য পারমৈশ্বর্য্যস্য ব্রাহ্মণাদিভি রতিক্রমণং সহতে তদীয়সেবকাস্তস্য সুতরাং তু তন্নিয়োগ প্রাপ্ত পালনাধিকারস্য তদংশস্য কেনাপ্যতিক্রমং সোঢ়ুং ন শক্নুবন্তীতি ভগবতো বিপরীতস্বভাবৌ তাবিদং ন সহতে ইতি। দৃষ্টান্তস্তু চিত্রকেতু শিবশিবা বৃত্তান্ত এব জ্ঞেয়ঃ ॥ ৩০ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তয়োঃ কোপকারণমাহ। এতয়োর্মিষতোঃ পশ্যন্তৌ এতাবপ্রশ্নাদনাদৃত্য যাঃ পূর্ব্বাঃ ষট্ দ্বারঃ পুরটপট্টিকা হীরককীলময় কবাটিকাবত্যস্তা যথা বিবিশুঃ তথা সপ্তম্যামপি দ্বারি তে বিবিশুঃ। প্রশ্নাকরণে হেতুং তেষাং স্বভাবমেবাহ। সর্ব্ব এতে সঞ্চরন্তি যে অবিহতাঃ কেনাপ্যশক্যাভিঘাতাঃ ॥ ২৯ ॥

বাতস্য রসনা ক্ষুদ্রঘণ্টিকা তদুপলক্ষিতানি সর্ব্বাণি বস্ত্রালঙ্কারাদীনি যেষাং তে বৃদ্ধান্ ব্রহ্মসম বয়স্কানপি পঞ্চবর্ষবালকবৎ প্রতীয়মানান্ ব্রহ্মজ্ঞান্ বীক্ষ্য বেত্রেণ তির্য্যগ্বেত্র ধারণেন চকারাৎ সহসা ভগবদন্তঃপুরমিতো মাবিশতেতি বাচাচ অস্খলয়তাং নিবারয়ামাসতুঃ। ন তৎ স্খলনমর্হন্তীতি তথা তান্ তৌ জয়বিজয়ৌ অহো অত্রাপি ব্রহ্মজ্ঞত্বাদহঙ্কারেণ ধার্ষ্ট্যমিত্যেবং তেষাং তেজো বিহস্য ভগবতো ব্রহ্মণ্যদেবস্য প্রতিকূলশীলাবিতি দাসত্বারাপি স্বব্রহ্মণ্যতা বিখ্যাতো নৈব সম্মতো যতঃ প্রভোর্মনোঽনুসারিশীলা এব ভৃত্যাঃ অদণ্ড্যাঃ কুশলিনো ভবন্তীতি ভাবঃ ॥ ৩০ ॥

দর্শন হইয়াছিল। কিন্তু উৎফুল্ল নাসাপুট এবং অরুণ বর্ণ লোচন ও কুটিল ভ্রূযুগ দ্বারা দুইজনেরই বদন ঈষৎ কোপক্ষুব্ধ দেখাইতেছিল ॥ ২৮ ॥

যাহা হউক ঐ দুই দ্বারী দণ্ডায়মান হইয়া দেখিতে থাকিলেও সেই মুনিগণ তাহাদিগকে কোন কথা জিজ্ঞাসা করিলেন না পূর্ব্বে যেমন ছয় কক্ষায় পুরটালঙ্কৃত বজ্রময় কবাট উদ্ঘাটন পূর্ব্বক দ্বারে প্রবেশ করিয়াছিলেন, সপ্তম কক্ষার দ্বারেও তদ্রূপ প্রবিষ্ট হইলেন। তাঁহাদের জিজ্ঞাসা করিবার অপেক্ষাও ছিলনা সর্ব্বত্র আপনাদের অবিষম দৃষ্টি প্রযুক্ত সকল স্থানেই নিঃশঙ্ক চিত্তে ভ্রমণ করিয়া বেড়াইতেন কুত্রাপি কেহ নিবারণ করিত না ॥ ২৯ ॥

অপর ঐ মুনিগণের আত্মতত্ত্ব জ্ঞান হইয়াছিল ইহাতে তাঁহারা বৃদ্ধ হইলেও পঞ্চবর্ষীয় বালক সদৃশ প্রকাশ পাইতেছিলেন অতএব বেত্রাদি দ্বারা তাঁহাদিগকে নিবারণ করা কদাপি যোগ্য হয় না, কিন্তু ঐ দুই জন দ্বারপালের স্বভাব ভগবান্ ব্রহ্মণ্যদেবের স্বভাবের প্রতিকূল থাকাতে তাহারা তাঁহাদিগকে বিবস্ত্র দেখিয়া উপহাস পূর্ব্বক তির্য্যগ্বেত্র দ্বারা যাইতে নিষেধ করিল ॥ ৩০ ॥

তাভ্যাং মিষৎস্বনিমিষেষু নিষিধ্যমানাঃ স্বর্হত্তমাহ্যপি হরেঃ প্রতিহারপাভ্যাং।
ঊচুঃ সুহৃত্তমদিদৃক্ষিতভঙ্গ ঈষৎ কামানুজেন সহসা ত উপপ্লুতাক্ষাঃ॥ ৩১॥
শ্রীমুনয় ঊচুঃ॥
কোবা ইহেত্য ভগবৎ পরিচর্য্যয়োচ্চৈস্তদ্ধর্ম্মিণাং নিবসতাং বিষমঃ স্বভাবঃ।
তস্মিন্ প্রশান্ত পুরুষে গতবিগ্রহে বাং কোবাত্মবৎ কুহকয়োঃ পরিশঙ্কনীয়ঃ॥ ৩২॥

শ্রীধরস্বামী।

হরের্দ্বারপাল পতিভ্যাং দেবেষু পশ্যৎসু বার্য্যমাণা স্তে মুনয়ঃ কোবা ইত্যাদি শ্লোক ত্রয়ীমূচুঃ। সুহৃত্তমঃ শ্রীহরিঃ তস্য দিদৃক্ষিতং দর্শনেচ্ছা তস্য ভঙ্গে সতি কামস্যানুজঃ ক্রোধঃ তেন সহসা অকস্মাদেবোপপ্লুতানি ক্ষুভিতানি অক্ষীণি যেষাং তে সুষ্ঠু পূজ্যতমা অপীতি নিষেধানর্হত্বে ক্রোধানর্হত্বে বা হেতুঃ॥ ৩১॥

উচ্চৈর্মহত্যা ভগবৎ পরিচর্য্যয়া এত্য প্রাপ্য ইহ বিকুণ্ঠে নিবসতাং তদ্ধর্ম্মিণাং ভগবদ্ধর্ম্মিণাং সমদর্শিনাং মধ্যে বাং যুবয়োরেব কোঽয়ং বিষমঃ স্বভাবঃ কৈশ্চিৎ প্রবেষ্টব্যং কশ্চিন্নেত্যেবং ভূতঃ। নন্বু স্বামি রক্ষার্থং দ্বারপালয়ো রেষ স্বভাবঃ গুণএব ইতি চেদত্ত আহঃ তস্মিন্নিতি কুহকয়োঃ কপটয়োঃ আত্মবৎ স্বদৃষ্টান্তেন যথা আবাং কপটৌ তথান্যোঽপি কশ্চিৎ কপটঃ প্রবেক্ষ্যতীতি অয়ং ভাবঃ নহ্যত্র ভগবদ্ভক্তং বিনা কশ্চিদাগচ্ছতি নচেশ্বরে প্রশান্তত্বাদবিদ্যমান বিরোধে ভয়শঙ্কা অতো যুবাং কেবলং ধূর্ত্তাবেবেতি॥৩২

ক্রমসন্দর্ভঃ।

তয়ো র্দ্বারপালয়োঃ সালোক্যসামীপ্যাদিতারতম্যবৎসু বৈকুণ্ঠজনেষপ্যুচিতং বিচারং কামানুজোপরক্তত্বাৎ স্ব স্বভাবানুসারাচ্চ নিন্দতি কোবেতি ত্রিভিঃ॥ ৩২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অনিমিষেষু বৈকুণ্ঠীয় দেবেষু পশ্যৎসু অর্হত্তমা অপি ভগবৎ সমীপ মতিশয়েন গন্তুমর্হা অপি হরের্দ্বারপাভ্যাং নিষিধ্যমানা ঊচুঃ। সুহৃত্তমস্য হরের্দর্শনেচ্ছায়া ভঙ্গে উপঘাতে সতি কামানুজেন ক্রোধেন সহসা উপলক্ষিতমেব উপপ্লুতানি ব্যাপ্তানি অক্ষীণি যেষাং তে॥ ৩১॥

ক্রোধোপরক্তত্বাৎ প্রথমং নিন্দতি কো বা ইতি। তদ্ধর্ম্মণাং ভগবত্তুল্য ধর্ম্মণাং তত্রাপি ইহ তৎ সমীপ এব বসতাং বিষমঃ ব্রাহ্মণৈ র্ন প্রবেষ্টব্যমিতি ভগবৎ স্বভাব পরিপন্থীকঃ স্বভাবঃ। নন্বু ব্রাহ্মণবেশেন ভগবদ্দ্বেষিণোপি কপটেন প্রবিশন্ত্যতঃ প্রথমং ব্রাহ্মণা অপি জিজ্ঞাস্যা এব ততঃ প্রবেশনীয়া ইতিচেত্তর্হি যুবামেব তদ্ভক্তবেশেন কপটিনৌ তদীয় ব্রহ্মণ্যত্ব প্রশান্তত্ব গত বিগ্রহত্বাদি মহাগুণলোপে প্রবৃত্তৌ তদ্দ্বেষিণাবত্রস্থঃ নত্বন্যঃ কোপি তস্য শঙ্কনীয় ইত্যাহুঃ। তস্মিন্নিত্যাদি আত্মবদিতি আত্মবন্মন্যতে জগদিতি ন্যায়েন বাং যুবয়োঃ কপটিনোরপি কোবা শঙ্কনীয় ইতি কাকা যুবামেব শঙ্কনীয়াবিতি ভাবঃ॥ ৩২॥

বৈকুণ্ঠস্থ গীর্ব্বাণগণ অবলোকন করিতেছিলেন তাঁহাদের সমক্ষেই ঐ দুই দ্বারপাল পূজ্যতম মুনিগণকে পুরী প্রবেশ নিষেধ করাতে মুনিরা ভগবদ্দর্শন বিষয়ে মহা ব্যাঘাত জন্মিল বিবেচনা করিয়া সহসা ক্রোধান্বিত হইলেন এবং সেই রোষ বশতঃ তাঁহাদের নয়ন যুগল অতিশয় ক্ষুভিত হইল॥ ৩১॥

তাঁহারা ক্ষুব্ধ হইয়া কহিতে লাগিলেন, অহে! ভগবানের সুমহৎ পরিচর্য্যা করিয়া তৎ প্রভাবে বৈকুণ্ঠ লোক প্রাপ্তি পূর্ব্বক যাঁহারা এ স্থানে বাস করেন তাঁহারা সকলেই ভগবদ্ধর্ম্মী এবং সমদর্শী তোমরাও তাঁহাদের মধ্যেই দুই ব্যক্তি, তোমাদের এমত বিষম স্বভাব কেন? কেহ প্রবেশ করিবে কেহ প্রবেশ করিতে পাইবে না এ কি? যদি বল দ্বারপালদিগের প্রভুরক্ষণার্থ এ রূপ স্বভাব ভূষণ ব্যতীত দূষণ নহে, এবিষয়ে বক্তব্য এই, তোমাদের প্রভু অতিশয় প্রশান্ত পুরুষ, তাঁহার সহিত কাহারও বিরোধ নাই, ইহাতে তাঁহার রক্ষণার্থ ভয় ও শঙ্কার সম্ভাবনাও দেখি না, বুঝিলাম তোমরা স্বয়ং কপট, এজন্য আপনার দৃষ্টান্তানুসারে শঙ্কা করিতেছ অন্য কোন কপট আসিয়া প্রবেশ করিবে। এখানে ভগবদ্ভক্ত ভিন্ন কি অন্য কাহারও আসিতে সাধ্য আছে?॥ ৩২॥

নহ্যন্তরং ভগবতীহ সমস্ত কুক্ষাবাত্মানমাত্মনি নভো নভসীব ধীরাঃ ।
পশ্যন্তি যত্র যুবয়োঃ সুরলিঙ্গিনোঃ কিং ব্যুৎপাদিতং হ্যুদরভেদি ভয়ং যতোঽস্য ॥ ৩৩ ॥
তদ্বামমুষ্য পরমস্য বিকুণ্ঠভর্ত্তুঃ কর্ত্তুং প্রকৃষ্টমিহ ধীমহি মন্দধীভ্যাং ।

শ্রীধরস্বামী ।

ভয়শঙ্কাবীজঞ্চ ভেদঃ সচ কস্তাপ্যস্মিন্নস্তীত্যাহুঃ নহীতি সমস্তং বিশ্বং কুক্ষৌ যস্য যত্র যদা ইহ ভগবতি ধীরা বিদ্বাংসঃ আত্মনোঽন্তরং ভেদং ন পশ্যন্তি। কিন্ত্বস্মিন্ পরমাত্মন্যাত্মানমন্তর্ভূতং পশ্যন্তি মহাকাশে ঘটাকাশমিব। তদা যথান্যস্ত রাজ্ঞাদেরুদরভেদি উদরভেদযুক্তং ভয়ং ভবতি তথাস্য শ্রীহরেঃ তাদৃগ্ভয়ং যতঃ যেন কারণেন সুরবেশ ধারিণো র্যুবয়ো র্বিশেষেণোৎপাদিতং তৎ কিং ন কিঞ্চিদিত্যর্থঃ ॥ ৩৩ ॥

তত্তস্মাদমুষ্য বৈকুণ্ঠনাথস্য ভৃত্যাভ্যাং বাং যুবাভ্যাং প্রকৃষ্টং ভদ্রমেব কর্ত্তুং ইহাস্মিন্নপরাধে যদযুক্তং তদ্ধীমহি চিন্তয়েম তদেবাহু রন্তরস্য ভেদস্য ভাবঃ সত্তা তদ্দর্শনেন ইতঃ বৈকুণ্ঠলোকাৎ লোকান্ দেহান্ ব্রজতং । যত্র যেষু লোকেষু অস্য পাপীয়সোঽন্তর

ক্রমসন্দর্ভঃ ।

ধীরাঃ ব্রহ্মনিষ্ঠাঃ উদরৈ স্তদুপলক্ষিতৈ র্দ্দেহৈ র্যো ভেদঃ পৃথক্ পৃথক্ তৎপুরাণাত্মকঃ যদুক্তং তৎকারণকং ভয়ং ॥ ৩৩ ॥

পাপীয়সো লোকান্ জনসমূহান্ ব্রজতং তেষু জায়েতাং। যত্র ব্রজনে ইমে অস্মিন্নির্দ্দিষ্টা লোকা দৈত্যরাক্ষসরাজন্যজনসমূহা

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

শৃণুত রে মূর্খৌ শৃণুত ইত্যাহুঃ নহীতি সমস্তমেব বিশ্বং কুক্ষৌ যস্য তস্মিন্নিতি যুবয়ো র্যে শঙ্কনীয়াস্তেপ্যস্ত কুক্ষাবেব বসন্তী ত্যর্থঃ। ইহ বৈকুণ্ঠে যত্র ভগবতি আত্মনি পরমাত্মনি আত্মানং সর্ব্বমেব জীবাত্মানং ধীরা জ্ঞানিনো হ্যন্তরং ভিন্নং ন পশ্যন্তি নভসি মহাকাশে নভো ঘটাকাশমিব তস্যাস্য পরমেশ্বরস্য যুবাভ্যাং সুরলিঙ্গিভ্যাং উদরভেদিভয়ং শক্রঃ কশ্চিৎ কপটেনাত্রাগত্য প্রভোরস্য উদরস্তেৎস্যতীতি ভয়ং যতঃ কারণাৎ বিশেষেণোৎপাদিতং তং কিং নাম অস্মাকমগ্রে ব্রূতং তাবৎ প্রথমমিত্যর্থঃ। অত্র যদ্যপি সার্ব্বজ্ঞ্যাদি স্বরূপ ভূতানন্ত কল্যাণ গুণাদীশ্বর চৈতন্যাদল্পজ্ঞত্বাধীনত্বাদি স্বভাবং জীবচৈতন্যমীশিতব্যং সূর্য্যাত্তদা তপ ইব জাত্যৈব ভিদ্যতে তদাপ্যত্র বক্তৄণাং সনকাদীনাং জ্ঞানিত্বাজ্ জ্ঞানিনাঞ্চ পদ্ধতৌ অদ্বৈত জ্ঞানলভ্য নির্ব্বাণসিদ্ধ্যর্থং চিৎসামান্য গ্রহণস্যৈব বিধীয়মানত্বাৎ চিদ্বিশেষ ভূতানামীশ্বরজীবয়োর্গুণানাং মায়ায়াশ্চ গ্রহণস্য নিষিদ্ধত্বাদীশ্বরজীবয়োর্মহাকাশ দৃষ্টান্তো নানুপপন্নো জ্ঞেয়ঃ ॥ ৩৩ ॥

এবং নিন্দিত্বাপ্যশান্তত্বাৎ পুনরতিক্রোধাৎ শপন্তি তত্তস্মাদ্বাং যুবাভ্যাং মন্দধীভ্যাং ভৃত্যাভ্যাং অমুষ্য বিকুণ্ঠভর্ত্তুঃ প্রকৃষ্টং প্রকর্ষং কর্ত্তুং ধীমহি অত্র ভেদদর্শনং বিশেষতো ব্রাহ্মণবারণঞ্চ ব্রহ্মণ্যদেবস্যাপকর্ষস্তদভাবমেব প্রকর্ষস্তং কর্ত্তুং তদন্তরঙ্গত্বেন বয়-মেব চিন্তয়েমেতি ক্ষণং তূষ্ণীং স্থিত্বা তদেবাহুঃ। ইতো বৈকুণ্ঠাদ্ব্রজতং। যত্র লোকেষু পাপীয়সো যুষ্মদ্বিধাপরাধিজনস্য ভেদভাবদৃষ্ট্যা

অহে। ভেদ জ্ঞানই ভয় শঙ্কার কারণ, ভগবানে ত কাহারও ভেদ বুদ্ধি নাই, এই সমস্ত বিশ্ব যাঁহার কুক্ষিতে অবস্থিত আছে, পণ্ডিতেরা তাঁহাতে কখন আত্মার ভেদ দর্শন করেন না, বরঞ্চ যেমন মহাকাশে ঘটাকাশকে অন্তর্ভূত হইতে দেখেন, তাহার ন্যায় সেই পরমাত্মাতে স্ব স্ব আত্মার অন্তর্ভাব অবলোকন করিয়া থাকেন, কি আশ্চর্য্য! তোমাদের দুইজনকে দেববেশধারী দেখিতেছি অথচ অন্য রাজাদের যেমন উদর ভেদকারি ভয় হয় অর্থাৎ কোন শত্রু কপট পূর্ব্বক আগমন করিয়া আমাদের প্রভুর দৈহিক পীড়া উৎপাদন করিবে এই বলিয়া যেমন ভৃত্যের ভয় জন্মে তোমাদের চিত্তে তাদৃক্ ভয় দেখিতেছি, ইহা কি কারণে হইল? কোন কারণই ত আমাদের উপলব্ধি হয় না ॥ ৩৩ ॥

যাহা হউক তোমরা এই পরম পুরুষ বৈকুণ্ঠনাথের ভৃত্য, যদিও তোমরা মন্দবুদ্ধি, তথাচ তোমা-দের মন্দ করা উচিত হয় না, তোমাদের উৎকৃষ্ট মঙ্গল করিবার নিমিত্ত এই অপরাধে তোমাদের প্রতি যাহা উচিত তাহা চিন্তা করি, তোমাদের ভেদদৃষ্টি প্রযুক্ত তোমরা এই বৈকুণ্ঠলোক হইতে

লোকানিতো ব্রজতমন্তরভাব দৃষ্ট্যা পাপীয়স স্ত্রয় ইমে রিপবোঽস্য যত্র ॥ ৩৪ ॥
তেষামিতীরিতমুভাববধার্য্য ঘোরং তং ব্রহ্মদণ্ডমনিবারণমস্ত্রপূগৈঃ।
সদ্যো হরেরনুচরাবুরু বিভ্যতস্তৎ পাদগ্রহাবপততামতিকাতরেণ ॥ ৩৫ ॥
ভূয়াদঘোনি ভগবদ্ভিরকারি দণ্ডো যো নৌ হরেত সুরহেলনমপ্যশেষং।

শ্রীধরস্বামী।

ভাবদ্রষ্টু: ইমে কামঃ ক্রোধস্তথা লোভ ইতি গীতোক্তা স্ত্রয়ো রিপবঃ ভবন্তি পাপীয়সো লোকানিতি বা ॥ ৩৪ ॥

ইতি তেষামীরিতং ভাষণং ঘোরমবধার্য্য তঞ্চ ব্রহ্মদণ্ডং ব্রহ্মশাপমবধার্য্য তঞ্চাস্ত্র সমূহৈরনিবারণমবধার্য্য হরেরনুচরৌ অতিকাতরেণ অতিকাতর্য্যেণ ভয়েন তৎপাদগ্রহং কুর্ব্বন্তৌ সন্তৌ দণ্ডবদপততাং। কথম্ভূতস্য হরেঃ এবম্ভূতেভ্যো মুনিভ্য স্তাভ্যামপি উরু অধিকং বিভ্যতঃ ভয়ং ভাবয়তঃ ॥ ৩৫ ॥

অহো অপরাদ্ধমস্মাভিরিত্যনুতপ্যমানান্ প্রত্যূচতুঃ। অঘোনি অঘবতি য উচিতো দণ্ডঃ স এব ভবদ্ভিরকারি। নাত্র ভবতামপরাধঃ কশ্চিদতোঽসৌ নৌ আবয়ো র্ভূয়াৎ। যঃ অশেষমপি সুরহেলনং ঈশ্বরাজ্ঞাতি ক্রমরূপং পাপং হরেৎ। কিন্তু যুষ্মাকং যঃ

ক্রমসন্দর্ভঃ।

ত্রয়ো হ্যস্য ভগবতোঽপি রিপবঃ ॥ ৩৪ ॥

তঞ্চ ব্রহ্মদণ্ড মবধার্য্যেত্যনেনানয়ো স্তেষু পূর্ব্বং ব্রাহ্মণত্ব জ্ঞানং নাসীদিতি গম্যতে। ব্রাহ্মণেভ্য উরু বিভ্যতঃ ॥ ৩৫ ॥

তৌ তু স্বস্য ত্বস্ত্রিপুষেব জন্ম বুদ্ধা রিপুত্রঞ্চ বুদ্ধা তৎস্মরণমাত্রং প্রার্থয়তে ভূয়াদিতি। ইহ ঈদৃগপরাধে ভগবৎস্মৃতিমন্ত মোহো

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইমে কামঃ ক্রোধ স্তথা লোভ ইতি গীতোক্তা স্ত্রয়ো রিপবো ভবন্তি অত্রাপরোক্ষার্থবাচিনা ইদম শব্দ প্রয়োগেনেমে সংপ্রত্যস্মাদ্দেহোদ্ভূতাঃ ক্রোধাদয় ইতি সরস্বত্যভিমতোর্থঃ ॥ ৩৪ ॥

অহো অপরাদ্ধমাবাভ্যাং যদ্ব্রাহ্মণাঃ কোপিতা ইতি তয়োর্বৈক্লব্যমাহ তেষামিতি হরেঃ সকাশাৎ প্রথমং বিভ্যতঃ ভীতৌ অতুস্ উকারলোপশ্ছান্দসঃ। ততশ্চ অতিকাতর্য্যেণ তেষাং পাদগ্রহণং কুর্ব্বন্তৌ দণ্ডবদপততাং ॥ ৩৫ ॥

অহো অপরাদ্ধমস্মাভিরেব যদযুবাং ভগবদ্ভক্তৌ শপ্তৌ হন্ত হন্ত অতঃ পরং কিং কুর্ম্মঃ ক্রোধাদ্যা জিতা ইত্যস্মাকং সার্ব্বকালিকো হভিমানোত্র বৈকুণ্ঠে চূর্ণীবভূবেতি পশ্চাত্তাপবতস্তান্ প্রত্যেকমাহতুঃ। অঘোনি অপরাধিনি ময়ি ভবদ্ভির্যুষ্মাভির্যো দণ্ডোঽকারি স ভূয়াদিত্যাশীর্লিঙা তমহং স্বস্মিন্নাশীর্ব্বাদমেব ভাবয়ামি নতু দণ্ডং। অত্র হেতুং পুনর্দ্বৌ সংহত্যৈবে হেতুঃ। যো দণ্ডঃ নৌ আবয়োরশেষমেব সুরহেলনং যুষ্মদবজ্ঞানাৎ ভগবদনভিপ্রেতাচরণাচ্চ। বৈকুণ্ঠদেশানুচিত ক্রোধকরণাচ্চ যুষ্মাসু ভগবতি চ বৈকুণ্ঠধাম্নিচ জাতমপরাধং সর্ব্বং হরেত নাশয়েৎ। কিন্তু যুষ্মাকং যঃ কৃপানিমিত্তঃ সংপ্রত্যনুতাপস্তস্য কলয়া একেন লেশেন এতদেবা-

ভ্রষ্ট হইয়া সেই পাপীয়সী যোনিতে গিয়া জন্ম গ্রহণ কর, যাহাতে কাম, ক্রোধ, লোভ এই রিপুত্রয় বিদ্যমান আছে ॥ ৩৪ ॥

অনন্তর সেই দুই দ্বারপাল মুনিগণের ঐ সকল বাক্য শ্রবণ করিয়া বিবেচনা করিল ইহা ঘোর ব্রহ্মদণ্ড অর্থাৎ ব্রহ্মশাপ, অস্ত্র সমূহ দ্বারাও ইহা নিবারণ হইবে না অতএব তাহারা ভয়ে ভীত হইয়া তৎক্ষণাৎ তাঁহাদের পাদগ্রহণ পূর্ব্বক দণ্ডের ন্যায় নিপতিত হইল। ঐ দুই দ্বারপাল যে ভগবানের অনুচর, তিনি তাহাদের অপেক্ষাও ঐ মুনিগণ হইতে অধিক ভয় ভাবনা করিতেছিলেন, ইহাতে তাহাদের ভয়ে ভীত হওয়া বড় বিচিত্র নহে ॥ ৩৫ ॥

যাহা হউক দ্বারপালেরা মুনিদের চরণে নিপতিত হইয়া বিনীতভাবে কহিতে লাগিল, হে মুনিবৃন্দ! পাপির প্রতি যে রূপ দণ্ড করা উচিত আপনারা আমাদের প্রতি সেই দণ্ড বিধান করিলেন, এ স্থলে আপনাদের কোন অপরাধ নাই আমাদের প্রতি ঐ রূপ দণ্ডই হউক, এই দণ্ডে ঈশ্বরাজ্ঞাতি ক্রমরূপ

মা বোঽনুতাপকলয়া ভগবৎস্মৃতিঘ্নো মোহো ভবেদিহ তু নৌ ব্রজতোরধোধঃ ॥ ৩৬ ॥
এবং তদৈব ভগবানরবিন্দনাভঃ স্বানাং বিবুধ্য সদতি ক্রমমার্য্যহৃদ্যঃ ।

শ্রীধরস্বামী ।

কৃপা নিমিত্তোঽনুতাপঃ তস্য লেশেন নৌ আবয়োঃ অধোধো মূঢ়যোনী ব্রজতোরপি ভগবৎ স্মৃতিপ্রতিঘাতকো মোহো মা ভবেৎ কিন্তু মোহোঽপি স্মৃতিমেব প্রবহত্বাদিত্যাদিনা ॥ ৩৬ ॥

এবং স্বানাং মহৎস্বতিক্রমমপরাধং তৎক্ষণমেব বিবুধ্য তস্মিন্ যত্র তে রুদ্ধাঃ তং দেশং যযৌ আর্য্যাণাং হৃদ্যঃ মনোজ্ঞঃ। চরণৌ চলয়ন্নিত্যয়ং ভাবঃ মচ্চরণ দর্শন প্রতিঘাতজং ক্রোধং তৌ দর্শয়ন্ শময়িষ্যামীতি ত্বরা ব্যাজেন পদ্ভ্যামেব যযৌ । শ্রীসাহি

ক্রমসন্দর্ভঃ ।

মা ভবেদিত্যন্বয়ঃ ॥ ৩৬ ॥

তাবদেব শ্রীভগবান্ তত্রৈবাগত ইত্যাহ এবমিতি টীকা চ এবং স্বানাং মহৎসু অতিক্রমমপরাধং তৎক্ষণমেব বিবুধ্য তস্মিন্ যত্র তে রুদ্ধাঃ তং দেশং যযৌ। আর্য্যাণাং হৃদ্যঃ মনোজ্ঞঃ। চরণৌ চলয়ন্নিত্যয়ং ভাবঃ মচ্চরণদর্শনপ্রতিঘাতজং ক্রোধং তৌ দর্শয়ন্ শময়িষ্যামীতি ত্বরাব্যাজেন পদ্ভ্যামেব যযৌ । শ্রীসাহিত্যঞ্চ নিষ্কামানপি বিভূতিভিঃ পূরয়িত্বা ক্ষমাপয়িতুং ইত্যেষা। অত্র তেষামাত্মারামাণামপ্যানন্দদানার্থং চরণদর্শনেন তস্য সচ্চিদানন্দঘনত্বং শ্রীসাহিত্যেন তচ্ছক্তিবিলাসস্যাপি স্বরূপানতিরিক্তত্বং বিবক্ষিতং। স্বানামিতি বহুবচনং দ্বয়োরপ্যপরাধঃ সর্ব্বেষ্বেব পরিবারেষ্বাপততীত্যপেক্ষয়া তয়োর্বহুমানাদ্বা স্ব শব্দেন মুনীনাং ন তাদৃশং তদাত্মীয়ত্বমিতি বিবক্ষিতং যদ্বা চরণৌ চলয়ন্ নতু পাদুকে অপি স্বীকুর্ব্বন্নিতি মুনিষ্বাদরবিশেষো দর্শিতঃ। সহ শ্রীরিতি তেষু তস্যা অপ্যগোপনং স্বস্য সূচয়িত্বা তয়োরপরাধ এব দৃঢ়ীকৃত ইতি অন্যৈস্তৈঃ। স্বানামিতি বহুবচনং দ্বয়ো

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

বাং প্রাপ্নুয়াবঃ নৌ আবয়োরধোঽধঃ পততোরপি মোহো ভগবৎ স্মৃতিঘ্নো মা ভবেৎ। মোহস্তু ভগবতি সেব্যবুদ্ধি পরিপন্থী ভবিষ্যত্যেব। যুষ্মদভিশাপান্যথানুপপত্তেস্তদপি মোহঃ সোপি স্মৃতিমেব প্রবহতাৎ নতু বিস্মৃতিমিতি প্রার্থনা ॥ ৩৬ ॥

এবং পরস্পরাপরাধ ভাবনোদ্ভূতাস্ত দৈন্যসমুদ্র পৃষতিরেবাশ্রুমিষেণ বহির্নিঃসরদ্ভিঃ স্নপয়িত্বেব দোষাৎ পুনঃ শুদ্ধীকৃতেষু সনকাদিজয়বিজয়েষু বিপ্রত্ব ভক্তত্বয়োর্যাথার্থ্যমনু ভাবিতেষু তত্রত্য সভ্যেষ্বাত্মাধিকারেণৈব ভক্তিঃ সমুদ্যোতত্তে সমুদ্যোতিনীচ ভক্তির্ভগবন্তমাকর্ষতীমমর্থং প্রমাণী কুর্ব্বন্নিব ব্রহ্মণ্যদেবো ভক্তবৎসলো ভগবাংস্তদা তত্রৈবোপজগামেত্যাহ। এবমিতি স্বানাং সদতি ক্রমং স্বভক্ত কর্ত্তৃকং ব্রাহ্মণাতিক্রমং। আর্য্যাণাং হৃদি প্রাদুর্ভবতীতি তথা সোপি তেষাং নেত্রেষ্বপি প্রাদুর্ভবিতুমিতি ভাবঃ। তস্মিন্ সপ্তমদ্বার প্রদেশে। মহামুনীনামন্বেষণীয়ো অন্বেষ্টুং যোগ্যাবিতি তথা নির্ব্বিকল্পক জ্ঞানানন্তরং সবিকল্পকজ্ঞানমপেক্ষিতব্যং ভবতি তথা ব্রহ্মস্বরূপানুভবানন্তরং ভগবৎ স্বরূপমনুভবিতুমর্হমিত্যত এব চরণৌ চলয়ন্নিতি মচ্চরণমাধুর্য্য মননুভূতচরমেতানন্তভাব্য মহানির্বৃতি চমৎকারসিন্ধৌ নিমজ্জয়ামীত্যভিপ্রায়েণৈব সহশ্রীরিতি বহিরঙ্গায়া মায়ায়া এব মচ্ছক্তিত্বমেতে জানন্তি নত্বস্যাঃ প্রিয়ঃ

অশেষ পাপের ক্ষয় হয়, আমরা অবশ্যই নিষ্পাপ হইব। কিন্তু প্রার্থনা এই যে, আমরা অধঃ অধঃ পাপ যোনিতে ভ্রমণ করিয়া বেড়াইলেও আপনাদের করুণা নিমিত্ত অনুতাপলেশে আমাদের যেন ভগবৎস্মৃতির প্রতিবন্ধক মোহ উপস্থিত না হয় ॥ ৩৬ ॥

ঐ সময়েই ভগবান্ পদ্মনাভ জানিতে পারিলেন আমার দুইজন ভৃত্য সাধু সন্নিধানে অপরাধী হইল, অতএব যে প্রদেশে ঐ মুনিগণ রুদ্ধ হইয়াছিলেন, আপনার চরণদ্বয় চালন- পূর্ব্বক ত্বরায় লক্ষ্মীর সহিত সেই স্থানে গমন করিলেন। পদব্রজে গমনের তাৎপর্য্য এই, ভগবানের দৃগোচর হইয়াছিল আমার চরণদর্শনের ব্যাঘাত হওয়াতেই ঋষিদের ক্রোধ জন্মিয়াছে পদব্রজে গমন করিলে ইহা দর্শন করিয়া তাঁহাদের ক্রোধের উপশম হইবে। আর লক্ষ্মীর সহিত মিলিত হওয়ার তাৎপর্য্য এই যে,

তস্মিন্ যযৌ পরমহংস মহামুনীনামন্বেষণীয় চরণৌ চলয়ন্ সহ শ্রীঃ ॥ ৩৭ ॥
তন্ত্বাগতং প্রতিকৃতৌপয়িকং স্বপুংভিস্তেচক্ষতাক্ষ বিষয়ং স্বসমাধিভাগ্যং।

শ্রীধরস্বামী।

ত্যঞ্চ নিষ্কামানিপি বিভূতিভিঃ পূরয়িত্বা ক্ষমাপয়িতুং ॥ ৩৭ ॥

তত্র তৈ দৃষ্টং দেবমনুবর্ণয়তি পঞ্চভিঃ। তন্ত্ব আগতং তে অচক্ষত অপশ্যন্ আপঞ্চমাদিদমেব ক্রিয়াপদং। স্বপুংভিঃ শীঘ্রং প্রতিহৃতং আনীতং ঔপয়িকং গমনোচিতং ছত্র পাদুকাদি যস্য। কথম্ভূতং স্বসমাধিনা ভাগ্যং ভজনীয়ং ফলং যত্তুক্ষ তদেবাক্ষ বিষয়ং। হংসবৎ শ্রী র্যয়ো স্তয়োরুভয়ত শ্চলতো র্ব্যজনয়ো র্যঃ শিবোঽনুকূলো বায়ু স্তেন লোলা শ্চলন্তঃ শুভ্রাতপত্র শশিকেশরাঃ

ক্রমসন্দর্ভঃ।

রপ্যপরাধঃ সর্ব্বেষ্বেব পরিবারেষ্বাপততীত্যপেক্ষয়া তয়ো র্বহুমানাদ্বা। স্বশব্দেন মুনীনাং ন তাদৃশং তদাত্মীয়ত্বমিতি বিবক্ষিতং ॥ ৩৭

তং ত্বাগতমিতি। তে সনকাদয় স্তমচক্ষত নিরীক্ষ্য চ নেমুরিতি পঞ্চভিরন্বয়ঃ। কথম্ভূতং স্বসমাধিভাগ্যং স্বসমাধিনা ভাগ্যং ভজনীয়ং ফলং যত্তুক্ষ তদেবাক্ষবিষয়ং। যদ্বা যস্য ব্রহ্মসমাধিরূপস্য সাধনস্য ভাগ্যং ফলরূপং। যদ্বা স্বসমাধেঃ স্বস্য হৃদি ব্রহ্মাকারেণ পরতত্ত্বস্ফূর্ত্তে র্ভাগ্যং ফলরূপং যতো ঽক্ষবিষয়ং তদীয়স্বপ্রকাশতা শক্তিসংস্কৃতনিখিল ধীন্দ্রিয়স্ফুরিতত্বেন সংপ্রতি বিস্পষ্টমেবানুভূয়মানং। অনেন পূর্ব্ববত্তস্য শব্দস্পর্শরূপরসগন্ধাখ্যানাং সর্ব্বেষামেব ধর্ম্মাণাং সচ্চিদানন্দঘনাত্মকত্বং সাধিতং। তথা নিত্যমেব তথাবিধ সন্ততোদিত্বরমাধুরী বৈচিত্র্যানুভবপূর্ব্বকং পরমপ্রেমানন্দসন্দোহেন সেবমানৈ স্তস্যাত্মীয়ৈঃ পুরুষৈঃ আনীতসেবৌপয়িকনানাবস্তুভিঃ সেব্যমানং ভগবন্তং কথঞ্চিৎ কচিৎ কদাচিদেব নাপশ্যন্ তদানীং কেনাপি সমাধিজভাগ্যোদয়েন কেবলমপশ্যন্নিতি তেষাং পরমবিদুষাং স্পৃহাস্পদাবস্থেষু শ্রীবৈকুণ্ঠপুরুষেষু কস্যা অপি ভগবদানন্দশক্তে র্বিলাসময়ত্বং দর্শিতং। অথ তেষাং ভগবদ্রতেরুদ্দীপনত্বেন চিত্তক্ষোভকত্বাৎ পরিচ্ছদাদীনামপি তাদৃশত্বমাহ হংসেতি সার্দ্ধত্রিভিঃ। কেশরা মুক্তাময়

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

স্বরূপ ভূতায়া ইত্যেতামপ্যাহ্লাদিনীং শক্তিমনুভাবয়ামীত্যভিপ্রায়েণ ॥ ৩৭ ॥

তত্র তৈরনু ভূতচরং তন্মাধুর্য্যং বর্ণয়তি পঞ্চভিঃ তত্র ভগবৎ সাক্ষাৎকারে রূপমাধুর্য্যং ব্যাপকমেব শব্দাদি মাধুর্য্যঞ্চ কিঞ্চিৎ ভগবদ্ভক্তত্ববিষয়ক রতিশক্ত্যা তৈরনুভূতং জ্ঞেয়ং। তন্ত্ব তত্রাগতং তে অচক্ষত অপশ্যন্ কীদৃশং স্বপুংভিঃ প্রতিহৃতান্যোপয়িকানি যস্মৈ তং। অহো শ্রীভগবচ্চরণাঃ সংপ্রতি বহিশ্চত্বরমলং কুর্ব্বত ইতি তাৎকালিক্যা প্রথয়া তমবলোকিতুমত্যুৎকণ্ঠয়া দ্বারপুরনগরবিমান কাননস্থা ভক্তজনা আগত্য বিবিধরত্নবস্ত্রালঙ্কার ফলগন্ধপুষ্পমাল্যারাত্রিকাদীন্যুপকল্পয়াঞ্চক্রুরিত্যর্থঃ। অক্ষবিষয়ং তেষামিন্দ্রিয় গোচরীভূতং। নন্বু তর্হি তস্য বিষয়ত্বং প্রসক্তং তত্র সহুঙ্কার ভ্রূতর্জনমাহ স্বসমাধেস্তেষাং স্বহৃদি ব্রহ্মাকারে ব্রহ্মানন্দানুভবস্যাপি ভাগ্যং মূর্ত্তিমদিত্যর্থঃ। অহো এতদ্দর্শনেনৈবাস্মাকং সমাধিরপি সফলো বভূবেতি তেঽমন্যন্ত তদপি তদ্রূপাদের্বিষয়ত্বং কোমূঢ়ঃ সংভাবয়েদিতি ভাবঃ। হংসবৎ শ্রী র্যয়োস্তয়োরুভয়তশ্চলতো র্ব্যজনয়ো র্যঃ শিবোঽনুকূলো বায়ুস্তেন লোলস্তশ্চলস্তঃ শুভ্রাতপত্র শশিকেশরাঃ শুভ্রং যদাতপত্রং তদেব শশীব তস্য কেশরা মুক্তাহারবিলম্বা তেভ্যো গলন্তি শীকরাম্বূনি যস্মিংস্তং অত্র অতিশয়োক্ত্যা মুক্তাবিলম্বানাং কেশরত্বেন ছত্রস্য অধোমুখসহস্রদলকমলাকারত্বমারোপিতং তেনচ ছত্রস্য শৈত্য সৌগন্ধ্যমার্দ্দবানি ব্যঞ্জিতানি।

আমি নিষ্কামদিগকেও ঐশ্বর্য্য দ্বারা পরিপূর্ণ করিয়া থাকি ॥ ৩৭ ॥

যাহা হউক, ভগবান্ এইরূপে আগমন করিলে সেই মুনিগণ আপনাদিগের সমাধি দ্বারা লভ্য ফল স্বরূপ যে ব্রহ্ম তিনি যেন নয়নগোচর হইলেন এইরূপ জ্ঞান করিয়া দর্শন করিতে লাগিলেন, যদিও ভগবান্ পদব্রজে আসিতেছিলেন তথাচ তাঁহার ভৃত্যগণ গমনোচিত ছত্র পাদুকাদি সঙ্গে সঙ্গে আনয়ন করিতেছিল। অপর তাঁহার দুই পার্শ্বে হংসবৎ শুভ্র বর্ণ দুই ব্যজন এবং মস্তকে শ্বেত ছত্র ধৃত হইয়াছিল। সেই ছত্রের চতুর্দ্দিকে মুক্তাহার লম্বিত থাকাতে অনুকূল শোভন পবনের সঞ্চারে

হংসশ্রিয়োর্ব্যজনয়োঃ শিববায়ুলোল শুভ্রাতপত্র শশিকেশর শীকরাম্বুং ॥ ৩৮ ॥
কৃৎস্নপ্রসাদসুমুখং স্পৃহণীয়ধাম স্নেহাবলোককলয়া হৃদি সংস্পৃশন্তং।
শ্যামে পৃথাবুরসি শোভিতয়া শ্রিয়া স্বশ্চূড়ামণিং সুভগয়ন্তমিবাত্মধিষ্ণ্যং ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

শুভ্রং যৎ আতপত্রং তদেব শশিসাদৃশ্যাচ্ছশী তস্য কেশরা মুক্তাহার বিলম্বাঃ তেভ্যো গলন্তি শীকরাম্বূনি যস্মিন্ তং। শীকরোঽম্বুকণা ॥ ৩৮ ॥

কৃৎস্নস্য দ্বারপাল মুনিবৃন্দস্য প্রসাদে সুমুখং স্পৃহণীয়ানাং গুণানাং ধাম স্থানং স্নেহাবলোক কলয়া সপ্রেমকটাক্ষেণ হৃদি সংস্পৃশন্তং সুখয়ন্তং ত্রৈলোক্য বিবক্ষা পক্ষে সত্যলোক পর্য্যন্তঃ যঃ স্বর্গঃ তস্য চূড়ামণিবৎ স্থিতং স্বধিষ্ণ্যং বৈকুণ্ঠং সুভগয়ন্তং শোভয়ন্তং ॥ ৩৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রলম্বাঃ অত্র ছত্রস্য শশিতয়া কেশরাণাং শীকরাম্বুত্বেন রূপকং। শশিসম্বন্ধিত্বাচ্ছীকররূপাণামম্বূনামমৃতত্বং লভ্যতে ॥ ৩৮ ॥

কৃৎস্নপ্রসাদেতি। কৃৎস্নঃ পূর্ণো যো মুনিষু প্রসাদ স্তেন সুমুখং মনোহরবক্ত্রং পার্ষদয়োস্তু প্রসাদো ন স্ফুটঃ। এতৌ বা বিত্যাদিবক্ষ্যমাণবিরোধাৎ। যদ্বা কৃৎস্নস্য দ্বারপালমুনিবৃন্দস্য প্রসাদে সুমুখমিতি। স্পৃহণীয়ানাং গুণানাং ধাম স্থানমিতি তত্তদ্গুণানাং তাদৃশত্বং দর্শিতং। স্নেহাবলোকেতি বিলাসস্য স্বসুখভোগস্থানানি নিত্যানন্দরূপত্বাৎ তেষাং চূড়ামণিং আত্মধিষ্ণ্যং স্বস্বরূপ স্থানং শ্রীবৈকুণ্ঠং। তাদৃশে হ্যুরসি শোভিতয়া রেখারূপয়া শ্রিয়া কৃত্বা সুভগয়ন্তমিব তত্র ভূষণবিশেষং নিদধানমিব ইবেতি বাক্যালঙ্কারে। অনেন শ্রীবৈকুণ্ঠস্য নিত্যং সর্ব্বোৎকৃষ্টত্বং। উক্তঞ্চ তদ্বিশ্বগুর্ব্বিত্যাদৌ আপুঃ পরাং মুদমপূর্ব্বমিত্যাদি। বক্ষ্যতে চ অথ তে মুনয়ো দৃষ্ট্বা নয়নানন্দভাজনং। বৈকুণ্ঠং তদধিষ্ঠানং বিকুণ্ঠঞ্চ স্বয়ং প্রভুং। ভগবন্তং পরিক্রম্য প্রণিপত্যানুমান্য চ। প্রতিজগ্মুঃ প্রমুদিতাঃ সংশন্তো বৈষ্ণবীং শ্রিয়মিতি ॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তথা শীকরাম্বূনাং শশিসম্বন্ধিত্বেনামৃতত্বং ॥ ৩৮ ॥

স্বভক্তাভ্যামভিশাপদায়িষস্মাসু নজানীমহে ভগবানস্তঃ কৃপাতি নবেতি সংশয়সিন্ধুনিমগ্নেষু কৃৎস্ন আভ্যন্তরো বাহ্যশ্চ যঃ প্রসাদস্তেন সুমুখং অতএব হন্ত হন্তাস্মাসু প্রত্যুত প্রসাদ এব পূর্ণ উপলভ্যত ইত্যস্ত কৃৎস্নমুনিবৃন্দস্য নেত্রাদীন্দ্রিয়ৈঃ স্পৃহণীয়ানাং সৌন্দর্য্য সৌস্বর্য্য সৌরভ্য সৌকুমার্য্যকারুণ্যৌদার্য্যাণাং ধাম পূর্ণাস্পদং। হাহন্তাবয়োর্ব্রহ্মশাপানলদগ্ধয়োরধঃ পততো রীদৃগদর্শন মাধুরী পুনর্ন ঘটিষ্যত ইতি খেদার্ণবনিমগ্নৌ রুদন্তৌ জয়বিজয়ৌ প্রতি যঃ স্নেহাবলোকস্তস্য কলয়া কৌশলেন তত্রত্য জনানাং সর্ব্বেষামেব হৃদি সংস্পৃশন্তং অহো ভক্তবাৎসল্যমিতি মনো লোভয়ন্তং শ্রিয়া বামস্তনোর্দ্ধে স্বর্ণরেখারূপেণ স্থিতয়া স্বচূড়ামণিং সত্যলোকান্তানাং স্বর্গাণাং চূড়ায়াং মণিমিব স্বধিষ্ণ্যং বৈকুণ্ঠং সুভগয়ন্তং ধন্যঃ স বৈকুণ্ঠো যত্রত্যাঃ স্বর্ণ রেখাময়ীং লক্ষ্মীং ভগবদ্বক্ষসি বিলোকয়ন্তীত্যেবং সৌভাগ্যবন্তং কুর্ব্বন্তং এবমগ্রেপি ব্যাখ্যেয়ং। অত্র কৃপামাধুর্য্যরূপমাধুর্য্যে তন্মনো নেত্রাভ্যামনুভূতে জ্ঞেয়ে ॥ ৩৯ ॥

তৎসমুদায় সঞ্চালিত হইতেছিল এবং তাহা হইতে অম্বুকণা বিগলিত হইয়া ভগবানের গাত্র স্পর্শ করিতেছিল ॥ ৩৮ ॥

ভগবানের মুখ প্রসাদে বোধ হইতেছিল যেন মুনিবৃন্দ ও দ্বারপাল সকলেরই প্রতি প্রসন্ন হইবেন, ফলতঃ তিনি স্পৃহণীয় সমস্ত গুণের আধার স্বরূপ, সুতরাং তাঁহার সপ্রেম কটাক্ষেই সকলের হৃদয়ে সুখানুভব হইতেছিল। আর কমলা তাঁহার বিশাল শ্যামবর্ণ বক্ষঃস্থলে শোভমানা হওয়াতে তিনি তদ্দ্বারা সত্যলোকের চূড়ামণি স্বরূপ বৈকুণ্ঠের শোভা বৃদ্ধি করিতেছিলেন ॥ ৩৯ ॥

পীতাংশুকে পৃথু নিতম্বিনি বিস্ফুরন্ত্যা কাঞ্চ্যালিভির্বিরুতয়া বনমালয়া চ।
বল্গু প্রকোষ্ঠবলয়ং বিনতাসুতাংসে বিন্যস্তহস্তমিতরেণ ধুনানমব্জং ॥ ৪০ ॥
বিদ্যুৎ ক্ষিপন্মকর কুণ্ডল মণ্ডনার্হ গণ্ডস্থলোন্নসমুখং মণিমৎ-কিরীটং।
দোর্দণ্ড ষণ্ডবিবরে হরতা পরার্দ্ধ্য হারেণ কন্ধরগতেন চ কৌস্তভেন ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

পৃথুনিতম্বঃ আশ্রয়ত্বেন বিদ্যতে যস্য তস্মিন্ পীতাংশুকে অলিভির্নাদিতয়া বনমালয়াচ যুক্তং। সুভগয়ন্তমিতি পূর্ব্বেণৈব বা সম্বন্ধঃ। বল্গুষু প্রকোষ্ঠেষু বলয়ানি যস্য। গরুড়স্য স্কন্ধে বিন্যস্ত একো হস্তো যেন ইতরেণান্যেনাব্জং ধুনানং লীলাকমলং ভ্রাময়ন্তং। বিন্যস্তেতি পাঠে বলগ্নাদি হস্তস্য বিশেষণং ॥ ৪০ ॥

স্বকান্ত্যা বিদ্যুতঃ ক্ষিপন্তী যে মকরাকারে কুণ্ডলে তয়োর্মণ্ডনস্যার্হে গণ্ডস্থলে যস্মিন্ তচ্চ তদুন্নসঞ্চ মুখং যস্য মণিযুক্তং কিরীটং যস্য দোর্দ্দণ্ডানাং ষণ্ডং সমূহঃ তস্য বিবরে মধ্যে বক্ষঃস্থলে স্থিতেন হরতা মনোহরেণ বিহরতেতি বা। পরার্দ্ধ্য উৎকৃষ্টঃ তেন হারেণ কন্ধরায়াং স্থিতেন। ৪১ ॥

ক্রমসন্দর্ভঃ।

পীতাংশুকে ইত্যত্র কাঞ্চ্যা বনমালয়া চেতি উপলক্ষণে তৃতীয়া ॥ ৪০ ॥
হরতা মনোহরেণ ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পৃথুর্নিতম্ব আস্পদত্বেন বর্ত্ততে যস্য তস্মিন্নিতি নিতম্বোয়ং মমৈব নান্যস্যেতি পীতাংশুকেন তত্র স্বীয়সত্ত্বমারোপিতমিতীন্ প্রত্যয়ধ্বনিঃ। তাদৃশে পীতাংশুকে বিস্ফুরন্ত্যা কাঞ্চ্যেতি পীতাংশুকমপি স্বাস্পদীকৃত্য তদুপরি স্ব স্বত্বমারোপ্য স্থিতয়েত্যর্থঃ। তথা তাং কাঞ্চীমপি স্বাস্পদীকৃত্য তদুপরিস্থিতয়া বনমালয়া কীদৃশ্যা অলিভির্বিরুতয়েতি বনমালামপি স্বাস্পদীকৃত্য তদুপর্য্যালিভিঃ সত্ত্বমারোপিতমিত্যলিভ্য এব সর্ব্বতোপি সাম্রাজ্যং ভগবতা দত্তমিতি ভাবঃ। তৃতীয়ান্তানামাস্ব ধিষ্ণ্যং সুভগয়ন্তমিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ। বল্গু মনোহরং প্রকোষ্ঠে বলয়ং যত্র তদ্যথাস্যাদেবং 'গরুড়স্কন্ধে বিন্যস্ত বামহস্তং। বিন্যস্যেতি পাঠে বল্গিত্যাদি হস্তস্য বিশেষণং ইতরেণ দক্ষিণহস্তেন কমলং ভ্রাময়ন্তমিতি লীলাকমল ভ্রামণমিষেণ মুনীনাং হৃদয়কমলং ব্রহ্মাস্বাদসুস্থিরমপি স্বমাধুর্য্যদর্শনয়া চপলীকুর্ব্বন্তং তেনচ হে মুনয়ো যন্নির্বিশেষস্বরূপানন্দাৎ সর্ব্বোত্তমত্বেন নিশ্চিতাৎ সংপ্রতি কথং চিত্তং চালয়থ তত্রৈব কিং নস্থিরী কুরুধ্বে মা স্বনিষ্ঠাং ত্যজতেতি মুনিষু নর্ম্মদ্যোতিতং ॥ ৪০ ॥

স্বকান্ত্যা বিদ্যুতঃ ক্ষিপন্তী যে মকরাকারে কুণ্ডলে তয়োরপি মণ্ডনার্হে গণ্ডস্থলে যত্র তচ্চ তথা উন্নসংমুখং যস্য তং দোর্দ্দণ্ডানাং ষণ্ডং সমূহ স্তস্য বিবরে মধ্যে হরতা মুনীনাং চিত্তং চোরয়তা অতএব চৌর্য্য হেতুক ভয়েনেব ভুজচ্ছিদ্রে প্রবিশতেত্যর্থঃ। পরার্দ্ধমূল্য হারেণ কন্ধরশব্দেনাত্র বক্ষসোঽভিধানং। যদ্বা। কন্ধরাভ্যাং সকাশাৎ স্বর্ণসূত্রদ্বারা গতেন বক্ষঃ পর্য্যন্তং লম্বিতেন কৌস্তভেনেতি পূর্ব্ববদন্বয়ঃ ॥ ৪১ ॥

অপর তাঁহার বিস্তৃত নিতম্ব দেশে পীতবসনোপরি শোভমান কটিভূষণ এবং বক্ষঃস্থলে বনমালা লম্বিতা ছিল ও প্রকোষ্ঠে মনোহর বলয় সকল শোভা পাইতেছিল। আর তিনি আপনার বামহস্ত স্বীয় বাহন গরুড়ের স্কন্ধে দিয়া দক্ষিণ করে লীলা কমল ঘূর্ণমান করিতেছিলেন ॥ ৪০ ॥

তাঁহার গণ্ডস্থল বিদ্যুতের শোভাধিক্ষেপ কারি মকরাকার কুণ্ডলে মণ্ডনার্হ এবং বদন উচ্চ নাসিকা বিশিষ্ট ও কিরীট মণিময় ছিল। অপর বাহু সমূহের মধ্যদেশ অর্থাৎ বক্ষঃস্থল মনোহর হারে এবং গলদেশ মহার্হ কৌস্তভ মণিতে শোভিত ছিল ॥ ৪১ ॥

অত্রোপসৃষ্টমিতিচোৎস্মিতমিন্দিরায়াঃ স্বানাং ধিয়া বিরচিতং বহুসৌষ্ঠবাঢ্যং।
মহ্যং ভবস্য ভবতাঞ্চ ভজন্তমঙ্গং নেমু র্নিরীক্ষ্য ন বিতৃপ্তদৃশো মুদা কৈঃ ॥ ৪২ ॥
তস্যারবিন্দনয়নস্য পদারবিন্দকিঞ্জল্কমিশ্রতুলসীমকরন্দবায়ুঃ।

শ্রীধরস্বামী।

কিং বহুনা সৌন্দর্য্য বর্ণনেন ইন্দিরায়া উৎস্মিতং অহমেব সর্ব্ব সৌন্দর্য্য নিধিরিত্যহংকরণং তত্র ভগবৎ সৌন্দর্য্যে উপসৃষ্টং অস্তং গতমিতি স্বানাং ভক্তানাং ধিয়া বিরচিতং ভৃত্যৈঃ স্বমনস্যেবং বিতর্কিতমিত্যর্থঃ। কুতঃ বহুনা সৌষ্ঠবেন সৌন্দর্য্যেণ আঢ্যং যুক্তং কিঞ্চ মহ্যং মম ভবস্য ঈশ্বরস্য ভবতাঞ্চ কৃতেঽঙ্গং ভজন্তং মূর্ত্তিং প্রকটয়ন্তং। অচক্ষত নিরীক্ষ্যচ কৈঃ শিরোভির্মুদা নেমুঃ নমশ্চক্রুঃ ন বিশেষেণ তৃপ্তা দৃশো নেত্রাণি যেষাং তে ॥ ৪২ ॥

স্বরূপানন্দাদপি তেষাং ভজনানন্দাধিকামাহ তস্য পদারবিন্দয়োঃ কিঞ্জল্কৈঃ কেশরৈঃ মিশ্রা যা তুলসী তস্যা মকরন্দেন যুক্তো

ক্রমসন্দর্ভঃ।

তদেবং পরিচ্ছদাদীনামপি তাদৃশত্বং বর্ণয়িত্বা পুন স্তস্যৈবাতিমনোহরত্বমাহ অত্রোপসৃষ্টমিতি। ইন্দিরায়া উৎস্মিতং গর্ব্বঃ অত্র ভগবতি উপসৃষ্টং অস্য পরম সৌন্দর্য্যাদিগুণশালিনঃ কান্তস্য নিত্যেন লাভেন নিত্যমেবাধিকমাবির্ভাবিতমিতি তদীয়ানাং ধিয়া বিতর্কিতং অত্র হেতুঃ বহুসৌষ্ঠবাঢ্যং অনন্তস্বরূপ গুণসম্পত্তি র্যুক্তং। নম্বেবম্ভূতস্য লক্ষ্ম্যা অপি রহস্যমহানিধিরূপস্য পরম বস্তুনঃ কথং প্রকাশঃ সম্ভবতীত্যত আহ মহ্যমিতি। ভবস্য ভবতাং চাঙ্গমঙ্গীকারং ভজন্তং। অস্মদ্বিষয়কমঙ্গীকারং ভজন্ত মিত্যর্থঃ। যদ্বা অঙ্গং ভজন্তং তত্তৎকার্য্যসম্পাদনার্থমাবিশন্তমিত্যর্থঃ। উল্লঙ্ঘিতত্রিবিধসীমাসমাতিশায়িসম্ভাবনং তব পরিব্রঢ়িমস্ব ভাবং। মায়াবলেন ভবতাপি নিগূহ্যমানং পশ্যন্তি কেচিদনিশং ত্বদনন্যভাবা ইতি বৎ ভক্তিরেবৈনং নয়তি ভক্তিরেবৈনং দর্শয়তীত্যাদি শ্রুতেঃ। তথাভূতং তমচক্ষতেতি। নিরীক্ষ্য চ মুদা কৈঃ শিরোভি র্নেমুঃ। অবিতৃপ্তদৃশ ইতি পশ্যন্ত এব শিরোভি র্নেমু রিত্যর্থঃ ॥ ৪২ ॥

তস্যেতি। অত্র পদয়োররবিন্দকিঞ্জল্কমিশ্রা যা তুলসীতি ব্যাখ্যেয়ং। অরবিন্দ কিঞ্জল্ক তুলস্যৌ চ তদানীং বনমালাম্বিতে এব

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিং বহুনা ইন্দিরায়া উৎস্মিতং অহমেব সর্ব্বসৌন্দর্য্যাণাং নিধিরিত্যহঙ্করণং অত্র ভগবৎসৌন্দর্য্যে উপসৃষ্টমস্তং গতং ইতি স্বানাং ভক্তানাং ধিয়া বিরচিতং ভৃত্যৈঃ মনস্যেবং বিতর্কিতমিতি স্বামিচরণাঃ পরমসৌন্দর্য্যাদিগুণশালিনঃ কান্তস্য লাভেন তস্যা উৎস্মিতং গর্ব্ব উপ আধিক্যেন সৃষ্টমাবির্ভাবিতমিতি সন্দর্ভঃ। যদ্বা অত্র ভগবতি উপসৃষ্টং ব্রহ্মাদিভিরারাধ্যয়াপি রূপ-গুণমাধুর্য্যৈঃ সর্ব্বতঃ শ্রেষ্ঠয়াপি ময়া উপসর্জনী ভূতমপ্রধানীভূতমিত্যর্থঃ। ইতি হেতুনা চকারাৎ প্রেম্নাচ ইন্দিরায়া লক্ষ্ম্যা উৎকৃষ্টং স্মিতং ধন্যাহং যস্যা ঈদৃশঃ প্রেয়ানিত্যানন্দোত্থ উল্লাসো যস্মাত্তথাভূতমঙ্গং ভজন্তং সমুচিতবস্ত্রালঙ্কারাদিভিঃ শোভয়ন্তং নতু শম্ভুমিব সুন্দরমপ্যঙ্গং ভস্মাদিভির্বিরূপয়ন্তমিত্যর্থঃ। দৃশ্যতে চ স্বাঙ্গপরিস্কারেপি পূজাদিশব্দ প্রয়োগঃ। পাদয়ো-রম্বপূজেতি সামুদ্রকাদৌ। তচ্চ পরঃ সহস্র কিঙ্করদ্বারৈবেত্যাহ। স্বানাং স্বাঙ্গপরিচারকাণাং ধিয়া নিত্যানিত্য বিবিধবস্ত্রাদি শৃঙ্গার বৈলক্ষণ্য বিধায়িন্যা সূক্ষ্মবুদ্ধ্যৈব বহু সৌষ্ঠবাঢ্যং বিরচিতং। অঙ্গং পুনঃ কীদৃশং ভবস্য শম্ভো র্ভবতামস্মদাদীনাঞ্চ মহ্যং মহনীয়ং গন্ধপুষ্পাদিভির্ধ্যানেন দেশান্তরে পূজনীয়মেব নতু তেষামিব বৈকুণ্ঠে সাক্ষাৎ পরিচরণীয়মিত্যর্থঃ। মহ পূজায়ামিত্যস্য চুরাদ্যন্তস্য রূপং। এবম্ভূতং তং অচক্ষত রতো বিশেষতস্তং নিরীক্ষ্যচ অতৃপ্তনেত্রাঃ সন্তঃ কৈঃ শিরোভিঃ নেমুঃ ॥ ৪২ ॥

কিঞ্চ তানি ভগবদঙ্গমাধুর্য্যাণি তান্ ব্রহ্মানন্দতোপি পরম চমৎকারং প্রাপয়িত্বা স্বেষু মজ্জয়ামাসুরিতি কিং বক্তব্যং তদেকাঙ্গ

ফলতঃ ভগবানের ঐ মূর্ত্তি বিবিধ সৌন্দর্য্যে পরিপূর্ণ হইয়াছিল, ইহাতে তাঁহার ভক্তগণ এমত তর্ক করিতেছিলেন,"আমিই সৌন্দর্য্যের নিধি"এই বলিয়া লক্ষ্মীর যে গর্ব্ব আছে তাহা অদ্য অস্তগত হইল। হে অমরগণ! সেই ভগবান্ আমার (ব্রহ্মার) শঙ্করের এবং তোমাদের নিমিত্ত ভজনীয় মূর্ত্তি প্রকটন করিয়া থাকেন, তাঁহার এবম্বিধ সৌন্দর্য্য বিচিত্র নহে। যাহা হউক, মুনিগণ তাঁহাকে আগত দেখিয়া হৃষ্ট চিত্তে মস্তকাবনত করত নমস্কার করিলেন, কিন্তু তাঁহার সৌন্দর্য্য দর্শনে তাঁহাদের নেত্র পরিতৃপ্ত হইল না ॥ ৪২ ॥

মুনিগণ প্রণাম করিলে অরবিন্দ নয়ন ভগবানের পদারবিন্দ কিঞ্জল্ক মিশ্রিতা তুলসীর মকরন্দ বায়ু

অন্তর্গতঃ স্ববিবরেণ চকার তেষাং সংক্ষোভমক্ষরজুষামপি চিত্ততন্বোঃ ॥ ৪৩ ॥
তে বা অমুষ্য বদনাসিতপদ্মকোষমুদ্বীক্ষ্য সুন্দরতরাধরকুন্দহাসং।

শ্রীধরস্বামী।

বায়ুঃ স্ববিবরেণ নাসাছিদ্রেণ অক্ষরজুষাং ব্রহ্মানন্দসেবিনামপি সংক্ষোভং চিত্তেঽতিহর্ষং তনৌ রোমাঞ্চং ॥ ৪৩ ॥

হর্ষকারিত্বং সম্ভ্রমমাহ দ্বাভ্যাং তে বৈ কিল বদনমেবাসিতপদ্মস্য কোষঃ অন্তর্ভাগঃ তং। অসিতপদ্মকোষমিত্যদ্ভুতোপমা। সুন্দরতরে অরুণে অধরৌষ্ঠে কুন্দবৎ হাসো যস্মিন্ তং। উৎ ঊর্দ্ধং বীক্ষ্য লব্ধ মনোরথাঃ সন্তঃ নখা এবারুণমণয়ঃ তেষাং শ্রয়ণমাশ্রয়

ক্রমসন্দর্ভঃ।

স্তেয়ে। অস্তু তাবৎ ভগবদাত্মভূতানাং তেষামঙ্গোপাঙ্গানাং তেষু ক্ষোভকারিত্বং তৎসম্বন্ধিনো বায়োরপীতি ভাবঃ অন্যত্তৈঃ ॥ ৪৩ ॥

বদনাসিতপদ্মকোষং উৎ ঊর্দ্ধদৃষ্ট্যা বীক্ষ্য পুনশ্চার্বাগদৃষ্ট্যাঙ্ঘ্রিদ্বন্দ্বঞ্চ বীক্ষ্য পুনঃ পুনঃ শ্রীমুখাদি শ্রীচরণপর্য্যন্তমঙ্গং দৃষ্টেত্যর্থঃ। পশ্চাদ্ধার্ষ্ট্যবুদ্ধ্যা সম্ভ্রমান্নিমীলিতে নেত্রে নিদধুঃ অন্তরাপি তদেব দদৃশুরিত্যর্থঃ। যদ্বা ভক্ত্যতিশয়েন পশ্চাদঙ্ঘ্রিদ্বন্দ্বমেব দদৃশুরি-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সম্বন্ধিবস্তু সম্বন্ধী মারুতোপি তান্ স্বনিষ্ঠাং চ্যাবয়িত্বা ক্ষোভয়ন্ বিজিগ্যে ইত্যাহ তস্যেতি পদারবিন্দয়োর্যে কিঞ্জল্কাঃ শ্বেতারুণ-কান্তিময়ধরাস্তৈর্মিশ্রা যা তুলসী তস্যা মকরন্দ সম্বন্ধী বায়ু স্তেষামন্তরন্তঃকরণগতঃ তত্র স্বাধিকারং কর্ত্তুমিব প্রবিষ্টঃ নন্বাজ্ঞাং বিনা পরকীয়ান্তঃ পুরপ্রবেশঃ সনকাদীনামিব সহসানুচিত ইতিচেত্তত্র সন্ন্যায়মাহ স্ববিবরেণ নাসাচ্ছিদ্রেণ নাসাচ্ছিদ্রং খলু বায়োরেব বিবরং ভবতি তত্র প্রবেষ্টুং কস্যাজ্ঞাং গৃহ্নীয়াদিতি ভাবঃ। তত্র গত্বা কিমকরোত্তত্রাহ চিত্ততন্বোঃ সংক্ষোভঞ্চকার আদৌ বলাচ্চিত্তং সানন্দ বিবর্ত্তে নিপাত্য ক্ষোভয়ামাস ততস্তনুমপি কম্পাশ্রুরোমাঞ্চ স্বেদাদিভিঃ। লোকেঽপ্যন্যোপি পরকীয় দেশেষ্বধিকারং চিকীর্ষুঃ প্রথমং তদ্দেশাধ্যক্ষং নিবধ্য বিলুণ্ঠ্য ক্ষোভয়তি ততস্তদ্দেশমপি স্বসৈন্য সম্মর্দ্দিতং করোতীতি নন্বক্ষরানন্দ জুষাং তেষাং চিত্তং ব্রহ্মানন্দময়মেব। কথং ভগবদানন্দস্তৎস্বময়ং করোতু তত্রাহ অক্ষরজুষামপীতি এবমেবাস্য মাধুর্য্যা-ধিক্যেন বলবত্ত্বমিতি ভাবঃ ॥ ৪৩ ॥

এবং তুলসীগন্ধেন শোধিত প্রাণানাং তেষামিন্দ্রিয়াণাঞ্চ প্রাণাধীনত্বাৎ প্রথমং চক্ষুর্ভ্যাং রূপমাধুর্য্য গ্রহণে লব্ধাধিকারাণাং রূপ মাধুর্য্যস্যচ প্রত্যঙ্গগতবৈবিধ্যেনানন্ত্যাৎ যুগপজ্জিঘৃক্ষায়ামাবেগসঞ্চারিকারিত মানন্দ সম্মর্দ্দ বৈবশ্যমাহ তে বা ইতি। বৈ নিশ্চিতং বদনমেবাসিতপদ্মস্য কোষঃ বাহ্যরক্ষদলপটলরহিতোঽন্তর্ভাগস্তমুদ্বীক্ষ্য উৎকৃষ্টমাধুর্য্যত্বেনাস্বাদ্যস্তত্রাপি সুন্দরতরেতি অধরমাধুর্য্যমুৎকৃষ্টতরং তদুপরিচ হাস্যপরিহাস মাধুর্য্যমুৎকৃষ্টতমমিতি ভাবঃ। লব্ধাশিষ ইতি পিত্রা ব্রহ্মণা ভ্রাত্রা নারদেনচ ভক্ত্যর্থং যা আশিষঃ পূর্ব্বং দত্তা স্তৎফললাভাৎ তা লব্ধা ইত্যর্থঃ। অহো চরণসৌন্দর্য্যং কীদৃশমিতি মুখমাধুর্য্যমীষদেব গৃহীত্বা তত্রাতৃপ্তা এব তে চরণ মাধুর্য্যে দত্তেক্ষণা বভূবুরিত্যাহ পুনরিতি নখা এব অরুণমণয় স্তেষাং শ্রয়ণমাশ্রয়ভূতং অঙ্ঘ্রিদ্বন্দ্বং পুনরব অধঃ প্রদেশে ঈক্ষিত্বা ঈষ বীক্ষ্য নিদধুঃ পুনরপি মুখং বীক্ষ্য পুনঃ পুনরপ্যেবং দদৃশুরিত্যর্থঃ। নির্ব্বর্ণনন্তু নিধ্যানং দর্শনালোকনেক্ষণমিত্যমরঃ এবং শ্রীস্বা-মিচরণাস্তু যুগপৎ সর্ব্বাঙ্গলাবণ্য গ্রহণাশক্তেঃ পশ্চান্নিদধ্যু ধ্যা ভবন্ত ইত্যাহুঃ এবমত্র লব্ধাশিষ ইত্যগ্রেচ পিত্রানুবর্ণিতরহা ইত্যাভ্যাং ভক্তকৃপানুগামিন্যা ভগবৎ কৃপয়ৈবৈষাং ভক্তেরুৎপত্তাবপি ভগবৎকৃপায়া ভূয়স্ত্বাত্ত্বা ব্যপদেশা ভবন্তীতি ন্যায়েন ভগবৎকৃপয়ৈব

তাঁহাদের নাসারন্ধ্র যোগে অন্তর্গত হইল। তাহাতে যদিও তাঁহারা ব্রহ্মজ্ঞান দ্বারা নিরন্তর ব্রহ্মানন্দ অনুভব করিতেন তথাপি তাঁহাদের চিত্তে হর্ষ এবং গাত্রে লোমাঞ্চ হইল ॥ ৪৩ ॥

তাঁহারা ঊর্দ্ধ দৃষ্টি দ্বারা নীলপদ্মের কোষ স্বরূপ ভগবদ্বদনে অরুণবর্ণ মনোহর অধর এবং কুন্দ পুষ্প সদৃশ হাস্য অবলোকন করিয়া অতীব হৃষ্ট চিত্ত হইলেন। পুনর্ব্বার অধো দৃষ্টি দ্বারা তাঁহার চরণ যুগল যাহা নখ রূপ অরুণ বর্ণ মণির আশ্রয় ছিল তাহা দর্শন করিলেন। এই রূপে এক কালীন সর্ব্বাঙ্গের লাবণ্য অনুভব করিবার বাসনায় বারম্বার ঊর্দ্ধ দৃষ্টি ও অধো দৃষ্টি হইলেন, কিন্তু একেবারে

লব্ধাশিষঃ পুনরবেক্ষ্য তদীয়মঙ্ঘ্রিদ্বন্দ্বং নখারুণমণিশ্রয়ণং নিদধ্যুঃ ॥ ৪৪ ॥
পুংসাং গতিং মৃগয়তামিহ যোগমার্গৈ র্ধ্যানাস্পদং বহুমতং নয়নাভিরামং।
পৌংস্নং বপুর্দ্দর্শয়ানমনন্যসিদ্ধৈরৌৎপত্তিকৈঃ সমগৃণন্ যুতমষ্টভোগৈঃ ॥ ৪৫ ॥
শ্রীকুমারা ঊচুঃ ॥
যোহন্তর্হিতো হৃদিগতোপি দুরাত্মনাং ত্বং নাদ্যৈব নো নয়নমূলমনন্তরাদ্ধঃ।

শ্রীধরস্বামী।

ভূতমঙ্ঘ্রি দ্বন্দ্বং পুনরবেক্ষ্য অধো দৃষ্ট্যা বীক্ষ্য পুনঃ পুনরেবং বীক্ষ্য যুগপৎ সর্ব্বাঙ্গ লাবণ্য গ্রহণাসক্তেঃ পশ্চান্নিদধ্যুঃ ধ্যাতবন্তঃ ॥ ৪৪ ॥

যোগমার্গৈ র্গতিং মৃগয়তাং পুংসাং ধ্যানস্য বিষয়ভূতং। বহুমতং অত্যাদরাস্পদং বহূনাং তত্ত্বদৃশাং সম্মতমিতি বা। পৌংস্নং পৌরুষং বপু র্দ্দর্শয়ন্তং অনন্যৈরসিদ্ধৈ রসাধারণৈরৌৎপত্তিকৈ র্নিত্যৈরণিমাদ্যষ্টৈশ্বর্য্যৈর্যুতং সমগৃণন্ সম্যগস্তুবন্ ॥ ৪৫ ॥

নিত্যং ব্রহ্ম রূপেণ প্রকাশসে ন তচ্চিত্রং ইদানীন্তু পরম মঙ্গলং বিশুদ্ধ সত্ত্বমূর্ত্ত্যা প্রত্যক্ষোসি। অহো ভাগ্যমস্মাকমিত্যাহুঃ।

ক্রমসন্দর্ভঃ।

ত্যর্থঃ। নির্ব্বর্ণনন্তু নিধ্যানং দর্শনালোকমেক্ষণমিত্যমরঃ। কোশো বিহীনবাহুদলপটলো হস্তর্ভাগঃ ॥ ৪৪ ॥

পুংসামিতি বহুমতং ব্রহ্মণোঽপি ঘনপ্রকাশত্বাদত্যাদরাস্পদং পৌংস্নং বপুর্দর্শয়ানমিতি। পুরুষস্য গর্ভোদশায়িনো গুণাবতার রূপং শ্রীবিরাটাখ্যং যদ্বপু স্তদভিন্নতঃ স্বং বপুর্দর্শয়ন্তং ন তু ব্রহ্মাদিবদন্যথাত্বেনেত্যর্থঃ। অনন্যেতি অনন্যেন স্বেনৈব সিদ্ধৈঃ স্বরূপ ভূতৈরিত্যর্থঃ। অতএব ঔৎপত্তিকৈঃ তত্ত্বদেবানাদিসিদ্ধৈরিত্যর্থঃ। অণিমাদ্যষ্টৈশ্বর্য্যৈর্যুতং বিশিষ্টং নতূপলক্ষিতং। অনেন তেষাং স্তুত্যাস্পদবিশেষণত্বেন ঐশ্বর্য্যোপলক্ষিতসমস্তভগানাং তাদৃশত্বং ব্যঞ্জিতং ॥ ৪৫ ॥

অথ শ্রীভগবত স্তাদৃশত্বে তাদৃশত্বব্যঞ্জিনীং নিজাং মূর্ত্তিং তেষামেব স্বহার্দ্দাভিব্যক্তীকরণস্তুতিবাক্যেন প্রমাণয়তি কুমারা ঊচুরিতি। স্তুতিমাহ য ইতি পঞ্চভিঃ। অত্রাক্ষরজুষামপীত্যনুস্মৃত্য ব্যাখ্যায়তে নিত্যং ব্রহ্মস্বরূপেণ প্রকাশসে ন তচ্চিত্রং। ইদানীং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সনকাদীনাং ভক্তির্ভক্ত্যৈব তেষাং তন্মাধুর্য্যানুভব ইতি প্রসিদ্ধিঃ ॥ ৪৪ ॥

কিন্তু মুমুক্ষূণামপি শুদ্ধভক্ত্যভাবাত্তন্মাধুর্য্যমজিঘৃক্ষূণামপি তদ্ধ্যানং বিনা ন মুক্তিরিত্যাহ পুংসামিতি গতিং মুক্তিং যোগমার্গৈ রষ্টাঙ্গ যোগৈর্বহুমতং ধ্যানাস্পদমিতি সবিশেষরূপস্যাবশ্য ধ্যেয়ত্বে নারায়ণ স্বরূপমেব বহূনাং সম্মতমিত্যর্থঃ। পৌংস্নং পুরুষ সম্বন্ধি বপুর্দ্দর্শয়ন্ত মিতি মোহিন্যাদি বপুরন্তরমপি তস্য ভগবচ্ছব্দ বাচ্যং বহুতর মস্তীতি ধ্বনিতং অনন্যেন স্বেনৈব সিদ্ধৈঃ স্বরূপ ভূতৈরিত্যর্থঃ। অতএবৌৎপত্তিকৈ র্নিত্যৈঃ অষ্টভিঃ শব্দস্পর্শরূপরসগন্ধ কৃপা কর্ম্মৈশ্বর্য্যৈর্ভোগৈ র্নানাবিধ ভক্তৈর্ভক্ত্যা ভুজ্যমানত্বাদাস্বাদ্যমানত্বাদ্ভোগৈঃ। তত্র শব্দাদীনি সৌস্বর্য্য সৌকুমার্য্য সৌন্দর্য্য মাধুর্য্য সৌরভ্য বাৎসল্য লীলাশব্দবাচ্যানি সপ্ত মাধুর্য্যাণি ভক্তানাং প্রেমাকার বহিরিন্দ্রিয়ভোগ্যানি অষ্টমং ভগবচ্ছব্দবাচ্যমৈশ্বর্য্যষট্কং ভক্তৈ র্মুমুক্ষুভি র্মুক্তৈশ্চ যথাশক্তি স্বাদ্যত ইতি জ্ঞেয়ং। অষ্টভোগৈ রণিমাদ্যষ্টৈশ্বর্য্যৈরিতি কেচিৎ ॥ ৪৫ ॥

অহো মহৎকৃপায়া অপারো মহিমা যতো ভগবতা ঈদৃশ সাক্ষাৎকারানন্দমনুভাবিতাঃ স্ম ইত্যহো ভাগ্যমস্মাকমিত্যাহুঃ হে অনন্ত অপারমাধুর্য্যৈশ্বর্য্যসিন্ধো যস্ত্বং হৃদ্গতোপি দুরাত্মনামন্তর্হিতএব স ত্বং ন কেবল মদ্যৈব নোস্মাকং নয়নমূলং রাদ্ধঃ প্রাপ্তোসি

ঊর্দ্ধাধো দৃষ্টি হওয়া অসম্ভব, সুতরাং ঐ বাসনা পূর্ণ না হওয়াতে পশ্চাৎ ধ্যানপরায়ণ হইলেন ॥ ৪৪ ॥

মুনিগণ ধ্যানস্থ হইলে, ভগবান্ যে সকল পুরুষ যোগমার্গ দ্বারা গতি অন্বেষণ করিয়া থাকেন তাঁহাদিগের ধ্যানের বিষয়ীভূত এবং অত্যন্ত আদরাস্পদ ও নয়নের আহ্লাদ জনক আপনার পুরুষাকার শরীর দর্শন করাইতে লাগিলেন, তাহাতে মুনিরা ঐ অবস্থাতেই অসাধারণ অণিমাদি অষ্ট ঐশ্বর্য্যযুক্ত সেই ভগবানের স্তব আরম্ভ করিলেন ॥ ৪৫ ॥

ঐ মুনি সকল কহিলেন হে অনন্ত! তুমি হৃদয়স্থ হইয়াও দুরাত্মা ব্যক্তিদিগের নিকট অন্তর্হিত থাক অর্থাৎ তাহারা তোমার দর্শন পায় না, কিন্তু অদ্য আমাদের নিকট তিরোহিত হইতে পারিলে না,

যর্হ্যেব কর্ণবিবরেণ গুহাং গতো নঃ পিত্রানুবর্ণিত রহা ভবদুদ্ভবেন ॥ ৪৬ ॥
তং ত্বাং বিদাম ভগবন্ পরমাত্মতত্ত্বং সত্ত্বেন সংপ্রতি রতিং রচয়ন্তমেষাং।

শ্রীধরস্বামী।

হে অনন্ত যত্ত্বং হৃদ্গতোপি দুরাত্মনাং অন্তর্হিতো ন স্ফুরসি। স নোঽস্মাকমন্তর্হিতো ন ভবসি। নয়নমূলং স্বদ্যোব রাদ্ধঃ প্রাপ্তোসি অন্তর্দ্ধানাভাবে হেতুঃ ভবতঃ সকাশাদুদ্ভবো যস্য তেনাস্মৎ পিত্রা যর্হি যদৈবানুবর্ণিত রহা উপদিষ্ট রহস্যঃ তদৈব নঃ কর্ণমার্গেণ গুহাং বুদ্ধিং গতঃ প্রাপ্তোসীতি ॥ ৪৬ ॥

নমু পিত্রোপদিষ্টং ভবতামদৃশ্য মাত্মতত্ত্বং। অহন্ত্বন্য এব স্যাং দৃশ্যত্বাৎ। নৈবং অস্মৎ প্রত্যভিজ্ঞয়া ভেদ নিরাসাদিত্যাহুঃ। তমিতি হে ভগবন্ আত্মতত্ত্বমেব পরং তত্ত্বং ত্বাং বিদাম বিদ্মঃ প্রত্যভিজানীমঃ। নমু নিরুপাধে রাত্মতত্ত্বস্য কথমীদৃশমৈশ্বর্য্যং স্যাদত

ক্রমসন্দর্ভঃ।

তু বিশুদ্ধসত্ত্বলক্ষণেন স্বরূপশক্তিবৃত্তিবিশেষেণ প্রকাশিতয়া ঘন প্রকাশপরতত্ত্বৈকরূপয়া মূর্ত্ত্যা প্রত্যক্ষোঽসি অহো ভাগ্যমস্মাকমিত্যাহুঃ হে অনন্ত যত্ত্বং দুষ্ট্যাত্মনা মন্তর্যামি রূপেণ হৃদিগতোঽপ্যন্তর্হিতো ভবসি ন স্ফুরসীত্যর্থঃ। স ত্বং নোঽস্মাকং অন্তর্হিতো ন ভবসি। তত্র হেতুঃ যর্হ্যেব ভবদুদ্ভবেনাস্মাকং পিত্রাস্মভ্যমনুবর্ণিতরহাঃ উপদিষ্টচতুঃশ্লোকীপ্রোক্তপ্রেমভক্ত্যাখ্যরহস্যঃ প্রোক্তঃ তর্হ্যেব কর্ণবিবরেণ তদ্রূপতয়া গুহাং গতো ঽস্যন্তঃ স্ফুরসীতি নয়নমূলং ত্বদ্যোব রাদ্ধঃ প্রাপ্তোঽসি কৃপাবৈশিষ্ট্যেন তর্হ্যেব সম্যগ্ নয়নং প্রবিষ্টঃ তত্রাবির্ভূত ইত্যর্থঃ ॥ ৪৬ ॥

তমেবানুভবেন পরমতয়া নিশ্চিন্বন্তি তং ত্বামিতি। হে ভগবন্ তং পিত্রোপদিষ্টরহস্যং ত্বাং পরমং ভগবল্লক্ষণং যদাত্মতত্ত্বং ব্রহ্মণো হি প্রতিষ্ঠাহমিতি শ্রীভগবদ্গীতানুসারী শুভাশ্রয়ঃ সচ্চিত্তস্য সর্ব্বগস্য তথাত্মনঃ ইতি শ্রীবিষ্ণুপুরাণাদি প্রসিদ্ধং ব্রহ্মণো হি পরমং তদেব বিদাম প্রত্যভিজানীমঃ। কথং তত্রাহুঃ সংপ্রতি অধুনা সত্ত্বেন অস্মাস্বেতদ্রূপাবির্ভাবেন এতাবন্তং কালং ন জ্ঞাতবন্তো বয়ং অধুনা তু সাক্ষাদনুভবেন নিশ্চিতবন্ত ইত্যর্থঃ। ন কেবলং প্রত্যভিজ্ঞমাত্রমিত্যাহুঃ। এষামস্মাকং ব্রহ্মানুভবিনামপি রতিং রচয়ন্তং অন্যথা রতিরপি ত্বয়্যস্মাকং নোত্তবেদিতি ভাবঃ। যদ্বা এষামস্মাকং ব্রহ্মানুভবিনামপি সম্প্রতি সাক্ষাৎকারসময়েঽস্মিন্ রতিং রচয়ন্তমিতি

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অপিতু পূর্ব্বমসি নমু কদাহমেবং দৃষ্ট আসং তত্র সরসমাহুঃ যর্হীতি ন স্মরসি ভবদুদ্ভবেন পিত্রা ব্রহ্মণা অনুবর্ণিতং রহো যস্য সত্ত্বং যদৈব নোঽস্মাকং কর্ণমার্গেণ গুহ্যাং বুদ্ধিং গতঃ প্রাপ্তোসি তদৈবেত্যয়মর্থঃ। ভো ব্রহ্মানুভবিনো মত্তনয়া ব্রহ্মসাক্ষাৎকারাদপি ভগবৎ সাক্ষাৎকারঃ কোটিগুণিতানন্দঃ সোপি ভবতামস্ত সতু ভগবান্নীলোৎপলদলশ্যামলঃ পীনাম্বত চতুর্ব্বাহুঃ কটককেয়ূর কুণ্ডলাদিমণ্ডিতশ্চন্দ্রবদনো বৈকুণ্ঠে বিরাজমানো ভক্ত্যা লভ্যত ইতি তস্তক্তস্যাস্মৎপিতুঃ কৃপাশীর্ব্বচনং যদৈবাশ্রৌষ্ম তদৈব কারণে লব্ধে তৎফললব্ধেরাবশ্যকত্বাৎ ভাবি কিলাদ্যতনমপি ভগবদ্দর্শনং তদ্ভক্তকৃপাতুল্য কালমেব জাতং জানন্তো বয়মাস্মেতি ভঙ্গ্যা হন্ত ভগবন্নত্বং স্বতন্ত্রোঽস্মান্ কৃপয়সি কিন্তু স্বভক্তাধীন এবেতি স্বভক্তকৃপায়া মাহাত্ম্যমনির্ব্বচনীয়মেবেতি ॥ ৪৬ ॥

কিঞ্চ এতাবন্তং কালং বয়ং জ্ঞানিন এবাস্ম সংপ্রতিতু ভক্ত্যা অভূমেত্যহো ভাগ্যমস্মাকমিত্যাহুঃ। তং পিত্রানুবর্ণিত রহসং ত্বাং সংপ্রতি সত্ত্বেন সাধুত্বেন ত্বৎকৃপয়াপীত্যর্থঃ। উদ্ভূতেন বৈষ্ণবত্বেন হেতুনা বিদাম সাক্ষাদনুভবাম পরমং যদাত্মতত্ত্বমিতি আত্মতত্ত্বমস্মাকং পূর্ব্বমনুভূতমাসীদেব অধুনাতু ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিত্যাদি স্বভক্তেকৎকৃষ্টাত্মতত্ত্বমপীত্যর্থঃ। এষাং বৈকুণ্ঠবা-

আমাদের নয়ন গোচর হইলে। প্রভো! আমাদের পিতা ব্রহ্মা, তোমা হইতে তাঁহার জন্ম হয়, তিনি যৎকালে তোমার রহস্য অর্থাৎ ত্বদীয় ভগবল্লক্ষণ আত্মতত্ত্ব আমাদিগকে উপদেশ দেন তৎকালেই তুমি আমাদের কর্ণপথ দ্বারা বুদ্ধি মধ্যে প্রবিষ্ট হইয়াছ, ইহাতে কি তোমার আর অন্তর্দ্ধান হইতে পারে? ॥ ৪৬ ॥

হে ভগবন্! যে সকল মুনি নিরভিমান এবং রাগ শূন্য তাঁহারা দৃঢ় ভক্তিযোগ দ্বারা স্ব স্ব হৃদয়ে যে তত্ত্ব অনুভব করিয়া থাকেন আমাদের বিলক্ষণ স্মরণ হইতেছে তুমিই সেই আত্মতত্ত্ব রূপ পরম

অত্র শ্রীভগবতঃ কিমপি চিকীর্ষিতমেব কারণং নিশ্চিত্যাহুঃ যং বেতি। পুনঃ স্বাপরাধমেব নিশ্চিত্যাহুঃ অস্মাস্বিতি ॥ ২৫ ॥

তত্র তেষাং তয়োশ্চ চিত্তপ্রসক্তৌ স্বচিকীর্ষিতমেব কারণমাহ এতাবিতি। গতিশ্চেষ্টা অনুকরণমিতি যাবৎ। পূর্ব্ব

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্তেজোহানিকরী তত্রাহুঃ নৈতাবতেতি। এতাবতাতু ধর্ম্মত্রাণ প্রয়োজনেন অবনতস্য নমনং কৃতবতস্তব তেজঃ প্রভাবঃ ন ক্ষতঃ ন ক্ষীণং। যতঃ স নর্ম্মনাদিস্তে বিনোদঃ কৌতুকবিশেষ এব ॥ ২৪ ॥

যস্ত তস্ত দুরবগাহাভিপ্রায়ং ত্বাং কায়মনোবাক্যৈ রবনতা বয়মিদং নিবেদয়াম ইত্যাহুঃ। যং বা দমং দণ্ডং ব্রহ্মণ্যত্বাত্তথা ভক্তবৎসলত্বাদ্বৃত্তিং যাং অধিকাং জীবিকাং বা ভবান্ বিধত্তে তৎসর্ব্বমনুমন্যামহে স্বচ্ছন্দেনৈব প্রভো তাং বিধেহি। অস্মদুক্তোভিশাপস্ত রসাতলং গচ্ছত্বিতি ভাবঃ। পুনশ্চ সভয়াশ্রুকম্পমাহুঃ। অস্মাস্বিতি যে বয়ং নিরপরাধাবেতৌ কিল্বিষেণ শাপেনাযুঙ্ক্ষ্মহি যোজিতবন্তঃ ॥ ২৫ ॥

মাভৈষ্টেতি তানাশ্বাসয়ন্নাহ এতাবিতি সংরম্ভেণ ক্রোধাবেশেন সংভৃতঃ সংপুষ্টো যঃ সমাধির্মদীয়ধ্যানপরিপাকস্তেনানুবদ্ধঃ প্রতিক্ষণাভ্যস্তো যোগো মৎসংযোগো যাভ্যাং তৌ। ভো বিপ্রা বো যুষ্মাকং শাপঃ স ময়ৈব নিমিত্তো নির্ম্মিতঃ অনয়োর্মৎ পরমভক্তয়োরসুরভাবসিদ্ধ্যর্থং যুষ্মান্ বৈকুণ্ঠমানীয় দ্বারপালাবিমৌ শুদ্ধসত্ত্বস্বরূপাবপি ব্রাহ্মণমাত্রপরমভক্তাবপি যুষ্মৎপ্রাতিকূল্যে প্রবর্ত্ত্য যুষ্মা

বটে। হে ভগবন্! তুমি ত্রিলোকের অধিপতি এবং এই বিশ্বের পালনকর্ত্তা, ধর্ম্মরক্ষণমাত্র প্রয়োজনে ব্রাহ্মণকুলের প্রতি তুমি যে এ রূপ অবনত হইলে ইহাতে তোমার প্রভাব ক্ষীণ হইল না, ঐ অবনতি কেবল আমোদমাত্র ॥ ২৪ ॥

যাহা হউক, এক্ষণে আমাদের নিবেদন এই আপনি এই দুই ভৃত্যের প্রতি যদি অন্য কোন দণ্ড-বিধান করেন, অথবা যদি ইহাদের জীবিকা অধিক করিয়া দিতে ইচ্ছা হয়, হে অধীশ! যাহা বিধান করিবেন তাহাতেই আমাদের সম্মতি আছে। আর এই দুই ব্যক্তি নিরপরাধ, আমরা অন্যায় করিয়া ইহাদিগকে শাপগ্রস্ত করিয়াছি, যদিস্যাৎ এমত বোধ করেন তাহা হইলে আমাদিগের প্রতি যাহা উচিত হয় সেই দণ্ডই বিধান করুন ॥ ২৫ ॥

সনকাদি মুনিগণের এই সমস্ত বচন শ্রবণ করিয়া ভগবান্ কহিলেন এই দুই ব্যক্তি এখনি অসুর যোনি প্রাপ্ত হউক, ক্রোধাবেশ বশতঃ সমৃদ্ধ সমাধি করাতে ইহাদের যোগ দৃঢ়ীকৃত হইবে, তাহাতে

ভূয়ঃ সকাশমুপযাস্যত আশু যো বঃ শাপোময়ৈব নিমিতস্তদবেত বিপ্রাঃ ॥ ২৬ ॥

শ্রীব্রহ্মোবাচ ॥

অথ তে মুনয়ো দৃষ্ট্বা নয়নানন্দভাজনং। বৈকুণ্ঠং তদধিষ্ঠানং বিকুণ্ঠঞ্চ স্বয়ং প্রভং ॥ ২৭ ॥

ভগবন্তং পরিক্রম্য প্রণিপত্যানুমান্যচ। প্রতিজগ্মুঃ প্রমুদিতাঃ শংসন্তো বৈষ্ণবীং শ্রিয়ং ॥ ২৮

ভগবাননুগাবাহ যাতং মাভৈষ্টমস্তু শং। ব্রহ্মতেজঃ সমর্থোপি হন্তুং নেচ্ছে মতং তু মে ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

যিষ্যতঃ। সংরম্ভেণ ক্রোধাবেশেন সম্ভৃতঃ সম্বদ্ধো যঃ সমাধিঃ একাগ্রতা তেনানুবদ্ধো দৃঢ়ীকৃতো যোগো যয়োঃ হে বিপ্রাঃ যো বঃ শাপঃ যুষ্মৎ কৃতঃ শাপঃ তদিতি সঃ ময়ৈব নিমিতঃ নির্ম্মিতঃ ইত্যবেত্ত জানীত ॥ ২৬ ॥

নেত্রোৎসব জনকং বিকুণ্ঠং হরিং তন্নিবাসঞ্চ বৈকুণ্ঠং স্বয়ং প্রভং প্রকাশান্তরানপেক্ষং সত্ত্বপরিণামত্বাৎ ॥ ২৭ ॥

অনুমান্য অনুজ্ঞাপ্য। পরিক্রম্য প্রদক্ষিণী কৃত্য ॥ ২৮ ॥

ময়ৈবতু মতং সম্মতং ইদমত্র তত্ত্বং যদ্যপি সনকাদীনাং ক্রোধো ন সম্ভবতি। নচ ভগবৎ পার্ষদয়োঃ তয়োঃ ব্রাহ্মণ প্রাতিকূল্যং।

ক্রমসন্দর্ভঃ।

সংরম্ভেণ সমাধিঃ পশ্চাৎ যোগো ভক্তিযোগঃ যঃ স্বাভাবিকঃ স এব যয়োস্তৌ। সকাশং সমীপং শ্রীকৃষ্ণসাযুজ্যং প্রাপ্য তদন্তর্দ্ধানা-নন্তরমিতি জ্ঞেয়ং ॥ ২৬ ॥

অথেতি যুগ্মকং। স্বয়ম্প্রভং স্বপ্রকাশং ভগবদ্বৎ সচ্চিদানন্দরূপত্বাং ॥ ২৭ ॥ ২৮ ॥

তচ্চিকীর্ষিতত্বমেব স্পষ্টয়তি ভগবানিতি। মা ভৈষ্টমস্তু শমিত্যস্য আসুরভাবোঽপি ভবতো জীবন্মুক্তানাং দেহাবেশ ইব

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কমাত্মারামচূড়ামনীনামপি ক্রোধমুপপপাদ্য শাপমুৎপাদিতো ময়ৈব নতুমৎপার্ষদয়োর্নাপি যুষ্মাকং কোপ্যপরাধ ইতি ভাবঃ। ননু ভক্তবৎসলস্যাপি তব ভক্তাভ্যামাভ্যামীদৃশদুঃখদানে প্রবৃত্তৌ কিং কারণং তত্রাহ তৎকারণং হে বিপ্রা অবৈত পরামৃশ্য সর্ব্বজ্ঞত্বেনৈবা-বগচ্ছত কিং ময়া প্রকাশিতেন তচ্চ কারণং জয়বিজয়য়োরেব প্রেমবিজৃম্ভিতা কাচিদিচ্ছা। সাচ ভো প্রভুবর দেবাধিদেব বৈকুণ্ঠনাথ অন্যত্রাল্পবলত্বাৎ। অস্মাসু প্রাতিকূল্যাভাবাৎ যদি তত্র ভবতো যুযুৎসা সুখং ন সংপদ্যতে তদা আবামেব কেনাপি প্রকারেণ প্রতি-কূলীকৃত্য তদ্যুদ্ধসুখ মনুভূয়তামিত্যাবয়োস্তৎ সর্ব্বসুখ পরিপূর্ণতায়াং অণুমাত্রমপি ন্যূনত্বমসহমানয়োঃ কিঙ্করয়োঃ প্রার্থনা হঠঃ স্বভক্ত-বাৎসল্য গুণমপি লঘু কৃত্যনিষ্পাদ্যতামিতি মনোমুলাপময়ী রসো বৈ স রস ইতি আনন্দময় ইতি সৈষা আনন্দময়স্য মীমাংসা ভবতী-ত্যাদি শ্রুতিবিবৃতিষু ভগবতঃ শৃঙ্গারাদি সর্ব্বরসপরিপূর্ত্তি বিবেচন প্রসঙ্গতবাজ্ঞেয়া। ততশ্চ স্বেচ্ছাময়স্যেতি মদ্ভক্তানাং বিনোদায় করোমি বিবিধাঃ ক্রিয়া ইতি তৎপ্রকার সম্পাদনে ভগবতোপীচ্ছাপ্যজনীতি রহস্যস্য প্রকটামুক্তি রহোমহদপরাধাদ্বৈকুণ্ঠাদপি পরমসিদ্ধানামপ্যধঃ পাতো ভবেৎ কিং পুন মর্ত্ত্যলোকাৎ সাধকাভাসানামস্মাকমিতি সাধকভক্তোস্মহদপরাধেষু সাবধানী কর্ত্তুং জ্ঞেয়া ॥ ২৬ ॥

বিকুণ্ঠং হরিং তদধিষ্ঠানং বৈকুণ্ঠং স্বয়ং প্রভং স্বপ্রকাশং শুদ্ধসত্ত্বময়ত্বাৎ অনুমান্য অনুজ্ঞাপ্য ॥ ২৭ ॥ ২৮ ॥

তদৈবোপস্থিতাবনুগৌ জয়বিজয়ৌ দৃষ্ট্বাহ। যাতং ইতো মর্ত্ত্যলোকং গচ্ছতং তদৈব বিরহব্যাকুলৌ ফুৎকৃত্য রুদন্তৌ বীক্ষ্য

অচিরে পুনরায় আমার সমীপে আসিতে পারিবে। হে দ্বিজগণ! তোমরা যে ইহাদিগকে শাপ দিয়াছ তাহাতে তোমাদের কোন অপরাধ নাই, তোমাদের প্রদত্ত ঐ শাপ আমারই নির্ম্মিত ॥ ২৬ ॥

ব্রহ্মা কহিলেন অনন্তর সেই মুনিগণ বিকুণ্ঠ ও বৈকুণ্ঠ উত্তমরূপে দর্শন করিলেন। ভগবান্ এবং তদীয় নিবাস ভবন উভয়ই নেত্রোৎসব জনক ও সচ্চিদানন্দ প্রযুক্ত স্বয়ং প্রকাশমান, সুতরাং তদব-লোকনে তাঁহাদের অতিশয় অনন্দানুভব হইল ॥ ২৭ ॥

পরে তাঁহারা প্রদক্ষিণ পূর্ব্বক প্রণাম করিয়া ভগবানের অনুমতি গ্রহণ করত প্রমোদিত হইয়া ভগবানের ঐশ্বর্য্যের কথা কহিতে কহিতে স্ব স্ব স্থানে প্রতিগমন করিলেন ॥ ২৮ ॥

মুনিগণ গমন করিলে ভগবান্ আপনার সেই দুই পার্ষদকে সান্ত্বনা করত কহিলেন, তোমরা

শ্রীধরস্বামী।

নচ ভগবতঃ স্বভক্তোপেক্ষা। নচ বৈকুণ্ঠ গতানাং পুনর্জন্ম। তথাপি ভগবতঃ সিসৃক্ষাদিবৎ কদাচিৎ যুযুৎসা সমজনি। তদান্যে-ষামল্পবলত্বাৎ স্বপার্ষদানাঞ্চ তুল্যবলত্বেপি প্রতিপক্ষানুপপত্তেঃ এতৌ এব ব্রাহ্মণ নিবারণে প্রবর্ত্ত্য তেষু চ ক্রোধমুদ্দীপ্য তচ্ছাপ ব্যাজেন প্রতিপক্ষৌ বিধায় যুদ্ধকৌতুকং সম্পাদনীয়মিতি ভগবতৈব ব্যবসিতং অতঃ সর্ব্বং সংগচ্ছতে তদিদমুক্তং শাপো মহৈব নিমিত ইতি মাভৈষ্টমস্ত শমিতি হন্তুং নেচ্ছে মতং তু মে ইত্যাদিচ ॥ ২৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

নটানাং তত্তদনুকরণমিবঞ্চ তদাভাস এব স্যাদিতি ভাবঃ। তথৈব হি ব্যাখ্যাস্যতে তৈঃ সপ্তমে। বিষ্ণুচক্রহতাংহসাবিত্যত্র তয়োরংহ এব হতং ন তু তাবিতি। তদিদং ষষ্ঠসন্দর্ভে সপ্তমবাক্যাবতারিকায়াং কচিচ্চ লীলাশক্তিরেবেত্যারভ্য বস্তুতঃ তেন তথা উক্তত্বেন কোপাদি হেত্বাভাবাৎ ইত্যেষেত্যন্তেন বিবৃতমস্তি।

তথাহি কচিচ্চ লীলাশক্তিরেব স্বয়ং তল্লীলামাধুর্য্যপোষায় প্রতিকূলেষনুকূলেষু চান্যোপকরণেষু তাদৃশশক্তিং বিন্যস্য তাদৃশতৎপ্রিয়জনানামপি বিষয়াবেশাদ্যাভাসং সম্পাদয়তি। যথা পূতনাবর্ণনে। বল্গুস্মিতাপাঙ্গ বিসর্গবীক্ষিতৈ র্মনো হরন্তীং বনিতাং ব্রজৌকসামিতি। তদাভাসত্ববিবক্ষয়া চ মনোহরন্তী মনোহরেবাচরন্তীতি শ্লিষ্টমুক্তং। তদস্ত শক্তিত্বঞ্চ তস্যাস্তত্রৈব সূচিতং। ন যত্র শ্রবণাদীনি রক্ষোঘ্নানি স্বকর্ম্মসু। কুর্ব্বন্তি সাত্বতাং ভর্ত্তু র্যাতুধান্যশ্চ তত্র হীত্যনেন। তথৈবেদং ঘটতে অমংসতাম্ভোজকরেণ রূপিণীং গোপ্যঃ শ্রিয়ং দ্রষ্টু মিবাগতাং পতিমিতি। শ্রিয়ং প্রাকৃতসম্পদধিষ্ঠাত্রীং। পতিং যং কঞ্চিত্তদুচিত প্রাচীনপুণ্যভাজমিত্যর্থঃ। পূর্ব্ববদেব তাং তীক্ষ্ণচিত্তামিত্যাদৌ তৎপ্রভয়াবধর্ষিতে জননী অতিষ্ঠতামিত্যুক্তং। এবমেব কচিত্তাদৃশানামপি মায়াভিভবাভাসো মন্তব্যঃ। যথা প্রায়ো মায়াস্তু মে ভর্ত্তু র্নান্যা মে ঽপি বিমোহিনীত্যাদিষু শ্রীবলদেবাদীনাং যথা দৈত্যজন্মনি জয়বিজয়য়োঃ। অত্র পূর্ব্বেষাং স্বল্প এব তদাভাসঃ তয়োস্তু সম্যগিতি বিশেষঃ তৎপ্রেমাদীনামনা-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পুনঃ কৃপাদ্রবচ্চিত্তনবনীত আহ। মাভৈষ্টঃ শং কল্যাণং যুবয়োরস্তু। ইতো মা যাতং অত্রৈব বৈকুণ্ঠে মাং সেবমানৌ সদা তিষ্ঠতমিতি মাপদমুভয়ত্রান্বিতং পুনরানন্দিতৌ তৌ বীক্ষ্যাহ ব্রহ্মতেজঃ ব্রহ্মশাপং হন্তুং সমর্থোপ্যহং মেতু মমতু মতং নেচ্ছামি। ব্রহ্মশাপস্যামোঘত্বমর্য্যাদায়া ময়ৈব কৃতত্বাৎ অতো বজ্রস্যামোঘত্বং রক্ষণার্থং গরুড়ো যথা পক্ষাংশমেকং দদৌ তথৈবৈকাংশেন একৈক প্রকাশেন আসুরভাবং গচ্ছতং বৈকুণ্ঠেপি স্বস্বরূপেণ তিষ্ঠতমিত্যতো বামনচরিতে তানভিদ্রবতো দৃষ্ট্বা দিতিজানীকপান্ নৃপ। প্রহস্যানুচরা বিষ্ণোঃ প্রত্যষেধন্নুদায়ুধাঃ। নন্দসুনন্দোথ জয়ো বিজয়ঃ প্রবলোবলঃ। কুমুদঃ কুমুদাক্ষশ্চ বিষ্বক্সেনঃ পতত্রিরাড়িত্যাদীনাং যুধ্যমানানাং ভগবৎপার্ষদানাং মধ্যে জয়বিজয়য়োরপ্যুল্লেখঃ শ্রূয়তে তদাচ তয়োর্হিরণ্যাক্ষত্ব হিরণ্যকশিপুত্বানন্তরং রাবণকুম্ভকর্ণত্ব প্রাপ্ত্যুন্মুখত্তাচ লক্ষ্যতে ইতি তয়োর্যুগপদেব পার্ষদত্বাসুরত্বান্যথানুপপত্তেরেবমবশ্যমেব ব্যাখ্যেয়ং। অত্রৈতৎ পুরেতি পদ্যং সর্ব্বত্র দৃষ্টমপ্যসাম্প্রদায়িকত্বান্ন ব্যাখ্যাতং ॥ ২৯ ॥

এ স্থান হইতে গমন কর ভয় নাই মঙ্গল হইবে। আমি ব্রহ্মশাপ নিবারণে সমর্থ বটি কিন্তু ইহার প্রতিঘাত করিতে আমার ইচ্ছা নাই, আর এই শাপ আমার অভিপ্রায় মত হইয়াছে।

তাৎপর্য্য। যদিও সনকাদি মুনিগণের ক্রোধ সম্ভব হয় না এবং ভগবৎ পার্ষদদ্বয়ের ব্রাহ্মণদিগের প্রতি প্রাতিকূল্যাচরণ অসম্ভব, আর ভগবানের নিজভক্তের প্রতি উপেক্ষা নাই, তথা বৈকুণ্ঠ গত ব্যক্তি মাত্রেরই পুনর্জন্ম হয় না এ সকল সত্য, তথাপি ভগবানের যেমন সৃষ্টি করিতে ইচ্ছা হয় তদ্রূপ কদাচিৎ যুদ্ধ বাসনা জন্মিয়াছিল। কিন্তু ঐ অভিলাষ কি রূপে পূর্ণ করিতে পারেন, অন্য সকল ব্যক্তি তাঁহা অপেক্ষা হীনবল, তাহাদের সহিত যুদ্ধ হইতে পারে না, আর আপনার পার্ষদগণ তুল্য বল হইলেও তাহাদের প্রতিপক্ষ হওয়া অসম্ভব অতএব আপনি সকলের বুদ্ধিবৃত্তি প্রবর্ত্তক এ প্রযুক্ত ঐ দুই পার্ষদের ব্রাহ্মণ নিবারণে প্রবৃত্তি জন্মাইয়া তাহাদের প্রতি ব্রাহ্মণদের ক্রোধ উদ্দীপন করিয়া ব্রহ্মশাপ ছলে তাহাদিগকে প্রতিপক্ষ করিলেন, যুদ্ধ বিষয়ে তাঁহার যে কৌতুক জন্মিয়াছে অতঃপর তাহা সম্পন্ন করিবেন ॥ ২৯ ॥

ময়ি সংরম্ভযোগেন নিস্তীর্য্য ব্রহ্মহেলনং। প্রত্যেষ্যতং নিকাশং মে কালেনাল্পীয়সা পুনঃ॥
দ্বাঃস্থাবাদিশ্য ভগবান্ বিমানশ্রেণীভূষণং। সর্ব্বাতিশয়য়া লক্ষ্ম্যা জুষ্টং স্বং ধিষ্ণ্যমাবিশৎ॥ ৩০॥
তৌ তু গীর্ব্বাণবৃষভৌ দুস্তরাদ্ধরিলোকতঃ। হতশ্রিয়ৌ ব্রহ্মশাপাদভূতাং বিগতস্ময়ৌ॥ ৩১॥

শ্রীধরস্বামী।

প্রত্যেষ্যতং প্রত্যেষ্যথঃ নিকাশং সমীপং॥ ৩০॥

দুস্তরাৎ ব্রহ্মশাপাৎ হরিলোকতঃ পতন্তাবিতি শেষঃ। হরিলোকত এব হতশ্রিয়াবভূতামিতি বা। বিগতস্ময়ৌ নষ্ট গর্ব্বৌচ॥৩১

ক্রমসন্দর্ভঃ।

বরণাচ্চ। অত্র তয়োর্বৈরভাবপ্রাপ্তৌ খলু মুনিকৃতত্বং ন স্যাৎ মতং তু মে ইত্যত্র ভগবদিচ্ছায়া স্তৎকারণত্বেন স্থাপিতত্বাৎ। নাপি সা তদীয় বৈরভাবায় সম্পদ্যতে স্বেচ্ছাময়স্যেত্যাদিভ্যঃ। ত্রৈবর্গিকায়াসবিঘাতমস্মৎপতি র্বিধত্তে পুরুষস্য শক্রেত্যা-দিভিঃ কৈমুত্যাপাতাচ্চ। অতএবোক্তং। তথা ন তে মাধব তাবকাঃ ক্বচিদ্ভ্রশ্যন্তি মার্গাত্বয়ি বদ্ধসৌহৃদা ইত্যাদি। ন চ তয়োরপি স্বাপরাধভোগশীঘ্রনিস্তারার্থ মপি তাদৃশীচ্ছা জাতেতি বাচ্যং। তাদৃশৈঃ পরম ভক্তৈ র্হি ভক্তিং বিনা সালোক্যাদিকমপি নাঙ্গীক্রিয়তে তৎসম্ভাবে নিরয়োঽপ্যঙ্গীক্রিয়ত ইতি নাত্যন্তিকং বিগণয়ন্তীত্যাদেঃ কামং ভবঃ স্ববৃজিনৈ র্নিরয়েষু নঃ স্তাদিত্যা-দেশ্চ। অতএবাভ্যামপি তথৈব প্রার্থিতং মা বোঽনুতাপকলয়া ভগবৎস্মৃতিঘ্নো মোহো ভবেদিহ তু নৌ ব্রজতো রধোধ ইত্যনেন। ন চ তয়ো র্বাস্তব বৈরভাসত্বে সতি ভক্তান্তরাণামপি সুখং স্যাদিতি বাচ্যং। ভক্তিস্বভাবভক্তসৌহৃদবিরোধাদেব। তস্মাত্তয়োর্বৈরভাবাভাসত্বে এব শ্রীভগবত স্তয়ো রন্যেষাং ভক্তানামপি রসোদয়ঃ স্যাদিতি স্থিতং। তত এব যথাগস্ত্যলব্ধং। সর্ব্বভক্তসুহৃৎ শ্রীভগবদভিমতযুদ্ধকৌতুকাদি সম্পাদনার্থং বৈরাভাবাত্মকমায়িকোপাধিং স্বাভাবিকাণিমাদিসিদ্ধিকেন শুদ্ধসত্বাত্মক স্ববিগ্রহেণ প্রবিশ্য স্বসান্নিধ্যেন চেতনীকৃত্য চ বিলীয় স্থিতায়া অপি ভক্তিবাসনায়াঃ প্রভাবেণ তত্রানাবিষ্টাবেব তিষ্ঠতঃ। অতো বৈরভাবজস্মরণেন বৈরভাবোঽপগত ইত্যুভয়মপি বাহ্যং। এতদভিপ্রেত্যৈব শ্রীবৈকুণ্ঠেনাপ্যুক্তং। যাতং মা ভৈষ্টমস্ত শমিতি। তথা হিরণ্যাক্ষ যুদ্ধে পরানুষক্তমিত্যাদিপদ্যে টীকা। প্রচণ্ডমন্যুত্বং অধিক্ষেপাদকক্ষানুকরণমাত্রং দৈত্যবাক্যভীতানাং দেবানাং ভয়নিবৃত্তয়ে। বস্তুত স্তেন তথা। উক্তত্বেন কোপাদিহেত্বভাবাদিত্যেষা। ব্রহ্মতেজ ইতি। যাবদ্ ব্রাহ্মণত্বোপহিতভক্তীনাং সান্নিধ্য মাসীৎ তাবৎ ব্রহ্মণ্যতা গুণ এব প্রবল আসীৎ। অধুনা শুদ্ধভক্তগুণসান্নিধ্যে তু শুদ্ধভক্তবাৎসল্যমেব। ভক্তবিশেষং প্রাপ্যৈব তদ্গুণ বিশেষ প্রকাশাদিতি ভাবঃ। এতৎ পূর্বৈব নির্দ্দিষ্টং রময়া ক্রুদ্ধয়া তদা। পুরা বদ্বারিতাদ্বারি বিশন্তি ময্যুপারতে। এতদীত্ত পদ্যং বিগীতমাপ সর্ব্বত্র দৃশ্যতে গুর্জ্জরদেশেতু টীকাচাস্তি॥ ২৯॥

তদপরাধাভাসদুঃখ ফলভোগাভাসানুবাদেন মর্য্যাদাং রক্ষয়াহ ময়ীতি। সংরম্ভস্য যোগেন প্রতিফলেনাভাসেনেত্যর্থঃ॥ ৩০॥

দুস্তরাৎ ত্যক্তুমশক্যাদ্ধেতোর্হতশ্রিয়ৌ দুঃখেন ম্লানৌ স্মিতরাহিতৌ চাভূতাং। ব্রহ্মশাপাৎ ব্রহ্মশাপং লক্ষীকৃত্য ভগবদিচ্ছয়ে-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ন চৈকাংশেনাসুরভাবেঽপি চিন্তা কার্য্যা যতোঽহমপ্যবতার ত্রয়েণ যুবাভ্যাং সহ বীররসময়ং যুদ্ধসুখমনুভবিষ্যামীত্যাসুরভাবেঽপি মৎসেবৈব ভবদ্ভ্যাং সংপাদয়িষ্যতে তৃতীয়েতু জন্মনি সাক্ষাদেব বাং স্বীকরিষ্যে ইত্যাহ ময়ীতি সংরম্ভেণ ক্রোধাবেশেন যোগঃ যুদ্ধেষু ময়ি যঃ সংযোগো ধ্যানং বা তেন প্রত্যেষ্যতং প্রত্যেষ্যথ নিকাশং সমীপং॥ ৩০॥

হরিলোকতঃ পতন্তাবিতি শেষঃ। বিগতস্ময়ৌ নষ্টানন্দৌ॥ ৩১॥

অতএব গমন কর তোমাদিগকে অধিক কাল শাপ ভোগ করিতে হইবেক না, তোমরা আমার প্রতি ক্রোধযোগে এই ব্রহ্মহেলন নিমিত্ত পাপ হইতে উত্তীর্ণ হইয়া স্বল্প কালের মধ্যেই পুনর্ব্বার সমীপে প্রত্যাগমন করিবে। ভগবান্ ঐ দুই দ্বারপালকে এই প্রকার আদেশ করিয়া আপনার আবাসে প্রবেশ করিলেন। চতুষ্পার্শ্বে বিমান সকল ভূষণ স্বরূপে শ্রেণী বদ্ধ থাকাতে তাঁহার ভবন সর্ব্বাপেক্ষা অতি-শয় শোভমান ছিল॥ ৩০॥

অনন্তর ঐ দুই দেবপ্রবর দুস্তর ব্রহ্মশাপ বশতঃ বৈকুণ্ঠ লোক হইতে পতিত হইতে হইতে হতশ্রী

তদা বিকুণ্ঠধিষণাত্তয়োর্নিপতমানয়োঃ। হাহাকারো মহানাসীদ্বিমানাগ্র্যেষু পুত্রকাঃ॥ ৩২॥
তাবেব হ্যধুনা প্রাপ্তৌ পার্ষদপ্রবরৌ হরেঃ। দিতের্জঠরনির্বিষ্টং কাশ্যপং তেজ উল্বণং॥ ৩৩॥
তয়োরসুরয়োরদ্য তেজসা যময়োর্হি বঃ। আক্ষিপ্তং তেজ এতর্হি ভগবাংস্তদ্বিধিৎসতি॥ ৩৪॥
বিশ্বস্য যঃ স্থিতিলয়োদ্ভবহেতুরাদ্যোযোগেশ্বরৈরপি দুরত্যয়যোগমায়ঃ।
ক্ষেমং বিধাস্যতি স নো ভগবাংস্ত্র্যধীশ স্তত্রাস্মদীয় বিমৃশেন কিয়ানিহার্থঃ॥ ৩৫॥

শ্রীধরস্বামী।

বিকুণ্ঠস্য ধিষণাৎ স্থানাৎ পুত্রকা হে দেবাঃ॥ ৩২॥
কাশ্যপং তেজো বীর্য্যং প্রাপ্তৌ॥ ৩৩॥
সহৈব গর্ভে প্রবিষ্টৌ যমৌ তয়ো স্তেজসা বস্তেজঃ আক্ষিপ্তং তিরস্কৃতং নচাত্র প্রতিবিধিঃ শক্যঃ যত এতর্হি ইদানীং ভগবানেব তদেবং বিধাতুমিচ্ছতি॥ ৩৪॥
তথাপি কোপ্যুপায়ো বিচার্য্যতামিতি চেত্তত্রাহ বিশ্বস্যেতি ত্রয়াণাং গুণানাং অধীশঃ সএব সত্ত্বোৎকর্ষ কালেন ক্ষেমং বিধাস্যতি। বিমৃশেন বিমর্শনেন॥ ৩৫॥

ক্রমসন্দর্ভঃ।

বেত্যর্থঃ॥ ৩১॥ ৩২॥
তাবেবেতি। তৌ পার্ষদরূপাবেব সন্তৌ অনিমাদ্যসিদ্ধ্যা প্রাপ্তৌ প্রবিষ্টৌ॥ ৩৩॥
তয়োরিত্যস্য টীকায়াং তদেব বিধাতুমিতি তদিত্যস্যৈবার্থঃ॥ ৩৪॥
নোঽস্মাকং ভক্তানাস্তু সর্ব্বদা ক্ষেমমেব করিষ্যতি॥ ৩৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিকুণ্ঠস্য ধিষণাৎ স্থানাৎ বিমানাগ্রেষু সত্যাদিলোকস্থবিমানশ্রেষ্ঠেষু পুত্রকা হে দেবাঃ॥ ৩২॥
কাশ্যপং তেজঃ কশ্যপস্য বীর্য্যং প্রাপ্তৌ স্বদেহত্বেনাঙ্গীকৃতবন্তাবিত্যর্থঃ॥ ৩৩॥
যময়োঃ শ্লেষেণান্তকতুল্যয়োঃ। তর্হি কিমপ্যুপশমনং কুর্ব্বিতি চেৎ তত্র কে বয়ং বরাকাঃ। শাপভ্রষ্টয়োরপি ভগবৎপার্ষদয়োরুপরি নাস্মাকং প্রভুতেত্যাহ তৎ খলূপশমনং সএব ভগবান্ বিধাতুমিচ্ছতি॥ ৩৪॥
নন্থ বয়ং সংপ্রতি ম্রিয়ামহে স কদা উপশমং বিধাস্যতীতিচেত্তত্র ভবন্তো ম্রিয়ন্তাং জীবন্তু বা তস্যৈবেচ্ছা কারণং কিন্তু সংপ্রতি পালন সময়ে সপালয়িষ্যত্যেবেত্যাহ বিশ্বস্যেতি তত্র প্রকারন্তু বয়ং নৈব জানীম ইত্যাহ যোগেশ্বরৈরিতি। তত্র সর্ব্বজ্ঞানামপি ন জ্ঞানমিতি ভাবঃ। নন্থ তদপ্যত্র বিপত্তাবস্মদাশ্বাসনার্থং কিমপি পরামৃশেতি তত্রাহ তত্রাস্মদীয়েন বিমৃশেন বিমর্শেন কিয়ানর্থ ইতি অস্মদ্বিমৃশ্যমন্যথাপি স কুর্য্যাদিতি ভাবঃ॥ ৩৫॥

এবং গর্ব্বশূন্য হইল॥ ৩১॥

অহে পুত্রসকল! তাহারা যখন বৈকুণ্ঠলোক হইতে পতিত হয় তখন সেখানে বিমানাগ্রে অতিশয় হাহাকার হইয়াছিল॥ ৩২॥

হে অমর গণ! ভগবানের সেই প্রধান পার্ষদই এক্ষণে দিতির গর্ভে প্রবিষ্ট কশ্যপবীর্য্য প্রাপ্ত হইয়াছে অর্থাৎ কশ্যপের ঔরসে দিতির জঠরে জন্ম গ্রহণ করিয়াছে॥ ৩৩॥

সেই দুইজন অসুরের তেজেই অদ্য তোমাদের তেজঃ তিরস্কৃত হইয়াছে, ইহার প্রতীকার করিতে আমার সাধ্য নাই যে হেতু এক্ষণে এই রূপ বিধান করিতে স্বয়ং ভগবানেরই অভিপ্রায় হইয়াছে॥ ৩৪

হে বৎস সকল! এ বিষয়ের উপায়ার্থ আমাদের চিন্তা করিবার প্রয়োজন কি? যিনি আদ্য পুরুষ এই বিশ্বের সৃষ্টি স্থিতি লয়ের কারণ, যাঁহার যোগমায়া যোগেশ্বরদিগেরও অনতিক্রম্য তিনি ত্রিগুণের অধীশ্বর, যখন সত্ত্বগুণের উৎকর্ষ কাল উপস্থিত হইবে তখন আপনিই ক্ষেম বিধান করিবেন, ইহার চেষ্টা করা আমাদের বিফল॥ ৩৫॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুরোদ্ধব সম্বাদে জয় বিজয় ভ্রংশঃ ষোড়শোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৬ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

নিশম্যাত্মভুবা গীতং কারণং শঙ্কয়োজ্ঝিতাঃ। ততঃ সর্ব্বে ন্যবর্ত্তন্ত ত্রিদিবায় দিবৌকসঃ ॥ ১ ॥

দিতিস্তু ভর্ত্তুরাদেশাদপত্য পরিশঙ্কিনী। পূর্ণে বর্ষশতে সাধ্বী পুত্রৌ প্রসুষুবে যমৌ ॥ ২ ॥

উৎপাতা বহবস্তত্র নিপেতু র্জায়মানয়োঃ। দিবি ভুব্যন্তরীক্ষেচ লোকস্যোরু ভয়াবহাঃ ॥ ৩ ॥

সহাচলা ভুবশ্চেলু র্দিশঃ সর্ব্বাঃ প্রজজ্বলুঃ। সোল্কাশ্চাশনয়ঃ পেতুঃ কেতবশ্চার্ত্তিঃ হেতবঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি তৃতীয়ে ষোড়শঃ ॥ * ॥

ততঃ সপ্তদশে জন্ম তয়োর্লোক ভয়ঙ্করং। হিরণ্যাক্ষ প্রভাবশ্চ বর্ণ্যতে দিগজয়েঽদ্ভুতঃ ॥ ০ ॥

ক্ষেমং বিধাস্যতীতি ব্রহ্মবচনাৎ শঙ্কয়া ত্যক্তাঃ ॥ ১ ॥

ভর্ত্তুরাদেশাৎ লোকান্ সপালাংস্ত্রীংশ্চণ্ডি মুহুরাক্রন্দয়িষ্যত ইতি বাক্যাৎ। স্বাপত্যাভ্যাং পরিশঙ্কিনী দেবোপদ্রবং শঙ্কমানা ॥ ২

তত্র তদা নিপেতুঃ উদ্বভূবুঃ ॥ ৩ ॥

অচলৈঃ সাহিতা ভুবঃ ভূপ্রদেশাঃ কেতবঃ উদয়াঞ্চক্রুরিতি শেষঃ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে জীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য ষোড়শোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

কারণং তস্যোপদ্রবস্যোৎপত্তৌ প্রতীকারে চ হেতুং। শঙ্কয়া সন্দেহেন ॥ ১ ॥

অপত্যপরিশঙ্কিনীতি। শঙ্কমানা সুরার্দ্দনাদিতি পূর্ব্বোক্তত্বাৎ তস্মাৎ তত্র ভয়যুক্তা ॥২।৩।৪।৫।৬।৭।৮।৯।১০।১১।১২।১৩।১৪॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। তৃতীয়ে ষোড়শোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

তয়ো র্জন্মন্যরিষ্টানি স্পষ্টং সপ্তদশেঽভবন্। উপাহসচ্চ দিগ্‌জেতা হিরণ্যাক্ষঃ প্রচেতসং ॥ ০ ॥

শঙ্কয়া উজ্ঝিতা ভগবত্যেব বিশ্বাসেনেতি ভাবঃ ॥ ১ ॥

ভর্ত্তুরাদেশাৎ লোকান্ ক্রন্দয়িষ্যতীতি তদ্বাক্যাৎ অপত্যাভ্যাং সর্ব্বলোকোপদ্রবং অপত্যং প্রতি বিষ্ণুহস্ততো বধাশঙ্কা শঙ্কমানা ॥২

নিপেতুরুদ্বভূবুঃ ॥ ৩ ॥

কেতবশ্চ উদগুরিতি শেষঃ ॥ ৪ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে ষোড়শ ॥ * ॥

সপ্তদশাধ্যায়ে ভগবৎপার্ষদ দ্বয়ের অসুর রূপে ভয়ঙ্কর জন্ম এবং হিরণ্যাক্ষের দিগ্বিজয় বিষয়ে অদ্ভুত প্রভাব ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন ব্রহ্মার প্রমুখাৎ দিতির গর্ভতেজের কারণ শ্রবণ করিয়া তাঁহার বাক্যেই আপনাদের শঙ্কা পরিত্যাগ পূর্ব্বক দেবগণ স্বর্গে প্রতিগমন করিলেন ॥ ১ ॥

এখানে দিতি ভর্ত্তার প্রমুখাৎ শুনিলেন যে আপনার পুত্রদ্বয় কর্তৃক দেবতাদের ভাবি উপদ্রব উপস্থিত হইবে এই বিষয় ভাবনা করিতেছিলেন, শতবর্ষ পূর্ণ হইলে দুইটী যমক পুত্র প্রসব করিলেন ॥ ২

তাঁহার দুই সন্তান যখন ভূমিষ্ঠ হইল সে সময় স্বর্গ মর্ত্ত ও আকাশে বহুতর অমঙ্গল সূচক উৎপাত উপস্থিত হইয়া সমস্ত লোকেরই মহাভয় উৎপন্ন করিল ॥ ৩ ॥

সেই সকল উৎপাতের কথা কি বলিল, ভূধর সহিত সমস্ত ভূ প্রদেশ বিচলিত হইল এবং দিক্ সকল প্রজ্বলিত হইতে লাগিল, আর আকাশ হইতে অনেকানেক উল্কাপাত ও বজ্র পতিত হইল এবং গগণ মণ্ডলে লোকের আর্ত্তি হেতু কেতু সকলের উদয় হইতে লাগিল ॥ ৪ ॥

ববৌ বায়ুঃ সুদুস্পর্শঃ ফেৎকারানীরয়ন্মুহুঃ। উন্মূলয়ন্নগপতীন্ বাত্যানীকো রজোধ্বজঃ ॥ ৫ ॥
উদ্ধসত্তড়িদম্ভোদ ঘটয়া নষ্ট ভাগণে। ব্যোম্নি প্রবিষ্ট তমসা নস্ম ব্যাদৃশ্যতে পদং ॥ ৬ ॥
চুক্রোশ বিমনা বার্দ্ধিরুদূর্ম্মিঃ ক্ষুভিতোদরঃ। সোদপানাশ্চ সরিত শ্চুক্ষুভুঃ শুষ্কপঙ্কজাঃ ॥ ৭ ॥
মুহুঃ পরিধয়োঽভূবন্ সরাহ্বোঃ শশিসূর্য্যয়োঃ। নির্ঘাতা রথনির্হ্রাদা বিবরেভ্যঃ প্রজজ্ঞিরে ॥ ৮ ॥
অন্তর্গ্রামেষু মুখতো বমন্ত্যো বহ্নিমুল্বণং। শৃগালোলূক টঙ্কারৈঃ প্রাণেদুরশিবাঃ শিবাঃ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

ফেৎকারানিতি তীব্রবায়ু শব্দানুকরণং নগপতীন্ মহাবৃক্ষান্ বাত্যা এবানীকং যস্য। রজ এব ধ্বজো যস্য ॥ ৫ ॥
উচ্চৈর্হসন্ত্য ইব তড়িতো যেষু তেষামম্ভোদানাং ঘটা সমূহেন নষ্টো ভাগণঃ সূর্য্যাদি প্রভা সমূহো যস্মিন্ পদং স্থানং। ন ব্যাদৃশ্যতেস্ম ঈষদপি নাদৃশ্যত ॥ ৬ ॥
বার্দ্ধিঃ সমুদ্রঃ বিমনা ইব উদ্গতা উর্ম্ময়ো যস্মাৎ। ক্ষুভিতা উদরস্থা মকরাদয়ো যস্মিন্। উদপানৈর্বাপী কূপাদিভিঃ সহিতাঃ শুষ্কাণি পঙ্কজানি যাসু ॥ ৭ ॥
পরিধয়ঃ পরিবেশাঃ সরাহ্বোঃ রাহুগ্রস্তয়োঃ নির্ঘাতানি নিরভ্র গর্জ্জিতানি রথনির্হ্রাদ তুল্যা ধ্বনয়ঃ বিবরেভ্যঃ গিরিগুহাভ্যঃ ॥৮
শৃগালানামুলূকানাঞ্চ টঙ্কারৈঃ ধ্বনিভিঃ সহ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ফঙ্কারানিতি তীব্রবায়ুশব্দানুকরণং বাত্যা এব অনীকং সেনা যস্য সঃ ॥ ৫ ॥
উচ্চৈর্হসন্ত্য ইব তড়িতো যেষু তেষামম্বুদানাং ঘটয়া নষ্টো ভাগণঃ সূর্য্যাদি প্রভা যস্মিং স্তস্মিন্ ব্যোম্নি পদং স্থানং ॥ ৬ ॥
বার্দ্ধিঃ সমুদ্রঃ। সোদপানাঃ সকূপাঃ ॥ ৭ ॥
নির্ঘাতা নিরভ্র গর্জিতানি রথনি হ্রাদতুল্যা ধ্বনয়ঃ বিবরেভ্যঃ গিরিগুহাভ্যঃ ॥ ৮ ॥
টঙ্কারৈ র্ধ্বনিভিঃ সহ শিবাঃ শৃগালস্ত্রিয়ঃ ॥ ৯ ॥

অপর বায়ু অতিশয় দুস্পর্শ হইয়া বারম্বার ফেৎকার শব্দ করিতে করিতে বহিতে লাগিল, তাহাতে প্রকাণ্ড প্রকাণ্ড বৃক্ষ সকল উন্মূলিত হইয়া পড়িল। প্রবল বাত্যা তাহার সৈন্য এবং উড্ডীয়মান ধূলি তাহার ধ্বজা স্বরূপ হইয়াছিল ॥ ৫ ॥

আর নিবিড়তর ঘনঘটা চারি দিক্ আচ্ছন্ন করিয়া আসিল,তাহাতেই যেন উচ্চতর হাস্য প্রকাশের ন্যায় ক্ষণে ক্ষণে ভয়ঙ্কর বিদ্যুৎ প্রকাশ পাইতে লাগিল, তথাপি এ রূপ গাঢ় অন্ধকার হইল যে গগণ মণ্ডলে সূর্য্যাদির প্রকাশ এককালে বিনষ্ট হইয়া গেল, অত্যল্প স্থানও দৃষ্টি গোচর হইল না ॥ ৬ ॥

অপর সমুদ্র যেন বিমনস্ক হইয়া শব্দ করিতে লাগিল, তাহার ভয়ঙ্কর তরঙ্গ সকল তীর পর্য্যন্ত আক্রমণ করিল এবং অভ্যন্তরস্থ মকরাদি জল জন্তু সমূহ অতিশয় ক্ষুভিত হইল। আর বাপী কূপাদির সহিত নদী সকল এরূপ ক্ষুব্ধ হইল যে সে সকলে যে সকল কমল ছিল তত্তাবৎ শুষ্ক হইয়া গেল ॥ ৭

অপর রাহুগ্রস্থ চন্দ্র সূর্য্যের বারম্বার পরিবেশ হইতে আরম্ভ হইল এবং বিনা মেঘেও মুহুর্মুহুঃ নির্ঘাত অর্থাৎ মেঘগর্জ্জন ও গিরি গহ্বর হইতে রথনিহ্রাদের ন্যায় মধ্যে মধ্যে এক একটা শব্দ হইতে লাগিল ॥ ৮ ॥

গ্রামের প্রান্ত ভাগে শৃগালী সকল মুখ হইতে ভয়ঙ্কর অগ্নি বমন করিতে করিতে শৃগাল ও পেচকের ধ্বনি সহ অমঙ্গল শব্দ করিতে লাগিল ॥ ৯ ॥

সঙ্গীতবদ্রোদনবদুন্নময্য শিরোধরাং। ব্যমুঞ্চন্ বিবিধা বাচো গ্রামসিংহাস্ততস্ততঃ॥ ১০॥
খরাশ্চ কর্কশৈঃ ক্ষত্তঃ খুরৈর্ঘ্নন্তো ধরাতলং। খার্কাররভসা মত্তাঃ পর্য্যধাবন্ বরূথশঃ॥ ১১॥
রুবন্তো রাসভাৎ ত্রস্তা নীড়াদুদপতন্ খগাঃ। ঘোষেঽরণ্যেচ পশবঃ শকৃন্মূত্রমকুর্ব্বত॥ ১২॥
গাবোঽত্রসন্নসৃগ্দোহা স্তোয়দাঃ পূয়বর্ষিণঃ। ব্যরুদন্ দেবলিঙ্গানি দ্রুমাঃ পেতু র্বিনানিলং॥১৩
গ্রহান্ পুণ্যতমানন্যে ভগণাংশ্চাপি দীপিতাঃ। অতিচেরুর্ব্বক্রগত্যা যুযুধুশ্চ পরস্পরং॥ ১৪॥
দৃষ্ট্বান্যাংশ্চ মহোৎপাতানতত্তত্ত্ববিদঃ প্রজাঃ। ব্রহ্মপুত্রানৃতে ভীতা মেনিরে বিশ্বসংপ্লবং॥ ১৫॥

শ্রীধরস্বামী।

গ্রামসিংহাঃ শ্বানঃ॥ ১০॥

কর্কশৈঃ তীক্ষ্ণৈঃ হে ক্ষত্তঃ খার্কারো গর্দ্দভজাতি শব্দঃ তস্মিন্ রভসঃ সম্ভ্রমো যেষাং বরূথশঃ সংঘশঃ॥ ১১॥

রাসভশব্দাৎ ত্রস্তাঃ সর্ব্বতঃ ক্রোশন্তঃ॥ ১২॥

গাবোঽত্রসন্ অসৃগ্দোহাশ্চ বভূবুঃ। দেবলিঙ্গানি ব্যরুদন্। প্রতিমানাং অশ্রুস্রাব আসীদিত্যর্থঃ॥ ১৩॥

পুণ্যতমান্ গুরুশুক্রাদীন্ ভগণান্ বহূনি নক্ষত্রাণি বা অন্যে ক্রূরগ্রহাঃ মঙ্গলাদয়ঃ অতিচেরুঃ অতিক্রম্য জগ্মুঃ বক্রগত্যা প্রত্যাবৃত্য যুযুধুশ্চ॥ ১৪॥

ব্রহ্মপুত্রানৃতে বিনা তেষাং স্বশাপাদি জ্ঞানাৎ॥ ১৫॥

ক্রমসন্দর্ভঃ।

দৃষ্ট্বেতি। ব্রহ্মপুত্রান্ সনকাদীনৃতে ব্রহ্মসৃষ্টাঃ সর্ব্বা এব প্রজা অতত্ত্ববিদো ভীতা বিশ্বসংপ্লবং মেনিরে। দেবাস্তু ব্রহ্মবাক্যা-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গ্রামসিংহাঃ শ্বানঃ॥ ১০॥

হে ক্ষত্তঃ খার্কারো গর্দ্দভশব্দানুকরণং তেনৈব রভসো হর্ষো যেষাং তে॥ ১১॥

রাসভাৎ গর্দ্দভশব্দাৎ ত্রস্তাঃ॥ ১২॥

অসৃগ্দোহা রুধিরদুগ্ধাঃ। দেবলিঙ্গানি দেবপ্রতিমাঃ॥ ১৩॥

পুণ্যতমান্ বৃহস্পতিশুক্রাদীন্ অন্যে ক্রূরগ্রহা মঙ্গলাদয়ঃ অতিচেরুঃ অতিক্রম্য জগ্মুর্ব্বক্রগত্যা প্রত্যাবৃত্য যুযুধুঃ॥ ১৪॥

ব্রহ্মপুত্রান্ সনাকদীন্ তেষাং স্বশাপাদিজ্ঞানাৎ॥ ১৫॥

গ্রামসিংহ সকল যেখানে সেখানে গ্রীবা উন্নত করিয়া কখন সঙ্গীতের ন্যায় কখন বা রোদন তুল্য শব্দ করত স্ব স্ব বদন হইতে নানা প্রকার বাক্য নির্গত করিতে লাগিল॥ ১০॥

অপর গর্দ্দভ সকল দলবদ্ধ হইয়া তীক্ষ্ণাগ্র খুর দ্বারা ধরাতল খনন করিতে করিতে চতুর্দ্দিকে ধাবমান হইতে লাগিল, তাহারা মত্ত হইয়াছিল এবং ব্যস্ত সমস্ত হইয়া কেবল স্বজাতীয় খার্কার রবই করিতেছিল॥ ১১॥

বিহগকুল রাসভ শব্দে ভীত হইয়া নানাপ্রকার ব্যাকুলতার ধ্বনি করত স্ব স্ব নীড় হইতে উৎপতিত হইতে লাগিল, আর কি গোষ্ঠে কি অরণ্যে যাবতীয় পশু ব্যাকুল হইয়া মল মূত্র পরিত্যাগ করিল॥ ১২

অপর গাভী সকল ভয়ে ব্যাকুল হইল, তাহাদের স্তন হইতে শোণিতময় দুগ্ধ ক্ষরণ হইতে লাগিল, আর মেঘ হইতে পূয় বৃষ্টি হইল ও দেব প্রতিমা সকলের নয়ন হইতে অশ্রুপাত হইতে লাগিল এবং বায়ু ব্যতিরেকে তরু সকল উন্মূলিত হইয়া পড়িতে লাগিল॥ ১৩॥

আর শনি মঙ্গলাদি ক্রূর গ্রহগণ অতিশয় প্রদীপ্ত হইয়া গুরু শুক্রাদি শুভ গ্রহগণকে অতিক্রমণ করিয়া গমন করিতে লাগিল এবং বক্র গতি দ্বারা প্রত্যাবর্ত্তন করত পরস্পর যুদ্ধও আরম্ভ করিল॥১৪

এই সমস্ত উৎপাতের তত্ত্ব ব্রহ্মপুত্র সনকাদি ব্যতীত প্রজাদিগের বিদিত ছিল না, অতএব ঐ সকল

তাবাদিদৈত্যৌ সহসা ব্যজ্যমানাত্মপৌরুষৌ। ববৃধাতে ঽশ্মসারেণ কায়েনাদ্রিপতী ইব ॥ ১৬

দিবিস্পৃশৌ হেমকিরীটকোটিভি র্নিরুদ্ধকাষ্ঠৌ স্ফুরদঙ্গদাভুজৌ।

গাং কম্পয়ন্তৌ চরণৈঃ পদে পদে কট্যা সুকাঞ্চ্যার্কমতীত্য তস্থতুঃ ॥ ১৭ ॥

প্রজাপতির্নাম তয়োরকার্ষীদ্যঃ প্রাক্ স্বদেহাদ্যময়োরজায়ত।

শ্রীধরস্বামী।

ব্যজ্যমানং আত্মপৌরুষং পূর্ব্বসিদ্ধং স্বপৌরুষং যয়োঃ ॥ ১৬ ॥

নিরুদ্ধা ব্যাপ্তাঃ কাষ্ঠা দিশো যাভ্যাং। স্ফুরন্ত্যঙ্গদানি যেষু তেষু ভুজা যয়োঃ। অঙ্গদেতি টাবন্তত্বমার্ষং। শোভনা কাঞ্চী যস্যাং তয়া কট্যা ॥ ১৭ ॥

যময়ো র্মধ্যে যঃ স্বদেহাৎ প্রথমমজায়ত তং যথা হিরণ্যকশিপুং বিদুঃ সা দিতিঃ প্রথমং যমসূত তং হিরণ্যাক্ষং যথা বিদুঃ তথা নাম কৃতবানিত্যর্থঃ। অয়ম্ভাবঃ যদাহি গর্ভাধান সময়ে যোনিপুষ্পং বিশদ্বীর্য্যং দ্বিধা বিভক্তং আদিপশ্চাদ্ভাবেন প্রবিশতি তদা যমৌ ভবতঃ। তয়োশ্চ পিতৃতঃ প্রবেশক্রম বিপর্য্যয়েণ মাতৃতঃ প্রসূতিঃ। যদা বিশেদ্দ্বিধা ভূতং বীর্য্যং পুষ্পং পরিক্ষরৎ। দ্বৌ তদা

ক্রমসন্দর্ভঃ।

তত্ত্ববিদো ভীতা আসন্ ন তু বিশ্বসংপ্লবং মেনিরে ইত্যর্থঃ ॥ ১৫ ॥

তাবিতি। অত্রানয়োরণিমাদি শক্ত্যা গূঢ়স্থিতৌ টীকা সম্মতিশ্চ ॥ ১৬ ॥

সোমপাশব্দবদঙ্গদা শব্দোপি ভবেৎ ॥ ১৭। ১৮। ১৯। ২০। ২১। ২২। ২৩। ২৪। ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্রহ্মশাপেপি ভগবদ্ভক্তানাং সর্ব্বাধিক্যমিতি বোধয়িতুং তয়োরকৃতৈরপি সুকৃতৈ ত্রৈলোক্যাধিপত্যবলপ্রভাবভোগযোগৈশ্বর্য্যাদীনি কৃতৈরপি বহুভির্দুস্কৃতৈ র্নরকযাতনা গন্ধমাত্রাভাবঞ্চ বক্তুমাহ তাবিতি ॥ ১৬ ॥

পঞ্চকদিন বয়স্ক এব তাবেবমভূতামিত্যাহ দিবীতি কাষ্ঠা দিশঃ। অঙ্গদেতি টাবন্তত্বমার্ষং ॥ ১৭ ॥

দশমেঽহ্নি নামকরণমাহ প্রজাপতিঃ কশ্যপঃ। যময়োর্মধ্যে স্বদেহাদ্যঃ প্রথমমজায়ত তং হিরণ্যকশিপুং যথা বিদুঃ সা দিতিঃ যং অসূত তং হিরণ্যাক্ষং যথা বিদুস্তথা তয়ো র্নাম অকার্ষীদিতি। যথা তথয়ো রধ্যাহারেণান্বয়ঃ। যদা বিশেদ্দ্বিধাভূতং বীজং

অমঙ্গল চিহ্ন এবং অন্যান্য বিবিধ ভয়ঙ্কর কুলক্ষণ দেখিয়া কএকজন ব্রহ্মতনয় ভিন্ন সকল প্রজাই অতিশয় উদ্বিগ্ন হইল এবং মনে করিল বুঝি বিশ্ববিপ্লব উপস্থিত হইল ॥ ১৫ ॥

এ দিকে ঐ দুই আদি দৈত্য দুই প্রকাণ্ড পর্ব্বত তুল্য এবং পাষাণের ন্যায় কঠিন কায় হইয়া দিন দিন বৃদ্ধি পাইতে লাগিল, তাহাতে তাহাদের পূর্ব্বসিদ্ধ আত্মপৌরষ আপনা হইতে প্রকাশমান হইতে লাগিল ॥ ১৬ ॥

তাহাদের মস্তকস্থ স্বর্ণময় কিরীটের অগ্রভাগ স্বর্গ স্পর্শ করিল এবং দুই জনেই সমস্ত দিক্ অবরুদ্ধ করিয়া ফেলিল, আর উভয়েরই হস্তেই অঙ্গদাদি ভুষণের দীপ্তি এবং কটিতটে শোভন কাঞ্চীর শোভা প্রকাশ পাইতে লাগিল কিন্তু চরণাঘাতে পদে পদে ভূকম্প হইতে লাগিল এবং কটিদেশ দ্বারা যেন দিবাকরকে অতিক্রমণ করিতে উদ্যত হইল ॥ ১৭ ॥

অনন্তর প্রজাপতি কশ্যপ তাহাদের দুইজনের নাম করণ করিলেন, তাহাতে তন্মধ্যে যে ব্যক্তি কশ্যপের স্বদেহ হইতে প্রথমে জন্মিয়াছিল প্রজা সকল তাহাকে হিরণ্যকশিপু বলিয়া এবং দিতি যাহাকে অগ্রে প্রসব করেন তাহাকে হিরণ্যাক্ষ বলিয়া জানিল। অর্থাৎ ঐ দুই দৈত্য যমক, তাহাদের মধ্যে অগ্রে যে ভূমিষ্ঠ হয় তাহার নাম হিরণ্যাক্ষ এবং যে শেষে নির্গত হয় তাহার নাম হিরণ্যকশিপু বলিয়া বিখ্যাত হইল।

তং বৈ হিরণ্যকশিপুং বিদুঃ প্রজা যং তং হিরণ্যাক্ষমসূত সাগ্রতঃ ॥ ১৮ ॥
চক্রে হিরণ্যকশিপুর্দোর্ভ্যাং ব্রহ্মবরেণচ। বশে সপালান্ লোকাংস্ত্রীনকুতোমৃত্যুরুদ্ধতঃ ॥ ১৯ ॥
হিরণ্যাক্ষোঽনুজস্তস্য প্রিয়ঃ প্রীতিকৃদন্বহং। গদাপাণির্দিবং যাতো যুযুৎসুর্মৃগয়ন্রণং ॥ ২০ ॥
তং বীক্ষ্য দুঃসহজবং রণৎকাঞ্চন নূপুরং। বৈজয়ন্ত্যা স্রজা জুষ্টমংসন্যস্ত মহাগদং ॥ ২১ ॥
মনোবীর্য্যবরোৎসিক্তমশৃণ্যমকুতোভয়ং। ভীতা নিলিল্যিরে দেবাস্তার্ক্ষত্রস্তা ইবাহয়ঃ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

ভবতো গর্ভৌ স্থিতির্বেশ বিপর্য্যয়াদিতি পিণ্ডসিদ্ধিস্মরণাৎ অতঃ স্বদেহাৎ পূর্ব্বং যো জাতঃ তস্য হিরণ্যকশিপুরিতি দিতিঃ প্রথমং যমসূত তস্য হিরণ্যাক্ষ ইতি নামকৃতবানিতি ॥ ১৮ ॥

দোর্ভ্যামুদ্ধতঃ ব্রহ্মবরেণাকুতো মৃত্যুঃ ॥ ১৯ ॥

রণং যুদ্ধং ॥ ২০ ॥

দুঃসহো জবো বেগো যস্য রণন্তৌ কাঞ্চনময়ৌ নূপুরৌ যস্য। অংশে ন্যস্তা মহতী গদা যেন ॥ ২১ ॥

মনসা শৌর্য্যেণ বীর্য্যেণ বলেন বরেণ উৎসিক্তং গর্ব্বিতং অশৃণ্যং নিরঙ্কুশং নিলিল্যিরে লীনা বভূবুঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পুষ্পং পরিষ্করৎ। যৌ তদা ভবতো গর্ভৌ স্থিতির্বেশবিপর্য্যয়াদিতি পিণ্ডসিদ্ধিস্মরণাৎ পিতৃক্রমেণ হিরণ্যকশিপুর্জ্যেষ্ঠঃ পিত্রা কশ্যপেন তস্যৈবাদাবাহিতত্বাৎ। তথা মাতৃক্রমেণ হিরণ্যাক্ষো জ্যেষ্ঠঃ মাত্রাদিত্যা তস্যৈবাদৌ প্রসূতত্বাৎ। এবং ক্রমদ্বৈবিধ্যেন দ্বয়োরপি জ্যেষ্ঠত্বে পিতুঃ প্রাধান্যাৎ হিরণ্যকশিপুরেব জ্যেষ্ঠত্বেন ব্যাহৃতঃ ॥ ১৮ ॥

দোর্ভ্যাং বাহুবলেনৈবেত্যর্থঃ। ব্রহ্মবরেণ চেতি চকারাৎ ব্রহ্মবরোপি তত্র সহায়োঽভূদিত্যর্থঃ ॥ ১৯ ॥ ২০ ॥ ২১ ॥

মনো বীর্য্যবরৈর্ম্মনোবল দেহবল দেবতাবলৈরুৎসিক্তং গর্ব্বিতং অশৃন্যং নিরঙ্কুশং ॥ ২২ ॥

তাৎপর্য্য। হিরণ্যকশিপু দিতির গর্ব্ভে প্রথমে জন্ম গ্রহণ করিলেও যে শেষে ভূমিষ্ঠ হয় তাহার কারণ এই, গর্ব্ভাধান সময়ে যোনি পুষ্পে শুক্র প্রবিষ্ট হইয়া যদি দুই বিন্দুতে বিভক্ত হয় তাহা হইলে যমক সন্তান হয়, সেই দুই বিন্দু শুক্র যখন সন্তানরূপে পরিণত হইয়া গর্ব্ভ হইতে নিঃসৃত হয় তখন পিতৃসেক ক্রমে যে বিন্দু অগ্রবর্ত্তী হয় তদুৎপন্ন সন্তান যদিও অগ্রে জন্মে তথাচ প্রসব সময়ে সম্মুখস্থ বালককে উল্লঙ্ঘন করিয়া নিঃসৃত হইতে পারে না, সুতরাং পরবর্ত্তি শুক্রবিন্দুজাত সন্তানই প্রসূত হয়। অতএব মাতৃক্রমে হিরণ্যাক্ষ জ্যেষ্ঠ হইলেও পিতৃক্রমের প্রাধান্য প্রযুক্ত হিরণ্যকশিপুই জ্যেষ্ঠ হইল ॥ ১৮

অগ্রজ হিরণ্যকশিপু স্বীয় বাহুবলে উদ্ধত এবং ব্রহ্মার বরে অমর হইয়া লোকপাল সহ ত্রিলোকীকে আপনার বশবর্ত্তি করিল ॥ ১৯ ॥

তাহার অনুজ হিরণ্যাক্ষ তাহার অতিশয় প্রিয়পাত্র ছিল এবং অনুদিন তাহার প্রীতিকর কার্য্য সম্পন্ন করিত, সে গদা গ্রহণ করিয়া যুদ্ধ বাসনায় সমরান্বেষণ করত এক দিবস স্বর্গে গিয়া উপস্থিত হইল ॥ ২০ ॥

তাহার পদদ্বয়ে কাঞ্চনময় নূপুর শব্দায়মান এবং গলদেশে বৈজয়ন্তী মালা লম্বমানা, আর স্কন্ধে মহতী গদা ন্যস্ত ছিল এবং সে অত্যন্ত দুঃসহ বেগে গমন করিতেছিল ॥ ২১ ॥

অপর শৌর্য্য বীর্য্য এবং বর দ্বারা গর্ব্বিত ও নিরঙ্কুশ এবং অকুতোভয় হইয়াছিল। তাহাকে দেখিয়া দেবগণ, গরুড় দর্শনে যদ্রূপ অহিকুল ব্যাকুল হয় তদ্রূপ ভয়ার্ত্ত হইয়া লুক্কায়িত হইলেন ॥ ২২

স বৈ তিরোহিতান্ দৃষ্ট্বা মহসা স্বেন দৈত্যরাট্। সেন্দ্রান্ দেবগণান ক্ষীবানপশ্যন্ ব্যনদদ্ভৃশং।
ততো নিবৃত্তঃ ক্রীড়িষ্যন্ গম্ভীরং ভীমনিস্বনং। বিজগাহ মহাসত্ত্বো বার্দ্ধিং মত্ত ইব দ্বিপঃ॥ ২৩॥
তস্মিন্ প্রবিষ্টে বরুণস্য সৈনিকা যাদোগণাঃ সন্নধিয়ঃ সসাধ্বসাঃ।
অহন্যমানা অপি তস্য বর্চ্চসা প্রধর্ষিতা দূরতরং বিদুদ্রুবুঃ॥ ২৪॥
সবর্ষপূগানুদধৌ মহাবলশ্চরন্মহোর্ম্মীন্ শ্বসনেরিতান্মুহুঃ।
মৌর্ব্ব্যাভিজঘ্নে গদয়া বিভাবরীমাসেদিবাং স্তাত পুরং প্রচেতসঃ॥ ২৫॥
তত্রোপলভ্যাসুরলোকপালকং যাদোগণানামৃষভং প্রচেতসং।
স্ময়ন্ প্রলব্ধুং প্রণিপত্য নীচবজ্জগাদ মে দেহ্যধিরাজসংযুগং॥ ২৬॥

শ্রীধরস্বামী।

স্বেন মহসা তেজসা তিরোহিতান্ দৃষ্ট্বা ক্ষীবা মত্তঃ নপশ্যন্ সন্। ক্লীবানিতি পাঠে পৌরুষহীনান্॥ ২৩॥
সন্না অবসন্না ধীর্যেষাং। বর্চ্চসা তেজসা প্রধর্ষিতা অভিভূতাঃ সন্তঃ॥ ২৪॥
মহোর্ম্মীন্ অভিজঘ্নে। মৌর্ব্ব্যা মারয়তীতি মূর্ব্বং কার্ষ্ণায়সং তন্ময্যা। যদ্বা মূর্ব্বা নাম তৃণবিশেষ তন্ময়ঃ রজ্জ্বা দৃঢ়নিবদ্ধয়েত্যর্থঃ। বিভাবরী সংজ্ঞামাসেদিবান্ প্রাপ্তঃ॥ ২৫॥
অসুরাণাং লোকঃ পাতালং তৎ পালকং। প্রলব্ধুং উপহসিতুং প্রণিপত্য॥ ২৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ন পশ্যন্ সন্ ক্ষীবান্ মত্তান্ ক্লীবানিতি পাঠে পৌরুষহীনান্॥ ২৩॥
স্বপ্রতিযোদ্ধারং দশদিক্ষু কাপি কমপ্যদৃষ্ট্বা স্বীয়মহাবলস্তোম্ভণানুতপ্তো বারিধি মধ্যে কথঞ্চিৎ কশ্চিদ্বা তিষ্ঠেত্তেন সহ যুদ্ধ্যেয়েত্যাকাঙ্ক্ষয়া বার্দ্ধিং জগাহে॥ ২৪॥
বর্ষপূগান্ বর্ষসমূহান্ ব্যাপ্য মহোর্ম্মীনেব গদয়া জঘ্নে চলন্ চপলঃ মৌর্ব্বং কার্ষ্ণায়সং মূর্ব্বানাম তৃণবিশেষো বা তন্ময্যা। অহো জলমধ্যে কাচিৎ পুরী বর্ত্ততে তদিমাং প্রবিশামীতি বিভাবরীসংজ্ঞাং প্রাপ্তঃ॥ ২৫॥
অসুরলোকস্য পাতালস্য পালকং প্রলব্ধুমুপসহসিতুং প্রণিপত্য॥ ২৬॥

ইন্দ্রের সহিত দেবগণ স্ব স্ব তেজে অন্তর্হিত হইলে কাহাকে দেখিতে না পাইয়া ঐ দৈত্যরাজ হিরণ্যাক্ষ অতিমাত্র মত্ত হইল এবং বারম্বার গর্জ্জন করিতে লাগিল। কিয়ৎক্ষণ পরেই আপনি নিবৃত্ত হইয়া মত্ত মাতঙ্গের ন্যায় জল ক্রীড়ার্থ উৎসুক হইয়া ভয়ঙ্কর রবকারি গভীর সাগরে গিয়া অবগাহন করিল॥ ২৩॥

সে জলে প্রবিষ্ট হইলে জলাধিপতি বরুণের সেনাস্বরূপ জলজন্তুগণের বুদ্ধি ভয়ে অবসন্না হইল, আপনাদিগের প্রতি আঘাত না হইলেও দৈত্যের দুঃসহ তেজে অভিভূত হইয়া দূরে পলায়ন করিতে লাগিল॥ ২৪॥

যাহা হউক, ঐ মহাবল দৈত্য সমুদ্র মধ্যে বরুণের বিভাবরী নামে পুরী প্রাপ্ত হইয়া বহু বৎসর যাবৎ তন্মধ্যে বিচরণ করিল। তাহার ভয়ানক নিশ্বাস বায়ু দ্বারা মুহুর্মুহু বৃহত্তর তরঙ্গ হইয়াছিল। সে কৃষ্ণবর্ণ লৌহময়ী গদা দ্বারা সেই সকল তরঙ্গের উপর আঘাত করিতে লাগিল॥ ২৫॥

অনন্তর সাগর মধ্যে জল জন্তুগণের প্রধান এবং পাতাল লোকের পালক বরুণদেবকে দেখিতে পাইয়া সগর্ব্বে উপহাস করিবার নিমিত্ত প্রণাম করিল এবং নীচবৎ এই বাক্য কহিল। অহে অধিরাজ! আমাকে যুদ্ধ দিতে আজ্ঞা হউক॥ ২৬॥

ত্বং লোকপালাধিপতির্ব্বৃহচ্ছ্রবা বীর্য্যাপহো দুর্ম্মদবীরমানিনাং।
বিজিত্য লোকে কিল দৈত্য দানবান্ যদ্রাজসূয়েন পুরাযজৎ প্রভো॥ ২৭॥
স এবমুৎসিক্তমদেন বিদ্বিষা দৃঢ়ং প্রলব্ধো ভগবানপাংপতিঃ।
রোষং সমুত্থং শময়ন্ স্বয়া ধিয়া ন্যবোচদঙ্গোপশমং গতাবয়ং॥ ২৮॥
পশ্যামি নান্যং পুরুষাৎ পুরাতনাদ্যঃ সংযুগে ত্বাং রণমার্গকোবিদং।
আরাধয়িষ্যত্যসুরর্ষভেহিতং মনস্বিনো যং গৃণতে ভবাদৃশাঃ॥ ২৯॥
তং বীরমারাদভিপদ্য বিস্ময়ঃ শয়িষ্যসে বীরশয়ে শ্বভির্ব্বৃতঃ

শ্রীধরস্বামী।

যদযস্মাদ্রাজসূয়েন ভগবানযজৎ॥ ২৭॥
উপশমং যুদ্ধাদি কৌতুকাদুপরমং॥ ২৮॥
যুদ্ধমার্গনিপুণং ত্বাং য স্তোষয়িষ্যতি ইহি গচ্ছ গৃণন্তে স্তুবন্তি॥ ২৯॥
আরাৎ শীঘ্রং। বিস্ময়ঃ নষ্টগর্ব্বঃ বীরশয়ে রণাঙ্গনে রূপাণি ববাহাদ্যবতারান্॥ ৩০॥

ক্রমসন্দর্ভঃ।

ত্বমিতি যুগ্মকং॥ ২৭॥ ২৮॥
অসুরলোকাঃ দানবপ্রায়জনাঃ। তং গৃহীত্বানয়ন্তৃত্যো বরুণস্যাসুরোন্তিকে ইতি দশমাৎ॥ ২৯॥ ৩০॥ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অযজস্তবানিতি পৃথগ্বাক্যং বিজিত্যেতি বিপরীতলক্ষণা তেন তদানীং দৈত্যানামভাবাৎ সর্ব্বৈরপি রাজসূয়ঃ কর্ত্তুং শক্যতেস্ম তেন সংপ্রতি মাং জিত্বা পুনরপি রাজসূয়ং কুর্ব্বিতি ভাবঃ। যদ্বা কুতোপি রাজসূয়স্তদৈব তে সিদ্ধ্যতি যদি মাং জয়সীতি ভাবঃ॥ ২৭॥
স্বয়া ধিয়া শময়ন্নিতি অত্র মে রোষো ন ফলবান্ ভবিষ্যতীতি পরামর্শেনেত্যর্থঃ। উপশমং গতা বয়ং সংপ্রতি প্রবয়সোঽভূমেত্যর্থঃ। তেন যৌবনাবস্থায়াং যদি ত্বাং প্রাপ্স্যং তদা ত্বাদৃশানাং সহস্রমপ্যজেষ্যমিতি ভাবঃ। যদ্বা উপশমং সন্ন্যাসং। তেন সন্ন্যাসঞ্চেন্নাকরিষ্যং তদাধুনাপি ত্বামজেষ্যমিতি ভাবঃ॥ ২৮॥
তর্হি মে রণকণ্ডূয়াতঃ কথং নিস্তার স্তত্রাহ পশ্যামীতি। তস্মাৎ হে অসুরর্ষভ ত্বং ইহি গচ্ছ। মনস্বিনঃ শূরা গৃণন্তে রণকণ্ডূয়াপহর্ত্তৃত্বেন স্তুবন্তি॥ ২৯॥
নম্ব তং কতিভির্দিনৈর্লপ্স্যে ইতি তত্রাহ তমিতি আরাৎ পঞ্চষৈরেব দিনৈরিত্যর্থঃ। বিস্ময়ো বিগতগর্ব্বঃ সন্ শয়িষ্যসে সংপ্র

হে প্রভো! আপনি লোকপালদিগের অধিপতি এবং মহা যশস্বী, বীরাভিমানি দুর্ম্মদ ব্যক্তিদিগের বীর্য্য নাশ করিয়া থাকেন, ইহলোকে দৈত্য দানবদিগকে জয় করিয়া রাজসূয় যজ্ঞ করিয়াছেন, এক্ষণে আমার সহিত যুদ্ধ করুন্ দেখি॥ ২৭॥

ঐ দৈত্য এইরূপ উপহাস করিয়া ভৎর্সনা করিলে জলাধিপতি বরুণের অতিশয় ক্রোধোদয় হইল, কিন্তু ঐ দানব মদোৎসিক্ত তাহার সহিত বলে সমর্থ হইব না,আপনার বুদ্ধি দ্বারা ইহা বিবেচনা করিয়া ক্রোধ শান্তি করিলেন এবং কোমল সম্বোধন পূর্ব্বক কহিলেন, হে অঙ্গ! আমরা সম্প্রতি যুদ্ধাদি কৌতুক হইতে উপরত হইয়াছি॥ ২৮॥

অধিকন্তু হে অসুরশ্রেষ্ঠ! তুমি রণবিষয়ে সুপণ্ডিত, তোমাকে যুদ্ধ দিয়া সন্তুষ্ট করিতে পারে এমন কোন ব্যক্তি নয়ন গোচর হয় না, কেবল পুরাতন পুরুষ ভগবান্ রণ করিয়া তোমার সন্তোষ জন্মাইতে সমর্থ, অতএব তুমি তাঁহার নিকট গমন কর, তোমার মত বীর পুরুষেরা রণকণ্ডূ বিনোদার্থ তাঁহারই স্তব করিয়া থাকেন॥ ২৯॥

অপর তিনি মহাবীর, তাঁহাকে প্রাপ্ত হইলে বোধ করি তোমার গর্ব্ব বিনষ্ট হইবে এবং তুমি কুকু-

যন্ত্বদ্বিধানামসতাং প্রশান্তয়ে রূপাণি ধত্তে সদনুগ্রহেচ্ছয়া ॥ ৩০ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে হিরণ্যাক্ষ দিগ্বিজয়ে আদিদৈত্যোৎপত্তির্নাম সপ্তদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৭ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

তদেবমাকর্ণ্য জলেশভাষিতং মহামনাস্তদ্বিগণয্য দুর্ম্মদঃ।

হরের্বিদিত্বা গতিমঙ্গনারদাদ্রসাতলং নির্ব্বিবিশে ত্বরান্বিতঃ ॥ ১ ॥

দদর্শ তত্রাভিজিতং ধরাধরং প্রোন্নীয়মানাবনিমগ্রদংষ্ট্রয়া।

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি তৃতীয়ে সপ্তদশঃ ॥ * ॥

অষ্টাদশে হিরণ্যাক্ষ ধরোদ্ধর্ত্রো বরাহয়োঃ। নির্ব্বিশেষং মহাযুদ্ধং দেবক্ষোভি নিরূপ্যতে ॥

প্রতিযোদ্ধারং শ্রুত্বা মহামনাঃ। শয়িষ্যস ইতি যদুক্তং তদ্বিগণয্য অগণয়িত্বা যতো দুর্ম্মদঃ ॥ ১ ॥

অভিতো জয়তীতি অভিজিৎ তং শ্রীহরিং প্রকর্ষেণোর্দ্ধং নীয়মানা অবনির্যেন। অগ্রদংষ্ট্রয়া দংষ্ট্রাগ্রেণ। স্বরুচঃ হিরণ্যাক্ষ

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে জীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য সপ্তদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

বিগণয্য বিশেষেণ গণয়িত্বা সম্মত্য ॥ ১ ॥

অরুণপ্রিয়েতি অরুঃ সামানাধিকরণ্যং পুংবত্বঞ্চ তাবিত পুংস্ত্বাৎ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তিতু শর্ব্বরোগপীড়িতো রণকণ্ডূয়োদ্বেগেন ত্বং ন শেষে ইতি ভাবঃ। বীরশয়ে বীরাঃ শেরতে যত্র তত্র রণাজিরে ইতি তব শয্যাপি সমুচিতা ভবিষ্যতীত্যর্থঃ তদা চরণাদ্যঙ্গমর্দ্দনকারিণঃ পরিচারকা অপি বহবো ভবিষ্যন্তীত্যাহ শ্বভিরিতি নম্বেবকেনস্তাকারং জানন্। যথাধুনৈব ব্রহ্মাণ্ডস্যান্তর্বহিরপি অন্বিষ্য তং নিষ্কাশ্য তেন সহাহং যোৎস্যে কথং স মাং হন্যাদিতি যুবং পশ্যথেতি তত্রাহ য ইতি প্রশান্তয়ে নাশায় রূপাণি বরাহ নৃসিংহাদ্যাকারান্ ধত্তে ইতি সামান্যতো জানামি ত্বাঞ্চ কেন রূপেণ বধিষ্যতীতি বিশেষন্তু ন জানামীত্যর্থঃ ॥ ৩০ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। তৃতীয়েঽস্মিন্ সপ্তদশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অসুরস্য বরাহস্যাপ্যুক্তি প্রত্যুক্ত্যনন্তরং। অষ্টাদশে গদাযুদ্ধং ব্রহ্মস্তীতীদমুচ্যতে ॥ ০ ॥

প্রতিযোদ্ধারং শ্রুত্বা মহামনাঃ সোৎসাহচিত্তঃ শয়িষ্যসে ইতি প্রশান্তায় ইতি যদুক্তং তৎ খলু স্ববধস্যাসম্ভবত্বনিশ্চয়াৎ বিগণয্য অগণয়িত্বা তমহং কপ্রাপ্স্যামীত্যান্বিষ্যন্ দৈবাৎ পুরোদৃষ্টান্নারদাৎ পৃষ্টাৎ হরের্গতিং গমনং বিদিত্বা রসাতলং গর্ভোদমেব প্রবিবেশ ॥১

পূর্ব্বোক্তে বরাহচরিতে যুদ্ধলীলা বিশেষতো ন বিবৃতেতি তাং বিবরীতুমাহ দদর্শেত্যাদি। অভিতো জয়তীত্যভিজিতং অভি-

রগণে পরিবৃত হইয়া সমরাঙ্গণে শয়ন করিবে। ফলতঃ ভগবান্ সাধুগণের প্রতি অনুগ্রহ বিতরণ মানসে তোমার তুল্য অসাধু পুরুষদের বিনাশার্থ বরাহাদি অবতার গ্রহণ করিয়া থাকেন ॥ ৩০ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে সপ্তদশ ॥ * ॥

অষ্টাদশাধ্যায়ে ধরার উদ্ধারকারি বরাহ দেবের সহিত হিরণ্যাক্ষের যুদ্ধ ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন জলাধিপতি বরুণের ঐ প্রকার বাক্য শ্রবণ করিয়া দুর্ম্মদ দৈত্যের চিত্ত পরিতুষ্ট হইল, তাহাতে তিনি যে তাহাকে সমরশায়ী হইবার কথা কহিলেন তাহা গণ্য করিল না, পরে নারদ প্রমুখাৎ ভগবান্ হরির গতি অবগত হইয়া সত্বরে রসাতলে প্রবিষ্ট হইল ॥ ১ ॥

সে স্থানে সর্ব্বজয়ী ধরাধরী বরাহরূপী হরি তাহার নেত্র গোচর হইলে সে তাঁহাকে উপহাস করিয়া

মুঞ্চন্তমক্ষ্ণা স্বরুচোরুণশ্রিয়া জহাস চাহো বনগোচরো মৃগঃ ॥ ২ ॥
আহৈনমেহ্যজ্ঞ মহীং বিমুঞ্চ নো রসৌকসাং বিশ্বসৃজেয়মর্পিতা।

শ্রীধরস্বামী।

তেজাংসি অরুণশ্রিয়াযুক্তং যৎ তেনাক্ষ্ণা নেত্রেণ মুঞ্চন্তং তিরস্কুর্ব্বন্তং। অহো চিত্রং বনগোচরো মৃগঃ বারিচরো বরাহঃ ॥ ২ ॥

এহি আগচ্ছ রসৌকসাং পাতালবাসিনাং নোঽস্মাকং সমর্পিতা। অন্যথা পাতালাবতরণমস্যা নঘটত ইতি ভাবঃ। হিরণ্যাক্ষেণাধিক্ষেপার্থং প্রযুক্তাপি ভারতী বস্তুতো ভগবন্তং স্তৌতি। তথাহি বনগোচরঃ জলশয়নঃ শ্রীনারায়ণঃ স এব যোগিভি র্মৃগ্যতে দুষ্টান্ বা হন্তুং মৃগয়তে ইতি মৃগঃ। অজ্ঞঃ নাস্তি জ্ঞো যস্মাৎ হে সর্ব্বজ্ঞ ইত্যর্থঃ। সুরা অধমা যস্মাৎ হে সুরোত্তম। মমেক্ষমাণস্যাপি

ক্রমসন্দর্ভঃ।

দৈত্যভাবস্যাভাস মাত্রত্বমেব স্বার্থেন তদীয় বাক্যেন বোধয়তি আহেতি ত্রিভিঃ। রসৌকসামিতি সংপ্রতিতু বিজিতে সর্গএবা-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জিরক্ষত্রাধিদৈবতং বা। প্রকর্ষেণোর্দ্ধং নীয়মানা অবনির্যেন তং। স্বরুচঃ হিরণ্যাক্ষতেজাংসি বনগোচরঃ বারিচরঃ। হিরণ্যাক্ষেণাধিক্ষেপার্থং প্রযুক্তাপি সরস্বতী বস্তুতো ভগবন্তং স্তৌতি। বনগোচরঃ জলশয়নো নারায়ণঃ স এব মুনির্ভির্মৃগ্যত্বান্মৃগঃ। যদ্বা বনে বিবিক্তারণ্যে এব নতু গ্রামে ভবদ্ভির্দর্শনার্হত্বাদ্বনগোচরঃ ॥ ২ ॥

বিশ্বসৃজা ব্রহ্মণা রসৌকসাং বিভক্তিপরিণামেন রসৌকোভ্য এবার্পিতা অন্যথা পাতালাবতরণমস্যা ন ঘটয়ত ইতি ভাবঃ। ঈক্ষতঃ ঈক্ষমাণং মামনাদৃত্য অনয়া সহ পক্ষে ন বিদ্যতে জ্ঞো যস্মাৎ হে সর্ব্বজ্ঞেত্যর্থঃ। নো ইতি নিষেধে মহীং মা বিমুঞ্চেত্যর্থঃ। হে বিশ্বসৃজ ইগুপধত্বাৎ কঃ। ইয়ং মহী অর্পিতা তুভ্যমুপহারী কৃতা ন কেবলমিয়মেব কিন্তু নোঽস্মাকং স্বস্তি মঙ্গলং রাজ্যাদিকং অনয়া সহৈব যাস্যসি প্রাপ্স্যসি নঃ স্বস্তীতি অনচিচেতি বাশব্দীতিচ সকারদ্বয়সিদ্ধের্ব্যাখ্যাদ্বয়ং। নন্ কস্মাদহং মহীং দদাসি তত্রাহ

কহিল, কি আশ্চর্য্য! এটা যে জলচর বরাহ। ঐ সময়ে ভগবান্ দন্তাগ্র দ্বারা অবনিকে উন্নয়ন করিতেছিলেন দানব দর্শনে তাঁহার নয়নদ্বয় ক্রোধে রক্তবর্ণ হইল তদ্দ্বারাই ঐ দৈত্যের তেজঃ হরণ করিতে লাগিলেন ॥ ২ ॥

কিন্তু ঐ দৈত্য তাহাতে মনোযোগ না করিয়া অধিক্ষেপ পূর্ব্বক সম্বোধন করিয়া কহিল। অরে অজ্ঞ! এ দিকে আয়, আর ধরা ধারণ করিস্ না, পরিত্যাগ কর, বিশ্বস্রষ্টা পাতালবাসি আমাদিগকে ইহা সমর্পণ করিয়াছেন, তাহা না হইলে অবনি কেন পাতালে অবতরণ করিবে, আমার অগ্রে কি এই পৃথিবীর সহিত কল্যাণ লাভ করিতে পারিবি ? ॥

(তাৎপর্য্য) হিরণ্যাক্ষ যে ভগবান্‌কে অধিক্ষেপার্থ বাক্য প্রয়োগ করিল, বস্তুতঃ তদ্দ্বারা বাক্য রূপা সরস্বতী ভগবানের স্তব করিতে লাগিলেন। হিরণ্যাক্ষ যে তাঁহাকে "বনগোচরো মৃগ" অর্থাৎ জলচর বরাহ বলিয়া উপহাস করিয়াছে, তাহার প্রকারান্তরে এই অর্থ হয়, বনগোচর শব্দের অর্থ জলশায়ী শ্রীনারায়ণ। মৃগ শব্দের অর্থ অন্বেষণ অর্থাৎ জলশায়ী নারায়ণ যোগিগণের অন্বেষণীয়। অপর সে যে ভগবান্‌কে অজ্ঞ বলিয়া সম্বোধন করে তাহারও এই অর্থ হয়, জ্ঞ শব্দে জ্ঞান, যাহা অপেক্ষা জ্ঞ অর্থাৎ অভিজ্ঞ কেহ নাই, তুমি তাদৃশ পুরুষ, অতএব তুমি সর্ব্বজ্ঞ। আর সুরাধম বলিয়া যে সম্বোধন করে তাহারও এইরূপ অর্থ হইতে পারে, যাঁহা অপেক্ষা সুর অর্থাৎ দেবগণকে অধম বলিয়া বোধ হয়, অতএব তুমি সেই পুরুষ অর্থাৎ সুরোত্তম। তৎপরে যাহা যাহা বলে তাহারও এই মত অর্থ হইতে পারে, তুমি এই পৃথিবীর সহিত বর্ত্তমান হইয়া আমাদের সমস্ত মঙ্গল অর্থাৎ রাজ্য প্রাপ্ত

নঃ স্বস্তি যাস্যস্তনয়া মমেক্ষতঃ সুরাধমাসাদিত শূকরাকৃতে ॥ ৩ ॥
ত্বং নঃ সপত্নৈরভবায় কিং ভৃতো যো মায়য়া হন্ত্যসুরান্ পরোক্ষজিৎ।
ত্বাং যোগমায়াবলমল্পপৌরুষং সংস্থাপ্য মূঢ় প্রমৃজে সুহৃচ্ছুচঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

সতঃ মামনাদৃত্যাপি ত্বমনয়া সহ বর্ত্তমানঃ নঃ অস্মদীয়ং স্বস্তি সমস্তং মঙ্গলং রাজ্যং যাস্যসি প্রাপস্যসি নাত্র সন্দেহঃ তথাপ্যস্মৎ কৃপয়া বিমুঞ্চেত্যর্থঃ। আসাদিতা লীলয়া স্বীকৃতা শূকরাকৃতি র্যেন ॥ ৩ ॥

অভবায় নাশায় ভৃতঃ পুষ্টঃ। যস্তু তস্য মোক্ষায় ভৃতো ধৃতঃ আশ্রিতঃ ইত্যর্থঃ। যো ভবান্ পরোক্ষেণ চৌর্য্যেণ জয়তীতি তথা। যস্তু তস্য দূরতএব স্থিত্বা জয়তীতি। সংস্থাপ্য হত্বা। যস্তু তস্য যোগমায়ারূপমচিন্ত্যং বলং যস্য। অল্পঃ পৌরুষং যস্মাৎ তং ত্বাং সম্যক্ স্থাপয়িত্বা ভক্ত্যা হৃদি স্থিরীকৃত্য ইত্যর্থঃ। হে মূঢ় প্রমূঢ়ান্ প্রাতি আপ্যায়তীতি তথা। প্রা পূর্ত্তাবিতি ধাতুঃ। সুহৃদাং শুচঃ সংসার দুঃখানি মৃজে নাশয়ামি। যতস্ত্বং স্বর্ত্তুর্বান্ধবানপি মোচয়সীতি ভাবঃ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

নয়োর্ব্বাসঃ সংপন্ন ইতি গম্যতে। রসায়া অপি পৃথ্বীবিবরত্বাৎ নস্বন্তীত্যত্র অনচি চেতি বা শরীতিচ সকারদ্বয়সিদ্ধে র্ব্যাখ্যাদ্বয়ং ॥৩
বাস্তবার্থে মূঢ়ান্ ভক্তিবিবশান্ প্রাতীতি ॥ ৪ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মম ঈক্ষঃ ঈক্ষণং তস্মাৎ মৎ কর্ম্মকাৎ কৃপাবলোকাদীদৃশাদ্ধেতোরিত্যর্থঃ। সুরা অধমা যস্মাৎ হে সুরোত্তম আসাদিতা প্রাপিতা স্বভক্তেভ্যো দত্তা সেবার্থং শূকরাকৃতি র্যেন ॥ ৩ ॥

সপত্নৈর্দৈবৈর্নো ইস্মাকং অভবায় নাশায় ত্বং ভৃতঃ কিং পালিতঃ যো মায়য়ৈব হন্তি অতঃ পরোক্ষং জয়তি নতু সাক্ষাৎ তং ত্বাং যোগমায়ৈব নতু দৈহিকং বলং যস্য তং সংস্থাপ্য হত্বা সুহৃদাং শুচঃ শোকাশ্রূণি প্রমৃজামি পক্ষে অভবায় মোক্ষায় ভৃতঃ ধৃতঃ আশ্রিত ইত্যর্থঃ। কিন্তু মায়য়া কৃপয়া অসুরানপি যোহন্তি স্বকর্তৃক হননেন তেষামপি সদ্গতিং করোতি। অতএব কৃপাধিক্যাদেব পরোক্ষোপি সর্ব্বেষামপ্রত্যক্ষীভূতোপি জয়সি দেবতান্তরেভ্যোহল্পসাধনেনৈব প্রত্যক্ষীভূতেভ্যোপি বহুতরসাধনৈরপ্যসাক্ষাভূতস্ত্বং তেভ্যঃ সর্ব্বেভ্য উৎকর্ষেণ বর্ত্তস ইত্যর্থঃ। যোগমায়ারূপমচিন্ত্যং বলং যস্য তং অল্প পৌরুষং পুরুষস্য মহৎস্রষ্টুঃ কর্ম্ম পৌরুষং বিশ্বসৃষ্ট্যাদি তদপি অল্পং অনমুরূপং যস্য তং ত্বাং সম্যক্ স্থাপয়িত্বা স্বহৃদয়মন্দিরে ভক্ত্যা স্থিরীকৃত্যেত্যর্থঃ। হে মূঢ় প্রমূঢ়ান্ প্রাতি স্বভক্তিদানেনাপ্যায়য়তীতি তথা। প্রাপূর্ত্তৌ সুহৃদঃ শুচঃ সংসারদুঃখানি মৃজে নাশয়ামি যতস্ত্বং স্বর্ত্তুর্বান্ধবানপি মোচয়সীতি ভাবঃ ॥ ৪ ॥

হইতে পারিবে সন্দেহ নাই, তথাপি আমাদের প্রতি কৃপা করিয়া এই ধরাকে পরিত্যাগ কর, তুমি কেবল লীলাবশতঃ এই শূকর শরীর স্বীকার করিয়াছ ॥ ৩ ॥

তাৎপর্য্য। আমাদের পরমশত্রু দেবসঙ্ঘ আমাদের বিনাশার্থ কি তোকে আশ্রয় করিয়া থাকে? তোর ক্ষমতা কি? পরোক্ষে থাকিয়া জয় করিস্, সর্ব্বদাই ত দেখিতে পাই মায়াযোগে অসুর সংহার করিয়া থাকিস্ অতএব যোগমায়াই তোর বল, দৈহিক বল নাই, যাহা হউক, আজি তোকে সংহার করিয়া সুহৃদ্গণের শোকাশ্রু মার্জন করিব ॥

আমাদের বৈরিবর্গ অমর সকল মোক্ষার্থী হইয়া তোমাকে সেবা করিয়া থাকে, তুমি দূরে থাকিয়া জয় কর, তোমার যোগমায়া রূপ অচিন্ত্য বল, তোমার নিকট পৌরুষ অতি তুচ্ছ পদার্থ, তোমাকে ভক্তিদ্বারা হৃদয়ে ধারণ করিয়া সুহৃদ্গণের সংসার দুঃখ খণ্ডন করিব ॥ ৪ ॥

ত্বয়ি সংস্থিতে গদয়া শীর্ণশীর্ষণ্যস্মদ্ভুজ চ্যুতয়া যেচ তুভ্যং।
বলিং হরন্ত্যৃষয়ো যেচ দেবাঃ স্বয়ং সর্ব্বে নভবিষ্যন্ত্যমূলাঃ ॥ ৫ ॥
স তুদ্যমানোঽরিদুরুক্ততোমরৈর্দংষ্ট্রাগ্রগাং গামুপলক্ষ্য ভীতাং।
তোদং মৃষন্নিরগাদম্বুমধ্যাদ্গ্রাহাহতঃ সকরেণুর্যথেভঃ ॥ ৬ ॥
তং নিঃসরন্তং সলিলাদনুদ্রুতো হিরণ্যকেশো দ্বিরদং যথা ঝষঃ।

শ্রীধরস্বামী।

অস্মদ্ভুজচ্যুতয়াপি গদয়া অশীর্ণং শীর্ষং যস্য তথা ভূতে ত্বয়ি সুখং স্থিতে সতি যে তুভ্যমধুনা বলিং হরন্তি নবীনা ভক্তাঃ যে চ পূর্ব্বে ভক্তাঃ ঋষয়ো দেবাশ্চ তে সর্ব্বে স্বয়মেব উদ্যমং বিনা এব অমূলা ন ভবিষ্যন্তি কিন্তু দৃঢ়মূলা ভবিষ্যন্তীত্যর্থঃ ॥ ৫ ॥

স হরিঃ অরে দুরুক্তান্যেব তোমারাঃ শস্ত্রবিশেষা স্তৈস্তুদ্যমানঃ ব্যথ্যমানঃ দংষ্ট্রাগ্রগতাং পৃথ্বীং ভীতামালক্ষ্য তোদং দুরুক্ত-ব্যথাং মৃষন্ সহমান এব নির্গতঃ করেণুঃ হস্তিনী বস্ততস্তু অরিদুরুক্তৈঃ অমরৈর্নিমিত্তভূতৈঃ তুদ্যমানঃ। যথাশ্রুতার্থগ্রাহিণাং ব্রহ্মাদীনাং ব্যথাং দৃষ্ট্বা অনুকম্পয়া পীড্যমান ইত্যর্থঃ। তোদং মৃষন্ ইত্যস্যাপ্যয়মেবার্থঃ ॥ ৬ ॥

সলিলান্নির্গচ্ছন্তং অনুগতঃ সন্ হিরণ্যবৎ কপিশাঃ কেশা যস্য দৈত্যস্য। ঝষঃ মকরঃ করালাদংষ্ট্রা যস্য। অশনি বন্নিস্বনো যস্য নির্ল

ক্রমসন্দর্ভঃ।

স তুদ্যমানেতি। অত্র বাস্তবার্থেন তয়োর্নিগূঢ়ভক্তভাবত্বং স্পষ্টমেবাঙ্গীকৃতং ॥ ৬ ॥

তমিতি অত্র বস্তুতঃ কৈমুতিকেনৈব শ্রীবরাহদেবস্য হিরণ্যাক্ষস্য চ তজ্জ্ঞানাদুভয়স্যাপি বাস্তবার্থস্য স্তুতাবেব পর্য্যবসানং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সংস্থিতে মৃতে সতি ন ভবিষ্যন্তি মরিষ্যন্তি পক্ষে অস্মদ্ভুজচ্যুতয়াপি গদয়া অশীর্ণং শীর্ষং যস্য তস্মিন্ সংস্থিতে সতি যে তুভ্যমধুনা বলিং হরন্তি নবীনা ভক্তা যেচ পূর্ব্বে ভক্তা ঋষয়ো দেবাশ্চ তে সর্ব্বে স্বয়মেব উদ্যমং বিনৈব অমূলা ন ভবিষ্যন্তি কিন্তু দৃঢ় মূলা এব ভবিষ্যন্তীত্যর্থঃ ॥ ৫ ॥

স হরিঃ অরেরসুরস্য দুরুক্তিতোমরৈস্তুদ্যমানঃ পক্ষেঽরিদুরুক্তিতোঽমরৈরেব নিমিত্তভূতৈস্তুদ্যমানঃ যথাশ্রুতার্থগ্রাহিণাং ব্রহ্মা-দীনাং ব্যথাং দৃষ্ট্বা অনুকম্পয়া পীড্যমান ইত্যর্থঃ তোদং পাক্ষিকদুরুক্তব্যথাং মৃষন্। পাক্ষিকস্তুতিসুখ প্রাপ্ত্যা সহমান ইত্যর্থঃ। অত এব গ্রাহেণ আহতঃ অহতঃ করেণুর্হস্তিনী ॥ ৬ ॥

তং ভগবন্তং অনুক্রতোঽনুধাবন্ গতহ্রিয়াং নির্লজ্জানামসত্তামবীরাণাং কিং বিগর্হিতং অপিতু নৈব নিন্দা প্রতিযোদ্ধারং দৃষ্ট্বা

তুই অতি হীন বল, আমার হস্ত হইতে এই গদা চ্যুতা হইয়া তোর মস্তক চূর্ণ করিয়া দিলে এখনি মৃত্যুমুখে পতিত হইবি, তাহা হইলে যে সকল ঋষি ও দেবতা তোর নিমিত্ত পূজোপহার আহরণ করিয়া থাকে, তাহারা নির্ম্মূল হইয়া আপনা হইতেই আর প্রকাশ পাইবে না ॥

প্রকারান্তরের অর্থ। আমার হস্ত হইতে চ্যুতা গদা দ্বারা তোমার মস্তক চূর্ণ হইবে না তাহাতে বরং সুখে অবস্থিতি করিবে। তুমি ঐ রূপ হইলে যে সকল ঋষি ও দেবতা তোমার নিমিত্ত পূজো-পহার আহরণ করেন, তাঁহারা সকল স্বয়ং উদ্যম না করিলেও তাঁহারা অমূল হইবেন না অর্থাৎ দৃঢ় মূল হইবেন ॥ ৫ ॥

শত্রুর এই প্রকার কটূক্তি রূপ তোমার (অস্ত্র বিশেষ) দ্বারা অতিশয় ব্যথা জন্মিলেও ভগবান্ বরাহ দন্তাগ্র স্থিতা পৃথিবীকে ভীতা দেখিয়া তাহা সহ্য করিলেন এবং কুম্ভীর কর্ত্তৃক আহতকরী যদ্রূপ করেণুর সহিত জলাশয় হইতে নির্গত হয়, তাহার ন্যায় অবনিকে লইয়া সলিল হইতে নিঃসৃত হইলেন ॥ ৬ ॥

ভগবান্ যখন জল হইতে নির্গত হয়েন তখন মকর যেমন হস্তির অনুসরণ করে তদ্বৎ ঐ দৈত্য

করালদংষ্ট্রোশনিনিস্বনো ব্রবীদ্গতহ্রিয়াং কিং ত্বসতাং বিগর্হিতং ॥ ৭ ॥
স গামুদস্তাৎ সলিলস্য গোচরে বিন্যস্য তস্যামদধাৎ স্বসত্বং।
অভিষ্টুতো বিশ্বসৃজাং প্রসূনৈরাপূর্য্যমাণো বিবুধৈঃ পশ্যতোরেঃ ॥ ৮ ॥
পরানুষক্তং তপনীয়োপকল্পং মহাগদং কাঞ্চনচিত্রদংশং।

শ্রীধরস্বামী।

জ্ঞানামসতাং কিং বিগর্হিতমস্তি নিন্দাভয়াৎ পলায়নং নাযুক্তমিত্যর্থঃ। বস্তু তস্তু গতহ্রিয়াং প্রাপ্তহ্রিয়াং ন সন্তো যেভ্য স্তেষাং কৃপালূনাং কিং বিগর্হিতং ন কিঞ্চিৎ। অতঃ কৃপালুত্বাৎ দংষ্ট্রাশ্রিতঃ ভূরক্ষণার্থং কিঞ্চিৎ পলায়নমপি ন নিন্দিতমিত্যর্থঃ যদ্বা লোকোপকারায় ভুবমুদ্ধরতোঽনুদ্রবণমনুচিতং মন্বানো দৈত্য আত্মানমেবাধিক্ষিপতি। গতহ্রিয়াং স্বার্থৈকপরাণাং অসতামস্মাকং কিং বিগর্হিতগণনাস্তি অপিতু নাস্ত্যেব ধিগস্মানিত্যব্রবীদিত্যর্থঃ ॥ ৭ ॥

স ভগবান্ বিশ্বসৃজাভিষ্টুতে বিবুধৈশ্চ প্রসূনৈরাপূর্য্যমাণঃ। বিশ্বসৃজাং প্রসূনৈরিতি পাঠে বিশ্বসৃজাং প্রসূনৈর্বিবুধৈঃ অভিষ্টুতঃ ইতি সলিলস্যোদস্তাৎ উপরি ব্যবহারগোচরে দেশে গাং বিন্যস্য স্ব সত্বমাধার শক্তিং নিহিতবান্ অরেস্তস্য পশ্যত এব ॥ ৮ ॥

পরাং পৃষ্ঠতোঽনুষক্তং লগ্নং। তপনীয়োপকল্পং স্বর্ণাভরণং কাঞ্চনময়ঃ চিত্রঃ দংশঃ কবচং যস্য তং দৈত্যং প্রচণ্ডমন্যুত্বং অধি-

ক্রমসন্দর্ভঃ।

গম্যতে ॥ ৭। ৮। ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পলায়নং নাযুক্তমিত্যর্থঃ। পক্ষে গতা প্রাপ্তা হ্রীর্যৈস্তেষাং কৃপালূনাং বিগর্হিতং অপিতু কৃপালুত্বাদ্দংষ্ট্রাশ্রিতভূরক্ষণার্থং কিঞ্চিৎপলায়নমপি ন নিন্দিতমিত্যর্থঃ। যদ্বা লোকোপকারায় ভুবমুদ্ধরতো ভগবতোঽনুদ্রবণমনুচিতং মন্বানো দৈত্য আত্মানমেবাধিক্ষিপতি গতহ্রিয়াং স্বার্থৈকপরাণামসতামস্মাকং কিং বিগর্হিত গণনাস্তি অপিতু নাস্ত্যেব ধিগস্মানিত্যব্রবীদিত্যর্থঃ ॥ ৭ ॥

পৃথ্বীয়ং বিভেতীত্যেতং সহিতস্য মমাসুরেণ সহ যুদ্ধং ন সাধ্বিতি স ভবান্ গাং পৃথ্বীং সলিলস্য উদস্তাৎ উপরি গোচরে স্বনয়ন গোচরে দেশে বিন্যস্য নিধায় তস্যাং গবি স্বসত্বং স্বশক্তিং ন্যধাৎ যথা জলে সা নমজ্জেদিত্যর্থঃ বিশ্বসৃজা ব্রহ্মণা বিশ্বসৃজামিতি পাঠে প্রজাপতিভির্বিবুধৈশ্চ প্রসূনৈর্বর্ষ্যমাণৈরাপূর্য্যমাণঃ। পশ্যতঃ পশ্যস্তমরিমনাদৃত্য ॥ ৮ ॥

পরা পৃষ্ঠতো অনুষক্তং লগ্নং তপনীয়োপকল্পং স্বর্ণালঙ্কারং দংশং কবচং দুরুক্তৈ স্তুদন্তং নতু সূক্তৈরিতি ভাবঃ অতএব দুরুক্তশ্র-

তাঁহার পশ্চাৎ পশ্চাৎ আসিয়া তিরস্কার বচনে কহিল, আঃ! লজ্জাহীন অসৎ লোকের কিছুই গর্হিত নহে, নিন্দা ভয় নাই, সুতরাং পলায়ন অযুক্ত নহে। তৎ কালে ঐ অসুর ভীষণ মূর্ত্তি ধারণ করিয়াছিল, তাহার কেশ গুলা কপিশ বর্ণ এবং দংষ্ট্রা অতিশয় করাল, আর সে বজ্র নির্ঘোষ তুল্য ধ্বনি করিতেছিল ॥ ৭ ॥

কিন্তু ভগবান্ তাহার প্রতি মনোযোগ না করিয়া তাহার সমক্ষেই জলের উপরিভাগে পৃথিবীকে সংস্থাপন করিয়া তাহাতে আধার শক্তি নিহিত করিয়া দিলেন। ভগবানের ঐকার্য্য দর্শনে বিশ্বস্রষ্টা ব্রহ্মা তাঁহার স্তব করিতে লাগিলেন আর দেবগণ সকাশাৎ আকাশ হইতে পুষ্পবৃষ্টি হইতে লাগিল ॥৮

ধরা আধার শক্তি প্রাপ্ত হইয়া জলোপরি সংস্থাপিতা হইলে ভগবান্ নিরুদ্বেগে ঐ অসুরের প্রতি মনোনিবেশ করিলেন। হে সুবর্ণাভরণ ভূষিত এবং কাঞ্চনময় বিচিত্র কবচে সুদৃঢ় গাত্র হইয়া মহতী গদা ধারণ পূর্ব্বক দুরুক্তি দ্বারা বারম্বার মর্ম্ম স্থানে ব্যথা প্রদান করিতে করিতে পশ্চাৎ পশ্চাৎ আসিতেছিল, ভগবান্ তচ্ছ্রবণে অতিশয় ক্রোধান্বিত হইয়া তাহার উপহাস বাক্যের প্রত্যুত্তর

মর্ম্মাণ্যভীক্ষ্ণং প্রতুদন্তং দুরুক্তৈঃ প্রচণ্ডমন্যুঃ প্রহসং স্তং বভাষে ॥ ৯ ॥

শ্রীভগবানুবাচ ॥

সত্যং বয়ং ভো বনগোচরা মৃগা যুষ্মদ্বিধান্ মৃগয়ে গ্রামসিংহান্।
ন মৃত্যুপাশৈঃ প্রতিমুক্তস্য বীরা বিকত্থনং তব গৃহ্নন্ত্যভদ্র ॥ ১০ ॥

এতে বয়ং ন্যাসহরা রসৌকসাং গতহ্রিয়ো গদয়া দ্রাবিতাস্তে।
তিষ্ঠামহেথাপি কথঞ্চিদাজৌ স্থেয়ং ক যামো বলিনোৎপাদ্য বৈরং ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

ক্ষেপাদিকম্মানুকরণমাত্রং। দৈত্যবাক্যভীতানাং দেবানাং ভয়নিবৃত্তয়ে। বস্তুতস্তেন তথানুক্তত্বেন কোপাদি হেতুত্বাভাবাৎ ॥ ৯

গ্রামসিংহান্ শুনঃ। প্রতিমুক্তস্য বদ্ধস্য। বিকত্থনং শ্লাঘনং ॥ ১০ ॥

ন্যাসহরা নিক্ষেপহরাঃ দ্রাবিতাঃ পলায়নং কারিতা। অথাপি অসমর্থা অপি তিষ্ঠামঃ। তৎ কিং যতঃ স্থেয়ং স্থাতব্যমস্মাভিঃ তৎ কিমিত্যত আহ ক যামঃ গন্তব্য দেশাভাবাৎ ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

সত্যমিত্যাদি শ্রীভগবদ্বাক্যানি চ কেবলোপাধিদৃষ্ট্যা তানিচোপহাস পরাণ্যপি বাস্তবার্থমপি বহন্তি। তত্র বনগোচরত্বমেকান্ত বাসত্বং জ্ঞেয়ং। তথাপি কৃপয়া যুষ্মদ্বিধান্ গ্রাম্য বিষয়াশক্ত শ্রেষ্ঠান্ মৃগয়ামহে। মোচয়িতুমন্বেষয়ামঃ। নন্ববিনীতানস্মান্ কথং কৃপয়সি তত্রাহ। নমৃত্ব্যিতি ॥ ১০। ১১। ১২। ১৩। ১৪। ১৫। ১৬। ১৭। ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বণেন প্রচণ্ডমন্যুঃ স্বভক্তশ্রবণেন প্রহসন্ হিরণ্যাক্ষবাক্যে সরস্বতীকৃতস্য স্তুতিবচনস্য প্রতিবচনমবশ্যমপেক্ষত ইত্যতো ভগবদ্বা ক্যেপি দ্বিতীয়োর্থো ব্যাখ্যায়তে ॥ ৯ ॥

গ্রামসিংহান্ শুনঃ বীরা অস্মদ্বিধাঃ প্রতিমুক্তস্য বদ্ধস্য পক্ষে বনগোচরাঃ বনস্থৈস্ত্যক্তবিষয়ভোগৈর্ভক্তৈরেব দৃশ্যাস্তদপি কৃপয়ৈব গ্রামসিংহান্ গ্রামস্থা বিষয়াসক্তাস্তন্মুখ্যানপি মৃগয়ে স্বপদং দাতুমন্বেষয়ামি নন্বাত্মশ্লাঘিনো দুর্বিনীতান্ কথং কৃপয়সীতি তত্রাহ। বীরাঃ অস্মদ্বিধা দয়াবীরা স্তব বিকত্থনং দোষং ন গৃহ্নন্তি। অতএব তব কথম্ভূতস্য মৃত্যুপাশৈঃ প্রতিমুক্তস্য অতিশয়েন ত্যক্তস্য অস্মদনুকম্পিতজনে মৃত্যোরনধিকারাৎ হে অভদ্র ন বিদ্যতে ভদ্রং যস্মাৎ ॥ ১০ ॥

কাকুক্ত্যা উপহসতি ন্যাসহরা ন্যস্তবস্তুহরা দ্রাবিতা পলায়নং কারিতা অথাপি অসমর্থা অপি নন্বু কিমনেন ক্লেশেন যথেষ্টং পলায়ধ্বং। তত্রাহ স্থেয়মেব যতঃ কেত্যাদি পক্ষে রসৌকসামসুরাণামপি ন্যাসহরা ভক্ত্যা সমর্পিত পূজোপহারগ্রাহিণঃ গতহ্রিয়ঃ ভক্তবাৎসল্যাদেব হেতো র্ন লজ্জামহে ইত্যর্থঃ। যতো গদয়া তব স্তুতি বাচা দ্রাবিতা দ্রুতচিত্তীকৃতা গদের্ভিদাদিত্বাদড্। অথাপি তদপি ত্বয়া সহ আজৌ যুদ্ধেপি তিষ্ঠামহে স্ববলোদ্রেকং প্রকাশয়াম ইত্যর্থঃ। প্রকাশনে আত্মনে পদং। নন্বু হে প্রভবো বৈকুণ্ঠং গত্বা সুখেন বিরাজধ্বং কিং যুদ্ধক্লেশেন তত্রাহ স্থেয়মিতি সনকাদি দ্বারা অভিশাপেন বৈরমুৎপাদ্য যুদ্ধসুখার্থং বলিনা ত্বয়া সহাজৌ স্থেয়মেব ক যামঃ ॥ ১১ ॥

করত হাস্য বদনে কহিতে লাগিলেন ॥ ৯ ॥

অহে! আমরা জলচর বরাহ সত্য, কিন্তু তোমাদের সদৃশ গ্রামসিংহ সকল অন্বেষণ করিতেছি। অরে অভদ্র। তুই কি আত্ম শ্লাঘা করিতেছিস্, তুই ত মৃত্যুপাশে বদ্ধ হইয়াছিস্, বীরপুরুষেরা কদাচ তোর প্রসংশা করিবেন না ॥ ১০ ॥

আমরা রসাতলবাসিদিগের স্থাপ্য ধন হরণ করাতে তুই গদাঘাতে আমাদিগকে পলায়ন পরায়ণ করাইতেছিস্, তথাপি এই দেখ্ আমরা কোন প্রকারে এ স্থানে অসমর্থ হইয়া রহিয়াছি। অথবা আমাদিগকে যুদ্ধে থাকিতেই হইবে, বলবানের সহিত বিরোধ উৎপন্ন করিয়াছি কোথা যাইয়া আত্মরক্ষা করিব, গমন যোগ্য স্থান দেখি না ॥ ১১ ॥

ত্বং পদ্মধানাং কিল যূথপাধিপো ঘটস্ব নোঽস্বস্তয় আশ্বনূহঃ।
সংস্থাপ্য চাস্মান্ প্রমৃজাশ্রু স্বকানাং যঃ স্বাং প্রতিজ্ঞাং নাতিপিপর্ত্যসভ্যঃ॥ ১২॥
শ্রীমৈত্রেয় উবাচ॥
সোঽধিক্ষিপ্তো ভগবতা প্রলব্ধশ্চ রুষা ভৃশং। আজহারোল্বণং ক্রোধং ক্রীড্যমানোঽহিরাড়িব॥১৩
সৃজন্নমর্ষিতঃ শ্বাসান্মন্যু প্রচলিতেন্দ্রিয়ঃ। আসাদ্য তরসা দৈত্যো গদয়া ন্যহনদ্ধরিং॥ ১৪॥
ভগবাংস্তু গদাবেগং বিসৃষ্টং রিপুণোরসি। অবঞ্চয়ত্তিরশ্চীনো যোগারূঢ় ইবান্তকং।

শ্রীধরস্বামী।

